আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

সাপ্তাহিক
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৬ || সংখ্যা ০৮ || সোমবার || অগ্রহায়ন ৭ || ১৪২৮ || রবিউস সানি ১৭ || ১৪৪৩ || Vol. 26 || Issue 08 || 22 November || 2021 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

প্রাপ্তবয়স্কদের জন্য ফাইজার ও মডার্নার বুস্টার ডোজের অনুমোদন

বাংলা পত্রিকা ডেস্ক : ১৮ বছরের বেশি বয়সী সবার জন্য ফাইজার এবং মডার্নার কোভিড টিকার বুস্টার ডোজের অনুমোদন দিয়েছে এফডিএ। গত **(বাকি অংশ ০৮ পাতায়)**

করোনায় সর্বোচ্চ মৃত্যু যুক্তরাষ্ট্রে

বাংলা পত্রিকা ডেস্ক : শীত বাড়ার সঙ্গে সঙ্গে গোটা বিশ্বেই বাড়ছে করোনার সংক্রমণ। গত ২৪ ঘন্টায় **(বাকি অংশ ১৯ পাতায়)**

মেক্সিকোতে ট্রাকে লুকানো ৩৭ বাংলাদেশী উদ্ধার

বাংলা পত্রিকা ডেস্ক ।- মেক্সিকোর উত্তরাঞ্চলে দুটি ট্রাকের পেছনে লুকানো অবস্থায় ৬০০ অভিবাসন প্রত্যাশীকে পাওয়া গেছে। ১২টি দেশের এই অভিবাসন প্রত্যাশীদের মধ্যে ৩৭ জন বাংলাদেশি রয়েছেন। রয়টার্স স্থানীয় সময় গত শুক্রবার এই অভিবাসন প্রত্যাশীদের পাওয়া যায় বলে গত শনিবার জানায় মেক্সিকোর ন্যাশনাল মাইগ্রেশন ইনস্টিটিউট (আইএনএম)। তথ্যানুযায়ী, মেক্সিকোর ভেরাক্রুজ রাজ্যে দুটি ট্রাকের পেছনে লুকানো অবস্থায় যাদের পাওয়া গেছে তাদের বেশির ভাগই প্রতিবেশী গুয়াতেমালার অধিবাসী। তাদের **(বাকি অংশ ১৯ পাতায়)**

দুই টার্কি 'ক্ষমা করা' নিয়ে বাইডেনের রসিকতা

বাংলা পত্রিকা ডেস্ক : ধন্যবাদজ্ঞাপনের দিনে টার্কি (পাখি জাতীয় প্রাণী) খাওয়া যুক্তরাষ্ট্রের ঐতিহ্যে পরিণত **(বাকি অংশ ১৯ পাতায়)**

কমিউনিটির সংগঠনগুলোয় বিরোধ-বিপত্তি বাড়ছে

মন্তব্য প্রতিবেদন: নিউইয়র্কের বাংলাদেশী কমিউনিটির সামাজিক সংগঠনগুলোতে বিরোধ-বিপত্তি বাড়ছে। নেতৃত্বের কোন্দল আর অশুভ প্রতিযোগিতা, মেধা আর যোগ্যতার প্রশ্ন, আর্থিক দাপট আর অস্বচ্ছতা, গঠনতন্ত্র লংঘন, অনিয়ম প্রভৃতি এসব বিরোধ-বিপত্তির মূল কারণ বলে অনুসন্ধানে জানা গেছে। ফলে বিভক্তির পাশাপাশি সংগঠনগুলোর প্রতি অনিহাও বাড়ছে প্রবাসী বাংলাদেশীদের। মিশ্র প্রতিক্রিয়া লক্ষ্য করা যাচ্ছে সচেতন প্রবাসীদের মাঝে। প্রশ্ন উঠেছে প্রবাসে এতো সংগঠনের প্রয়োজন আছে কি? আর এই সংগঠনগুলোর কাজ কি? কেনইবা সংগঠনগুলোর মধ্যে নেতৃত্বের কোন্দল, বিভেদ-বিভক্তি, আর্থিক অনিয়ম? অপরদিকে নতুন প্রজন্ম বাংলাদেশী **(বাকি অংশ ২০ পাতায়)**

পাকিস্তানকে উড়িয়ে দিল বাংলাদেশ

বাংলা পত্রিকা ডেস্কঃ ছেলেরা ইতোমধ্যেই পাকিস্তানকের কাছে দেশের মাটিতে সিরিজ হারলেও জয় দিয়ে বিশ্বকাপ বাছাই শুরু করেছে মেয়েরা। আজ রবিবার হারারের ওল্ড হারারিয়ান্সে **(বাকি অংশ ১৯ পাতায়)**



বাংলাদেশে ভুয়া ফেসবুক আইডি'র ফাঁদ

বাংলা পত্রিকা ডেস্ক : আশা রানী। সবেমাত্র স্কুলের গ- পেরিয়ে কলেজ জীবন শুরু করেছেন। তিন ভাইবোনের মধ্যে আশা তৃতীয়। পরিবারের সঙ্গে ঢাকার ফার্মগেট এলাকায় থাকেন। **(বাকি অংশ ১৯ পাতায়**

বেগম খালেদা জিয়ার সর্বশেষ অবস্থা

মারুফ কামাল খান

বাংলা পত্রিকা ডেস্ক : বেগম খালেদা জিয়ার অবস্থা গুরুতর। রাজধানীর এভারকেয়ার হাসপাতালে এবারে ভর্তি করাবার পর চিকিৎসাধীন অবস্থায় তাঁর অবস্থার এখন পর্যন্ত তেমন **(বাকি অংশ ১৯ পাতায়)**



APOLLO
INSURANCE BROKERAGE INC
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Avenue, Astoria, NY 11106
Tel : 718-472-9800 Fax : 718-472-9801



QA TEK SOLUTIONS
NO MORE ODD JOBS
GET A JOB WITH $80K PLUS SALARY!
Locations: New York & Virginia
OUR MOST POPULAR COURSES:
Basic Computing for IT Help Desk Support
Software Testing with Selenium
Data Analysis with Power BI
ADMISSION GOING ON
QA TEK SOLUTIONS INC.
An Information Technology Company



CENTURY 21
AMERICAN HOMES
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-446-1300
F: 718-452-2152
khanf04@yahoo.com
c21amhomes.com
76-26 Broadway,
Elmhurst, NY 11373
Ferdous Khan
Real Estate Licensed
Sales Assoricate

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট অ্যাওয়ার্ড পেলেন বাংলাদেশী শাহ হালিম

বাংলা পত্রিকা ডেস্ক : যুক্তরাষ্ট্রের টেক্সাস অঙ্গরাজ্যের বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব হিউস্টনের সাবেক চেয়ারম্যান শাহ হালিম এ বছর যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট লাইফটাইম অ্যাওয়ার্ড বা প্রেসিডেন্টের আজীবন সম্মাননা পেয়েছেন। তার এ অর্জনে উক্ত **(বাকি অংশ ১৯ পাতায়)**



যুক্তরাষ্ট্রের ৮৫ মিনিটের প্রেসিডেন্ট হলেন কমলা

বাংলা পত্রিকা ডেস্ক : ৮৫ মিনিটের জন্য যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের দায়িত্ব পালন করে ইতিহাস সৃষ্টি করলেন কমলা হ্যারিস। যুক্তরাষ্ট্রের ২৫০ বছরের ইতিহাসে প্রথমবারের মতো কোনো নারী **(বাকি অংশ ২৯ পাতায়)**

মিজানুর রহমান আজহারী যুক্তরাজ্যে নিষিদ্ধ

বাংলা পত্রিকা ডেস্ক : সর্বশেষ আইনি লড়াইয়েও হেরে গেলেন বাংলাদেশের ইসলামী বক্তা মিজানুর রহমান আজহারী। গত ১৮



অক্টোবর লন্ডনের হাইকোর্টে কুইন বেঞ্চ ডিভিশনে মিজানুর রহমান আজহারীর ব্রিটেনে প্রবেশে **(বাকি অংশ ২০ পাতায়)**

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার ট্যাক্স ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহ্‌দ আলী, সিপিএ
Tel: (929)371-9915 | info@ahadandco.com
2153 Westchester Ave
Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street
Long Island City, NY 11101

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারণে বাড়ি-গাড়ি কিনতে পারছেন না তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVEL
JACKSON HEIGHTS NEW YORK
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37TH ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $589+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

SUNNATI HAJJ & UMRAH GROUP
Haji trusted since 2000
All Air Tickets
Visa Services
Peace Tour
Tel: 718-739-3189
Cell: 347-527-6276,
347-750-3909
87-26, 175 Street, Apt. #1A, Jamaica, NY 11432
Email: sunnatihaj@gmail.com
Web: www.hajjmakkah.com



স্বল্পমূল্যে Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
KABIR CHOWDHURRY
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

www.banglapatrikausa.com

BANGLA HOME CARE
BANGLA CDPAP SERVICES

LOVE WITH CARE IS HUMANITY"

বাঙালীর জন্যে বাঙালীর সেবা, মানুষ মানুষের জন্যে



Corporate Office

72-26 BROADWAY (2ND FL.)
JACKSON HEIGHTS, NY 11372

WE ARE HIRING HHA
HHA CERTIFICATE CLASS AVAILABLE

HHA সার্টিফিকেট এর মাধ্যমে আপনি ঘরে-বাইরে
যে কোন রোগীকে স্বাস্থ্য-সেবা দিতে পারেন।

- Highest Rate • Home Care Services
- CDPAP Services • MLTC Related Supports
- Medicaid Apply, Renewal & Code Removal



BROOKLYN OFFICE : 518 McDONALD AVENUE, BROOKLYN, NY 11218

FOR MORE INFO

718-708-9751 | 646-769-0966 | 718-415-3924 | 718-629-7169
718-414-7210 | 718-500-2388

E-MAIL: BANGLACDPAP.CLIENTS@GMAIL.COM

বাংলা পত্রিকা

৩-এর পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

The Weekly Bangla Patrika // Monday // November 22 // 2021

জাতিসংঘে প্রথমবারের মতো সর্বসম্মতিক্রমে রোহিঙ্গা রেজুলেশন গৃহীত



নিউইয়র্ক: "জাতিসংঘে এবারই প্রথমবারের মতো সর্বসম্মতিক্রমে গৃহীত হলো রোহিঙ্গা রেজুলেশন, যা এই সঙ্কটের সমাধানে আন্তর্জাতিক সম্প্রদায়ের দৃঢ় প্রতিশ্রুতিরই প্রতিফলন" । গত ১৭ নভেম্বর বুধবার জাতিসংঘে 'মিয়ানমারের রোহিঙ্গা মুসলিমসহ অন্যান্য সংখ্যালঘু সম্প্রদায়ের মানবাধিকার পরিস্থিতি' শীর্ষক রেজুলেশনটি গ্রহণকালে প্রদত্ত বক্তৃতায় একথা বলেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত রাবাব ফাতিমা । রেজুলেশনটি যৌথভাবে উত্থাপন করে ওআইসি এবং ইউরোপীও ইউনিয়ন ।**(বাকি অংশ ৮পাতায়**

বাংলাদেশ সোসাইটির সংবাদ সম্মেলনে পঠিত লিখিত বক্তব্যের পূর্ণ বিবরণ

বাংলা পত্রিকা রিপোর্ট: বাংলাদেশ সোসাইটি ইনক'র নির্বাচন ঘিরে সৃষ্ট পরিস্থিতি এবং মামলার কারণে নির্বাচন স্থগিত হওয়ার প্রেক্ষিতে সোসাইটির ট্রাষ্টিবোর্ড ও কার্যকরী পরিষদ-এর পক্ষ থেকে শনিবার (২০ নভেম্বর) দুপুরে নিউইয়র্কের উডসাইডস্থ কুইন্স প্যালেসে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয় । সোসাইটির সদস্য ও বাংলা পত্রিকা'র পাঠকদের জন্য সংবাদ সম্মেলনে পঠিত লিখিত বক্তব্য হুবহু নীচে তুলে ধরা হলো । সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সোসাইটির ট্রাষ্ট্রি বোর্ডের অন্যতম সদস্য হাজী মফিজুর রহমান এবং উপস্থিত সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন ট্রাষ্ট্রি বোর্ডের চেয়ারম্যান ও সোসাইটির সাবেক সভাপতি এম এ আজীজ ।

সংবাদ সম্মেলনে সোসাইটির ভারপ্রাপ্ত সভাপতি আব্দুর রহীম হাওলাদার ও সাধারণ সম্পাদক রুহুল আমীন সিদ্দিকী এবং প্রধান নির্বাচন কমিশনার জামাল আহমেদ জনি সহ কার্যকরী পরিষদ, ট্রাষ্ট্রি বোর্ড ও নির্বাচন কমিশনের কর্মকর্তা/সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন ।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য: যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশীদের প্রাণের সংগঠন বাংলাদেশ সোসাইটি ইনক'র কার্যকরী পরিষদ ও ট্রাষ্টিবোর্ডের পক্ষ থেকে আপনাদের জানাই সালাম, শ্রদ্ধা আর শুভেচ্ছা । সোসাইটির দ্বিবার্ষিক (২০২২-২০২৩) নির্বাচন ঘিরে সৃষ্ট পরিস্থিতি ছাড়াও সোসাইটির বিরুদ্ধে মামলা ও উদ্ভুত পরিস্থিতি এবং সোসাইটির সার্বিক পরিস্থিতি তুলে ধরতেই আজকের সংবাদ সম্মেলন ।

আপনারা সবাই জানেন যে, ১৯৭৬ সালে প্রতিষ্ঠিত বাংলাদেশ সোসাইটি নানা চড়াই-উৎড়াই পেরিয়ে আজ সকল প্রবাসী বাংলাদেশীদের 'আমব্রেলা সংগঠন'-এ পরিণত হয়েছে । এজন্য আমরা সোসাইটির প্রতিষ্ঠা সকল কর্মকর্তা ও সাবেক কর্মকর্তা সহ সকল প্রবাসীদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জানাই । বিশেষ করে সদ্য প্রয়াত সোসাইটির সভাপতি মরহুম কামাল আহমেদ, সহ সভাপতি আবুল খায়ের খালেক ও কার্যকরী সদস্য আজাদ বাকির এবং সাবেক কর্মকর্তা সহ মহামারী করোনায় যারা মৃত্যুবরণ করেছেন তাদের গভীর শ্রদ্ধায় স্মরণ করার পাশাপাশি সকলের বিদেহী আত্মার মাগফেরাত কামা করছি ।

আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, সোসাইটির নির্বাচন ঘিরে আমরা মামলা-মোকদ্দমার শিকার হয়েছি । যার ফলে আমাদের প্রিয় এই সংগঠন সঙ্কটের মুখোমুখি । আমাদের বিশ্বাস সোসাইটি প্রিয় সকল প্রবাসীর সার্বিক সহযোগিতায় এই সঙ্কট সহসাই কেটে যাবে এবং সোসাইটি অতীতের চেয়ে আরো শক্তিশালী ও কার্যকর সংগঠনে পরিণত হবে ।

বলার অপেক্ষা রাখে না যে, ৪৫ বছরের পুরনো এই



সংগঠনের আজ নিজস্ব ভবন রয়েছে । রয়েছে অফিস, কার্যকরী পরিষদ, ট্রাষ্টি বোর্ড আর আজীবন সদস্য সহ ২৭ হাজারেরও বেশি সাধারণ সদস্য । বিগত ২০১৮ সালে সোসাইটির দ্বি-বার্ষিক নির্বাচন অনুষ্ঠানের কথা ছিলো । সেই লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ নেয়া হয় । কিন্তু অনাকাংখিত একটি মামলার কারণে সেই নির্বাচন আদালতের আদেশে স্থগিত হয়ে যায় । আমরা আইনগতভাবে সেই মামলা মোকাবেলা করতে না করতেই মহামারী করোনার প্রাদুর্ভাবে সঙ্গত কারনেই আমাদের জীবনযাত্রা তছনছ হয়ে যায় । এই করোনায় সোসাইটির বর্তমান কমিটির সভাপতি কামাল আহমেদ, সহ সভাপতি আবুল খায়ের খালেক, কার্যকরী সদস্য আজাদ বাকির ও সাবেক কর্মকর্তা সহ শত শত প্রবাসী বাংলাদেশীকে আমরা চিরতরে হারাই । করোনা কালে মানুষের এই চরম সঙ্কটে আমরা সবকিছু ভুলে সাধ্য মতো সবাই প্রবাসীদের পাশে দাঁড়াই । সঙ্গত কারনেই নির্বাচন পিছিয়ে যায় । আমরা সোসাইটির কর্মকর্তারা যে যার অবস্থান থেকে ব্যক্তি উদ্যোগ ছাড়াও নিউইয়র্ক সিটি ও ষ্টেটের বিভিন্ন মাধ্যম থেকে খাদ্য সহায়তা প্রদান করি । পাশাপাশি পেন্ডামিকের সময় ফিউনারেল সার্ভিস ছিলো দূষ্প্রাপ্য । তারপরও সোসাইটির পক্ষ থেকে আজ পর্যন্ত প্রায় ২৫০টি কবরের জায়গা প্রদান করা হয় । এর মধ্যে বেশীরভাগ কবর বিনামূল্যে সোসাইটির নিজস্ব কবরস্থানে প্রদান করা হয় । পাশাপাশি করোনাসহ বিভিন্ন সময় মৃত্যুবরণকারী অন্যান্য ধর্মাবলম্বীদের ফিউনেরাল/অন্তেষ্টিক্রিয়ার জন্য যারা সাহায্য চেয়েছে তাদেরও সাহায্য দেয়া হয়েছে । যা কমিউনিটির সবার কাছে প্রশংসিত । এছাড়াও আমরা করোনার কঠিন সময়ে কুইন্স ও ব্রুকলীনে এন্টি বডি টেস্টিং ছাড়াও ভ্যাকসিন সার্ভিস প্রদানের ব্যবস্থা করি । সোসাইটির ৪৫ বছরের ইতিহাসে অনেক প্রশংসিত কাজ হয়েছে তবে করোনাকালীন সময়ে গত দুই বছর বাংলাদেশ সোসাইটি যেভাবে প্রবাসী বাংলাদেশীদের পাশে থাকতে পেরেছে তা ছিল সর্বজন স্বীকৃত এবং সর্বমহলে প্রশংসিত ।

আপনারা জেনে আনন্দিত হবেন যে, সোসাইটির সহ সভাপতি আব্দুল খালেক খায়ের জীবিতকালীন সময়ে বাংলাদেশে রোহিঙ্গাদের সাহায্যে তার নেতৃত্বে সোসাইটির সাধারণ সম্পাদক রুহুল আমীন সিদ্দিকী বাংলাদেশে গিয়ে প্রায় ২৫ লাখ টাকা সাহায্য প্রদান করেন । এই অর্থ সোসাইটির কর্মকর্তা ও প্রবাসীদের কাছ থেকে সংগৃহিত । একই সময় দেশের উত্তর বঙ্গে বন্যায় ক্ষতিগ্রস্ত ৪৭টি পরিবারকে ১০ লাখ টাকা ব্যয়ে গৃহ নির্মাণ করে দেয় হয় । এই অর্থও সোসাইটির কর্মকর্তা ও প্রবাসীদের কাছ থেকে সংগৃহিত । এছাড়াও নিউইয়র্ক সিটির উডসাইডে অগ্নিকান্ডে নিহত তিন যুবকের মধ্যে দুই যুবকের জন্য অর্থ সাহয্য এবং সড়ক দূর্ঘটনায় নিহত এক কিশোরের সাহায্যে অর্থ সহযোগিতা দেয়া হয় । এই অর্থও সোসাইটির কর্মকর্তা ও প্রবাসীদের কাছ থেকে সংগ্রহ করা হয় । এগুলো সোসাইটির অনেক অনেক সেবামূলক কর্মকান্ডের দুই/একটি উদাহরণ মাত্র । সোসাইটির এসব অনেক কর্মকান্ডের স্বাক্ষি আপনারা নিজেই ।

অত্যন্ত মর্মাহত ও ভারাক্রান্ত হৃদয়ে বলতে বাধ্য হচ্ছি যে একটি মামলার কারণে সোসাইটির নির্বাচন বন্ধ হয়ে গেছে । এই নিয়ে দুইবার নির্বাচন পিছালো । আজ আমাদের সাথে এখানে উপস্থিত আছেন সোসাইটির নির্বাচন কমিশনের সম্মানিত সদস্যবৃন্দ, সোসাইটির সাবেক ও বর্তমান কর্মকর্তা এছাড়াও নির্বাচনে প্রতিদ্বন্দ্বি প্রার্থীরা ।

সোসাইটির গঠনতন্ত্রে আছে চাইলেই কোন সদস্য মামলা করতে পারবেন না । সোসাইটির বিরুদ্ধে কোন সদস্যের কোন অভিযোগ থাকলে তাহলে তাকে প্রথমে কার্যকরী কমিটির কাছে লিখিত অভিযাগ জানাতে হবে । নির্দিষ্ট সময়ের মধ্যে সেই অভিযোগের বিরুদ্ধে কার্যকরী পরিষদ কোন ব্যবস্থা গ্রহণ না করলে তা ট্রাষ্ট্রিবোর্ড-এর কাছে অভিযোগ আকারে পুনরায় দাখিল করার সুযোগ রয়েছে । ট্রাষ্ট্রি বোর্ড কোন ব্যবস্থা না নিলে সেক্ষেত্রে মামলায় যেতে পারেন । প্রসঙ্গত উল্লেখযোগ্য যে, মামলার বাদী সোসাইটির কার্যকরী পরিষদ ও ট্রাষ্টি বোর্ডের কাছে কোন অভিযোগ না জানিয়েই মামলার আশ্রয় নেন । যা অপ্রত্যাশিত ।

আমরা অত্যন্ত পরিতাপের সাথে লক্ষ্য করছি যে, গত ১৫ নভেম্বর সোমবার মামলার **(বাকি অংশ ৯পাতায়)**

Hillside Medical & Pain Management
164-05 Hillside Ave. Jamaica, NY 11432
Ph: (718-297-6090

PHYSICAL THERAPY


আমরা বাংলা, হিন্দী, স্প্যানিশ ও ফিলিপিন ভাষায় কথা বলি

ফিজিক্যাল থেরাপি
আমরা আপনাদের সেবায় নিয়োজিত





WE ARE OPEN
We have missed you





Mask, gloves, face shield, hand sanitizer available for all patients

Our primary goal is health safety of our patient. We provide extra care & precautions to safely treat our patients in compliance with CDC & DOH guidelines. During COVID-19 we monitor vital signs of our patients to ensure ongoing good health. We take most medical insurances. Medicare, Worker's Compensation and N/F



WELCOME BACK EVERYONE

LET'S GET TO THE CINEMAS WITH FAMILY & FRIENDS ONCE AGAIN

NOW PLAYING

A 'MASUD HASAN UJJAL' FILM

উনপঞ্চাশ বাতাস

Winner FIPRESCI INTERNATIONAL CRITICS PRIZE DHAKA INT FILM FESTIVAL 2021

Winner BEST DIRECTOR RAINBOW FILM FESTIVAL LONDON 2021

১৯ নভেম্বর ২০২১

থেকে থিয়েটারে

1. REGAL E-WALK 4DX & RPX, TIMES SQUARE
2. REGAL UA KAUFMAN ASTORIA & RPX, ASTORIA
3. JAMAICA MULTIPLEX CINEMAS, JAMAICA
4. BELLMORE PLAYHOUSE, BELLMORE

শো-টাইম ও টিকেট পাওয়া যাচ্ছে সংশ্লিষ্ট থিয়েটারগুলির ওয়েবসাইটে & কাউন্টারে



এছাড়াও চলছে নীচের শহরগুলির **CINEMARK** থিয়েটারে

LOS ANGELES, UNION CITY, DALLAS, PLANO, AUSTIN, HOUSTON, BOYNTON BEACH, DAVIE, FAIRFAX, HANOVER

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

রোহিঙ্গা সংকটের সমাধান
আন্তর্জাতিক সম্প্রদায়ের দৃঢ় ভূমিকা জরুরি

রোহিঙ্গাদের সুরক্ষার বিষয়ে ওআইসি ও ইইউ উপস্থাপিত একটি প্রস্তাব গত ১৮ নভেম্বর বৃহস্পতিবার জাতিসংঘে সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে। ২০১৭ সালে সংকট শুরুর পর এই প্রথম রোহিঙ্গাবিষয়ক কোনো প্রস্তাব জাতিসংঘে সর্বসম্মতভাবে গৃহীত হলো। জাতিসংঘের এ স্বীকৃতি সংকটের সমাধানে আন্তর্জাতিক সম্প্রদায়ের দৃঢ় প্রতিশ্রুতির প্রতিফলন বলেই পর্যবেক্ষকরা মনে করছেন। ইইউ ও ওআইসি ছাড়াও রেজুলেশনটিতে যুক্তরাষ্ট্র, কানাডা, মেক্সিকো, আর্জেন্টিনা, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, সুইজারল্যান্ড, জাপান, দক্ষিণ কোরিয়াসহ বিভিন্ন ভৌগোলিক অঞ্চলের সর্বোচ্চসংখ্যক দেশ সমর্থন জুগিয়েছে এবং সহ-পৃষ্ঠপোষকতা প্রদান করেছে।

প্রস্তাবে প্রাথমিকভাবে মিয়ানমারের রোহিঙ্গা মুসলিমসহ অন্যান্য সংখ্যালঘু সম্প্রদায়ের মানবাধিকার পরিস্থিতির পাশাপাশি গত ১ ফেব্রুয়ারী দেশটিতে জরুরি অবস্থা জারির প্রেক্ষাপটের মতো বিষয়ের প্রতি দৃষ্টি দেয়া হয়েছে। রোহিঙ্গা সমস্যার মূল কারণ খুঁজে বের করা, বাংলাদেশের সঙ্গে স্বাক্ষরিত দ্বিপক্ষীয় চুক্তির বাধ্যবাধকতাগুলো পূরণ করা, মিয়ানমারে নিযুক্ত জাতিসংঘ মহাসচিবের বিশেষ দূতসহ সংস্থার সব মানবাধিকার ব্যবস্থাপনাকে পূর্ণ সহযোগিতা প্রদান করতে এবারের প্রস্তাবে মিয়ানমারের প্রতি আহ্বান জানানো হয়েছে। বর্তমানে বাংলাদেশে ১১ লাখ রোহিঙ্গা আশ্রিত। তাদের প্রতি সমবেদনা এবং মানবিক কারণে রোহিঙ্গাদের আশ্রয় দেয়ার জন্য বাংলাদেশের প্রতি সংহতি এবং রোহিঙ্গাদের স্বদেশে প্রত্যাবাসনের তাগিদ জানিয়ে আসছে বিশ্ব সম্প্রদায়। আন্তর্জাতিক চাপের মুখে রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে রাজি হয়েছে মিয়ানমার কর্তৃপক্ষ। দুই দফা সময় দিয়েও তারা রোহিঙ্গাদের ফিরিয়ে নেয়নি। এ অবস্থায় বাংলাদেশ নিয়মিত কূটনীতির অংশ হিসেবে বিশ্বের বিভিন্ন ফোরামে রোহিঙ্গা সংকটের বিষয়টি জোরালোভাবে উত্থাপন করলেও সবাই চুপচাপ শুনছে, কোনো প্রতিক্রিয়া বা পদক্ষেপ দেখা যাচ্ছে না। মানবিক কারণেই প্রতিবেশী মিয়ানমারের নাগরিকদের বাংলাদেশে আশ্রয় দেয়া হয়েছে। এই বিপুলসংখ্যক মানুষের বাড়তি দায়িত্ব বাংলাদেশের জন্য অবশ্যই বড় বোঝা। প্রত্যাবাসনের কোনো অগ্রগতি না হওয়ায় রোহিঙ্গাদের হতাশা ক্রমে তীব্র হচ্ছে, যা এ অঞ্চলে নানা ধরনের নিরাপত্তাজনিত উদ্বেগ ও অস্থিতিশীল পরিস্থিতির সৃষ্টি করছে। ইতোমধ্যে রোহিঙ্গা শিবিরে হত্যার ঘটনা ঘটেছে। চুরি-ছিনতাই-রাহাজানির মতো সামাজিক ব্যাধি বেড়েই চলেছে। শিবিরগুলোর আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে প্রশাসনকে সদা তটস্থ থাকতে হচ্ছে।

আমরা আশা করছি, দ্রুত এই সংকটের সমাধান হবে। এ অঞ্চলে দীর্ঘস্থায়ী শান্তি, স্থিতি এবং নিরাপত্তার জন্য রোহিঙ্গা ইস্যুর রাজনৈতিক সমাধান অপরিহার্য। প্রত্যাবাসন না হওয়ায় মিয়ানমারের সঙ্গে আমাদের দ্বিপক্ষীয় সম্পর্কের অবনতি হচ্ছে। বাড়ছে আঞ্চলিক সংকটও। রোহিঙ্গাদের কারণে নানা সমস্যায় জর্জরিত স্থানীয়রা। রোহিঙ্গাদের যত দ্রুত সম্ভব মিয়ানমারে ফেরত পাঠানোই সংকট সমাধানের একমাত্র পথ। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে এ উদ্যোগ কাজে দিচ্ছে না। একমাত্র আন্তর্জাতিক সম্প্রদায়ের চাপই মিয়ানমারকে এ বাস্তুচ্যুত রোহিঙ্গাদের ফেরত নিতে বাধ্য করতে পারে। প্রত্যাবাসন শুরুর জন্য মিয়ানমারের ওপর জোরালো চাপ রাখতে আন্তর্জাতিক মহলের সঙ্গে কূটনৈতিক প্রক্রিয়া নতুন করে শুরু করতে হবে।

জলবায়ু সম্মেলন থেকে কী পেল বিশ্ব

ড. মো. জামাল উদ্দিন

বিশ্ব জলবায়ু সম্মেলন (কপ২৬) শেষ হলো। এখন প্রত্যাশা আর প্রাপ্তির হিসাব-নিকাশের পালা।

মূলত চারটি বিষয়ে প্রত্যাশা ছিল বেশি-জলবায়ু অর্থায়ন, কয়লার ব্যবহার বন্ধ করা যাতে কার্বন নিঃসরণ কমানোর মাধ্যমে বৈশ্বিক উষ্ণতা কমে, পরিবহণ খাতে জীবাশ্ম জ্বালানির ব্যবহার বন্ধ করা এবং বনাঞ্চল সংরক্ষণ। প্রত্যাশা যাই থাকুক না কেন, বিশ্ব প্রতিশ্রুতি যা পেল সেটাই যেন পূরণ হয়। জলবায়ু পরিবর্তনের জন্য দায়ী উন্নত দেশগুলো; কিন্তু এর বিরূপ প্রভাবে ক্ষতিগ্রস্ত বাংলাদেশসহ নি ও মধ্যম আয়ের বহু দেশ।

কপ২৬ সম্মেলনে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় বার্ষিক ১০০ বিলিয়ন ডলার দেওয়ার প্রতিশ্রুতি রক্ষা করতে পারেনি ধনী দেশগুলো। তবে এ প্রতিশ্রুতি প্যারিস চুক্তি মোতাবেক ২০২০ সালের মধ্যে পূরণ করার কথা থাকলেও এখন সেটি বাড়িয়ে ২০২৩ সাল পর্যন্ত নিয়ে যাওয়া হয়েছে।

এটি ২০২৫ সাল পর্যন্ত গড়ালেও অবাক হওয়ার কিছু থাকবে না। তবে সে সময়ের মধ্যেও যদি প্রতিশ্রুতি রক্ষা করে, তা মন্দের ভালো। তবে ততদিনে বৈশ্বিক বিপর্যয় কী পর্যায়ে নেমে আসবে সেটাও দেখার বিষয়। আর সেটারও হিসাব-নিকাশ হবে ২০২২ ও ২০২৩ সালে মিসর ও সংযুক্ত আরব আমিরাতে। অর্থাৎ সেখানে পরবর্তী জলবায়ু সম্মেলন কপ২৭ ও কপ২৮ অনুষ্ঠিত হবে।

জলবায়ু পরিবর্তন সংক্রান্ত আন্তঃসরকার প্যানেল (আইপিসিসি) বলছে, জলবায়ু পরিবর্তনের প্রভাবে বন্যা, ঘূর্ণিঝড়, খরা ও দাবানলের মতো একের পর এক বিপর্যয় মোকাবিলা করতে কয়েক ট্রিলিয়ন ডলারের প্রয়োজন। সেখানে ১০০ বিলিয়ন ডলারের প্রতিশ্রুতি নিয়েই ভুক্তভোগী দেশগুলো সন্দিহান থাকে। নতুন খসড়া চুক্তিতে আগের সব হিসাব-নিকাশ পালটে গেছে।

অর্থাৎ জলবায়ু পরিবর্তনের সঙ্গে খাপ খাইয়ে নিতে খরচের যে পরিমাণ ধারণা করা হয়েছিল, তা যথেষ্ট নয়। কপ২৬ সম্মেলনে ঝুঁকিতে থাকা দেশগুলোর জন্য জলবায়ু তহবিল গঠনের ব্যাপারে চীন সম্মতি জানিয়েছে।

২০১৫ সালের প্যারিস চুক্তি মোতাবেক বৈশ্বিক তাপমাত্রা বৃদ্ধি প্রাক-শিল্পযুগে ১.৫ ডিগ্রি থেকে ২ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে সীমাবদ্ধ রাখার জন্য ১৯৬টি দেশ সম্মত হয়েছিল। ইতোমধ্যেই তাপমাত্রা ১.১ ডিগ্রি বেড়েছে।

এতেই বিশ্বব্যাপী বন্যা, জলোচ্ছ্বাস, ঘূর্ণিঝড়, দাবানলসহ নানা বিপর্যয় অস্বাভাবিকভাবে বেড়েছে। জলবায়ু বিজ্ঞানীদের মতে, বিশ্বের অর্ধেক জনসংখ্যা ২০৩০ সালের মধ্যে জলবায়ু ঝুঁকিতে পড়বে, যা এখনই বেড়ে দাঁড়িয়েছে ৪৩ শতাংশে। বর্তমানে জলবায়ু পরিবর্তনে সম্পদের যে ক্ষতি হয়েছে, ২০৩০ সালে এ ক্ষতি এর থেকে দ্বিগুণ হবে।

সম্প্রতি নেচার জার্নালে প্রকাশিত প্রতিবেদনে বলা হয়েছে, যদি বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি ১.৫ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে রাখতে হয়, তাহলে আমাদের শতকরা ৮৯ ভাগ কয়লার মজুত, ৫৮ ভাগ তেলের মজুত এবং ৫৯ ভাগ মিথেন গ্যাসের মজুতকে প্রকৃতিতে যেভাবে আছে সেভাবেই রেখে দিতে হবে।

কিন্তু ২০১৫ সালে প্যারিস চুক্তি স্বাক্ষরিত হওয়ার পরও দেখা যায় বিশ্বের ৬০টি বৃহৎ ব্যাংক জীবাশ্ম জ্বালানি খাতে ৩.৮ ট্রিলিয়ন ডলার অর্থায়ন করেছে। ২০২০ সালে আইএমএফের প্রতিবেদনে দেখা যায়, বিভিন্ন দেশের সরকার জীবাশ্ম জ্বালানি খাতে ভর্তুকি দিয়েছে ৪৫০ বিলিয়ন ডলার। এ অবস্থা চলতে থাকলে বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি ১.৫ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে রাখা সম্ভব নয়।

কপ২৬ সম্মেলনে জাতিসংঘ আশঙ্কা করেছে, বিভিন্ন দেশ কার্বন নিঃসরণ কমানোর কথা বললেও তাপমাত্রা বৃদ্ধি ২.৭ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছবে। এ তাপমাত্রা বৃদ্ধি নিয়ে আইপিসিসি সতর্কতাও জারি করেছে। তারা বলছে, তাপমাত্রা বৃদ্ধি মানেই এর ক্ষতিকর প্রভাব থেকে মানুষকে বাঁচাতে খরচ বেড়ে যাওয়া। ২০৫০ সালের মধ্যে এ খরচের পরিমাণ বছরে এক ট্রিলিয়ন ডলার পর্যন্ত হতে পারে।

আর তাপমাত্রা ২ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত বাড়লে শুধু আফ্রিকাতেই প্রতিবছর কয়েক বিলিয়ন ডলার খরচ হবে বলে ধারণা করা হচ্ছে। চূড়ান্ত চুক্তিতে ভারত ও চীন কয়লার ব্যবহার 'ফেজ আউটের' পরিবর্তে 'ফেজ ডাউন' করার কথা বলা হয়েছে। শেষ পর্যন্ত তা অনুমোদন পেলেও অনেক দেশ এতে সন্তুষ্ট হতে পারেনি। ৪০টিরও বেশি দেশ কয়লার ব্যবহার কমিয়ে আনতে চুক্তি সই করেছে।

এ সম্মেলনে যুক্তরাষ্ট্র ও চীন পরিবেশ সংরক্ষণে একসঙ্গে কাজ করার বিষয়ে যৌথ ঘোষণা দিয়েছে। ২০৩০ সালের মধ্যে বন উজাড় বন্ধ, ২০৫০ সালের মধ্যে বিভিন্ন দেশের কার্বন নিরপেক্ষ



হওয়ার ঘোষণাসহ বিভিন্ন চুক্তি এ সম্মেলনে স্বাক্ষরিত হয়েছে। নতুন খসড়া চুক্তিতে জলবায়ু পরিবর্তন সামাল দিতে বিশ্বনেতাদের জরুরি ভিত্তিতে পদক্ষেপ নিতে আহ্বান জানানো হয়েছে।

আগের তুলনায় দেশগুলো কীভাবে দ্রুত গ্রিনহাউজ গ্যাসের নির্গমন কমিয়ে আনবে, তার পরিকল্পনা জানতে চাওয়া হয়েছে।

নতুন খসড়া চুক্তিতে ধনী দেশগুলোর প্রতি জীবাশ্ম জ্বালানির ওপর নির্ভরতা কমাতে এবং দুর্বল দেশগুলোকে জলবায়ু সংকট মোকাবিলায় সহায়তা করার জন্য তহবিল বাড়ানোর আহ্বান জানানো হয়েছে। জলবায়ু সংকট মোকাবিলায় দরিদ্র দেশগুলোকে আরও বেশি সহযোগিতা করতে ধনী দেশগুলোর প্রতি আহ্বান জানানো হয়।

নতুন খসড়া চুক্তি অনুযায়ী, তাপমাত্রা সীমাবদ্ধ রাখার ওই লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে ২০৩০ সালের মধ্যে কার্বনের নির্গমন ৪৫ শতাংশ কমাতে হবে। আর ২০৫০ সালের মধ্যে নির্গমন আনতে হবে শূন্য শতাংশে।

এ সম্মেলনে কার্বন নিঃসরণে তাপমাত্রা কিভাবে ১.৫ ডিগ্রি সেলসিয়াসে রাখা যাবে, তারও কোনো সুরাহা হয়নি। সবচেয়ে বেশি ঝুঁকিতে থাকা দেশের জন্য ৪১৩ মিলিয়ন নতুন অর্থায়নের প্রতিশ্রুতি দিয়েছে ধনী দেশগুলো। সম্মেলনের শীর্ষ লক্ষ্যগুলোর মধ্যে একটি ছিল অভিযোজন কর্মকে উন্নত করা। সরকার, সুবিধাভোগী ও সমর্থকের উন্নয়নে ফান্ড ব্যবহার করা। এ অভিযোজন তহবিল প্রায় ৪০ হাজার অংশগ্রহণকারীকে আকৃষ্ট করেছে। অর্থের পরিমাণ কম হলেও এটি একটি ইতিবাচক দিক।

কপ২৬ সম্মেলনে বিশ্বব্যাপী ২৪ শতাংশ কার্বন নিঃসরণের জন্য পরিবহণ খাতকে দায়ী করা হয়। পরিবহণে সবুজায়নের বিষয়টিও আলোচনায় উঠে এসেছে। বায়ুমণ্ডলে অতিরিক্ত গ্রিনহাউজ গ্যাস শোষণ করা প্রয়োজন। প্রাকৃতিক ও প্রযুক্তিগত কৌশল প্রয়োগের মাধ্যমে এটি সম্ভব। এ সম্মেলনে ২০৩০ সালের মধ্যে কার্বন নির্গমন কমাতে কী কী পদক্ষেপ নেওয়া হয়েছে, তা প্রতিবছর সব দেশকে জানাতে জাতিসংঘের বিস্তারিত পরিকল্পনার কথা বলা হয়েছে। আগে যেখানে পাঁচ বছর অন্তর এ পরিকল্পনা প্রকাশ করা হতো, সেখানে এটি এক বছর অন্তর করার আহ্বান জানানো হয়। এটি একটি ইতিবাচক দিক।

কপ২৬-এ শতাধিক দেশ ঘোষণা দিয়েছে, ২০৩০ সালের মধ্যে বনাঞ্চল ধ্বংসের কার্যক্রম বন্ধ করবে। আগামী পাঁচ বছর বনাঞ্চলকে সংরক্ষণের জন্য ১৯.২ বিলিয়ন ডলার অর্থায়নের প্রতিশ্রুতিও দেওয়া হয়েছে। স্থানীয় জনগোষ্ঠী, যারা এ বনাঞ্চল রক্ষায় প্রহরীর ভূমিকা পালন করবে তাদের জন্য অতিরিক্ত এক বিলিয়ন ডলারের প্রতিশ্রুতিও দেওয়া হয়েছে।

ওয়ার্ল্ড রিসোর্স ইনস্টিটিউট জানিয়েছে, বনাঞ্চল ছাড়া জলবায়ু পরিবর্তন ঠেকানো যাবে না। বিশেষজ্ঞদের মতে, সারা বিশ্বে বনাঞ্চল সংরক্ষণ ও বৃদ্ধি করতে প্রতিবছর ৪৬০ বিলিয়ন ডলার অর্থায়ন প্রয়োজন।

কপ২৬ সম্মেলনের সভাপতি যুক্তরাজ্যের মন্ত্রী অলোক শর্মা একটি বহুপক্ষীয় কার্যকর চুক্তিতে পৌঁছাতে নতুন খসড়া চুক্তিকে 'ভারসাম্যমূলক' আখ্যায়িত করে বলেছেন, 'সব কিছু সবার কাছে গ্রহণযোগ্য হবে না। তবে এটি এমন কিছু, যা সামগ্রিকভাবে সবার উদ্দেশ্যকে এগিয়ে নেবে।' এটিই এ সম্মেলনের প্রতিপাদ্য হিসাবে ধরে নেওয়া যায়।

কপ২৬ সম্মেলনে বাংলাদেশ বাস্তবসম্মত বেশকিছু পদক্ষেপের কথা তুলে ধরেছে। ধনী দেশগুলোকে জলবায়ু অভিযোজন ও প্রশমনে অর্ধেক অর্ধেক (৫০ঃ৫০) ভিত্তিতে আগের দেওয়া প্রতিশ্রুতি অনুযায়ী বার্ষিক ১০০ বিলিয়ন ডলার পূরণ করতে বিশ্বনেতাদের প্রতি উদাত্ত আহ্বান জানানো হয়। সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি, লবণাক্ততা বৃদ্ধি, নদীভাঙন, বন্যা ও খরার ক্ষতি মোকাবিলাসহ বাস্তুচ্যুত অভিবাসীদেরও দায়িত্ব নিতে বিশ্বনেতাদের প্রতি আহ্বান জানানো হয়।

বর্তমানে বাংলাদেশে জাতীয় অ্যাডাপটেশন প্ল্যান তৈরি হয়েছে। জলবায়ু বিপদগ্রস্ত দেশ থেকে জলবায়ু সহিষ্ণু এবং সেখান থেকে জলবায়ুর সমৃদ্ধির পথে এগিয়ে যেতে বাংলাদেশ 'মুজিব ক্লাইমেট প্রসপারিটি প্ল্যান' বাস্তবায়ন করছে। এটি একটি যুগান্তকারী পদক্ষেপ, যা বহির্বিশ্বের জন্য রোল মডেল।

লেখক: কৃষি অর্থনীতিবিদ। এফএও ও ইউএনডিপির সাবেক কনসালটেন্ট। সিনিয়র বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ ইনস্টিটিউট (বারি)

নামাজের সময়-সূচী

নভেম্বর	২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮
ফজর	৫.৩১	৫.৩২	৫.৩৩	৫.৩৪	৫.৩৫	৫.৩৫	৫.৩৬
সূর্যোদয়	৬.৫০	৬.৫১	৬.৫২	৬.৫৩	৬.৫৪	৬.৫৫	৬.৫৭
জোহর	১১.৪২	১১.৪২	১১.৪৩	১১.৪৩	১১.৪৩	১১.৪৩	১১.৪৪
আসর	২.৫২	২.৫১	২.৫১	২.৫০	২.৫০	২.৪৯	২.৪৯
মাগরিব	৪.৩৪	৪.৩৩	৪.৩৩	৪.৩২	৪.৩২	৪.৩১	৪.৩১
এশা	৫.৫২	৫.৫২	৫.৫১	৫.৫১	৫.৫১	৫.৫০	৫.৫০

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৫ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৬ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদেরকে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

সাপ্তাহিক ২৩ বছরে
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

একজন দানবীর হাজী আব্দুস সাত্তার

স্মরণীয় সেবকের বিস্ময়কর কর্ম কাহিনী

এমডি. জে রানা

যুগে যুগে পৃথিবীতে কিছু মানুষ এসেছেন প্রেরণার উৎস হয়ে। যারা স্ব-স্ব প্রতিভার বিচ্ছুরণ ঘটিয়ে এনেছেন আলোর সন্ধান, নিজেদের সৃষ্টি বা কর্ম দ্বারা গড়েছেন ইতিহাস। এদের মধ্যে কেউ কেউ মৃত্যুর আগে নিজের সম্পদ মানুষের সেবায় বিলিয়ে গেছেন। বিনিময়ে তিনি পেয়েছেন মানুষের শ্রদ্ধা ও ভালবাসা। এইসব দানবীর ব্যক্তিরা মরেও অমর হয়ে আছেন।

হাজী আব্দুস সাত্তার ছিলেন এমনি এক ক্ষণজন্মা পরোপকারী ও দানশীল ব্যক্তিত্ব। তার পুরোটা জীবন বিশ্লেষণে মনে হবে এ যেন স্মরণীয় সেবকের বিস্ময়কর কর্ম কাহিনী। হাজী আব্দুস সাত্তার সমাজের মহৎ ও ভাল কাজের জন্যে নিজের ধনসম্পদ অকাতরে বিলিয়ে গেছেন। শিক্ষা ও সামাজিক সংস্কারে ব্যয় করার জন্য সিলেট অঞ্চলে 'দানবীর' হিসাবে খ্যাতি পেয়েছেন তিনি।

হাজী আব্দুস সাত্তার বহুগুণে গুণান্বিত একজন ক্ষণজন্মা পুরুষ। তিনি ১৮৮৮ সালে সিলেট সদর উপজেলার ৬নং টুকের বাজার ইউনিয়নের হায়দরপুর গ্রামের এক ঐতিহ্যবাহী মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তাঁর পিতা মরহুম হাজী আহমদ উল্যাহ। তৎকালীন সময় পপ্রতিষ্ঠানিক শিক্ষার তেমন সুযোগ না থাকায় তিনি বাংলা ও ইংরেজী শিক্ষা লাভ করতে পারেননি। তবে রক্ষণশীল মুসলিম পরিবারের সন্তান হিসাবে বাল্যকালে তিনি ইসলামিক শিক্ষা অর্জন করেন। শিক্ষা বিস্তারে বিশেষ করে ইসলাম শিক্ষা বিস্তারে তাঁর অনন্য ভুমিকা রয়েছে। তিনি বৃহত্তর টুকের বাজার এলাকার আরেক কৃতি সন্তান মরহুম সিরাজ উল্লাহ সাহেবের পরামর্শে ১৯৫১ সালে এলাকায় প্রথম দ্বীনি শিক্ষা প্রসারের জন্য 'হাজী আহমদ উল্যা' নামের একটি মাদ্রাসা স্থাপন

হাজী আব্দুস সাত্তার ছিলেন এমনি এক ক্ষণজন্মা পরোপকারী ও দানশীল ব্যক্তিত্ব। তার পুরোটা জীবন বিশ্লেষণে মনে হবে এ যেন স্মরণীয় সেবকের বিস্ময়কর কর্ম কাহিনী।







করতে চেয়েছিলেন। তাঁর একক অর্থায়নে মাদ্রাসার কাজ আরম্ভ হয়েছিল। পরবর্তীতে স্থানীয় মানুষের অনুরোধে বৃহত্তর এলাকায় কোন স্কুল না থাকায় মাদ্রাসার কাজ বন্ধ হয়ে যায়। তার স্থলে ১৯৬২ সালে হাজী আব্দুস সাত্তার স্কুলটি স্থাপন করা হয়। তাঁর ব্যক্তিগত অর্থায়নে প্রাথমিকভাবে স্কুল ভ্রমণটি নির্মাণ করা হয়। এছাড়া তিনি বৃহত্তর টুকের বাজারের অন্যতম দ্বীনি প্রতিষ্ঠান রশিদিয়া দাখিল মাদ্রাসা প্রতিষ্ঠা ও রক্ষানাবেক্ষনে বিপুল অর্থ প্রদান করেন। তিনি শুধু দ্বীনি শিক্ষায় নয় আধুনিক শিক্ষায় যাতে মানুষ শিক্ষিত হতে পারে তার জন্য বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে তাঁর সম্পদ দুহাতে অকাতরে বিলিয়ে গেছেন। ১৯৬২ সালে নিজ জমির উপর হাজী আব্দুস সাত্তার হাই স্কুল নির্মাণ, ১৯৪০ সালে নিজ গ্রামে মসজিদ স্থাপন, হায়দরপুর ও পীরপুর মসজিদের স্থায়ী আয়ের জন্য সাড়ে ২৬ বিঘা জমি দান, মদন মোহন কলেজে অর্থ সহায়তা, বন্দর বাজার মসজিদে বোর্ডিং নির্মাণ, নিজ জমির উপর বৃহত্তর টুকের বাজারে ঈদগাহ নির্মাণ, টুকের বাজার ইউনিয়ন অফিসের জন্য জমি দান। শুধু এ দেশে তাঁর দানের হস্ত সীমাবদ্ধ থাকেনি, তিনি ভারত-পাকিস্তান সহ আরব দেশেও দানের দৃষ্টান্ত রেখেছেন। তার মধ্যে উল্লেখযোগ্য মদীনা ইউনিভার্সিটিতে পাকিস্তান আমলের ত্রিশ হাজার টাকা দান এবং সৌদিআরবের সৌলত কিয়ায় একটি বোর্ডিং নির্মাণ করেন। সিলেট ছাড়াও কিশোরগঞ্জে একটি মাদ্রাসায় বিপুল অর্থ সহায়তা প্রদান করেছেন। মৃত্যুর কিছুদিন আগে নিজ সম্পত্তির একাংশ ১৬২ টি মসজিদ ও ৩৭টি মাদ্রাসায় দান করেন। এতো সম্পদের মালিক হয়েও হাজী আব্দুস সাত্তার ছিলেন খুব ধার্মিক ও নিরহঙ্কারী। তিনি সর্বদা সহজ সরল জীবন-যাপন করতেন। তিনি সব সময় জামায়েত এর সহিত পাঁচ ওয়াক্ত নামাজ আদায় করতেন। এমনকি শীতের সময় যখন হাওরে মৎস্য বিলে মাছ আহরণে ব্যস্ত থাকতেন তখনও হাওরে জামায়াতে নামাজ পড়তেন। নিয়মিত তাহাজ্জুদ পড়া ছিল তার স্থায়ী অভ্যাস। এলাকার দ্বীন-দুঃখী ও দুস্থদের সেবায় তিনি নিজের সব কিছু বিলিয়ে দিতেন। এই বিরল দানবীর, ১৯৯২ সালে ১০ জানুয়ারী ১০৪ বছর বয়সে নিজ বাড়িতে তিনি ইন্তেকাল করেন। মৃত্যুকালে তিনি বহু আত্মী-স্বজন রেখে গেছেন।

দীর্ঘ এ জীবনে তিনি তিনবার বিবাহ বন্ধনে আবদ্ধ হন। তাঁর প্রথম দুই স্ত্রীর সাত ছেলে ও ছয় মেয়ে রয়েছে। প্রথম ও দ্বিতীয় স্ত্রী মারা যাওয়ার পর তিনি তৃতীয়বার বিবাহ বন্ধনে আবদ্ধ হন। তৃতীয় স্ত্রী কোন সন্তান নেই। তবে তৃতীয় স্ত্রী একশত বছরের উপরে বয়স হলেও হাজী আব্দুস সাত্তার শেষ স্মৃতি নিয়ে এখনও বেঁচে আছেন। তাঁর পঞ্চম ছেলে হাজী আব্দুল মুছব্বির লালাই মিয়ার তত্ত্বাবধান তিনি রয়েছেন। হাজী আব্দুস সাত্তারের চার ছেলে ও তিন মেয়ে মৃত্যুবরণ ইতিমধ্যে মারা গেছেন। মরহুম হাজী আব্দুস সাত্তারের দান ও সমাজ তিনি ব্যক্তি জীবনে বিভিন্ন রাজনৈতিক কর্মকান্ডে জড়িত ছিলেন। ১৯৪৪ থেকে ১৯৫৮ সাল পর্যন্ত সিলেট জেলা মুসলিম লীগের কোষাধ্যক্ষ পদে দায়িত্ব পালন করেন। মুসলিম লীগের উন্নতি সাধনের জন্য অকাতরে আর্তিক সহায়তা প্রদান করে গেছেন। দ্বি-জাতি তত্ত্বের ভিত্তিতে দেশ ভাগের সময় সিলেট জেলা মুসলিম লীগের প্রতিষ্ঠাতা সভাপতি অত্র এলাকার আরেক কৃতি সন্তান মরহুম মাওলানা আব্দুর রশিদের সহযোগিতায় রেফারেনডাম ইস্যুতে সিলেট তৎকালীন পাকিস্তানের সাথে যোগ দেয়ার গণভোটে নেতৃত্বদানকারী অনেকের মধ্যে হাজী আব্দুস সাত্তার ছিলেন অন্যতম। এছাড়া কর্মজীবনে তিনি একজন বিশিষ্ট ব্যবসায়ী হিসাবে নিজেকে প্রতিষ্ঠিত করেন। যার ফলে দীর্ঘ প্রায় দেড়যুগ তিনি সিলেট জেলা মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি ছিলেন।

মরহুম হাজী আব্দুস সাত্তারের সম্মাননার স্বার্থে ১৯৯৩ সালে তখনকার যুব সমাজের উদ্যোগে 'গুণীজন স্মৃতি সংসদ' নামের নয় সদস্যের একটি কমিটি গঠন করা হয়। এতে সভাপতি ছিলেন এ.কে এম তারেক কালাম ও সাধারণ সম্পাদক এডভোকেট মুজিবুর রহমান। পরে দিলওয়ার হোসেন দিলুর (বর্তমানে ইতালী প্রবাসী) উদ্যোগে ও তাঁর সম্পাদনায় 'চীরঞ্জীব হাজী আব্দুস সাত্তার' নামের একটি ম্যাগাজিন প্রকাশিত হয়েছিল। সেই ম্যাগাজিনের টুকের বাজার সহ বৃহত্তর সিলেটের সব গুণীজনরা হাজী আব্দুস সাত্তারের পক্ষে বানী, কলাম লিখেছিলেন। তাদের মধ্যে ছিলেন সাবেক সংসদ সদস্য মরহুম খন্দকার আব্দুল মালিক, সাবেক এম.পি আহমদ আশরাফ আলী, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাবেক ভাইস চ্যান্সেলর সদর উদ্দিন আহমদ চৌধুরী, সিলেট সরকারী পাইলট স্কুলের শিক্ষক আব্দুর রহিম, অধ্যাপক গ.ক.ম আলমগীর, মদন মোহন কলেজের অধ্যাপক মো. আকরম আলী, অধ্যাপক শফিকুর রহমান, অধ্যাপক মো. সিরাজুল ইসলাম, আলীয়া মাদ্রাসার শিক্ষক আব্দুল সাত্তাহ, অধ্যাপক মো. নুরুল ইসলাম প্রমুখ। এছাড়া উক্ত ম্যাগাজিনে হাজী আব্দুস সাত্তারকে নিয়ে বেশ কিছু কবিতা ও ছড়া লেখা হয়েছে। মরহুম হাজী আব্দুস সাত্তারের ছেলে-মেয়ে ও নাতি-নাতনীরা পৃথবীর বিভিন্ন দেশে স্থায়ীভাবে বসবাস করছেন। দেখা হয় তাঁর নাতি ইব্রাহিম আলীর সাথে। তিনি জানান, তার দাদার পরিচয়ে তিনি ও তার পরিবার অত্যন্ত গর্বিত। এ পরিচয় তাদেরকে সব সময় সম্মানিত করেছে। তাঁর দাদা সারাজীবন মানুষের কল্যাণে কাজ করে গেছেন। আল্লাহর সন্তুষ্টি লাভের জন্য তিনি দেশে-বিদেশে বিভিন্ন মসজিদ, মাদ্রাসা, স্কুল, ঈদগাহ প্রতিষ্ঠা করেছেন। তাঁর দেখানো পথ ধরেই তিনি হাটতে চান। তাই তিনি ও তাঁর ভাই-বোনরা মিলে নিজের পিতা-মাতার নামে আব্দুল মুছব্বির-কুলছুমা এডুকেশন এন্ড ওয়েলফেয়ার নামের একটি ট্রাস্ট গঠন করেছেন। তিনি নিজে এই ট্রাস্টের চেয়ারম্যান ও তাঁর আপন ছোট ভাই ভাইস চেয়ারম্যান মো. জাকারিয়া। মো. জাকারিয়া নিউইয়র্কের পাশবর্তী স্টেট মেরিল্যান্ড শহরে এবং তাঁর বোনরা নিউইয়র্ক সিটিতে বসবাস করেন। এই ট্রাস্টের মূল লক্ষ্য হচ্ছে অসহায়-দুঃস্থদের সাহায্য-সহযোগিতা করা, শিক্ষা ও সামাজিক উন্নয়নমূলক বিভিন্ন কর্মকান্ড পরিচালনা করা। এছাড়া তাঁর বাবা আব্দুল মুছব্বির লালাই মিয়াও বিভিন্ন সমাজিক উন্নয়নমূলক কাজ করে থাকেন। বর্তমান হায়দরপুর শাহী জামে মসজিদে সাত ডেসিমেল জায়গা তিনি দান করেছেন।

বি:দ্রঃ লেখাটির তথ্য সংগ্রহ করা হয়েছে 'চীরঞ্জীব হাজী আব্দুস সাত্তার' নামের ম্যাগাজিন থেকে।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

NUR BEPARY AUTO REPAIR
& BODY SHOP, INC.
COMPLETE BODY REPAIR
একটি বাংলাদেশী প্রতিষ্ঠান
Nur Bhai
President
718-551-1405
OPEN 24 HOURS
35-44, 61st Street
Woodside, NY 11377
Tel: 718-898-0052



বাংলাদেশ কম্যুনিটিতে এখন সবচেয়ে বিশ্বস্ত ট্রাভেল এজন্সি

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া



SUPER WINTER SALE

আমরা IATA অনুমোদিত

ফোন: 718-721-2012

উমরাহ্ স্পেশাল

★ হোটেল ★ ভিসা ★ ট্রান্সপোর্টেশান

KUWAIT AIRWAYS

QATAR AIRWAYS

Emirates

TURKISH AIRLINES

السعودية SAUDIA

আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া

Digital Travel Astoria

2578, 31st Street, Astoria, NY 11102

সাবওয়েতে N ও W ট্রেনে 30th Avenue Station

Cell: 917-459-7181

We are on Facebook

website: www.digitaltraveltour.com

প্রাপ্তবয়স্কদের জন্য ফাইজার ও মডার্নার

(প্রথম পাতার পর)

শুক্রবার যুক্তরাষ্ট্রের ওষুধ নিয়ন্ত্রক কর্তৃপক্ষ এই অনুমোদন দেয়। আসছে শীতে মহামারি করোনার নতুন ঢেউয়ের শঙ্কার মধ্যে এই পদক্ষেপ নেয়া হলো। খবর বার্তা সংস্থা এএফপির।

যুক্তরাষ্ট্র এর আগেও কোভিড টিকার বুস্টার ডোজের অনুমোদন দিয়েছিল। এ ক্ষেত্রে যাঁদের রোগ প্রতিরোধ ক্ষমতা কম, বয়স ৬৫ বছরের বেশি, গুরুতর রোগের উচ্চ ঝুঁকিতে রয়েছেন, এমন ব্যক্তি ও উচ্চ ঝুঁকিপূর্ণ পেশার কর্মীরা দেশটিতে এত দিন কোভিড টিকার বুস্টার ডোজ নিতে পারতেন।

শুক্রবার টিকার বুস্টার ডোজের অনুমোদনের কথা জানিয়ে ওষুধ নিয়ন্ত্রক সংস্থা ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশনের (এফডিএ) ভারপ্রাপ্ত কমিশনার জেনেট উডকক বলেন, 'এই সিদ্ধান্ত করোনার বিরুদ্ধে দীর্ঘদিন সুরক্ষা প্রদানে সহায়তা করবে। বিশেষ করে ভয়াবহ পরিণতি, যেমন হাসপাতালে ভর্তি ও মৃত্যু ঠেকাবে।'

যুক্তরাষ্ট্রের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের (সিডিসি) একটি বিশেষজ্ঞ প্যানেল প্রাপ্তবয়স্ক সবাইকে টিকার বুস্টার ডোজ দেওয়ার সুপারিশ করেছে। বিশেষজ্ঞ ওই প্যানেলের সুপারিশ এখন সিডিসির পরিচালক রোশেল ওয়েলেনস্কি প্রাপ্তবয়স্ক সবাইকে বুস্টার ডোজ দেওয়ার বিষয়টিতে আনুষ্ঠানিকভাবে অনুমোদন দেবেন।

মডার্না ও ফাইজারের বুস্টার ডোজে শত শত মানুষের শক্তিশালী রোগ প্রতিরোধ ব্যবস্থা তৈরি হওয়ার প্রমাণের তথ্য পেয়ে এ সিদ্ধান্ত বলে জানিয়েছে এফডিএ।

১৬ বছরের বেশি বয়সী ১০ হাজার মানুষকে নিয়ে বুস্টার ডোজের একটি ক্লিনিক্যাল ট্রায়াল চালিয়েছে ফাইজার। তাতে দেখা গেছে, উপসর্গ আছে এমন কোভিড রোগীদের ক্ষেত্রে সাধারণ ডোজ নেওয়াদের তুলনায় বুস্টার ডোজ ৯৫ শতাংশ কার্যকর। টিকা দুটির প্রথম দুই ডোজ নেওয়ার ছয় মাস পর বুস্টার ডোজ নিতে হবে।

যুক্তরাষ্ট্রে প্রতিদিন নতুন করে ৮৮ হাজার মানুষের করোনা শনাক্ত হওয়ার মধ্যে প্রাপ্তবয়স্কদের বুস্টার ডোজের অনুমোদন দেওয়া হলো। বলা হচ্ছে যে মহামারির পঞ্চম ঢেউয়ের মুখ্য যুক্তরাষ্ট্র। করোনায় সবচেয়ে বিপর্যস্ত দেশটিতে ইতিমধ্যে করোনায় আক্রান্ত ৭ লাখ ৭৬ হাজারের বেশি মানুষের মৃত্যু হয়েছে।

জাতিসংঘে প্রথমবারের মতো

(৩ পাতার পর)

বাস্তুচ্যুত রোহিঙ্গাদের আশ্রয় ও মানবিক সহায়তা প্রদান এবং জাতীয় কোভিড-১৯ ভ্যাকসিন কর্মসূচিতে তাদেরকে অন্তর্ভুক্ত করার মাধ্যমে বাংলাদেশ যে উদারতা ও মানবিকতা প্রদর্শন করেছে, রেজুলেশনটিতে তার ভূয়সী প্রশংসা করা হয়। কক্সবাজারের অত্যন্ত জনাকীর্ণ আশ্রয় ক্যাম্প থেকে রোহিঙ্গাদের একটি অংশকে ভাসানচরে স্থানান্তর এবং এ লক্ষ্যে এখানে অবকাঠামোসহ অন্যান্য সুযোগ-সুবিধা তৈরি করার ক্ষেত্রে বাংলাদেশ সরকার যে প্রচেষ্টা ও বিনিয়োগ করেছে তারও স্বীকৃতি দেওয়া হয় রেজুলেশনটিতে। এ বিষয়ে বাংলাদেশ ও জাতিসংঘ মানবাধিকার কমিশনের মধ্যকার সমঝোতা চুক্তি স্বাক্ষরকে স্বাগত জানানো হয়।

রেজুলেশনটিতে প্রাথমিকভাবে দৃষ্টি দেওয়া হয়েছে, মিয়ানমারের রোহিঙ্গা মুসলিম ও অন্যান্য সংখ্যালঘু সম্প্রদায়ের মানবাধিকার পরিস্থিতি এবং পহেলা ফেব্রুয়ারী ২০২১-এ জরুরি অবস্থা জারির প্রেক্ষাপট এর মতো বিষয়গুলোর প্রতি। রোহিঙ্গা সমস্যার মূল কারণ খুঁজে বের করা, বাংলাদেশের সাথে স্বাক্ষরিত দ্বি-পাক্ষিক চুক্তির বাধ্যবাধকতাগুলো পূরণ করা, এবং মিয়ানমারে নিযুক্ত জাতিসংঘ মহাসচিবের বিশেষ দূতসহ জাতিসংঘের সকল মানবাধিকার ব্যবস্থাপনাকে পূর্ণ সহযোগিতা প্রদান করতে এবারের রেজুলেশনে মিয়ানমারের প্রতি আহবান জানানো হয়েছে। চলমান বিচার ও দায়বদ্ধতা নিরূপন প্রক্রিয়ার উপর রেজুলেশনটিতে সজাগ দৃষ্টি বজায় রাখার কথা বলা হয়েছে। এতে মিয়ানমারে নবনিযুক্ত জাতিসংঘ মহাসচিবের বিশেষ দূতকে স্বাগত জানানো হয়েছে এবং মিয়ানমারকে সম্পৃক্ত করে তাঁর জন্য একটি কর্মপরিকল্পনা নির্ধারণের কথাও বলা হয়েছে। রাখাইন রাজ্যে বাস্তুচ্যুত রোহিঙ্গাদের প্রত্যাবাসনের উপযোগী পরিবেশ সৃষ্টি করার ক্ষেত্রে মিয়ানমার, ইউএনএইচসিআর এবং ইউএনডিপি এর মধ্যে স্বাক্ষরিত ত্রি-পাক্ষিক সমঝোতা স্মারকটি নবায়ন ও এর কার্যকর বাস্তবায়ন করার কথা উল্লেখ করা হয়েছে রেজুলেশনটিতে।

রাষ্ট্রদূত ফাতিমা বলেন, "বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা মানবিক বিবেচনায় ২০১৭ সালে বাস্তুচ্যুত রোহিঙ্গাদের জন্য বাংলাদেশের সীমান্ত খুলে দেন। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় এই যে, রোহিঙ্গাদের স্বপ্রণোদিত, নিরাপদ ও টেকসই প্রত্যাবর্তনের উপযোগী পরিবেশ সৃষ্টি করতে মিয়ানমার ব্যর্থ হওয়ায় বাংলাদেশে দীর্ঘমেয়াদী সমস্যার সৃষ্টি হয়েছে"। প্রত্যাবাসনের কোনো অগ্রগতি না হওয়ায় রোহিঙ্গাদের হতাশা ক্রমশ: তীব্র হচ্ছে যা এ অঞ্চলে নানা ধরণের নিরাপত্তাজনিত উদ্বেগ ও অস্থিতিশীল পরিস্থিতির সৃষ্টি করছে মর্মে উল্লেখ করেন বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি। রাষ্ট্রদূত ফাতিমা আরও বলেন, "আশা করা যায় এবারের রেজুলেশনটি নিজভূমি মিয়ানমারে বাস্তুচ্যুত রোহিঙ্গাদের নিরাপদ ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসন প্রক্রিয়া নিশ্চিত করতে বাস্তবভিত্তিক পদক্ষেপ গ্রহণের প্রেরণা হিসেবে কাজ করবে যা দীর্ঘস্থায়ী এই সমস্যার টেকসই সমাধানে তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখবে"।

এবারের রেজুলেশনটিতে ১০৭টি দেশ সহ-পৃষ্ঠপোষকতা প্রদান করেছে যে সংখ্যা ২০১৭ সাল থেকে এ পর্যন্ত সর্বোচ্চ। ইউরোপীও ইউনিয়ন এবং ওআইসি ছাড়াও রেজুলেশনটিতে যুক্তরাষ্ট্র, কানাডা, মেক্সিকো, আর্জেন্টিনা, অস্ট্রেলিয়া, নিউ-জিল্যান্ড, সুইজারল্যান্ড, জাপান, দক্ষিণ কোরিয়াসহ বিভিন্ন ভৌগোলিক অঞ্চলের উল্লেখযোগ্য সংখ্যক দেশ সমর্থন যুগিয়েছে এবং সহ-পৃষ্ঠপোষকতা প্রদান করে।

EFFICIENT MEDICAL CARE DHAKA DENTAL P.C.

ডা. বর্ণালী হাসান এমডি ও ডেন্টিস্ট মাহফুজুল হাসান ডি.ডি.এস
দুটি অফিসের মাধ্যমে দীর্ঘদিন ধরে চিকিৎসা সেবা দিয়ে আসছেন


DR. MAHFUJUL HASAN D.D.S


DR. BORNALI HASAN MD

উভয় অফিসে এপয়েন্টমেন্টের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

চিকিৎসা সেবায় আগ্রহী ব্যক্তিরা যেকোন একটি অফিসে যোগাযোগ করতে পারেন।
প্রায় সব ধরনের মেডিকেইড, প্রাইভেট এবং ইউনিয়ন ইনসিওরেন্স গ্রহণ করা হয়।

মেডিকেইড, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট ও এ্যাফিনিটি ইনসিওরেন্সের গ্রাহকেরা তাৎক্ষণিক ভাবে দাঁতের চিকিৎসা নিতে পারেন।

আমাদের শাখা দু'টি

JAMAICA
170-09 Hillside Ave. Jamaica, NY 11432
Tel: (718) 291-2710 (MEDICINE),
(718) 480-8877 (DENTAL)

SUNNY SIDE
40-14 Green Point Ave. Sunnyside, NY 11104
Tel: (718) 392-2858 (MEDICINE),
(718) 779-1300 (DENTAL)

General Dentist :
Dr. Hatim Gandhi, D.D.S
Dr. Frederik Fisher, D.D.S

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় নূন্যতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এসে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

অন্যূন ১ মিলিয়ন বা নূন্যতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ অনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ৮ বছরের সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SHARIF TAX SERVICE



IRS Authorize e-file provider
37-47 77th Street,
Jackson Heights, NY 11372
PH: 917-547-7298
917-858-4249
e-mail: shariftaxservice@gmail.com

SHARIF Q. ALAM (HIRA)
B.Sc. (Hons), MS, DU
20 Years experience
Tax Prepare
NYS-Lic! Real Estate Sale agent

SERVICES:
● Tax Service
● Immigration
● Real Estate

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET
$500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

37-47 73 ST. #215, JAKSON HEIGHTS NY 11372

TEL: 718-701-2666

বাংলাদেশ সোসাইটির সংবাদ সম্মেলনে পঠিত লিখিত বক্তব্যের পূর্ণ বিবরণ

(৩ পাতার পর)

বাদীর সংবাদ সম্মেলন। এই সংবাদ সম্মেলনে সোসাইটির কর্মকর্তাদের বিরুদ্ধে কুরুচিকর বক্তব্য। আমরা এর নিন্দা ও প্রতিবাদ জানাই। মরহুম সভাপতি কামাল আহমেদ সহ মরহুম আব্দুল খালেক খায়ের ও মরহুম আজাদ বাকের-কে নিয়ে দেওয়া বক্তব্যের তীব্র প্রতিবাদ জানাই। এসব মিথ্যা বক্তব্যের মধ্য দিয়ে সোসাইটির সাবেক ও বর্তমান কর্মকর্ত দের চরিত্র হনন করা হয়েছে। সংবাদ সম্মেলনে প্রদত্ত অভিযোগগুলোর কোন সত্যতা নেই।

আপনাদের কাছে বিনয়ের সাথে বলতে চাই যে, মামলা নিয়ে আমাদের কোন বক্তব্য নেই। কেননা, বিচারাধীন বিষয় নিয়ে আমরা আইনগতভাবেই মোকাবেলা করতে চাই। কিন্তু জনমনে যাতে কোন বিভ্রান্তির সৃষ্টি না হয় তা জানাতেই আজকের সংবাদ সম্মেলন।

আমরা ঐ সংবাদ সম্মেলনের কতিপয় বক্তব্যের প্রেক্ষিতে বলতে চাই যে, ২০০৯ সাল থেকে বাংলাদেশ সোসাইটির নিজস্ব অফিসে একজন অফিস সহকারী সপ্তাহের ৫দিন অফিস খোলা রাখতেন। তবে করনাকালে সোসাইটি অফিস বন্ধ ছিলো। আর যেহেতু সোসাইটির নামে মর্গেজ করা হয়নি। ফলে সেটি স্যাটিসফাইট করার কোন সুযোগ নেই। এছাড়াও সোসাইটি সিটি বা ষ্টেট প্রশাসনের কাছ থেকে কোন গ্র্যান্ড নেয়নি। তাই সংবাদ সম্মেলনে মামলার বাদীর এসব বক্তব্যে কমিউনিটিতে সোসাইটি ও সোসাইটির কর্মকর্তাদের হেয় প্রতিপন্ন করা হয়েছে।

অপরদিকে ২০১৮ সালের মামলার কারণে নির্বাচন স্থগিত হওয়ার পর সেই মামলা আইনগতভাবে মোকাবেলা করা হয়। সেই মামলায় সোসাইটি জয়ী হওয়ার পর নির্বাচন কমিশন বর্তমান সদস্য নিয়েই নতুন করে নির্বাচন আয়োজনের উদ্যোগ নেন। কেননা, সদস্য বিষয়ে আদালতের কোন সিদ্ধান্ত ছিলো না। কিন্তু নির্বাচন অনুষ্ঠানের একদিন আগে মামলার ঘটনাই প্রমান করে এটি বাদী ও তার সহযোগীদের বাংলাদেশ সোসাইটির বিরুদ্ধে পরিকল্পিত গভীর ষড়যন্ত্র।

প্রিয় সম্পাদক ও সাংবাদিক ভাই/বোনেরা

আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে, প্রবাসী সকল বাংলাদেশী মনেপ্রাণে সোসাইটিকে ভালবাসে। আর যারা সোসাইটিকে ভালবাসে না, তারাই সোসাইটির ক্ষতি করতে চায়। সোসাইটির ক্ষতি করে সোসাইটিকে ভালবাসা যায় না। আমরা মনে করি প্রিয় এই সংগঠনকে রক্ষা করতে যেখানে আলোচনার মাধ্যমে সকল সমস্যার সমাধান সম্ভব, সেখানে মামলা-মোকদ্দমার প্রয়োজন কি? তাই কমিউনিটির সকলের প্রতি আমাদের আকুল আবেদন আসুন আমরা ঐক্যবদ্ধভাবে সোসাইটিকে রক্ষা করি, মামলাবাজদের চিহ্নিত করে তাদেরকে সামাজিকভাবে বয়কট করি।

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis:
196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office:
7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office:
486 McDonald Ave, Brooklyn, NY 11218

Alam Podiatry, P.C.

Ozone Park Office:
530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office:
3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office:
1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড়
কুপন সহ
যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার
কুপন সহ
ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.





নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং



PARKCHESTER FAMILY PHARMACY
১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688
আমাদের অন্য কোন শাখা নেই
আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশাকরি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহের আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানোর চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ইমিগ্রেশন রিলিফ আপডেট

এ সপ্তাহেই সমন্বয় বিলের উপর হাউজে ভোট গ্রহণ

আশা করা হচ্ছে, সমন্বয় বিলের উপর হাউজ এ সপ্তাহেই ভোট দেবে। আপনি যদি আপনার এলাকার কংগ্রেস সদস্যদের চেনেন তবে তাদের কল করে দাবি জানান যে, তারা যেনো সমন্বয় প্যাকেজে ইমিগ্র্যান্ট ওয়ার্কার্স এবং পরিবারকে বিলে অন্তর্ভুক্ত করেন।

হাউজের সর্বশেষ ভার্সনে ১ দশমিক ৭৫ ট্রিলিয়ন ডলারের স্পেন্ডিং প্যাকেজ ইমিগ্রেশন প্রভিশন অন্তর্ভুক্ত করা হয়েছে। বিলটি পাশ হলে ইউএসএতে বসবারত আনডকুমেন্টেড ইমিগ্র্যান্টদের ১০ বছরের জন্য ওয়ার্ক অথরাইজেশন লাভের সুযোগ থাকবে। তবে ১৭ নভেম্বর বুধবার হাউজ যে 'বিল্ড ব্যাক বেটার' প্যাকেজ প্রকাশ করেছে, তাতে প্রায় ১ কোটি ১০ লাখ আনডকুমেন্টেড ইমিগ্র্যান্ট মানুষ যারা ইতিমধ্যেই যুক্তরাষ্ট্রে বাস করছে তাদের জন্য নাগরিক হওয়ার কোন সুযোগ থাকবে না। যারা ২০২১ সালের আগে তেকে এদেশে বাস করছেন এই কর্মসূচিতে তারা প্যারোল স্ট্যাটাস পাবেন। প্রাথমিকভাবে ৫ উয়রের জন্য এই সুযোগ পাওয়া যাবে। পরে সুবিধাভোগিরা আরও ৫ বছরের জন্য আবেদন করতে পারবেন। প্যারোলের সুবিধায় সাময়িক স্ট্যাটাস পাবে- ঠিক প্রেসিডেন্ট ওবামার ড্রিমারদের মত। তবে যেখানে স্থায়ী স্ট্যাটাস বা নাগরিকত্ব লাভের সুযোগ থাকবে না। বিশেষজ্ঞদের বিশ্বাস, এতে সাময়িক স্ট্যাটাসের সুযোগ পেলেও, অন্য আরও কর্মসূচির মাধ্যমে আনডকুমেন্টেড ইমিগ্র্যান্টদের পারিবারিক সদস্য বা চাকরিদাতাদের মাধ্যমে রেসিডেন্সি লাভের সুযোগ নেব। আমরা সবাই জানি যে ১৫ নভেম্বর সোমবার প্রেসিডেন্ট বাইডেন দ্বিদলীয় অবকাঠামো বিল স্বাক্ষর করে আইনে পরিণত করেছেন। তবে সেই বিলে ইমিগ্রেশনের কোন উল্লেখ নেই। আমরা আনডকুমেন্টেড ইমিগ্র্যান্টদের জন্য ইমিগ্রেশন রিফর্ম এবং রিলিফ বিল নিয়ে কংগ্রেস এবং হোইট হাউজের কর্মকান্ডের উপর নজর রাখছি। আগামী সপ্তাহে আমরা এ সংক্রান্ত আপডেট এই বিবাগের মাধ্যমে আমাদের পাঠকদের সঙ্গে শেয়ার করব।

ডিসেম্বর ২০২১ ভিসা বুলেটিনঃ

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) ডিসেম্বর ২০২১ ভিসা বুলেটিন প্রকাশ করেছে। বাংলাদেশীদের ডিসেম্বর মাসের জন্য পরিবার ভিত্তিক ভিসা প্রাপ্যতা নিচে দেয়া হলোঃ

ফ্যামিলি স্পন্সকৃত ভিসা অগ্রাধিকরঃ

প্রথমঃ (এফওয়ান) মার্কিন নাগরিকদের অবিবাহিত পুত্র ও কন্যাদের- ডিসেম্বর ১, ২০১৪।

দ্বিতীয়ঃ পারমানেন্ট রেসিডেন্টদের স্বামী-স্ত্রী, শিশু এবং অবিবাহিত পুত্র ও কন্যাঃ

এ. (এফ টু-এ) পারমানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র কন্যা (২১ বছর বা ততোর্ধ)ঃ সেপ্টেম্বর ২২, ২০১৫।

তৃতীয় ৯এফ ত্রি) আমেরিকান নাগরিকদের (ইউএস সিটিজেন) বিবাহিত পুত্র কন্যাঃ নভেম্বর ২২, ২০১৮।

চতুর্থঃ (এফ ফোর)ঃ আমেরিকান নাগকিরদের বয়স্ক ভাই-বোনেরা। মার্চ ২২, ২০০৭।

এ সম্পর্কে এবং চাকরিবিত্তিকে অগ্রাধিকর আরও বিষয় আরও বিস্তারিত জানতে হলে ইউএস স্টেট ডিপার্টমেন্টের ওয়েব সাইট ভিসিট করুন। ফ্যামিলি ভিত্তিক ক্যাটাগরির অগ্রাধিকার প্রায় ডিসেম্বর মাসের মতই।

নিউইয়র্ক থেকে আমেনা বেগমের প্রশ্নঃ

আমি আমার, স্বামীর করা আবেদনে গ্রিনকার্ডধারী হিসেবে এদেশে এসেছি। অল্প সময়ের মধ্যে আমি সিটিজেনশীপের আবেদন করার



জন্য উপযুক্ত বলে বিবেচিত হবো। আজ আমি একটি বিষয় সম্পর্কে জানার জন্যে আপনার কাছে লিখছি। আমার প্রশ্নের জবাব পেলে আমি উপকৃত হব এবং কৃতজ্ঞ থাকবো। বর্তমানে আমি সন্তান সম্ভবা। আমার আড়াই বছর বয়সের আরো একটি বাচ্চা আছে। আমি অসুস্থ। আমার এই শারীরিক অবস্থায় আমাকে দেখাশোনার জন্য আমি আমার মা-বাবার জন্য আবেদন করতে পারবো কিনা? এ বিষয়ে আপনার পরামর্শের অপেক্ষায় রইলাম।

আমেনা বেগমের প্রশ্নের উত্তরঃ

এ ব্যাপারে প্রথমেই আমাদের জানা দরকার একজন পার্মানেন্ট রেসিডেন্ট কাদের জন্য আবেদন করতে পারে। গ্রিনকার্ডধারী একজন পার্মানেন্ট রেসিডেন্ট পরিবারের নিম্নে উল্লেখিত সদস্যদের গ্রিনকার্ডের জন্যে আবেদন করতে পারেনঃ

স্পাউস (স্বামী-স্ত্রী)

২১ নিম্ন ও ২১ উর্ধ অবিবাহিত সন্তান।

মা-বাবা এবং

ভাই-বোন

একজন আমেরিকান নাগরিক পরিবারের নিম্নে উল্লেখিত সদস্যদের জন্য আবেদন করতে পারেনঃ

স্পাউস (স্বামী-স্ত্রী); ২) সকল ২১ নিম্নে বয়সের, ২১ উর্ধ বয়সের এবং বিবাহিত ও অবিবাহিত সন্তান; ৩) মা-বাবা এবং ৪) সহদোর-২১ নিম্ন এবং উর্ধ অবিবাহিত এবং বিবাহিত ভাইবোন। আপনার ক্ষেত্রে আপনি একজন গ্রিনকাডধারী আপনি যখন ডিএস সিটিজেনশীপ লাভ করবেন তখন আপনি আপনার মা-বাবার জন্যে আবেদন করতে পারবেন।

এর মধ্যে আপনার মা ইউএসএ আসার জন্য নন-ইমিগ্র্যান্ট ভিসার আবেদন করতে পারেন, আমেরিকান দূতাবাস এবং কনস্যুলেট যুক্তরাষ্ট্রে সাময়িক সফরের জন্য বি-ওয়ান/বি-টু ভিসা ইস্যু করতে পারেন। এ জন্য পূর্ব অনুমোদনের প্রয়োজন নাই। তবে ভিসা অপিসারকে আপনার সন্তুষ্ট করতে হবে যে, যুক্তরাষ্ট্রে সফরের জন্য আপনার ভাল যুক্ত রয়েছেঃ আর্থিকভাবে আপনি আপনার সফরের ব্যয়ভার নির্বাহে সক্ষম এবং স্বদেশের সঙ্গে আপনার গভীর সম্পর্ক রয়েছে। এবং সফর শেষে আপনি দেশে ফিরে যাবেন।

আপনার অবস্থান বিবেচনায় আপনার মায়ের বি-টু ভিসা প্রাপ্তি সমূহ সম্ভাবনা রয়েছে। তবে আপনাকে অবশ্যই নিচে উল্লেখিত কাপগজপত্র উপস্থাপন করতে হবেঃ ঐদি আপনি আনার ডাক্তার ও সোস্যাল ওয়ার্কারের কাছে থেকে উত্তম অর্থাৎ যথাযথ ও জোরদার যুক্তসহ একটি চিঠি উপস্থাপন করতে পারেন;

আপনার সর্বশেষ ট্যাক্স রিটার্ন, ব্যাংক লেটার এবং আপনার বা আপনার স্বামীর জব লেটারের সঙ্গে এফিডেফিট অব সাপোর্ট (ফরম আই-১৩৪)।

আপনাদের কাছে থেকে রিফিউজি স্ট্যাটাস এবং হিউমোনিটেরিয়াল প্যারোল আবেদন দ্রুততর করার প্রক্রিয়া সম্পর্কে লেখা পাওয়ার ভিত্তিতে কিছু সংক্ষিপ্ত তথ্য উল্লেখ করা হলো।

রিফিউজি স্ট্যাটাসঃ

কারো রিফিউজি স্ট্যাটাসের আবেদন যদি প্যান্ডিং তাকে, সেক্ষেত্রে বিদেশে রিসেটেলমেন্ট সাপোর্ট সেন্টারে দ্রুততর করার আবেদন পাঠাতে হবে। আরও বিস্তারিত জানতে ইউএসসিআইএস কোশ্চেন এন্ড আনসার রিফিউজি পেজ দেখতে হবে।

হিউমোনিটোরিয়ান প্যারোলঃ

হিউমোনিটোরিয়াল প্যারোলের আবেদন দ্রুততর করতে যুক্তরাষ্ট্রের বাইরে হিউমোনিটোরিয়ান এফেয়ার্স ক্লাবেই আবেদন জানাতে হবে। আরও তথ্য জানা যাবে হিউমোনিটোরিয়াম অব সিগনিফিক্যান্ট পাবলিক প্যারোল ফর ইনডিভিজুয়েল সাউথ সাইড দি ইউনাইটেড স্টেস পেজ দেখতে হবে।

সর্বশেষ আবারো আপনাদের করোনামুক্ত সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

সাপ্তাহিক বাংলা পত্রিকা
২৬ বছরে
The Weekly Bangla Patrika

ছাত্র রাজনীতির সেই সোনালি দিন কোথায় গেল!

গাজী মিজানুর রহমান



আগেকার দিনে উচ্চবিত্ত ঘরের সন্তানরা রাজনীতিতে আসতেন। কোনো নিম্ন-মধ্যবিত্ত বা মধ্যবিত্ত পরিবারের ছেলে রাজনীতির খাতায় নাম লেখালে বাবা-মা, আত্মীয়-স্বজন হায়-হায় করে বুক চাপড়াতেন। সে সময়ের বাবা-মায়েরা জানতেন, রাজনীতি মানে নিজের খেয়ে পরের ঘরে বাতি জ্বালানো।

রাজনীতি মানে, গ্রামে-গঞ্জে ঘুরে বেড়ানো, গরিব-দুঃখীর সঙ্গে এক ফ্লোরে বসে খাওয়া। রাজনীতি মানে, কার ছেলে মাধ্যমিক পরীক্ষা পাশ করে আর কলেজে পড়ার টাকা পাচ্ছে না, কার মেয়ের বিয়ের টাকা জোগাড় হচ্ছে না, ঝড়ে কার ঘর পড়ে গেছে-এসব দেখে দশজন মানুষ জোগাড় করে তাদের সাহায্য করা।

বাবা-মায়েরা এসব দেখে ভাবতেন, মনে করেছিলাম ছেলে লেখাপড়া শিখে পাশ-টাশ দিয়ে একটা চাকরি করবে, নয়তো ব্যবসায় নামবে যাতে দুটো পয়সা আসে আর সংসারের হাল ধরতে পারে। তা না করে ছেলে রাজনীতি করা শুরু করেছে! তবু তাদের একটা অহঙ্কারের জায়গা ছিল এই যে, প্রতিবেশী, আত্মীয়-স্বজন, দেশ আর সমাজের মানুষের কাছ থেকে তাদের হবু নেতা সন্তানরা বিপুল সম্মান পেতেন। রাজনীতি করে এ কথা তারা যেমন বুক চিতিয়ে বলতে পারতেন, তেমনি সাধারণ মানুষও রাজনীতিকদের অন্তর থেকে দোয়া করত। শহর থেকে তারা গ্রামের বাড়িতে গেলে পাড়া-প্রতিবেশী দেখা করতে আসত; দেশ-জাতির নানা সংকট প্রসঙ্গে খবর জানতে চাইত আত্মীয়স্বজন, প্রতিবেশীরা।

জনসেবা করতে করতে জীবনের বেশিরভাগ সময় চলে গেলে ভাগ্যক্রমে একবার এমপি বা মিনিস্টার হতে পারলে এলাকার জন্য তখন কাজ করার সুযোগ হতো। তখন মানুষের অঢেল সম্মান আর অঢেল ভালোবাসা পেতেন তারা। রাজনীতি করার মূল লক্ষ্যই ছিল ওটা।

তখনকার দিনে রাজনীতিকরা দেখতেন প্রশাসন জনগণের স্বার্থে কাজ করে কিনা। তারা ছিলেন তত্ত্বাবধায়ক বা মুরব্বি। প্রশাসনও তখন রাজ-নীতিককে শ্রদ্ধার চোখে দেখত, কিছুটা ভয়ও পেত।

কারণ, রাজনীতি ভুল করত না, ভুল ধরত। অল্প দামের পোশাক পরে মঞ্চে উঠে চেয়ারে বসলে গগনবিদারী চিৎকার উঠত-আমার ভাই, তোমার ভাই, অমুক ভাই! অমুক ভাই! এরকম 'আমার ভাই, তোমার ভাই' স্লোগান শোনার আশায় আর ভবিষ্যতের এক বৃহৎ সামাজিক দায়িত্ব বা কর্তৃত্ব অর্জনের নেশায় পেয়ে বসলে ছাত্ররা রাজ-নীতির খাতায় নাম লেখাত। সেই নেশা কিশোর বয়সে প্রেম করার নেশার মতো ছিল।

প্রেমিকাকে মনের মতো উপহার কিনে দিতে হবে, কিছু নেওয়া চলবে না! আত্মত্যাগ না করলে প্রেম হয়? প্রেমিকা ছিল দেশ এবং জাতি। অর্থ, প্রতিপত্তি, ভালো ব্যবসা, ভালো চাকরির হাতছানি বিসর্জন দিয়ে রাজনীতি করতেন সে সময়ের ছাত্রনেতারা। যারা অপেক্ষাকৃত অসচ্ছল পরিবারের সন্তান, তারা গায়ে খেটে, শ্রম দিয়ে সংগঠনের জন্য আত্মত্যাগ করতেন। রাতভর পোস্টার সাঁটিয়ে, দিনভর মিছিলে থেকে পুষিয়ে দিতেন; তারপর একদিন নেতা।

রাজনীতি করে ছেলেমেয়ে গোল্লায় যায়, এমন ধারণা তখন প্রচলিত ছিল না। মেধাবী ছাত্ররা আসত রাজনীতিতে। বিভাগের সেরা সেরা ছাত্রদের রাজনীতির আসরে দেখে সেই সমাবেশ সম্পর্কে একটা উচ্চ ধারণা তৈরি হতো সাধারণ ছাত্রছাত্রীদের মধ্যে। ছাত্রনেতারা যেমন মিছিল করত, বক্তৃতা দিত, তেমনি আবার বইয়ের ভেতরে ডুবে থাকত।

বক্তৃতার মসলা জোগাড়ের জন্য, অনুসারীদের উদ্বুদ্ধ করার জন্য প্রচুর পড়াশোনার দরকার হতো। ইতিহাস, ভূগোল, দর্শন সবই জানতে হতো তাদের। এভাবে তাদের নিজেদের যোগ্যতা, সাহস আর পরিচিতির ক্ষেত্র বাড়িয়ে চাকরির পরীক্ষায়ও ছাত্র রাজনীতিকরা ভালো করতে পারতেন। বিশ্ববিদ্যালয়ের হল সংসদের বা কেন্দ্রীয় সংসদের ভিপি, জিএস এবং অন্যান্য পদাধিকারী ছাত্রনেতারা প্রতিযোগিতামূলক পরীক্ষা দিয়ে ভালো ভালো চাকরি পেয়ে যেতেন। তখন তারা স্নাতক ডিগ্রিটা পকেটে করে রাজনীতি থেকে বিদায় নিয়ে কর্মজগতে প্রবেশ করতেন।

আগেকার দিনে রাজনীতিরও একটা আলাদা ক্যারিয়ার পথ ছিল। যারা ছাত্র রাজনীতিতে ভালো করে কোনো নিয়মতান্ত্রিক সরকারি চাকরিতে না গিয়ে রাজনীতিবান্ধব পেশায় থাকতেন এবং রাজনীতিকেই ধরে রাখতেন, তাদের জন্য ওপরে ওঠার সুযোগ ছিল। বাইরে থেকে নবাগতরা এসে রাজনীতিতে ভালো করতে পারত না। ছাত্রনেতারাই কালক্রমে জাতীয় নেতায় পরিণত হতেন। সেই ধারা গেছে পালটে।

এখন নানা পেশার লোক মাঝপথে এসে রাজ-নীতিতে সদ্য যোগ দিয়ে নানা পদে মনোনয়ন পেয়ে ছাত্রনেতাদের টপকে যাচ্ছেন। ফলে ছাত্র রাজনীতিতে এক হতাশা বিরাজমান। এভাবে দুই দিক দিয়েই জাতির জন্য ক্ষতি। একদিকে আমলাতন্ত্রের নিরপেক্ষ অবস্থানে চিড় ধরছে, অন্যদিকে রাজনীতির ধারাবাহিকতার জায়গায় ছাত্র রাজনীতি নিজের অবস্থান টিকিয়ে রাখতে পারছে না। এ হতাশা কাটবে কবে, আদৌ কি কাটবে? এ দেশে একবার যা হারায়, তা আর ফিরে আসে না।

লেখক: লেখক ও সাবেক সিভিল সার্ভেন্ট

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী
Moin Choudhury, Esq.
Hon. Democratic District Leader at Large, Queens, NY
মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।
সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইনৃক.
917-282-9256
Moin Choudhury, Esq
Email: moinlaw@gmail.com
Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC




এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration
(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com



Timothy Bompart
Attorney at Law
Moin Choudhury
Attorney at Law
Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

ভাসানীর ‘রবুবিয়াহ’র রাজনীতি



গাজীউল হাসান খান

পরাধীন ভারতে ব্রিটিশবিরোধী সন্ত্রাসবাদী রাজনীতি থেকে স্বরাজ পার্টি, খিলাফত আন্দোলন থেকে কংগ্রেস ও মুসলিম লীগের নেতৃত্বে জনগণের মুক্তির জন্য নিরলসভাবে কাজ করেছিলেন মওলানা আবদুল হামিদ খান ভাসানী। সে সময় ভারতের উত্তর-পূর্বাঞ্চলে সংগ্রামী কিংবা অধিকারবঞ্চিত মানুষের নেতৃত্বও দিয়েছিলেন তিনি। তাঁর কাছে মুক্তি শব্দটির অর্থ শুধু নিছক রাজনৈতিকভাবে স্বাধীনতা অর্জন কিংবা দ্বিজাতিতত্ত্বের ভিত্তিতে তৎকালীন ভারতের বিভক্তিই ছিল না; ছিল তার চেয়ে আরো গভীরে প্রোথিত, অনেক বেশি তাৎপর্যপূর্ণ কিংবা বৈশিষ্ট্যমন্ডিত। সে কারণেই তথাকথিত স্বাধীনতা অর্জনের পর পূর্ব পাকিস্তানে এসে বছর দুয়েকের মধ্যে (১৯৪৯) তিনি পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ প্রতিষ্ঠা করেছিলেন। ত্যাগ করেছিলেন পাকিস্তান আন্দোলনে নেতৃত্বদানকারী দল পাকিস্তান মুসলিম লীগ এবং প্রত্যাখ্যান করেছিলেন পশ্চিম পাকিস্তানী নেতাদের আধা সামন্ততান্ত্রিক, আধা ঔপনিবেশিক ও শোষণ-শাসনের আধিপত্যবাদী রাজনীতি। ভাসানী জানতেন, বুর্জোয়া শ্রেণির নেতৃত্বে তখন পাকিস্তান নামের যে রাষ্ট্রটির জন্ম হয়েছিল, তা না ছিল গণতান্ত্রিক, না ইসলামী মূল্যবোধের। সে রাষ্ট্র মোটেও শ্রমজীবী বিশাল জনগোষ্ঠীর মৌলিক অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে নিবেদিত ছিল না। ভারতে পাকিস্তান মুসলিম লীগ গঠনই করা হয়েছিল একটি পৃথক সুবিধাভোগী মুসলিম বুর্জোয়া গোষ্ঠী বা শ্রেণি গড়ে তোলার জন্য। তাতে অধিকার ও সুবিধাবঞ্চিত কৃষক-শ্রমিক-মেহনতি মানুষের মুক্তি অর্জনের ন্যূনতম কোনো সুযোগ সৃষ্টি হয়নি। ফলে না হয়েছে দারিদ্র্য বিমোচন, না হয়েছে পূর্ব পাকিস্তানে কোনো অর্থবহ উন্নয়ন। প্রকৃত অর্থে গণতান্ত্রিক আদর্শ বাস্তবায়ন কিংবা অবহেলিত ও শোষিত-বঞ্চিত মানুষের আর্থ-সামাজিক পুনর্জাগরণের কোনো রূপরেখাই ছিল না সেখানে।

পূর্ব পাকিস্তানের স্বায়ত্তশাসন, বাংলাকে রাষ্ট্রভাষা করা এবং বিশেষ করে কৃষক-শ্রমিক-মেহনতি মানুষের অধিকার প্রতিষ্ঠার যে ঘোষণাপত্র নিয়ে মওলানা ভাসানী, শেরেবাংলা ফজলুল হক ও হোসেন শহীদ সোহরাওয়ার্দী ১৯৫৪ সালে যুক্তফ্রন্ট নির্বাচনে বিজয়ী হয়েছিলেন, কেন্দ্রের ষড়যন্ত্রে তা ভেস্তে যায়। তাতে স্তম্ভিত ও ক্ষুব্ধ হয়েছিল পূর্ব পাকিস্তানের বাঙালীরা। পাকিস্তানের উলটপালটের রাজনীতিতে আওয়ামী লীগ তার আদর্শ ও নীতিনৈতিকতার দিক থেকে কিছুটা বিপর্যস্ত হয়ে পড়লে ১৯৫৭ সালের ৬ ফেব্রুয়ারী থেকে টাঙ্গাইলের কাগমারীতে পাঁচ দিনব্যাপী এক সাংস্কৃতিক সম্মেলন ডাকেন মওলানা ভাসানী। তাতে দলীয় নেতা আওয়ামী লীগের হোসেন শহীদ সোহরাওয়ার্দী, ইয়ার মোহাম্মদ খান ও শেখ মুজিবুর রহমানসহ অনেকে যোগ দেন। তাতে আওয়ামী লীগের নেতৃত্বাধীন যুক্তফ্রন্টের ঘোষণাপত্র অনুযায়ী পূর্ব পাকিস্তানের পূর্ণ স্বায়ত্তশাসন দাবি করা হয়। এবং আওয়ামী লীগের নেতাকর্মীরা যুক্তরাষ্ট্র-সমর্থিত সেন্ট্রাল ট্রিটি অর্গানাইজেশন (CENTO) এবং সাউথ ইস্ট এশিয়া ট্রিটি অর্গানাইজেশনে (SEATO) পাকিস্তানের যোগদানকে কঠোর ভাষায় সমালোচনা করেন। যুক্তফ্রন্ট প্রণীত ঘোষণাপত্র (২১ দফা) ও আওয়ামী লীগের দলীয় নীতি ছিল নিরপেক্ষ পররাষ্ট্রনীতির পক্ষে। আর সবচেয়ে অবাক হওয়ার বিষয় হলো, তখন পাকিস্তানের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করছিলেন আওয়ামী লীগের প্রভাবশালী নেতা হোসেন শহীদ সোহরাওয়ার্দী। তিনি তাঁর সিদ্ধান্তের পক্ষে যুক্তি উত্থাপন করেন। তাতে দলীয় নেতাকর্মীরা আরো বিভক্ত হয়ে পড়েন। তারই ধারাবাহিকতায় মওলানা ভাসানী শেষ পর্যন্ত তাঁর প্রতিষ্ঠিত দল থেকে নিজেই পদত্যাগ করেন। মওলানা ভাসানী বলেন, আওয়ামী লীগ একটি বাম ধারার প্রগতিশীল রাজনীতিতে বিশ্বাসী দল। এ দল মার্কিন সাম্রাজ্যবাদ-সমর্থিত কোনো সামরিক জোটে যেমন যোগ দিতে পারে না, তেমনি সোভিয়েত সংশোধনবাদী সমাজতান্ত্রিক ধারাকেও সমর্থন করতে পারে না। এ ছাড়া আওয়ামী লীগ সব আগ্রাসী ও আধিপত্যবাদী শক্তি এবং সম্প্রসারণবাদী দেশকেও এড়িয়ে চলার পক্ষপাতী। দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ে জনগণের শোষণমুক্তি, আর্থ-সামাজিক অধিকার আদায়ের জন্য দলটি জোটনিরপেক্ষ ব্লকে থাকার পক্ষপাতী ছিল। তখন থেকে মওলানা ভাসানী এবং আওয়ামী লীগের একটি অংশের মধ্যে পরিষ্কারভাবে একটি বামপন্থী ধারা অত্যন্ত শক্তিশালীভাবে প্রতিষ্ঠা লাভ করে। তারই ধারাবাহিকতায় মওলানা ভাসানী শেষ পর্যন্ত ন্যাশনাল আওয়ামী পার্টি (ন্যাপ) নামে একটি দল গঠন করেন। সে দল থেকে ভাসানী অনুসারীরা সাম্রাজ্যবাদ ও পুঁজিবাদের বিরুদ্ধে কর্মসূচি গ্রহণ করে। এ ছাড়া ভাসানী নিজেই একটি শোষণমুক্ত সমাজ ও কৃষক-শ্রমিক রাজ প্রতিষ্ঠার অঙ্গীকার ব্যক্ত করেন।

ন্যাপ প্রতিষ্ঠার পর থেকেই মওলানা ভাসানী একটি বাম ধারার প্রগতিশীল সমাজব্যবস্থা প্রতিষ্ঠার কথা বলে গেছেন। তবে তার পাশাপাশি ছিল ধর্মীয় মূল্যবোধ প্রতিষ্ঠার একটি তাগিদ। তিনি প্রায়ই বলতেন, বুর্জোয়া গণতান্ত্রিক ধারায় জনগণের প্রকৃত প্রতিনিধি নির্বাচন সম্ভব নয়। কারণ সে ব্যবস্থাটি প্রায় সম্পূর্ণভাবেই দুর্নীতিগ্রস্ত। কোরআন-হাদিসের শিক্ষায় শিক্ষিত একজন আলেম হয়েও ভাসানী সমাজতান্ত্রিক বিপ্লবকে গুরুত্ব দিয়েছেন। তিনি যেমন মার্ক্সবাদী ছিলেন, তেমনি ধর্মান্ধ আলেমও ছিলেন না। তিনি বিশ্বাস করতেন ‘রবুবিয়াহ’তে, ইংরেজিতে যাকে বলে (Divine Providence)। সব কিছুর ওপর স্রষ্টার সার্বভৌমত্ব। তিনি সব সৃষ্টির মালিক। তাঁর সৃষ্টিতে সমান অধিকার রয়েছে সব মানুষের। শাসক ও শাসিতের মধ্যে প্রভেদ বা ভিন্নতা থাকবে না। কেউ গড়ে তুলতে পারবে না অন্যায় বা অন্যায্যভাবে সম্পদের পাহাড়। রাষ্ট্রের শাসক বা প্রতিনিধিদের দায়িত্ব নিতে হবে জনগণের সার্বিক রক্ষণাবেক্ষণ ও ভরণ-পোষণের। এ ছাড়া বর্তমান পুঁজিবাদী অর্থনীতিতে নাগরিকদের সম্পদ অর্জনের বা মালিকানার ক্ষেত্রে যে বিশাল বৈষম্য দেখা যাচ্ছে তা রবুবিয়াহর আইনে সম্পূর্ণ নিষিদ্ধ। আরবি শব্দ রবুবিয়াহর আইনে বা ব্যবস্থায় (The Role of Rububiyah) রাষ্ট্রের বা দেশের সব সম্পদের ওপর সব নাগরিকের সমান অধিকার রয়েছে। এ ব্যবস্থা সমাজতান্ত্রিক অর্থনীতিতে কিংবা ব্যবস্থার চেয়ে আরো গভীরে প্রোথিত। বর্তমান বিশ্ব একটি সম্পূর্ণ একমুখী ব্যবস্থায় পৌঁছেছে, যেখানে আর কোনো বিকল্প নেই। সাবেক ব্রিটিশ প্রধানমন্ত্রী মার্গারেট থ্যাচার বলেছেন, ‘পুঁজিবাদের কোনো বিকল্প নেই।’ সেই একমুখী পুঁজিবাদই রাষ্ট্র কিংবা সমাজে সব শোষণ-বঞ্চনা, বৈষম্য ও ব্যবধান সৃষ্টি করে বলে মওলানা ভাসানী রবুবিয়াহ থেকে উদ্ধৃতি দিয়েছেন। রবুবিয়াহর ওপর মওলানা ভাসানীর একটি চটি বই রয়েছে।

মওলানা ভাসানী ভারতীয় উপমহাদেশের এত বড় একজন নেতা হয়েও নিজে কোনো দিন ক্ষমতা হাতে তুলে নেননি, বরং তিনি তাঁর দল থেকে প্রধানমন্ত্রী কিংবা প্রাদেশিক মুখ্যমন্ত্রীসহ অনেক মন্ত্রী-এমপি বানিয়েছেন। ভাসানী আপাদমস্তক একজন প্রতিবাদী নেতা ছিলেন। যেখানেই অন্যায়, অবিচার, শোষণ-বঞ্চনা ও মানুষের মৌলিক অধিকারের লঙ্ঘন দেখেছেন, সেখানেই গর্জে উঠেছেন তিনি। এমনকি আন্তর্জাতিকভাবেও তিনি সাম্রাজ্যবাদ, আগ্রাসন ও আধিপত্যবাদের বিরুদ্ধে ছিলেন সর্বদা সোচ্চার। আফ্রো-এশিয়া ও লাতিন আমেরিকাব্যাপী সাধারণ মানুষের অধিকার নিয়ে আন্তর্জাতিক সম্মেলনে কথা বলেছেন তিনি। সে কারণেই তাঁকে আফ্রো-এশিয়া ও লাতিন আমেরিকার নির্যাতিত মানুষের নেতা বলে গণমাধ্যম আখ্যায়িত করেছে বারবার। প্রথম জীবনে টাঙ্গাইলে কিছুদিন স্কুলে শিক্ষকতা করেছেন তিনি। তারপর রাজনীতি, আন্দোলন ও কারাবাস। তাঁর ৯৬ বছরের জীবনের প্রায় অর্ধেক সময়ই তাঁকে কারাগারে কিংবা আত্মগোপনে থেকে বাঁচতে হয়েছে। কৃষকসমাজের মুক্তির লক্ষ্যে তাঁর আন্দোলন ছিল দীর্ঘ ও আপসহীন। তিনি টাঙ্গাইলসহ উত্তরবঙ্গের কয়েকটি জেলায় বিশাল আকারের কৃষক সম্মেলন আয়োজন করেছেন। কৃষক-শ্রমিকদের সংগঠিত করেছেন তাদের অধিকার আদায়ের সংগ্রাম চালিয়ে যাওয়ার জন্য। সে কারণেই তিনি কৃষক-শ্রমিকের নেতা হিসেবে দেশ-বিদেশে খ্যাতি অর্জন করেছেন। ভাসানী কখনো শহর-নগরে বাস করেননি। আজীবন তাঁর বসবাস ছিল গ্রামের কৃষকসমাজের মাঝে। তিনি আসামের ধুবড়ি ছাড়াও যুক্তফ্রন্ট নির্বাচনে টাঙ্গাইল থেকে প্রার্থী হয়ে বিপুল ভোটে পাস করেছিলেন। তবে উভয় ক্ষেত্রেই কিছুদিন পর কোনো না কোনো কিছুর প্রতিবাদে পদত্যাগ করেছিলেন তিনি। ভারতীয় উপমহাদেশের রাজনীতিতে তিনি মহাত্মা গান্ধী থেকে শুরু করে মোহাম্মদ আলী জিন্নাহ, এমনকি স্বরাজ পার্টির প্রতিষ্ঠাতা দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করেছেন দীর্ঘদিন। এ ছাড়া দীর্ঘদিন ভারত ও পাকিস্তানের জেলেও কাটিয়েছেন রাজনৈতিক আন্দোলনের কারণে।

গত অক্টোবরে মওলানা ভাসানীর ঐতিহাসিক চীন সফরের ৫৮ বছর পূর্তি হয়েছে। চীনের ১৪তম বার্ষিকী উদযাপন উপলক্ষে আয়োজিত রাষ্ট্রীয় অনুষ্ঠানে যোগ দিতে ১০ অক্টোবর ১৯৬৩ সালে তিনি চীন গিয়েছিলেন। ভাসানী পাকিস্তানের এক বিশাল প্রতিনিধিদলের নেতৃত্ব দিয়েছিলেন সেবার। বেইজিংয়ে অবস্থানকালে ভাসানী চীনের অবিসংবাদিত নেতা ও সমাজতান্ত্রিক বিপ্লবের কর্ণধার মাও জেদংয়ের সঙ্গে এক সাক্ষাৎকারে মিলিত হয়েছিলেন। সে সময় তাঁরা চীন ও পাকিস্তানের পারস্পরিক স্বার্থ নিয়ে বিশদভাবে আলোচনা করেন। ভাসানী চীনের তৎকালীন প্রধানমন্ত্রী চৌ এন লাইয়ের সঙ্গেও দ্বিপক্ষীয় বৈঠকে মিলিত হয়েছিলেন। চীনের কেন্দ্রীয় নেতাদের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক ছাড়াও বেশ কিছুদিন চীনের কৃষিপ্রধান অঞ্চল ও শিল্প-কারখানা পরিদর্শন করে বেড়িয়েছেন তিনি। তাঁর সে চীন সফরের অভিজ্ঞতা নিয়ে তিনি একটি পুস্তিকা প্রকাশ করেছিলেন। ভাসানীর চীন সফর, কেন্দ্রীয় নেতাদের সঙ্গে আলোচনা ও কর্মকৌশল গ্রহণকে কেন্দ্র করেই পরবর্তী পর্যায়ে পাকিস্তানের সঙ্গে চীনের গভীর বন্ধুত্ব, অর্থনৈতিক উন্নয়ন, বাণিজ্য এবং সামরিক দিক থেকে বিভিন্ন প্রতিরক্ষা ব্যবস্থা গড়ে ওঠে। উনসত্তর সালে ভাসানীর আন্দোলনের কারণেই মূলত পাকিস্তানের লৌহমানব আইয়ুব খানের পতন ঘটে এবং সে আন্দোলনে ছাত্র-জনতার ব্যাপক অংশগ্রহণ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে আগরতলা ষড়যন্ত্র মামলা থেকে মুক্ত করে আনতে সাহায্য করে বলে তথ্যাভিজ্ঞ মহল মনে করে।

ভাসানী মার্ক্সবাদী কমিউনিস্ট ছিলেন না। সেদিক থেকে বিবেচনা করলে তিনি কোনো ধর্মান্ধ মৌলবাদী ব্যক্তিও ছিলেন না। তবে তিনি অবশ্যই বিশ্বব্রহ্মাণ্ডের স্রষ্টা এবং তাঁর নিরঙ্কুশ সার্বভৌমত্বে বিশ্বাস করেন। স্রষ্টার দৃষ্টিতে সব মানুষ সমান এবং সব কিছুর ওপর তাদের সমান অধিকার রয়েছে বলে তিনি বিশ্বাস করেন। এটাই তাঁর রাজনীতির মূল ভিত্তি। ১৭ নভেম্বর ২০২১ ছিল মওলানা ভাসানীর ৪৫তম মৃত্যুবার্ষিকী। তাঁর মহান স্মৃতির প্রতি জানাই বিনম্র শ্রদ্ধা।

লেখক: বাংলাদেশ সংবাদ সংস্থার (বাসস) সাবেক প্রধান সম্পাদক ও ব্যবস্থাপনা পরিচালক



(১৬ পাতার পর)

নতুন চ্যালেঞ্জের সঙ্গে নতুন প্রত্যাশা

আয়নায় মুখ দেখার নির্দেশ হচ্ছে বলে দেশের হয়ে খেলা, না হলে না খেলা; আমার বিকল্প নেই মনোভাব–খেলাকে এরই মধ্যে চড়া মূল্য দিতে হয়েছে। দেশের ক্রিকেটের পিঠ দেয়ালে ঠেকে গেছে।

মনে রাখতে হবে, সম্মিলিত সঠিক প্রচেষ্টায় যেকোনো দুর্যোগ মোকাবেলা সম্ভব। ক্রিকেটের সংকট মোকাবেলায় বিস্তারিত কর্মপরিকল্পনা ছাড়া উপায় নেই। চাই প্রতিশ্রুতির চেয়ে বেশি কিছু। পাকিস্তানের বিপক্ষে ১৬ সদস্যের স্কোয়াড ঘোষণা দেখে মনে হচ্ছে বোর্ড এবং সংশ্লিষ্ট মহল নতুন করে ভাবতে শুরু করেছে। তাড়াহুড়া করে কিছুই সম্ভব নয়, টিম ডিরেক্টর খালেদ মাহমুদ এরই মধ্যে বলেছেন, ‘সময় লাগবে। অনেক কাজ করতে হবে।’

পৃথিবীতে কোনো কিছুই অনিবার্য নয়। অনেক খেলোয়াড় খেলতে চাইবেন না, থাকবেন না, কারো বয়স হয়ে যাবে, কেউ কেউ দেশের ক্রিকেটের আবেগ ব্যবহার করতে চাইবেন নিজস্ব স্বার্থে–কোনো সমস্যা নেই, ক্রিকেট থাকবে। নতুন খেলোয়াড়রা আসবেন, তাঁরা দেশের হয়ে হাল ধরবেন। শ্রীলঙ্কার দিকে তাকালে দেখা যাবে, তারা কিভাবে দল পুনর্গঠন করে এখন ফল পেতে শুরু করেছে। ক্রিকেট নিয়ে ‘অ্যাডভেঞ্চারিজম’-এর সুযোগ নেই। ক্রিকেটকে দেখতে হবে বাস্তবতার আলোকে–পরিকল্পনায় তার প্রতিচ্ছবি থাকতে হবে।

তারকা খেলোয়াড় বাবর আজমের নেতৃত্বে পাকিস্তান দলটি অত্যন্ত শক্তিশালী। টি-টোয়েন্টি বিশ্বকাপে এই দলটি অসাধারণ পারফরম করেছে। সেমিফাইনালের আগে পর্যন্ত গ্রুপ ম্যাচে পাকিস্তান ছিল একমাত্র অপরাজিত দল। তারা সেমিফাইনালে নিউজিল্যান্ডের কাছে পরাজিত হয়ে টুর্নামেন্ট থেকে বিদায় নিয়েছে। এর পরপর মধ্যপ্রাচ্য থেকে চলে এসেছে বাংলাদেশে। ইতিবাচক দিক হলো, দলের অধিনায়ক বলেছেন, তাঁরা এই টুর্নামেন্ট থেকে অনেক কিছু শিখেছেন, যা তাঁদের ২০২২ সালের টি-টোয়েন্টি বিশ্বকাপে স্বপ্নপূরণে কাজে লাগবে। ২০২২-এর দিকে তাকিয়ে ঢাকা থেকেই তাঁর দল কাজ শুরু করবে। পাকিস্তান দলে আছেন কয়েকজন অলরাউন্ডার, এটি টি-টোয়েন্টি ক্রিকেটে অনেক বড় শক্তি। এই দলটি পুরোপুরি ভারসাম্যময়। দলের স্পিন এবং গেম অ্যাটাক দুটোই শক্তিশালী। খেলোয়াড়রা আগ্রাসী।

ঢাকার উইকেট কেমন হবে–এই আলোচনা চলছে। ক্রিকেট যাঁরা বোঝেন, যাঁরা অনুসরণ করেন, তাঁরা চাইছেন স্পোর্টিং উইকেট তৈরি হোক। বাংলাদেশ নতুন করে শুরু করুক। বিষয়টি ঝুঁকিপূর্ণ হলেও হতে পারে, এর পরও শুরু হোক। আন্তর্জাতিক ক্রিকেট তো বাইরে অনেক বেশি খেলতে হবে। ২০২২ বিশ্বকাপে বাংলাদেশ খেলবে। আগামী এক বছরে খুব বেশি খেলার সুযোগ পাবে না বিদেশি দলের বিপক্ষে। সুযোগ এখন থেকে কাজে লাগাতে হবে। মাহমুদ উল্লাহর নেতৃত্বে ১৬ সদস্যের স্কোয়াড ঘোষণা করা হয়েছে। এই স্কোয়াডে তামিম, সাকিব, মুশফিক, সাইফুদ্দিন, লিটন, সৌম্য, রুবেল অনেকেই নেই। কেউ খেলতে চাননি, কেউ কেউ ইনজুরিতে পড়েছেন, কাউকে কাউকে বাজে পারফরম্যান্সের কারণে বাদ দেওয়া হয়েছে। কাউকে বিশ্রাম দেওয়া হয়েছে। দলে একদম নতুন মুখ আকবর আলী। আকবর অনূর্ধ্ব ১৯ বিশ্বকাপ টি-টোয়েন্টিতে বাংলাদেশ দলের অধিনায়ক ছিলেন। টি-টোয়েন্টি অভিষেকের অপেক্ষায় থাকা সাইফ হাসান, ইয়াসির আলী, শহিদুল ইসলাম স্কোয়াডে আছেন। নাজমুল হোসেন ও আমিনুল ইসলামকে আবার স্কোয়াডে ঢোকানো হয়েছে। আজ থেকে মাঠের দিকে তাকিয়ে থাকব। **লেখক: কলামিস্ট ও বিশ্লেষক**

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Call Today:

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308

Dr. Md. Mohaimen
718-457-0813
Fax: 631-282-8386
718-457-0814

Nusrat Ahmed
President
718-406-5549

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office	Jamaica Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl Jackson Heights, NY 11372 917-744-7308, 718-457-0813	87-54 168th Street, 2nd Fl Jamaica, NY 11432 718-406-5549	1 Blacksmith Lane Dix Hill, NY 11731 718-406-5549	2148 Starling Ave. Bronx, NY 10462 718-406-5549	175 B Forbell Street Brooklyn, NY 11208 718-406-5549	859 Fillmore Ave Buffalo, NY 14212 718-406-5549

অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন

পপুলার ড্রাইভিং স্কুল

Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
917-301-2063

OPEN 7 DAYS

6 Hours DDC Class Good For TLC



বাসা থেকে ফ্রি পিকআপ এন্ড ড্রপ

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীদের ড্রাইভিং লাইসেন্স পেতে কি ধরনের কাগজপত্র বা ডকুমেন্টস লাগবে তা জানতে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩

- ২৬ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্বাবধানে ড্রাইভিং শিখুন।
- ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ৫, ১০ ও ১৫ লেসনের প্যাকেজ ডীল।
- প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা (শনিবারসহ)

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

- 5 Hours Class Certificate
- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন ফ্রি বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট বই

Please Call

718-426-9453, 917-301-2063

Popular Driving School Inc.

72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave) ডিজিটাল ওয়ান এর উপরে

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৩ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে

(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

বাংলা পত্রিকা পড়তে ভিজিট করুন
banglapartikausa.com

CREDIT REPAIR

যত দ্রুত সম্ভব ক্রেডিট লাইন রিপেয়ার করুন

আমরা দীর্ঘ অভিজ্ঞতা সম্পূন্য ব্যক্তিদের মাধ্যমে গ্যারান্টি সহকারে ক্রেডিট রিপেয়ার করি।



বাড়ি, গাড়ি কেনা থেকে নিজেকে কেন বঞ্চিত করছেন?

ক্রেডিট লাইনে যে কোন ঝামেলাই আমরা রিমুভ করি।

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suit # 206, Jackson Heights, NY 11372
Phone: 718-639-6207, 917-566-1612 Fax: 718-412-3249

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all
Your Professional
Photography Like events
News Conference
Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

গ্রেটার বাফেলোর
বাংলাদেশী কমিউনিটি সহ
অন্যান্য খবর জানতে
বাফেলোর প্রথম
এবং
একমাত্র
বাংলা সংবাদপত্র
বাফেলো বাংলা
পড়ুন
www.buffalobangla.com

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা

D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
NEW ADDRESS
72-08 Broadway
Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804

BUSINESS HOURS
Saturday 11:30 PM - 8PM
Sunday 11:30 PM - 8PM
Monday 11:30 PM - 8PM
Tuesday 11:30 PM - 8PM
Wednesday 11:30 PM - 8PM
Thursday 11:30 PM - 8PM
Friday CLOSED

পার্কচেস্টারে
অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট



TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872

We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

সাপ্তাহিক বাংলা পত্রিকা ২৬ বছরে
The Weekly Bangla Patrika

একটি ঐতিহাসিক ষড়যন্ত্র ও মওলানা ভাসানীর সংস্কার প্রচেষ্টা

আশরাফ জামান

বাংলাদেশের টাঙ্গাইল একটি উল্লেখযোগ্য জেলা। এখানে রয়েছে অনেক ঐতিহাসিক ঘটনা। শহর থেকে দুই কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে রয়েছে ঐতিহাসিক কাগমারী ও সন্তোষ এলাকা। অথচ এর পেছনে আছে এক ঐতিহাসিক রক্তাক্ত ঘটনা যা শুধু বিস্ময়ের উদ্রেক করে।

আজকের যে সন্তোষ তার নাম ছিল খোশনদপুর। দিল্লিতে বাদশাহ আওরঙ্গজেবের অভিষেক হয় ১৬৫৯ সালে। দাওয়াত পান ভারতের বিভিন্ন এলাকার জ্ঞানী-গুণী, পন্ডিতসহ বিশিষ্ট ব্যক্তিরা। এর মধ্যে ছিলেন রাজন্যবর্গ, সুসাহিত্যিক, শিল্পী, আলেম, দরবেশ অনেকেই। এ অনুষ্ঠানে দাওয়াত পান সুদূর কাশ্মিরের একজন বিখ্যাত কামেল হজরত শাহজামান (রহ:)।

হজরত শাহজামান জৌলুশপূর্ণ অভিষেক অনুষ্ঠানে গিয়েছিলেন দ্বীনি আন্দোলনের ব্যাপারে সহযোগিতার মনোবাসনা বুকে নিয়ে। কারণ তিনি জানতেন বাদশাহ আলমগীর একজন আধ্যাত্মিক জ্ঞানসম্পন্ন আল্লাহর ওলি। তিনি ডেকেছেন নিশ্চয়ই এর মধ্যে দ্বীন প্রচারের ব্যাপারে একটা বাস্তবসম্মত পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত হবে।

ইমামুর রব্বানী শায়খ আহমদ মোজাদ্দেদে আলফে সানী (রহ:) পরিকল্পিত ও তারই সুযোগ আধ্যাত্মিক উত্তরাধিকারী খাজা মাসুম (রহ:) পরিচালিত মিশনারির প্রস্তুতি নিতেই জমায়েত হয়েছিলেন অভিষেক অনুষ্ঠানে। বঙ্গীয় এলাকার রিপোর্ট পর্যবেক্ষণ করে পারিষদবর্গ দেখলেন, মোমেনশাহী এলাকার কিছু জায়গা সম্রাট জাহাঙ্গীরের সময় থেকেই দেখাশুনার লোক নেই। তাই বাদশাহের নির্দেশেই এলাকাগুলোর জন্য রেইনফোর্সমেন্ট হিসেবে অন্তত একজনকে পাঠানো প্রয়োজন– এ সিদ্ধান্ত গৃহীত হয়। টাঙ্গাইল শহরের দক্ষিণসংলগ্ন আটিয়া পরগনা এবং মধুপুরগড়ের বিস্তৃত এলাকা রসূলপুর পরগনা– এ দুটোর মাঝখানে কাগমারী পরগনা। এখানে একজন শাসক প্রয়োজন। বাদশাহ আওরঙ্গজেব স্বয়ং হজরত শাহজামান কাশ্মিরি (রহ:)কে এ এলাকার শাসক নির্বাচিত করলেন। মিশনারি কাজের ব্যয়ভারের জন্য তামার পাতায় লিখে দিলেন ওয়াক্ফ দানপত্র। বাদশাহ বাইশটি গ্রাম এতে লিখে দিলেন। এ বাইশটি গ্রামের মধ্যে একটি গ্রাম হলো খোশনদপুর।

হজরত পীর শাহজামান কাশ্মিরি সুদূর দিল্লি থেকে চলে এলেন মোমেনশাহী জেলার টাঙ্গাইলের এক প্রত্যন্ত এলাকা কাগমারী পরগনায়। তিনি এসেই পার্শ্ববর্তী আটিয়া, রসূলপুর ও কিল্লাআতা (কালিহাতী) পরগনার কর্মীদের পরামর্শক্রমে চারটি পরগনার মাঝখানে খোশনদপুর কেন্দ্রস্থল হিসেবে ইসলাম প্রচার মিশনের কেন্দ্রীয় অফিস স্থাপন করলেন।

অল্প দিনের মধ্যে এলাকার লোকজন হজরতের সহযোগিতার জন্য এগিয়ে এলো। ওয়াকফের আয় থেকে প্রতিষ্ঠা করল পর্যায়ক্রমে মসজিদ, মাদ্রাসা, পশু হাসপাতাল, মুসাফির খানা, দাতব্য চিকিৎসালয় ইত্যাদি। কোনো কোনো দরিদ্র এলাকায় অস্থায়ীভাবে লঙ্গরখানাও প্রতিষ্ঠা করেন।

হজরত শাহজামানের খানকায় হিন্দু, মুসলমান নির্বিশেষে ফার্সী, আরবী ভাষা ও ধর্মশিক্ষা গ্রহণের জন্য আসতে থাকে। মুসলিম ছেলেমেয়ে, বয়স্ক লোকদের জন্য কুরআন ও হাদিস শিক্ষা কেন্দ্র গড়ে তুললেন পীর সাহেব। খোশনদপুরের উত্তরে বাটনা গ্রামের এক এতিম কিশোরকে পেলেন পীর সাহেব শিষ্য হিসেবে। সে শিক্ষা ও সাহচর্য লাভের জন্য এলো। পালকপুত্র হিসেবে গ্রহণ করলেন তিনি। এক সময় ইসলাম ধর্মের প্রতি মুগ্ধ হয়ে ছেলেটি ইসলাম গ্রহণ করল। আগে তার নাম ছিল ইন্দ্রনারায়ণ। ইসলাম কবুলের পর নাম রাখলেন শাহ এনায়েত উল্লাহ চৌধুরী।

হজরত শাহজামানের খানকায় হিন্দু, মুসলমান নির্বিশেষে ফার্সী, আরবী ভাষা ও ধর্মশিক্ষা গ্রহণের জন্য আসতে থাকে। মুসলিম ছেলেমেয়ে, বয়স্ক লোকদের জন্য কুরআন ও হাদিস শিক্ষা কেন্দ্র গড়ে তুললেন পীর সাহেব। খোশনদপুরের উত্তরে বাটনা গ্রামের এক এতিম কিশোরকে পেলেন পীর সাহেব শিষ্য হিসেবে।

এনায়েতুল্লাহ হলেন পীর শাহজামানের যোগ্য উত্তরসূরি। তাকেশেখানো হলো আরবি ফারসি ভাষা এবং শরিয়ত ও মারেফতের জ্ঞান। লালন পালন করেন পীর সাহেব। তাকে গড়ে তুললেন আধ্যাত্মিক ও জাগতিক শিক্ষায়।

হজরত শাহজামান সম্রাট আলমগীরের দেখা করা, দোয়া ও আশীর্বাদের জন্য তাকে নিয়ে দিল্লি যান। বাদশাহ খুশি হলেন তাকে দেখে। তারপর সমগ্র কাগমারী পরগনার ওয়াক্ফ স্টেটের অন্তর্ভুক্ত করে এ ব্যাপারে মুর্শিদকুলী খানকে সার্বিক দায়িত্ব পালনের নির্দেশ দেন।

মুর্শিদকুলী খানের সঙ্গে পীর শাহজামানের পূর্বের পরিচয় ছিল। তিনি মুর্শিদাবাদের নবাব পরিবারের এক কন্যার সঙ্গে এনায়েতুল্লাহর বিয়ের ব্যবস্থা করলেন। অল্প দিন পরে কাগমারী পরগনার প্রতিষ্ঠাতা হজরত শাহজামান এত প্রস্তুতি গ্রহণ করার পর ১৭১৮ সালে ৯১ বছর বয়সে ইন্তেকাল করেন। এ সময় এনায়েতল্লাহর বয়স ছিল মাত্র ৩২ বছর। তিনি মিশনের দায়িত্ব ভার গ্রহণ করেন। বিদায়কালে পুত্রকে কাছে ডেকে মিশনের সব দায়িত্ব দিয়ে হজরত শাহজামান (রহ:) হাত উঠিয়ে দোয়া করেন আল্লাহর দরবারে– 'হে আল্লাহ! আমার ছেলেকে তার দায়িত্ব পালনে সাহায্য করুন।'

হজরত শাহজামান কাশ্মিরির যোগ্য শিষ্য হয়ে ওঠেন শাহ এনায়েতুল্লাহ চৌধুরী। কাগমারী পরগনা মিশনের কাজ অত্যন্ত কামিয়াবির সাথে এগিয়ে চলছিল। শাহজামানের মিশনের অর্থানুকূল্যে বিভিন্ন স্থানে ২২টি প্রতিষ্ঠান অর্থাৎ মসজিদ, মাদরাসা, এতিমখানা, পাঠাগার, দাতব্য চিকিৎসালয়, পশু হাসপাতাল, লঙ্গরখানা প্রভৃতি পুরো গতিতে চলছিল। দলে দলে নিম্নবর্ণের হিন্দু নারী-পুরুষ ইসলামের সুশীতল ছায়ায় আশ্রয় নিচ্ছিল।

এনায়েতুল্লাহর আপন চাচা ব্রজমোহন চৌধুরীকে নিয়েছিলেন বৈষয়িক কাজ, হিসাব নিকাশ ও আয় ব্যয়ের ব্যাপারে দেখাশুনার জন্য ও ওয়াকফ স্টেটের নায়েব হিসেবে। তিনি নিজ ধর্মই পালন করতেন।

কিছু দিন পর এনায়েতুল্লাহ ভাবলেন, মহান আল্লাহর ঘর কাবা ও রাসূল সা:-এর রওজা মোবারক যাওয়ার এটাই উপযুক্ত সময়। আল্লাহ তায়ালা তাকে যে পবিত্র দায়িত্ব দিয়েছেন তার জন্য শুকরিয়া জ্ঞাপন করবেন।

শাহ এনায়েতুল্লাহ যাত্রার সময় এস্টেটের দেখাশুনার সার্বিক দায়িত্ব দিয়ে যান তার কাকা ব্রজমোহন চৌধুরীকে। স্ত্রী ও একমাত্র শিশুপুত্র সন্তানকে রেখে যান কাকার জিম্মায় খোশনদপুরে।

ব্রজমোহন ভাতিজার সব দায়িত্ব খুশি হয়ে গ্রহণ করলেন। পৈতা ছুঁয়ে ও গীতা স্পর্শ করে ওয়াদা করেন, জীবনের বিনিময়ে হলেও ভাতিজার দেয়া সব দায়িত্ব যথাযথভাবে পালন করবেন। খোশনদপুরে ঘটে গেল ইতিহাসের আরেক পলাশী, খলনায়ক কাকা ব্রজমোহন স্বরূপে আবির্ভূত হলেন। ভাতিজাকে হত্যা করার জন্য গুপ্ত ঘাতক পাঠালেন। ঘাতকরা অনেক দিন থেকে তাকে অনুসরণ করছিল। হজ থেকে ফেরার পথে এনায়েতল্লাহকে হত্যা করা হবে। যশোরে দু'জন ঘাতক নিরস্ত্র অবস্থায় এনায়েতুল্লাহকে নির্মমভাবে শহীদ করল। ঘটনাটি ঘটে ১৭৩৯ সালে। বাংলার নবাব সিরাজউদ্দৌলার হত্যার আগে।

রাজবল্লভ উমিচাঁদের আরেক পূর্বসূরি ব্রজমোহন এভাবে এনায়েতুল্লাহকে নির্মমভাবে হত্যা করে খোশনদপুরে প্রচার করল, ভাতিজাকে দস্যুরা হত্যা করেছে। মায়াকান্নাও জুড়ে দিলো সে ও তার পরিবার। মানুষ জানতে পারল না হৃদয়বিদারক সত্য ঘটনা।

এনায়েতুল্লাহর এক মাত্র নাবালকপুত্রকে কৌশলে ঘাতক দিয়ে গোপনে হত্যা করল। কিন্তু প্রচার করল এনায়েতল্লাহর শিশু ছেলে কলেরা রোগে আক্রান্ত হয়ে মারা গেছে। এনায়েতুল্লাহর স্ত্রী সন্তান হারিয়ে উন্মাদিনী অবস্থায় এক বিশ্বস্ত ভৃত্যের মাধ্যমে রাতের আঁধারে পালিয়ে মুর্শিদাবাদ চলে যান।

১৭৩৯-৪০-এর সময়ে খোদ মুর্শিদাবাদে নবাবী নিয়ে মারামারি কাটাকাটি চলছিল। তবে ব্রজমোহনকে এনায়েতুল্লাহর হত্যার অভিযোগে গ্রেফতার করে মুর্শিদাবাদ নিয়ে যাওয়া হয়।

কিন্তু ভাগ্যের কী নির্মম পরিহাস! কারাধ্যক্ষ বিশ্বম্ভর রায় কারসাজি করে ব্রজমোহনকে ছেড়ে দেয়। খোশনদপুরে এসে দু'জন মিলে কোষাগারের নগদ অর্থ সম্পদ লুটপাট করে নিয়ে যায়।

এভাবে বাদশাহ আলমগীরের তামার পাতায় দান করা ওয়াক্ফ সম্পত্তি আধ্যাত্মিক গুরু হজরত শাহজামান কাশ্মিরি (রহ:) ও তার প্রিয় পুত্র শাহ এনায়েতল্লাহ চৌধুরী (রহ:) পরিচালিত ইসলামী মিশনের কাজ বন্ধ হয়ে তা খলনায়ক ব্রজমোহনের কারসাজিতে পারিবারিক সম্পত্তিতে পরিণত হয়। তারা এসে পালাক্রমে ভোগ দখল করে ১৯০ বছর। কখনো জমিদার কখনো বা রাজা এবং মহারাজা উপাধি ধারণ করে পরের সম্পত্তি ভোগদখল করে বিলাসবহুল জীবন কাটায়। খোশনদপুরের নাম পর্যন্ত পরিবর্তন করে নাম রাখে সন্তোষ।

অতীব দুঃখের ব্যাপারে এই যে, সন্তোষের কথিত রাজারা টাঙ্গাইল শহরে বিভিন্ন জায়গায় কয়েকটি শিক্ষাপ্রতিষ্ঠান প্রতিষ্ঠা করেছিলেন তাদের নামে। কোথাও হজরত শাহজামান ও এনায়েতুল্লাহ চৌধুরীর নামে কিছু নেই। শাহজামান শুয়ে আছেন নিভৃত কাগমারী কলেজের সামনে মাজারে।

দানকৃত ওয়াক্ফ সম্পত্তি যা ইসলাম প্রচারের উদ্দেশ্যে মিশনারি আন্দোলনের জন্য দেয়া হয়েছিল। তা একসময় ব্যক্তিগত সম্পত্তি পরিণত হয়। মজলুম জননেতা আধ্যাত্মিক পীর মওলানা আবদুল হামিদ খান ভাসানী টাঙ্গাইল এসে ১৯৩৬ সালে এ ব্যাপারটি অবগত হন। তার পর থেকে দীর্ঘ দিন সন্তোষে জবরদখলকারী জমিদারদের সঙ্গে এ সম্পত্তি পুনরুদ্ধারে আইনি প্রচেষ্টা চালান। ১৯৪৬ সালে তিনি উদ্ধার করেন এসব সম্পত্তি। ১৯৭৩ সাল থেকেই মওলানা ভাসানী হজরত শাহজামানের লালিত স্বপ্ন বাস্তবায়নের প্রথম পদক্ষেপ হিসেবে ইসলামী বিশ্ববিদ্যালয় নাম দিয়ে একটি প্রতিষ্ঠান স্থাপন করেন। সেখানে প্রাথমিক স্কুল, কুরআন হেফজখানা, এতিমখানা, সূচি শিক্ষা, বালক-বালিকা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, কলেজ, পশু হাসপাতাল, দাতব্য চিকিৎসালয় প্রতিষ্ঠা করেন। অবশ্য এগুলো হজরত শাহজামানের ইসলাম মিশনের প্রাথমিক কর্মসূচি ছিল।

মওলানা ভাসানীর নামে পরবর্তী সময়ে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন করা হয়েছে।

নতুন চ্যালেঞ্জের সঙ্গে নতুন প্রত্যাশা



ইকরামউজ্জমান

আবার নতুন দিনে, নতুন প্রত্যাশা উদ্দীপনা, চ্যালেঞ্জ, আত্মবিশ্বাস, ভয় না পাওয়ার মন্ত্রে সাহসের সঙ্গে ইতিবাচক মন নিয়ে নিজ সামর্থ্য ও বিশ্বাসকে তুলে ধরার হাতছানি পাকিস্তানের বিপক্ষে দ্বিপক্ষীয় টি-টোয়েন্টি সিরিজ (তিন ম্যাচের) ঢাকার মিরপুর শেরেবাংলা ক্রিকেট স্টেডিয়ামে শুরু হচ্ছে আজ। সংযুক্ত আরব আমিরাতে টি-টোয়েন্টি বিশ্বকাপে সুপার টুয়েলভে খেলতে নেমে খালি হাতে দেশে ফিরে এসেছে জাতীয় দল। মাঠে খেলেন খেলোয়াড়রা। তাঁরাই নিজেদের কবর খুঁড়েছেন। বাংলাদেশ একমাত্র টেস্ট খেলুড়ে দেশ, খেলোয়াড়দের সামর্থ্য, মানসিক শক্তি, সাহস, সবাই মিলে খেলার চেষ্টায় চরম ঘাটতি থাকায় যারা কোনো টেস্ট প্লেইং কান্ট্রির বিপক্ষে জয়ের মুখ দেখতে পারেনি। এ বিষয়ে প্রচুর কথাবার্তা, আলোচনা-সমালোচনা হয়েছে, যা দেশের ৫০ বছরের ইতিহাসে কখনো হয়নি। কেন দলের এত করুণ বিপর্যয়। কেন দলটি এলোমেলো হয়ে গেল? টি-টোয়েন্টি বিশ্বকাপে ধারাভাষ্য দিয়েছেন ডেল স্টেইন। একসময়ের বিশ্বের অন্যতম সেরা ফাস্ট বোলারদের একজন। বাংলাদেশ দল সম্পর্কে তাঁর মূল্যায়ন হলো–'বাংলাদেশ যেমনটা খেলেছে তারা এর চেয়ে ভালো দল। ম্যানেজমেন্টের কোনো ত্রুটি নেই। দায় খেলোয়াড়দেরই নিতে হবে। হয় খেলতে চাইবেন, অথবা নয়। তাঁরা কেউই খেলতে চাননি।'

সংযুক্ত আরব আমিরাতে বিশ্ব টি-টোয়েন্টি টুর্নামেন্টে বাংলাদেশের প্রতিপক্ষ ছিল ভিন্ন ভিন্ন দল। এবারের দ্বিপক্ষীয় সিরিজে প্রতিপক্ষ শুধু পাকিস্তান। এ ক্ষেত্রে সুবিধা হলো, ভুল হলে সংশোধনের সুযোগ আছে। তবে টুর্নামেন্টের খেলার মতো দ্বিপক্ষীয় সিরিজে মনঃসংযোগ, গেম পরিকল্পনা, প্রতিপক্ষকে পড়তে পারা এবং আবেগ নিয়ে খেলার গভীরতায় ঢুকে খেলার ক্ষেত্রে কোনো পার্থক্য নেই। মাঠের পরিস্থিতির পরিপ্রেক্ষিতে প্ল্যান একের পরিবর্তে প্ল্যান দুইকে ত্বরিত বাস্তবায়ন করতে হয়। এক ওভারে তো নয়–দুই-তিন বলে, এমনকি এক বলেও খেলার রং পাল্টে যায়। বলা হয়, এটাই টি-টোয়েন্টি ক্রিকেটের সৌন্দর্য। এই সৌন্দর্য উপভোগ অবশ্য উভয় দলের ক্ষেত্রে সমানভাবে প্রযোজ্য হয় না। অনিশ্চয়তায় ভরপুর ক্রিকেট। টি-টোয়েন্টি সংস্করণে আরো বেশি অনিশ্চয়তা। এই সংস্করণে কিছু মৌলিক বিজয়ের গুরুত্ব অনেক বেশি। সংস্করণটি খেলে খেলে পক্ক এবং অভ্যস্ত হওয়ার বিষয়! বাংলাদেশ এই সংস্করণে ভালো ক্রিকেট খেলার মতো দল হয়নি। তাই আন্তর্জাতিক ম্যাচে প্রায়ই এলোমেলো হয়ে রণভঙ্গ! এই ক্রিকেটে কাজ করার সুযোগ আছে, কাজ করতে হবে অস্তিত্ব রক্ষার জন্য! পরিকল্পনার মাধ্যমে সংস্কার সাধন ছাড়া উপায় নেই। সময় লাগবে কিছুটা। এই সময়ে আন্তর্জাতিক ক্রিকেটে 'ক্যাজুয়ালটি' মেনে নেওয়ার মানসিকতা নিয়েই কাজ শুরু করতে হবে। একটি দল নতুন করে পুনর্গঠন সহজ কথা নয়–বেশ কিছু চাহিদা এবং প্রয়োজনীয়তা নিয়ে কাজ করতে হয়।

পাকিস্তানের বিপক্ষে ২০১৫ সালের পর হোম সিরিজ। ২০১৫ যেই তিন সংস্করণের সিরিজ বাংলাদেশ ক্রিকেটের জন্য স্মরণীয় হয়ে আছে, ছয় বছর পর আবার সেই পাকিস্তানের বিপক্ষে তিনটি টি-টোয়েন্টি এবং দুটি টেস্ট ম্যাচের সিরিজ।

ক্রিকেটে অনিশ্চয়তা আছে সত্যি। মাঠে প্রতিদ্বন্দ্বিতা দেখি। এর পরও কিন্তু বেশির ভাগ সময়ে শক্তিশালী দলই শেষ পর্যন্ত বিজয়ের বন্দরে নোঙর করে। ক্রিকেটের পরিসংখ্যান বই সেটাই তুলে ধরে রেখেছে তার বুকে। জয়ের সম্ভাবনা জাগানো মূল্যহীন, জয়কে আলিঙ্গন না করতে পারলে। বিশ্বকাপ টি-টোয়েন্টিতে শ্রীলঙ্কা ও ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে যে অনুশোচনা, এর তো কোনো মূল্য নেই। লক্ষ্মী তো বীরের গলায় মালা দেয়!

পাকিস্তানের বিপক্ষে ২০১৫ সালের পর হোম সিরিজ। ২০১৫ যেই তিন সংস্করণের সিরিজ বাংলাদেশ ক্রিকেটের জন্য স্মরণীয় হয়ে আছে, ছয় বছর পর আবার সেই পাকিস্তানের বিপক্ষে তিনটি টি-টোয়েন্টি এবং দুটি টেস্ট ম্যাচের সিরিজ। এবারের দুটি টেস্ট ম্যাচ বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের অংশ। এর সঙ্গে জড়িয়ে আছে পয়েন্ট অর্জনের বিষয়টি। ছয় বছর পর দেশের মাটিতে পাকিস্তানের বিপক্ষে ক্রিকেট উৎসব একদম ভিন্ন প্রেক্ষাপটে। অনেক প্রশ্ন, আশঙ্কা, উদ্বেগ আর কৌতূহল নিয়ে মাঠের দিকে তাকাতে হচ্ছে। ক্রিকেটে নিরাশার স্থান নেই। দেশের ক্রিকেট এখন একটা অস্বাভাবিক সময়ের মধ্যে আছে। মাঠ ও মাঠের বাইরে বিরাজ করছে হতাশা। কালো মেঘ ঢেকে ফেলেছে সাময়িকভাবে ক্রিকেটের রোদেলা আকাশ! অসহিষ্ণুতা, অপসংস্কৃতি আর নোংরা অক্রিকেটোচিত মানসিকতা এবং তার জঘন্য বহিঃপ্রকাশ ক্রিকেটকে জখম করেছে। সবচেয়ে দুঃখের বিষয় হলো, ব্যক্তিগত অভিলাষ, হিংসা, উচ্চাভিলাষ, ব্যক্তি ও সমষ্টির স্বার্থের লড়াই স্থান পেয়েছে দেশের স্বার্থের ওপর। অনেকেই ভুলে গেছেন, ক্রিকেট তো শুধু বাংলাদেশের জন্য একটি খেলা নয়, এর চেয়ে অনেক বেশি কিছু। বিশ্বাস করি, ক্রিকেটে শুভ জীবনবোধের জয় হবে। মেঘের আড়াল থেকে সূর্য বেরিয়ে আসবে।

পাকিস্তানের সঙ্গে ছয় বছর আগে যে প্রতিদ্বন্দ্বিতা সাহসের সঙ্গে করতে পেরেছে আমাদের দল, এখন রূঢ় বাস্তবতায় সেটা ভাবা যায় না! ক্রিকেট-জীবনে ছয় বছরে আমরা এগোতে পারিনি। উদ্যোগের অভাব, ভেজাল চিন্তা-ভাবনা, হঠাৎ হঠাৎ পাওয়া সাফল্য নিয়ে আত্মতৃপ্তিতে ভোগা, ভেজাল খেলায় মিডিয়ার সৃষ্টি তারকা খেলোয়াড়দের অভিমান; (বাকি অংশ ১২ পাতায়)

বিশ্বের শ্রমজীবী কর্মজীবী পেশাজীবী মেহনতি জনতার জয় হোক



যুক্তরাষ্ট্র জাসদের উদ্যোগে

বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর পূর্তি,
জাসদ প্রতিষ্ঠার ৪৯ বছর ও পুণর্মিলনী

২৮ নভেম্বর ২০২১, রোববার, সন্ধ্যা: ৫টা।
জুইস সেন্টার, জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।

প্রধান অতিথি
মুক্তিযুদ্ধের সংগঠক, জাতীয় নেতা, ১৪ দলীয় জোটের অন্যতম নেতা-
হাসানুল হক ইনু এম.পি
জাসদ সভাপতি ও
সভাপতি, তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটি।

বিশেষ অতিথি
আফরোজা হক রীনা
জাসদ- সহ- সভাপতি, স্থায়ী কমিটির সদস্য ও জাতীয় নারী জোট আহবায়ক।

বিশেষ অতিথি
ড. সিদ্দিকুর রহমান
সভাপতি,
যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ।

জাতীয় সমাজতান্ত্রিক দল- জাসদ, যুক্তরাষ্ট্র।





পরানে আগ্রাবাদ'র পিঠা উৎসব অনুষ্ঠিত

নিউইয়র্ক: পরানে আগ্রাবাদ-এর আয়োজনে হয়ে গেলো বর্ণিল এক পিঠা উৎসব। গত ৬ নভেম্বর শনিবার জ্যাকসন হাইটসের বাংলাদেশ প্লাজায় এই পিঠা উৎসবের আয়োজন করা হয়। এতে যোগ দেন নিউইয়র্কে বসবাসরত আগ্রাবাদিয়ানসহ কমিউনিটির গুণীজন। পুরুষদের পরনে ছিলো বর্ণিল পাঞ্জাবী আর মহিলাদের ছিলো বাসন্তী রঙের শাড়ী। আগত সকলকে তাজা গাঁদা ফুল ও ব্যাজ পরিয়ে দিয়ে অভ্যর্থনা জানানো হয়। কমিউনিটির পরিচিত মুখ শামস চৌধুরী রুশো ও রোশনা শামস ললি'র পরিকল্পনা ও উপস্থাপনায় সন্ধ্যা ছয়টায় মূল অনুষ্ঠান শুরু হয়। শিল্পী হাসান মাহমুদ উদ্বোধনী সঙ্গীত পরিবেশনের পর কুইজ পর্বটি সকল অতিথিদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে বেশ ও মজাদার হয়ে ওঠে। প্রত্যেকের জন্য ছিলো আকর্ষণীয় উপহার। দর্শকদের অনুরোধে শিল্পী হাসান ভিন্ন ভিন্ন মেজাজের গান পরিবেশন সকলকে আমোদিত করেন। অনুষ্ঠানে কবিতা আবৃত্তি ও কৌতুকও পরিবেশিত হয়।



শুভেচ্ছা বক্তব্য রাখেন টাইম টেলিভিশনের সিনিয়র নিউজ প্রেজেন্টার দিমা নেফারতিতি, বাংলাদেশ প্লাজা'র স্বত্বাধিকারী বাদশা ফরহাদ এবং পরানে আগ্রাবাদের তিন প্রধান উদ্যোক্তা মাকসুদুর রহমান খান জুয়েল, মোহাম্মদ বাবু ও ওয়াহিদুজ্জামান বকুল। শামস চৌধুরী রুশো ও রোশনা শামস ললি'র হাতে তৈরী দৃষ্টিনন্দন ব্যানার ও চমৎকার ফ্রেমটি বেশপ্রশংসিত হয়েছে। ফ্রেমে 'Save the CRB' লিখে সিআরভি রক্ষা আন্দোলনের প্রতি একাত্মতা ঘোষণা করা হয়। -প্রেস বিজ্ঞপ্তি।

আখতার আহমেদ রাশার 'অগ্রজ সান্নিধ্যে শিল্প সন্ধ্যা'





আশরাফুল হাবিব মিহির: গাছের শেকড়, ডাল পালা, ড্রিফটউড দিয়ে তৈরী বিশিষ্ট ভাস্কর আখতার আহমেদ রাশার শিল্পকর্মের প্রদর্শনী 'অগ্রজ সান্নিধ্যে শিল্প সন্ধ্যা' নামক ভিন্ন ভাবনার সুন্দর আয়োজন অনুষ্ঠিত হয়ে গেল নিউইর্য়কের জ্যাকসন হাইটসের জুইশ সেন্টারে। গত ৭ নভেম্বর রোববার বিকেল ৪টা থেকে রাত ৯টা পর্যন্ত চলা প্রদর্শনীটি আখতার আহমেদ রাশার চতুর্থ একক শিল্পকর্মের প্রদর্শনী।



পেন্ডামিকের সময়ে গত ১৮ মাসে, অগ্রজদের নিয়ে যে কাজগুলো তিনি করেছে তা মূলত স্থান পায় এই প্রদর্শনীতে। বীর মুক্তিযোদ্ধা, শিল্পী, লেখক, সাংবাদিক এমন প্রায় ৪৫জন গুনী অগ্রজদের পোট্রেট করেছেন এবং তাঁদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে এবারের প্রদর্শনীর নামকরণ করা হয় 'অগ্রজ সান্নিধ্যে শিল্প সন্ধ্যা'। শিল্পী অনুষ্ঠানে নিউইর্য়কের বেশ ক'জন অগ্রজদের মূখাবয়বের ভাস্কর্য তুলে দেন তাঁদের হাতে। শিল্পীর অগ্রজদের প্রতি শ্রদ্ধাবোধের এই শৈল্পিক প্রকাশ মুগ্ধ করেছে আগত সকল দর্শকদের। প্রদর্শনীতে পোট্রেট এবং বিভিন্ন কাজ নিয়ে মোট ১১২টি শিল্পকর্ম স্থান পায়।

শিল্পের যে মাধ্যমটি নিয়ে আখতার আহমেদ রাশা কাজ করছেন, খুব কম শিল্পীই মাধ্যমটিতে কাজ করে থাকেন। তিনি বলেন, সমুদ্রের স্রোতে ভেসে আসা কাঠে বিভিন্ন ক্যারেক্টার পাওয়া যায়, আর এই ক্যারেক্টারকে তিনি ফুটিয়ে তোলেন তার কাজের মাধ্যমে, এছাড়াও তিনি গাছের ডাল ও শিকড় নিয়ে কাজ করেন।

তিনি আরো জানান, এবারের আয়োজন সহ নিউইর্য়কে এটি তার এককভাবে চতুর্থ প্রদর্শনী হলেও সবমিলিয়ে এটি তার ৫ম প্রদর্শনী। এরমধ্যে অন্যদের সাথে নিয়ে একটি গ্রুপ প্রদর্শনী করেছিলেন। প্রদর্শনীগুলোর নামকরণ যথাক্রমে প্রথম একক প্রদর্শনী "সেন্স অফ এ মোমেন্ট" (২০১৫), দ্বিতীয় প্রদর্শনী "মনসুন" (২০১৭), তৃতীয় প্রদর্শনী "শিল্পে শিকড়" (২০২০) এবং চতুর্থ প্রদর্শনী "অগ্রজ সান্নিধ্যে শিল্প সন্ধ্যা" (২০২১)।

গেম চেঞ্জার: আগামী বছরের প্রথমেই দু'টি এস-৪০০ মোতায়েন করছে ভারত

(ছবি আছে ইন্টার পিকচার নং-০৬

ঢাকা ডেস্ক, ২১ নভেম্বর : আগামী বছরের প্রথম দিকেই দুটি এস-৪০০ আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা মোতায়েন করতে যাচ্ছে ভারত। চীনের সঙ্গে থাকা উত্তর ও পূর্ব সীমান্তে কৌশলগত দিক থেকে ভারত প্রতিকূলতার মধ্যে রয়েছে। তবে বিশ্লেষকরা বলছেন, এস-৪০০ মোতায়েনের মধ্য দিয়ে এই প্রতিকূলতা দূর করতে সক্ষম হবে দেশটি। মস্কোতে থাকা ভারতীয় কূটনীতিকরা জানাচ্ছেন, আধুনিক এই আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা এরইমধ্যে ভারতে পাঠানো শুরু হয়েছে। আগামী বছরের প্রথমাংশেই দুটি এস-৪০০ ব্যবস্থা পুরোপুরি সক্রিয় করা সম্ভব হবে। যদিও চীন নিজেও রাশিয়ার এই প্রতিরক্ষা ব্যবস্থা কিনেছে এবং ভারতের সঙ্গে থাকা লাদাখ ও অরুণাচল সীমান্তে মোতায়েন করেছে।



হিন্দুস্তান টাইমসের প্রতিবেদনে জানানো হয়েছে, এস-৪০০ পরিচালনা শিখতে রাশিয়ায় প্রশিক্ষণ নিয়েছে ভারতীয় সেনাবাহিনীর দুটি দল। এই আকাশ প্রতিরক্ষা ব্যবস্থার রাডারের রেঞ্জ ৪০০ কিলোমিটার। ভারত এত কম সময়ে দুটি এস-৪০০ পাচ্ছে শুধুমাত্র রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিশেষ সম্পর্কের কারণে।

এ বছরের ডিসেম্বরে ভারত সফরের সম্ভাবনা রয়েছে পুতিনের। এর আগে শুধুমাত্র মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের সঙ্গে সাক্ষাৎ করতেই এ বছর দেশের বাইরে গিয়েছিলেন পুতিন। এই কোভিড মহামারির মধ্যেও ভারতের জন্য এস-৪০০ পাঠানো এবং ভারতীয় দলকে যথাযথ প্রশিক্ষণের ব্যবস্থা করেছে রাশিয়া। চীনের ক্ষেপণাস্ত্র ও যুদ্ধ বিমান থেকে ভারতীয় সীমান্ত রক্ষার প্রধান হাতিয়ার হতে যাচ্ছে এই এস-৪০০। এর একটি মোতায়েন করা হবে উত্তরাঞ্চলে। লাদাখ নিয়ে গত বছর থেকে উত্তেজিত হয়ে আছে এই সীমান্ত। সেখানে চীনের বিমান ও মিসাইলের হুমকি মোকাবেলা করবে এই আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা।

MW
জ্যামাইকায় Grand Opening
বাংলাদেশীদের মুখরোচক খাবারের বিশ্বস্ত প্রতিষ্ঠান
MY SECOND WIFE
Steaks & Kabab palace
100% zabiha Halal
169-04, Hillside Avenue, Jamaica, NY 11432
Ph: 718-480-6866, E-mail: mysecondwife@gmail.com
-: মুখরোচক খাবারের মধ্যে রয়েছে :-
* Afghan Kabab
* Chicken / Beef Adana Kabab (Turkish)
* Chicken Kadai
* Chicken Tikka Masala
* Butter Chicken
* Chapli Kabab
* Iranian Beef Kabab
* Steaks
* We serve Pakistani and Indian gravy deshes also.
Lunch Special from 10.00 AM to 4.00 PM $7.99
বিশেষ আয়োজনে:.....
বিয়ে-শাদী, প্যাকেট সিন্নি, জন্ম উৎসব সহ যেকোন অনুষ্ঠানে চাহিদা অনুযায়ী খাবার সরবরাহ করা হয়। তাই এখনই আপনার/আপনাদের মুখরোচক খাবারের খোঁজ করুন- Mohammed
For Catering Call- 917-497-0774



যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট অ্যাওয়ার্ড পেলেন বাংলাদেশি শাহ হালিম

(প্রথম পাতার পর)

সংগঠনসহ প্রবাসী বাংলাদেশিরা অভিনন্দন জানিয়েছেন।

২৫ বছর যাবত শাহ হালিম বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব হিউস্টনের কর্মী হিসেবে কাজ করে জোরালো ভূমিকা ও অবদান রেখে যাচ্ছেন। তিনি ছয় বছর বাংলাদেশ অ্যাসোসিয়েশনের চেয়ারপারসন হিসেবে দায়িত্ব পালন করেছেন এবং বাংলাদেশ-আমেরিকা সেন্টার স্থাপনে বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন।

এছাড়াও তিনি বিগত ২০ বছরেরও বেশি সময় ধরে স্থানীয় মূলধারার সংগঠনসহ বিভিন্ন সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠানগুলোর সঙ্গে কাজ করে চলেছেন।

উক্ত সংগঠনসহ বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত হয়ে অসংখ্য সমাজকল্যাণমূলক কাজে অবদান রেখেছেন। তিনি মূলধারায় অনেক সংগঠনের সঙ্গে সমাজ উন্নয়নমূলক কার্যক্রমসহ মানবাধিকার কার্যক্রম, সামাজিক ন্যায্যতা ইত্যাদি বিষয়ে অবদান ও ভূমিকা রেখেছেন।

বাংলাদেশের গোপালগঞ্জের অধিবাসী শাহ হালিম ব্যক্তিগতভাবে উচ্চশিক্ষা গ্রহণের জন্য যুক্তরাষ্ট্রে গমন করেন তার স্বপ্নপূরণের জন্য। তার পিতা প্রয়াত শাহ আব্দুল হালিম ছিলেন একজন সমাজকর্মী এবং সাবেক ভাইস প্রেসিডেন্ট বিজিএমইএ।

হালিমের পরিবার ১৯৭১ সালে স্বাধীনতা যুদ্ধের সময় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে এবং তার পূর্বপুরুষদের অনেকেই সরকারি পর্যায়ে বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে বিশেষ ভূমিকা পালন করেছেন।

শাহ হালিম তার বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে এবং বিশেষ করে এ সম্মানজনক প্রেসিডেন্টস লাইফটাইম অ্যাওয়ার্ড অর্জন করে আমাদের সবাইকে গর্বিত করেছেন।

বেগম খালেদা জিয়ার সর্বশেষ অবস্থা

(প্রথম পাতার পর)

কোনো উন্নতিই হয়নি। আসলে বর্তমানে তাঁর যে অবস্থা তাতে দেশে চিকিৎসার সুযোগ নাই বললেই চলে। জীবন বাঁচাতে হলে উন্নত চিকিৎসার জন্য তাঁকে বিদেশে নিতেই হবে। চিকিৎসকরা তাঁকে অনতিবিলম্বে সিঙ্গাপুর কিংবা থাইল্যান্ডে নেয়ার পরামর্শ দিয়েছেন।

তাঁর রোগ ও শারীরিক অবস্থার কথা প্রচার করা না হলেও আমি সাংবাদিকতার কলাকৌশল প্রয়োগে বিভিন্নভাবে খোঁজ খবর করে নিশ্চিত হয়েছি যে, তিনি তাঁর পুরনো জটিল রোগগুলো ছাড়াও ডিকমপেন্স্যাটেড লিভার সিরোসিস-এ আক্রান্ত হয়েছেন। এটা সম্ভবতঃ NASH (Non alcoholic steato hepatitis) অর্থাৎ ফ্যাটি লিভার থেকে হয়ে থাকতে পারে। এখন এর দুটি মাত্র চিকিৎসা: স্টেম সেল ট্রান্সপ্লান্টেশন থেরাপি এবং তাতেও কাজ না হলে লিভার ট্রান্সপ্লান্ট করা। এর কোনোটিই বাংলাদেশে সম্ভব নয় এবং করার সুযোগ নেই।

আমি যতদূর জেনেছি, শরীর থেকে রক্ত যেতে যেতে তাঁর হিমোগ্লোবিন একেবারে কমে গেলে এবং রক্তবমি হতে থাকলে তাঁকে এবার হাসপাতালে নেয়া হয়। ডাক্তারেরা এন্ডোস্কপি করে তাঁর লিভার সিরোসিস শনাক্ত করেন। তাঁর দেহে দফায় দফায় রক্ত দেয়া হয় এবং তাঁর বড় হয়ে যাওয়া রক্তনালী এন্ডোস্কপির মাধ্যমে Oesophageal Band ligation করা হয়েছে এবং সিসিইউ-তে নিবিড় পর্যবেক্ষণে রাখা হয়েছে। এর বেশি কিছু বাংলাদেশের ডাক্তারদের করার নাই বলেই জানানো হয়েছে।

বেগম জিয়া দীর্ঘদিন ধরেই আর্থ্রাইটিস, ডায়াবেটিস, অনিয়ন্ত্রিত রক্তচাপ এবং হার্ট, কিডনি ও চোখের সমস্যায় ভুগছিলেন। তিনি নিয়মিত চিকিৎসাধীন ও চিকিৎসকদের তদারকিতে ছিলেন। তাঁকে জেলে নেয়ার পর সব বন্ধ হয়ে যায়। উপযুক্ত চিকিৎসার অভাবে পরিস্থিতি ক্রমেই জটিল হতে থাকে, তার অবস্থারও গুরুতর অবনতি ঘটে। বারবার দাবি সত্ত্বেও তাঁর প্রয়োজন অনুযায়ী উপযুক্ত হাসপাতালে নিতে দেয়া হয়নি। এ অভিযোগ বরাবর করা হয়েছে এবং এটি এখন পুরনো।

পরিস্থিতি খুব জটিল হয়ে দাঁড়ালে এবং বেগম জিয়ার শারীরিক পরিস্থিতির যথেষ্ট অবনতি হলে সরকার তাঁকে নিজের বাসায় থেকে চিকিৎসা করাবার সুযোগ দেয়। কিন্তু যখন দেয়া উচিত ছিল তখন না দিয়ে তারা পরিস্থিতির গুরুতর অবনতির জন্য অপেক্ষা করেছে বলেই বেগম খালেদা জিয়ার ঘনিষ্ঠদের পক্ষ থেকে অভিযোগ রয়েছে।

এরপর তিনি করোনায় আক্রান্ত হলে তাঁর দেহের অন্যান্য অর্গান ক্ষতিগ্রস্ত হয় এবং রোগগুলোও আরো জটিল হয়ে ওঠে। এবার শনাক্ত হলো আরও জটিল ব্যাধি - লিভার সিরোসিস। সবকিছু মিলিয়ে বাংলাদেশে তাঁর চিকিৎসা অসম্ভব। এখন বিদেশে সবগুলো রোগের সমন্বিত চিকিৎসার সুযোগ সম্বলিত কোনও হাসপাতালে দ্রুত চিকিৎসার ব্যবস্থা করাতে না পারলে বেগম জিয়ার জীবন রক্ষা অসম্ভব হয়ে পড়বে। যে কোনও সময়ে লিভার ফেলিওর এবং লিভার ক্যান্সারের দিকে মোড় নেয়ার প্রবল ঝুঁকিতে আছেন তিনি। কেননা তাঁর বয়সটাও অনুকূল নয়।

আমি জাতীয় স্বার্থে ও মানবিক প্রয়োজন বিবেচনা করে আমার প্রাপ্ত লেটেস্ট আপডেট জানালাম। সাংবাদিক বন্ধুগণ তাদের সূত্র থেকে এর সত্যতা যাচাই করে নিতে পারেন। তাঁর ব্যাপারে সরকার এখনো সঠিক সিদ্ধান্ত নিতে চাইলে পরিস্থিতির গুরুত্ব দ্রুত অনুধাবন করতে হবে।

(মারুফ কামাল খানের ফেসবুক থেকে সংগৃহীত)

বাংলাদেশে ভুয়া ফেসবুক

(প্রথম পাতার পর)

স্কুল জীবনে পড়াশোনার মধ্যে আগ্রহ থাকায় বাবা-মা তাকে স্মার্টফোন কিনে দেননি। তবে এসএসসি পরীক্ষায় ভালো ফলাফল ও অনলাইনে ক্লাসের জন্য বাবা-মা তাকে একটি স্মার্টফোন কিনে দেন। স্মার্টফোন পেয়ে আশা ফেসবুক আইডি খোলেন। ফেসবুক প্রোফাইলে তার একটি ছবিও দেন।

ফেসবুক পেজের গ্রাহকদের কমেন্ট ও চ্যাটের রিপ্লাই করা যাবে রিভ চ্যাট থেকে

আইডি খোলার সঙ্গে সঙ্গে বন্ধু তালিকায় যুক্ত হয় পরিচিত-অপরিচিত অনেকেই। করোনাকালে স্কুল বন্ধ থাকায় অনলাইন ক্লাসের পাশাপাশি ফেসবুকেও সময় দিতেন আশা। কিন্তু ফেসবুক আইডি ব্যবহারের তিন মাসের মাথায় আশাকে ব্ল্যাকমেইলের শিকার হতে হয়। পরিস্থিতি এমন দাঁড়ায় এক পর্যায়ে তিনি কাউকে না বলে বাসা থেকে বেরিয়ে যান। ফেসবুকে তার সঙ্গে ঘটে যাওয়া অপমান থেকে তিনি নিরুদ্দেশ হতে চেয়েছিলেন। এজন্য ঘর ছাড়ার কথা জানিয়ে ছিলেন। পরে অবশ্য স্বজনদের অভয় পেয়ে তিনি বাসায় ফেরেন।

ফেসবুকে ভুয়া আইডি'র ফাঁদে পড়ে আশার মতো বহু নারী এমন দুর্ভোগ আর যন্ত্রণাদায়ক পরিস্থিতির মুখোমুখি হচ্ছেন। পুলিশের সাইবার সাপোর্ট ফর উইমেন সার্ভিসের তথ্য অনুযায়ী গত এক বছরে এমন প্রায় ১৭ হাজার নারী ফেসবুকে প্রতারণা বা ব্ল্যাকমেইলিংয়ের শিকার হয়ে প্রতিকার চেয়েছেন।

আশার পরিবারের সদস্যরা জানান, বাসা থেকে নিখোঁজ হওয়ার রাতে খুব ভয় পেয়েছিলেন তারা। হঠাৎ রাত ১১টার সময় আশা বাসার কাউকে কিছু না বলে বেরিয়ে যায়। বাসা থেকে বেরিয়ে যাওয়ার সময় আমরা বুঝতে পারিনি। এরপর বাসায় তাকে না দেখে চারদিকে খোঁজাখুঁজি শুরু করি। রাতও গভীর হতে থাকে। বিভিন্ন রকমের খারাপ চিন্তা মাথায় চাপতে থাকে। অল্পবয়সী মেয়েটা এত রাতে বাসার বাহিরে যাওয়াটা খুব স্বাভাবিকও মনে হচ্ছিল না। পরে একজন প্রতিবেশীর মাধ্যমে আশার সঙ্গে যোগাযোগ হয় পরিবারের। তারা জানতে পারেন আশা সাভারে অবস্থান করছেন। পরিবারের পক্ষ থেকে সহযোগিতার আশ্বাস দেয়া হলে আশা পরের দিন বাসায় ফিরে আসেন। আশা বাসায় জানান, তার সঙ্গে খুব খারাপ একটা কাজ হয়েছে। ফেসবুকের 'অবুঝ মন' নামে একটি আইডি থেকে রিকোয়েস্ট আসে। এরপর কথা হয় মেসেঞ্জারে। কিন্তু কেউ কাউকে চিনি না। কিছুদিন পর আমাদের মধ্যে বন্ধুত্বের সম্পর্ক তৈরি হয়। একপর্যায়ে আমার ছবি চায়। আমি ভালো মনেই তাকে ছবি দেই। ছবি দেওয়ার কিছুক্ষণ পরে সে আমার ছবিটি খুব বাজে ছবির সঙ্গে এড করে আমাকে মেসেঞ্জারে পাঠায়। ছবি ছড়িয়ে দিবে বলে হুমকি দেয়। এরপর আমি বাবা-মায়ের ভয়ে বাসা থেকে বেরিয়ে যাই। ছবিটা দেখার পরে আমার মনে হয়েছিল মারা যাবো। নেটে ছেড়ে দিলে সারা পৃথিবীর মানুষ আমার এই ছবি দেখবে। আমি তাকে ছবি না ছড়ানোর জন্য অনুরোধ করি। আমার অভিভাবকরা পুলিশে অভিযোগ করবে বলে তাকে জানাই। পরে তার ওই আইডি আর খুঁজে পাইনি। পরিবার এই বিষয়ে আমাকে অনেক সাহস দিয়েছে। বাবা বুঝিয়েছে ছবি সঠিক নাকি ভুল, মানুষ দেখলে বুঝবে। আমিও বাবা-মা'র কথা বুঝতে পেরে কোনো ভুল সিদ্ধান্ত নেইনি। নতুন ফোন ও ফেসবুক ব্যবহার করায় বুঝতেই পারিনি একটা ছবি দিয়ে এভাবে ব্ল্যাকমেইল ও হয়রানির শিকার হতে হয়।

আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সংশ্লিষ্টরা জানান, এমন প্রতারণার শিকার হয়ে অনেক নারী লোকলজ্জায় আত্মহত্যার মতো পথ বেছে নিচ্ছেন। আবার অনেকেই সমাজে নানাভাবে অপমান-অপদস্ত হচ্ছেন। বিশেষ করে ফেসবুকে ভুয়া আইডি ব্যবহার করে এক ধরনের প্রতারকরা নারীদের নানাভাবে হয়রানি করছে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কাছে ভুক্তভোগী নারীরা এসব বিষয়ে প্রায়ই অভিযোগ করছেন। অভিযোগের সূত্রধরে তারা এ ধরনের প্রতারকদের আইনের আওতায় আনছেন।

পুলিশ সদর দপ্তর জানিয়েছে, ২০২০ সালের ১৬ই নভেম্বর সাইবার অপরাধের শিকার নারীদের জন্য পুলিশ সাইবার সাপোর্ট ফর উইমেন সার্ভিসের যাত্রা শুরু হয়। সম্পূর্ণ নারী পুলিশ পরিচালিত এ সার্ভিসে চলতি বছরের অক্টোবর পর্যন্ত ১৭ হাজার ২৮০ জন ভুক্তভোগী নারী অভিযোগ করেছেন। অভিযোগকারীদের মধ্যে শতকরা ১৬ ভাগ নারীর বয়স ১৮ বছর। এখন পর্যন্ত সুনির্দিষ্ট ৮ হাজার ২২১ জন ভুক্তভোগী নারীর অভিযোগের বিষয়ে প্রযুক্তিগত ও আইনি সহায়তা দিয়েছে এই ইউনিটটি। পুলিশ সদর দপ্তরের পরিসংখ্যান অনুযায়ী, সাইবার স্পেসে হয়রানির শিকার ১২ হাজার ৬৪১ জন ভুক্তভোগীর মধ্যে মাত্র ১২ শতাংশ জিডি বা মামলা করেছেন। এর মধ্যে মাত্র ১৩ শতাংশ ভুক্তভোগী অভিযুক্তের পরিচয় ও অবস্থান শনাক্ত করে আইনগত পদক্ষেপ গ্রহণ করেছেন।

সংশ্লিষ্ট সূত্র জানায়, এক বছরে যারা অভিযোগ দিয়েছেন তাদের মধ্যে ভুয়া আইডি ব্যবহার করে হয়রানির অভিযোগ সবচেয়ে বেশি, যা মোট অভিযোগের ৪৩ শতাংশ বা পাঁচ হাজার ৪৭৫ জন। এ সময়ের মধ্যে ভুক্তভোগীদের ব্যক্তিগত তথ্য প্রকাশের ভয় দেখিয়ে ব্ল্যাকমেইল করা হয়েছে ১ হাজার ৮৮৪ জন নারীকে। আপত্তিকর ছবি বা ভিডিও পাঠিয়ে হয়রানি করা হয় ৯৯২ জনকে। অন্যান্য উপায়ে হয়রানির শিকার হয়েছেন ১ হাজার ৫১৮ জন। অভিযোগকারীর শতকরা ১৬ ভাগ ১৮ বছরের কম বয়সী। শতকরা ৫৮ ভাগ ভুক্তভোগীর বয়স ১৮ থেকে ২৪ বছর। ২৫-৩০ এর মধ্যে ভুক্তভোগী ২০ ভাগ এবং ছয় ভাগ ভুক্তভোগীর বয়স ৪০ বছরের বেশি।

এ বিষয়ে পুলিশ সদর দপ্তরে আয়োজিত এক অনুষ্ঠানে পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) ড. বেনজীর আহমেদ বলেছেন, টেকনোলজির এ যুগে দেশের ৪ কোটি ২৬ হাজার মানুষ ফেসবুক ব্যবহার করছেন। ১৮ কোটি ২৫ লাখ মোবাইল সিম ব্যবহারকারী রয়েছেন। গ্রামের প্রত্যন্ত এলাকা থেকেও মানুষ সোশ্যাল মিডিয়া ব্যবহার করছেন। ফলে সাইবার জগতে ভিকটিম হওয়ার সম্ভাবনা বর্তমান সময়ে সবচেয়ে বেশি। সুতরাং কেউ ঝুঁকি না জেনে সোশ্যাল মিডিয়ার অপরিচিত জগতে ঝাঁপ দেবেন না। আইজিপি আরও বলেন, আমরা চাই না সাইবার জগতে কোনো নারী বা পুরুষ ভিকটিম হোক। দুর্ভাগ্যবশত যদি কেউ ভিকটিম হন, তাহলে দয়া করে কেউ লুকিয়ে রাখবেন না। আমরা সাইবার অপরাধীদের দমন করতে চাই। বেশির ভাগ নারী ভুক্তভোগী মামলা না করায় অপরাধীদের আইনের আওতায় আনা সম্ভব হয় না। সুতরাং মনে সাহস রেখে, আইনগত পদক্ষেপ নিন। আমরা অবশ্যই ব্যবস্থা গ্রহণ করবো।

ডিবি'র সাইবার অ্যান্ড স্পেশাল ক্রাইম বিভাগের উপ-পুলিশ কমিশনার শরিফুল ইসলাম মানবজমিনকে বলেন, ফেসবুকের ভুয়া আইডি খোলা কখনও কমানো যাবে না। ব্যক্তিগত আইডিকে সুরক্ষিত করতে হবে। নিজেদের আইডি সুরক্ষিত রাখার দায়িত্ব কিন্তু নিজের। অন্য কেউ একজন ঘরে গিয়ে কিন্তু সুরক্ষিত করতে পারবে না। প্রোফাইল লক করা, অথেনটিকেশন দেয়া, কয়েকটি ট্রাস্টেট কন্ট্রাক দেয়া এই বিষয়গুলো ঠিক করতে হবে আগে। আইডিতে প্রবেশ করে কেউ যেন ব্যক্তিগত তথ্য ও ছবি চুরি করতে না পারে। পরিচিত বন্ধু-বান্ধব কিন্তু এই কাজগুলো কখনই করে না। যারা করে তারা হলো তৃতীয় ব্যক্তি। প্রোফাইল যখন ওপেন থাকবে, আমার ভার্চুয়াল জগতে আমি যখন সবকিছু ওপেন রাখবো তখনই এই হয়রানিগুলো করা সম্ভব। তিনি বলেন, এই ধরনের হয়রানির শিকার হবেন তাদেরকে আমরা আইনি সহযোগিতা করবো। আমাদের কাছে এলে জিডি করার মতো হলে জিডি করে দিচ্ছি। আবার এমনও অনেক ঘটনা আছে যেগুলোর মামলা করা হচ্ছে।

পাকিস্তানকে উড়িয়ে দিল বাংলাদেশ

(প্রথম পাতার পর)

পাকিস্তানের বিপক্ষে ৩ উইকেটে জিতেছে বাংলাদেশ। প্রতিপক্ষের দেওয়া ২০২ রানের লক্ষ্য তারা ২ বল বাকি থাকতেই ছুঁয়ে ফেলে। আগে ব্যাট করতে নেমে ৭ উইকেটে ২০১ রান করে পকিস্তান। ৪৯.৪ ওভারে বাংলাদেশের মেয়েরা সেই লক্ষ্য পেরিয়ে যায়। হারারেতে টস জিতে পাকিস্তানকে ব্যাটিংয়ে আমন্ত্রণ জানায় বাংলাদেশ। ব্যাটিংয়ে নেমে মহাবিপদে পড়েছিল জাভেইরা খানের দল। মাত্র ৪৯ রানে নেই হয়ে যায় পাঁচ উইকেট। বল হাতে আগুন ঝরাতে থাকেন রিতু মনি নাহিদা আক্তাররা। নিদা দার এবং আলিয়া রিয়াজের ৬ষ্ঠ উইকেট জুটিতে ঘুরে দাঁড়ায় পাকিস্তান। ১৩৭ রানের জুটিতে নিদার অবদান ১১১ বলে ৮৭ আর আলিয়া করেন ৮২ বলে অপরাজিত ৬১* রান। নির্ধারিত ৫০ ওভারে পাকিস্তানের স্কোর দাঁড়ায় ৭ উইকেটে ২০১ রান। রিতু মনি আর নাহিদা ২টি করে উইকেট নেন। ১টি করে নেন সালমা আর রুমানা। জবাবে শুরুটা ভালো হয়নি বাংলাদেশের। দলীয় ১০ রানে প্যাভিলিয়নে ফিরেন মুর্শিদা খাতুন (৯)। এরপর ৭০ রানের জুটি গড়ে দলকে এগিয়ে নিয়ে যান অপর ওপেনার শারমিন আক্তার এবং ফারজানা হক। শারমিন ৬৭ বলে ৩১ আর ফারজানা ৯০ বলে ৪৫ রান করেন। এর মাঝে দ্রুত দুই উইকেট হারানোর পর পঞ্চম উইকেট জুটিতে রিতু মনি আর রুমানা গড়েন ৬১ রানের জুটি। এরপর ফের দুই উইকেটের পতনে জাগে শংকা। লতা আর ফাহিমা খাতুন ওডাক্ মেরে ফিরেন। তবে রুমানা আর সালমা খাতুনের ব্যাটে ঘুরে দাঁড়ায় বাংলাদেশ। মিডল অর্ডারে নেমে অল-রাউন্ডার রুমানা আহমেদ খেলেন ৪৪ বলে ৬ বাউন্ডারিতে অপরাজিত ৫০ রানের দুর্দান্ত এক ইনিংস। তাকে সঙ্গ দেন সালমা। তাদের অবিচ্ছিন্ন ৪২ রানের জুটিতে ৪৯.৪ ওভারে জয়ের বন্দরে পৌঁছে যায় বাংলাদেশ। সালমা খাতুন ১৩ বলে ২ চারে ১৮ রানে অপরাজিত থাকেন। পাকিস্তানের ওমাইমা সোহাইল নেন ৪৪ রানে ২ উইকেট। অল-রাউন্ড পারফর্মেন্সে ম্যাচসেরা হয়েছেন রুমানা আহমেদ।

দুই টার্কি 'ক্ষমা করা' নিয়ে বাইডেনের রসিকতা

(প্রথম পাতার পর)

হয়েছে। হোয়াইট হাউজের রোজ গার্ডেনে জবাই করার জন্য রাখা দুই টার্কি জো বাইডেনের এক সিদ্ধান্ত আপাতত প্রাণে বেঁচে গেছে। মার্কিন প্রেসিডেন্ট তাদের জবাই না করার সিদ্ধান্ত নিয়েছেন।

এ নিয়ে রসিকতাও করেছেন যুক্তরাষ্ট্রের প্রবীনতম এ প্রেসিডেন্ট। টার্কিগুলোর নাম পিনাট বাটার ও জেলি। প্রাণে রক্ষা পাওয়া দুই টার্কিকে ইন্ডিয়ানার পারডু বিশ্ববিদ্যালয়ে ছেড়ে দেওয়া হবে। বাইডেন বলেন, 'সব আমেরিকানই একই জিনিস চায়। তারা টার্কির চোখে চোখ রেখে বলতে চায় সবকিছু ঠিকঠাকই হবে। আমিও বলবো সব ঠিকই হতে যাচ্ছে।'

কেন দুই টার্কিকে প্রাণে রেহাই দেওয়া হলো সে বিষয়ে বাইডেন মজা করে আরও বলেন, 'তাদের মেজাজ, চেহারা এবং, হয়তো টিকা দেওয়ার অবস্থার কারণেও হতে পারে!'

মেক্সিকোতে ট্রাকে লুকানো ৭ বাংলাদেশি উদ্ধার

(প্রথম পাতার পর)

সংখ্যা ৪০১। বাকি অভিবাসন প্রত্যাশীদের মধ্যে হন্ডুরাসের ৫৩ জন, ডমিনিকান রিপাবলিকের ৪০ জন, বাংলাদেশের ৩৭ জন, নিকারাগুয়ার ২৭ জন, এল সালভাদরের ১৮ জন ও কিউবার আটজন। এ ছাড়াও ঘানার ছয়জন, ভেনেজুয়েলার চারজন, ইকুয়েডরের চারজন, ভারতের একজন ও ক্যামেরনের একজনকে ট্রাকের পেছনে লুকানো অবস্থায় পাওয়া যায়। আইএনএম জানায়, যেসব অভিবাসন প্রত্যাশীকে পাওয়া গেছে তাদের মধ্যে ৪৫৫ জন পুরুষ ও ১৪৫ জন নারী। অভিবাসন প্রত্যাশীদের আপাতত আটক করা হয়েছে। এখন হয় তাদের নিজ নিজ দেশে ফেরত পাঠানো হবে, নয়তো তাদের মেক্সিকোতে থাকার সুযোগ দেওয়া হবে। প্রসঙ্গত, বিভিন্ন সময় বিশ্বের নানান দেশ থেকে অভিবাসন প্রত্যাশীদের মেক্সিকো হয়ে যুক্তরাষ্ট্রে প্রবেশের চেষ্টা করতে দেখা গেছে। এই অভিবাসন প্রত্যাশীরা বলেছেন, তারা নিজ দেশে দারিদ্র্য বা সহিংসতা থেকে বাঁচতে এই পথ বেছে নিয়েছেন। মেক্সিকোর দক্ষিণ-পূর্বাঞ্চলের ভেরাক্রুজে চলে যায় অভিবাসন প্রত্যাশীরা। সেখানে দুটি ট্রাকের পেছনে লুকানো অবস্থায় তাদের উদ্ধার করা হয়। তাদের মধ্যে ৪০১ জন গুয়েতমালার, ৫৩ জন হন্ডুরাসের, ৪০ জন ডমিনিক প্রজাতন্ত্রের, ৩৭ জন বাংলাদেশের, ২৭ জন নিকারাগুয়ার, ১৮ জন এল সালভেদরের, চারজন ভেনেজুয়েলার, চারজন ইকুয়েডরের এবং আটজন কিউবার। কিছু আফ্রিকার লোক রয়েছে এবং একজন ভারতের, ছয় জন ঘানার এবং একজন ক্যামেরুনের। টোনাটিউহ হার্নান্দেজ, স্থানীয় মানবাধিকার কমিশনের এক কর্মকর্তা জানান, ট্রেলারের মধ্যে দুটি ট্রাকে ঠাসাঠাসি করে বসেছিলেন তারা। সেখানে নবজাতক ও অন্তঃসত্ত্বা নারীও ছিলেন। তাদের মধ্যে অনেকেই অসুস্থ। এসব অভিবাসন প্রত্যাশীকে মেক্সিকো আটক করতে পারে অথবা বৈধভাবে মেক্সিকোতে বসবাসের সুযোগ দিতে পারে। নিজ দেশে সহিংসতা ও দারিদ্র্যের কারণে মধ্য আমেরিকা ও যুক্তরাষ্ট্রে প্রবেশের জন্য হাজার হাজার অভিবাসন প্রত্যাশী মেক্সিকোর এই করিডোর বেছে নেয়। সূত্র : রয়টার্স।

করোনায় সর্বোচ্চ মৃত্যু যুক্তরাষ্ট্রে

(প্রথম পাতার পর)

প্রাণঘাতী এ ভাইরাসে সবচেয়ে বেশি মানুষ মারা গেছে যুক্তরাষ্ট্রে, ১ হাজার ৩৩২ জন।

এর পরই আছে রাশিয়া। দেশটিতে গত একদিনে মারা গেছে ১ হাজার ২৫৪। দৈনিক মৃত্যুর দিক থেকে তৃতীয় স্থানে আছে ইউক্রেন। গত ২৪ ঘণ্টায় দেশটিতে মারা গেছেন ৭২৫ জন।

বিশ্বের বিভিন্ন দেশে সংক্রমণ বাড়লে বাংলাদেশে এখন পর্যন্ত নিয়ন্ত্রণে আছে এ ভাইরাসটি। গত ২৪ ঘণ্টায় বাংলাদেশে মারা গেছে মাত্র ৭ জন এবং নতুন করে আক্রান্ত হয়েছেন ১৬৩ জন।

তবে, যুক্তরাষ্ট্রে গত দুই মাস আগে করোনা কিছুটা নিয়ন্ত্রণে থাকলেও এখন পরিস্থিতি আবারও জটিল হচ্ছে। নতুন শনাক্ত মিলিয়ে দেশটিতে এখন পর্যন্ত করোনায় আক্রান্ত হয়েছে ৪ কোটি ৮৫ লাখ ২১ হাজার ৫৯৫ জনের। এদের মধ্যে মারা গেছেন ৭ লাখ ৯১ হাজার ৯৮ জন।

আর এ পর্যন্ত দেশটিতে সুস্থ হয়েছেন ৩ কোটি ৭৬ লাখ ৬ হাজার ১২২ জন। গত ২৪ ঘণ্টায় যুক্তরাষ্ট্রে করোনায় আক্রান্ত হয়েছেন ১ লাখ ১১ হাজার ৮২৯ জন।



সোসাইটিকে ক্লিন করতেই মামলা ঃ জ্যাকব মিল্টন

(শেষের পাতার পর)

প্রবাসী বাংলাদেশীদের প্রাণের সংগঠন। কিন্তু এ সংগঠনে কোন ধরনের স্বচ্ছতা নেই, জবাবদিহীতা নেই। যোগ্য কোনো ব্যক্তি এ সংগঠন পরিচালনা করেন না। শুধুমাত্র অর্থের বিনিময়ে প্রার্থী হয়ে কমিউনিটির চেয়ার দখল করার মানসেই অনেকেই নেতা হতে চান।

গত ১৫ নভেম্বর জ্যাকসন হাইটসে আয়োজিত সংবাদ সম্মেলনে অভিযোগ করা হয়, সোসাইটির ১১টি লিন থাকলেও নেতৃবৃন্দ জানেনই না। সোসাইটির যে গঠততন্ত্র রয়েছে তা আইআরএস এবং নিউইয়র্ক স্টেটের গাইড লাইন অনুযায়ী পরিচালিত হয় না বা সংশ্লিষ্টরা তা জানেনও না। তারা বলেন, যে নির্বাচন তারা করার উদ্যোগ নিয়েছিলেন সেখানে শত শত ভুয়া ভোটার রয়েছে। যারা জানেনই না যে তারা সোসাইটির ভোটার। কিন্তু কে বা কারা তাদের ভোটার করিয়েছেন তাও জানেন না ভোটাররা।

জ্যাকব মিল্টন বলেন, আমরা আদালতেকে বোঝাতে সক্ষম হয়েছি বাংলাদেশ সোসাইটির নির্বাচন স্থগিত করার বিষয়টি, আদালত সেটি শুনেছেন এবং আগামী ২ ডিসেম্বর এর শুনাণী হবে। তিনি বলেন, গত ৩ নভেম্বর মামলার নোটিশটি বাংলাদেশ সোসাইটির বর্তমান সাধারণ সম্পাদক রুহুল আমিন সিদ্দিকী সোসাইটির কার্যালয়ের রিসিভ করেছেন। কিন্তু তারা কোনো উদ্যোগ নেননি। ফলে আদালত নির্বাচনসহ সকল কার্যক্রম স্থগিত করেছেন।

জ্যাকব মিল্টন বলেন, নির্বাচন স্থগিত না করার জন্য আমাদের কাছে দুই পক্ষ থেকে এক থেকে দেড় লাখ ডলারের প্রস্তাব এসেছিল কিন্তু আমরা তা গ্রহণ করিনি। আমরা এ মামলাটি করেছি সোসাইটিকে ক্লিন করার জন্য, যোগ্য নেতৃত্বের হাতে যাতে সোসাইটি যায় সে জন্য। তিনি বলেন, নির্বাচন স্থগিত হওয়ার পর এ পর্যন্ত ১১ দফা নীরাকে হুমকি দিয়ে ফোন এসেছে। আমরা এতে ভীত নই। এ নিয়ে আমরা আইন প্রয়োগকারী সংস্থাকে জানিয়েছি।

জ্যাকন মিল্টন বলেন, আমরা মামলায় যে কথাগুলো বলেছি সেগুলো হাজার হাজার ভোটরের মনের কথা। সাধারণ সদস্যরা নির্দিষ্ট কোনো চক্রের হাতে জিম্মি হতে চায় না। সোসাইটি যোগ্য মানুষের হাতে থাকুক সেটা তারা মনেপ্রাণে চায়। তিনি বলেন, ৫১সি সংগঠন কিভাবে পরিচালিত হয় সেটিও নেতৃবৃন্দ জানেন না, কিন্তু ৫১ সি এর স্টেটের সুবিধা নিতে তারা ভুলেন না। এসব সুবিধা তারা নিয়ে আত্মসাত করেছেন বলেও অভিযোগ করেন জ্যাকব মিল্টন।

ইতিহাসে প্রথম মাদক গ্রহণে মৃত্যু এক লাখ ছাড়িয়েছে যুক্তরাষ্ট্রে

(শেষের পাতার পর)

মৃত্যু। গবেষকরা মনে করছেন, এই অস্বাভাবিক মৃত্যুর সঙ্গে কোভিড-১৯ মহামারিরও সংযোগ রয়েছে। গত দুই দশক ধরেই অতিরিক্ত মাদক গ্রহণে মৃত্যুর সংখ্যা বাড়ছে। তবে গত দুই বছরে এ ধরণের মৃত্যু সব হিসাব ছাড়িয়ে গেছে। গত বছরই এটি বেড়েছে ৩০ শতাংশের বেশি। এ নিয়ে দেয়া এক বিবৃতিতে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন একে ট্রাজিক মাইলফলক' বলে আখ্যায়িত করেছেন। মার্কিন কর্মকর্তারা এখন কংগ্রেসের কাছে কয়েক বিলিয়ন ডলার ব্যয়ে সমস্যাটি চিহ্নিত ও সমাধান করার আহ্বান জানাচ্ছেন।

দেশটির ন্যাশনাল ড্রাগ কন্ট্রোল পলিসির পরিচালক ড. রাহুল গুপ্তা বলেন, এটি একেবারেই অগ্রহণযোগ্য এবং এখনই এর বিরুদ্ধে বড় পদক্ষেপ গ্রহণ করা জরুরী। বিশেষজ্ঞরা মনে করেন, মূলত ফেন্টানিলের ব্যবহার বৃদ্ধিই এই মৃত্যুর হারকে বৃদ্ধি করেছে। এছাড়া মহামারির কারণে মাদকাসক্তরা সামাজিকভাবে বিচ্ছিন্ন হয়ে পড়েছে এবং নিজেদের চিকিৎসা করানোর সুযোগ হারিয়েছে। কলোম্বিয়া বিশ্ববিদ্যালয়ের বিশেষজ্ঞ ক্যাথেরিন কিয়েস বলেন, মৃত্যুর এই সংখ্যা ভয়াবহ। মাদকে এতো মানুষের মৃত্যু আমরা কখনো দেখিনি। এই মৃত্যু এরইমধ্যে গাড়ি দুর্ঘটনা, গুলি, জ্বর ও নিউমোনিয়ায় মৃত্যুর সংখ্যাকে ছাড়িয়ে গেছে। যুক্তরাষ্ট্রে মৃত্যুর অন্যতম প্রধান কারণ ডায়বেটিস যা ৭ম অবস্থানে রয়েছে। মাদকে মৃত্যু এখন ডায়বেটিসে মৃত্যুকে ধরে ফেলেছে।

এপি নিউজের এক প্রতিবেদনে জানানো হয়েছে, ফেন্টানিলের ব্যবহারই অতিরিক্ত মৃত্যুর পেছনে রয়েছে। মাদকে মৃত্যুতে ৫ বছর আগেই হেরোইনকে ছাড়িয়ে যায় ফেন্টানাইল। এখন মাদক ব্যবসায়ীরা অন্য মাদকের সঙ্গেও ফেন্টানাইল মিশিয়ে দিচ্ছে। এ কারণে মেথামফেটামাইন ও কোকেইনে মৃত্যুর সংখ্যাও বেড়েছে। মূলত চীন থেকে আসে এই কেমিক্যাল। মেক্সিকোর মাফিয়ারা এই কেমিক্যাল দিয়ে ফেন্টানিল উৎপাদন করে যুক্তরাষ্ট্রজুড়ে ছড়িয়ে দেয়। ফলে সম্প্রতি মার্কিন নিরাপত্তা বাহিনীগুলো এ নিয়ে সক্রিয় হয়ে উঠেছে। গত বছর রেকর্ড ১২ হাজার পাউন্ডেরও বেশি ফেন্টানিল জব্দ করেছে তারা।

বিশ্বে করোনা আক্রান্তের সংখ্যা ২৫ কোটি ৭৪ লাখ ছাড়াল

(শেষের পাতার পর)

কোটি ৭৪ লাখ ৬ হাজার ২৯৫ জন।

একই সময়ে করোনায় মারা গেছেন ৫১ লাখ ৬৩ হাজার ৩৪ জন। আর সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ২৩ কোটি ২৩ লাখ ৫৫ হাজার ৩৪৬ জন।

ওয়ার্ল্ডোমিটারের ওয়েবসাইটে বলা হয়েছে, এখন পর্যন্ত সবচেয়ে বেশি আক্রান্ত ও মৃতের সংখ্যা যুক্তরাষ্ট্রে। সেখানে মোট আক্রান্তের সংখ্যা ৪ কোটি ৮৫ লাখ ৫৮ হাজার ২২৯ জন। আর মৃত্যু হয়েছে ৭ লাখ ৯৩ হাজার ৫৩৯ জন।

সোসাইটির বিরুদ্ধে আনিত অভিযোগ মিথ্যা

(শেষের পাতার পর)

থেকে শনিবার (২০ নভেম্বর) দুপুরে নিউইয়র্কের উডসাইডস্থ কুইন্স প্যালেসে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। জনাকীর্ণ এই সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সোসাইটির ট্রাষ্ট্রি বোর্ডের অন্যতম সদস্য হাজী মফিজুর রহমান এবং উপস্থিত সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন ট্রাষ্ট্রি বোর্ডের চেয়ারম্যান ও সোসাইটির সাবেক সভাপতি এম এ আজীজ।

সংবাদ সম্মেলনে সোসাইটির ভারপ্রাপ্ত সভাপতি আব্দুর রহীম হাওলাদার ও সাধারণ সম্পাদক রুহুল আমীন সিদ্দিকী এবং প্রধান নির্বাচন কমিশনার জামাল আহমেদ জনি সহ কার্যকরী পরিষদ, ট্রাষ্ট্রি বোর্ড ও নির্বাচন কমিশনের কর্মকর্তা/সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে হাজী মফিজুর রহমান সোসাইটির নির্বাচন ঘিরে মামলা সহ চলমান পরিস্থিতি তুলে ধরে বলেন, প্রবাসী সকল বাংলাদেশী মনেপ্রাণে সোসাইটিকে ভালবাসে। আর যারা সোসাইটিকে ভালবাসে না, তারাই সোসাইটির ক্ষতি করতে চায়। সোসাইটির ক্ষতি করে সোসাইটিকে ভালবাসা যায় না। আমরা মনে করি প্রিয় এই সংগঠনকে রক্ষা করতে যেখানে আলোচনার মাধ্যমে সকল সমস্যার সমাধান সম্ভব, সেখানে মামলা-মোকদ্দমার প্রয়োজন কি? তাই কমিউনিটির সকলের প্রতি আমাদের আকুল আবেদন আসুন আমরা ঐক্যবদ্ধভাবে সোসাইটিকে রক্ষা করি, মামলাবাজদের চিহ্নিত করে তাদেরকে সামাজিকভাবে বয়কট করি।

পরবর্তীতে উপস্থিত সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তরে এম এ আজীজ সোসাইটির বিরুদ্ধে মামলাকারীদের 'আবর্জনা' হিসেবে উল্লেখ করেন এবং তাদের অভিযোগ মিথ্যা দাবী করেন। তিনি বলেন, আমরা ভুলের উর্ধ্বে নই। তবে গঠনতন্ত্র মেনেই সোসাইটি পরিচালিত হচ্ছে। অপর এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, মামলা আইনগভাবেই চলবে। প্রয়োজনে আরো অভিজ্ঞ এটর্নী নিয়োগ করা হবে। আর মামলার কারণে নির্বাচন স্থগিত হয়ে যাওয়ায় কত ডলার গচ্ছা দিতে হবে তার হিসেব এখনই বলা সম্ভব নয়।

অপর এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, সোসাইটির বিরুদ্ধে মামলাবাজদের আমরা চিনতাম না, মিডিয়ার মাধ্যমেই তাদের পরিচয় জেনেছি। তাদের পরিচয় নিয়ে আমরা কথা বলতে চাইনা।

পার্কচেস্টার ব্রঙ্কস রিয়েলিটির হলিডে ডিনার অনুষ্ঠিত

(শেষের পাতার পর)

হয়। অনুষ্ঠানে নিউইয়র্কের বিশিস্ট এটর্নিবৃন্দ সহ পার্কচেস্টার ব্রঙ্কস রিয়েলিটির সেলস এসোসিয়েটস, তাদের পরিবার পরিজন এবং কমিউনিটির বিশিস্ট ব্যক্তিবর্গ অংশগ্রহন করেন।

প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী শরিফুল ইসলাম এবং সালেহ





উদ্দিন অতিথিদের স্বাগত জানান। অনুষ্ঠানে অংশগ্রহনের জন্য তারাসকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

কমিউনিটির সংগঠনগুলোয় বিরোধ-বিপত্তি বাড়ছে

(প্রথম পাতার পর)

সংগঠনগুলো থেকে বিমুখ। তাদেরকে বাংলাদেশী সংগঠনগুলোয় ভিড়ানো যাচ্ছে না। এতে আগামী দিনে দেশীয় সংগঠনগুলোর অস্তিত্ব নিয়ে শংকা অনেক প্রবাসীর।

যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশীদের 'আমব্রেলা সংগঠন' হিসেবে পরিচিত বাংলাদেশ সোসাইটির কার্যকরী পরিষদের নির্বাচন ঘিরে সৃষ্ট জটিলতায় আজ সোসাইটি নানান প্রশ্নের সম্মুখীন। আদালাতের রায়ে নির্বাচন স্থগিত হওয়ায় মোটা অংকের অর্থের অপচয়ের শিকার সোসাইটি। অপরদিকে বিভক্ত ফোবানা'র পাশাপাশি জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা, কোম্পানীগঞ্জ ওয়েলফেয়ার এসোসিয়েশন, নারায়নগঞ্জ জেলা সমিতি, জ্যাকসন হাইটস বাংলাদেশী বিজনেস এসোসিয়েশন (জেবিবিএ) প্রভৃতি সংগঠনের অভ্যন্তরে বিভিন্ন বিষয়ে সদস্যদের মাঝে নানা বিষয়ে ক্ষোভ, বিভেদ বিভক্তি। শেষ পরিণতিতে সংগঠনগুলো দারস্থ হচ্ছে আদালতের। এতে হাজার হাজার ডলার গচ্ছাও যাচ্ছে। সবমিলিয়ে ফলাফল শূন্য। এদিকে সংগঠনগুলোর নেতৃত্বের কোন্দলে অসহায় সাধারণ সদস্য তথা প্রবাসী বাংলাদেশীরা। বারবার প্রশ্ন উঠছে যোগ্য নেতৃত্বের অভাব। যে যার মতো সংগঠন পরিচালনা করছেন। কেউ কেউ অর্থের দাপটও দেখাচ্ছেন। আর এসব অভিযোগ নিয়ে সংশ্লিস্টদের মাথাব্যথা আছে বলে মনে হয় না- এমন মন্তব্যও প্রবাসীদের।

বাংলাদেশ সোসাইটি প্রতিষ্ঠার ৪৫ বছরে বর্তমানে চরম সংকট অতিবাহিত করছে। সোসাইটির কর্মকর্তারা নানান আশার কথা শুনালেও কার্যত সোসাইটির বিরুদ্ধে নানা অনিয়ম সবার মুখে মুখে। মামলার কথা বলে এক পক্ষ আরেক পক্ষকে 'হাইকোর্ট' দেখিয়ে চলেছেন। সোসাইটির সাবেক কর্মকর্তারা সোসাইটি ছেড়ে ঘরমুখি। অভিযোগ উঠেছে একাধিক সিন্ডিকেট সোসাইটি সহ বিভিন্ন সংগঠন পরিচালনা করছে। ব্যক্তি কেন্দ্রীকও সিন্ডিকেট গড়ে উঠেছে। তার বাইরেও রয়েছে দেশীয় রাজনৈতিক প্রভাব-প্রতিপত্তি। সংগঠনগুলোর এসব কর্মকান্ড নিয়ে সচেতন প্রবাসীদের মাঝে অভিযোগ আর প্রশ্ন বাড়ছেই। এসবের শেষ কোথায়?

মিজানুর রহমান আজহারী যুক্তরাজ্যে নিষিদ্ধ

(প্রথম পাতার পর)

নিষেধাজ্ঞার বিরুদ্ধে করা মামলার জুডিশিয়াল রিভিউর শুনানি অনুষ্ঠিত হয়। বিচারক জাস্টিন থ্রোনটন শুনানিশেষে আজহারীর ভিসা বাতিলের পক্ষে রায় দেন বলে একটি সূত্র জানিয়েছে।

উল্লেখ্য, বিচারক জাস্টিন থ্রোনটন সাবেক লেবার পার্টির নেতা এড মিলিব্যান্ডের স্ত্রী। বিভিন্ন সূত্র মতে Authority to carry Scheme ২০২১ এর ১৪,ব অনুযায়ী আজহারীর করা আবেদনটি খারিজ করে দেওয়া হয়। আজহারীর যুক্তরাজ্যে প্রবেশের ভিসা বাতিল নিয়ে বাংলাদেশি কমিউনিটিতে অক্টোবর থেকেই আলোচিত বিষয় ছিল। সর্বশেষ ব্রিটিশ পার্লামেন্টে এমপি বব ব্ল্যাকম্যান আজহারীর যুক্তরাজ্য সফরের নিষেধাজ্ঞা চেয়ে বক্তব্য রাখায় আরো বেশি গুরুত্ব পায়।

সংসদে দেওয়া তার বক্তব্যে বব বলেন, আজহারীর বক্তব্যে ব্রিটেনের মুসলিম কমিউনিটি বৃহৎ অংশ বিভ্রান্ত হতে পারে, সমাজে ঘৃণা ছড়াতে পারে, তাই তাকে ব্রিটেনে প্রবেশ করতে না দেওয়ার প্রস্তাব করেছিলেন। পার্লামেন্টে তার নির্ধারিত বক্তব্যে বলেছেন, বাংলাদেশের ঘৃণা ছড়ানো ইসলামিক বক্তা মাওলানা আজহারীকে ল-নে রয়েল রিজেন্সী হলে ইসলামী কনফারেন্সে আমন্ত্রণ জানানো হয়েছিল, তিনি যুক্তরাজ্যে আসার জন্য কাতারে এসে আটকে আছেন। মিজানুর রহমান আজহারী ব্রিটেনে ঢুকলে তার বক্তব্যের মাধ্যমে এখানকার শান্তিপ্রিয় বৃহৎ মুসলিম জনগোষ্ঠী ভুল তথ্য পেয়ে বিভ্রান্ত হতে পারে। অন্যদিকে আজহারীকে ব্রিটেনে নিয়ে আসতে আয়োজক, আতাউল্লাহ ফারুক একটি পিটিশন ক্যাম্পেইন শুরু করেছিলন। মিজানুর রহমান আজহারী নিজে ও তার ফেসবুকে এই সংক্রান্ত একটি বক্তব্য প্রচার করে পিটিশনে তার পক্ষে স্বাক্ষর দেওয়ার অনুরোধ জানান, সর্বশেষ সেখানে প্রায় ৩৯ হাজার মানুষ স্বাক্ষর করেন।

এই ব্যাপারে হোম অফিসের মিডিয়া এন্ড প্রেস অফিসে যোগাযোগ করা হলে তারা এই বিষয়ে কোনো তথ্য দিতে অপারগতা প্রকাশ করে। মিজানুর রহমান আজহারীর বিষয়টি নিয়ে তাদের কাছে আরো অনেকেই জানতে চেয়েছে। কিন্তু বাধ্যবাধকতা থাকায় তার কোনো তথ্য দেয়নি। আমন্ত্রণকারীদের পক্ষ থেকেও কোনো ধরনের স্বচ্ছ ধারণা না দেওয়াতে নানা রকম আলোচনা সমালোচনা চলছিল।

এখন আপনাদের আরো কাছে এবং ব্যাপক পরিসরে কাবাব কিং এর পার্শ্বে

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

Bangla Travel

JACKSON HEIGHTS NEW YORK

আপনার নিশ্চিত ভ্রমনের বিশ্বস্ত আয়োজক

আমরা IATA অনুমোদিত

আমরা ARC অনুমোদিত

KUWAIT AIRWAYS

Biman BANGLADESH AIRLINES

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

$৬৪৯+

JFK-Dhaka-JFK Return



Emirates

ETIHAD AIRWAYS

QATAR AIRWAYS

DELTA AIR LINES

AmericanAirlines

ঢাকা এয়ারপোর্টে আমাদের রয়েছে নিজস্ব Help Office
যারা ইমিগ্রেশন, লাগেজ পিকআপ সহ সকল সহযোগিতা করবে।

Mohammad B Hossain (Belal)
President & CEO



আমরা সকল এয়ারলাইন্সের টিকেট সরাসরি আমাদের অফিস থেকে ইস্যু করে থাকি।

বাংলাদেশ থেকে আসার টিকেট
সবচেয়ে কম দামে
আমাদের কাছেই পাবেন।

উত্তর আমেরিকার ট্রাভেল ব্যবসায়
সবচেয়ে অভিজ্ঞ ট্রাভেল টিম
শুধুমাত্র ডিজিটাল ওয়ান ট্রাভেল-এ
পাবেন, যারা সর্বদা আপনাদের সেবায় প্রস্তুত



আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ



কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ



পুষ্প
ট্রাভেল কনসালটেন্ট
৫ বছরের অভিজ্ঞ

7305 37th Road, Jackson Heights, NY 11372
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

Phone: 917-396-4140, 917-592-7828

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 11AM -10PM *Terms & Condition may apply. See store for details.



SPECIAL FARE

Fly to Dhaka With
Emirates Via Dubai

From

New York | Chicago
Washington | Houston
Boston | Los Angeles

718-200-2655
718-406-9745

World Tours and Travel

MD. Shamsuddin, MBA CEO

37-12 75th Street, 2nd Floor, Suite # 206
Jackson Heights, NY 11372

IJ CREATIVE SOLUTIONS
Building Brilliant Brands

১ ঘন্টায় ব্যানার
বিজনেস কার্ড এবং ফ্লায়ার
SAME DAY PICKUP

এখন জ্যামাইকাতে

আপনার ব্যবসা প্রসারে আমাদের ফ্রি পরামর্শ নিন



- ডিজিটাল ব্যানার
- বিজনেস কার্ড
- পোস্টকার্ড
- ফ্লায়ার
- ক্যালেন্ডার
- ডিজিটাল প্রিন্ট অন প্লাস্টিক বোর্ড
- সাইন
- পোস্টার
- ম্যাগাজিন
- স্টিকার প্রিন্ট
- লেমিনেশন
- টি-শার্ট
- আইডি কার্ড
- মেন্যু
- রিসিট বুক
- লেটার হেড
- ইনভাইটেশন কার্ড
- রোল আপ ব্যানার
- সাইড ওয়াক সাইন
- পাসপোর্ট ফটো

WEB DESIGN
PASSPORT PHOTOS
CONSTRUCTION JOB PROPOSAL WRITTEN



আমরা বিয়ে, জন্মদিন বিজনেস পার্টি, কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠানের ফটোগ্রাফী এবং ভিডিওগ্রাফী করি

100% BEST QUALITY


929-372-7445, 845-793-4580 www.ijcreative.solutions
159-07 Hillside Ave. Jamaica, NY 11432 callijventures@gmail.com

orderkhalilsfood /

খলিল"স ক্যাটারিং

সামার শেষের বাকি দিন গুলি হয়ে উঠুক জমজমাট
খলিল'স ফুড এর নান্দনিক ক্যাটারিং সার্ভিস দিয়ে

- ২০-২০০০ মানুষের খাবার অর্ডার নিয়ে থাকি
- সর্বাধুনিক মাসেরডিস ডেলিভারি ভ্যান
- খাবার গরম থাকে
- ১০০ ভাগ হালাল উপায়ে প্রস্তুত
- স্বাদ মাশাল্লাহ!



Khalil's Food

For order or online:
www.khalilsfood.com

Place Order:
646-763-5073
347-621-2884

PEOPLE TECH

DevOps | Scrum Master & Product Owner

(100% Scholarship for Training & Job Placement, Condition applied)

Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019

Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019

Software Testing (QA) Training & Job Placement

New York In Class Batches

Weekend Morning	Weekdays Evening
9:00 AM To 2:00 PM Selenium Starting from October 19, 2019	6:00 PM To 11:00 PM Selenium Starting from October 22, 2019

VA In Class Batches

Weekend Morning	Weekdays Evening
9:00 AM To 2:00 PM Selenium Starting from November 16, 2019	6:00 PM To 11:00 PM Selenium Starting from November 26, 2019

www.piit.us

GOLDEN AGE HOME CARE

Licensed Home Health Care Agency



HHA/ PCA Service

CDPAP Service

Skilled **Nursing**

Most Popular Home Health Care Agency

প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে
আপনজনকে সেবা দিয়ে
অর্থ উপার্জন করুন

MAKE MONEY BY SERVING
YOUR RELATIVES AT HOME
WITHOUT TRAINING

JACKSON HEIGHTS HEAD OFFICE
71-24 35th Avenue Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
831 Burke Avenue
Bronx, NY 10467
Ph: 347-449-5983
Fax: 347-275-9834

BROOKLYN OFFICE
509 Mcdonald Ave
Brooklyn, NY 11218
Ph: 347-781-2778
Fax: 917-396-4115

JAMAICA OFFICE
164-05 Hillside Ave
Jamaica, NY 11432
Ph: 718-674-6002
Fax: 917-396-4115



Email: info@goldenagehomecare.com
www. goldenagehomecare.com

Shah Nawaz MBA
President & CEO
Ph: 646-591-8396

মায়া সভ্যতার অন্দর মহলে



হাবিব রহমান

আমি অবাক বিস্ময়ে তাকিয়ে ছিলাম মায়ানদের নির্মিত পিরামিডের দিকে। ভাবছিলাম ৪০০০ বছর আগে পৃথিবীর বহু প্রান্তে মানুষ যখন সভ্যও হতে শেখেনি, স্থায়ী কোনো বাসস্থান গড়ে তোলেনি সেই সময়ে মায়া সভ্যতার লোকেরা কী করে এই ২৫-৩০ তলার সমান উঁচু স্থাপনা তৈরি করেছিল! তাদের জ্যোতির্বিদ্যা এবং ভাষা নিয়ে অগাধ জ্ঞান ছিল। তাদের নিজস্ব ক্যালেন্ডার ছিলো। তারা দিন তারিখের হিসাব রাখতো। তাদের নিজস্ব লিপি ছিলো। তারা বিভিন্ন উদ্ভিদ থেকে ঔষধ আবিস্কার করেছিলো।

আমি কিছুদিন আগে মিশর ঘুরে তাদের পিরামিডগুলো দেখে এসেছি। মিশরীয় পিরামিডের নির্মাণ শৈলী থেকে মায়ানদের পিরামিডের গঠন প্রকৃতিএকটু ভিন্ন ধরনের। এই অঞ্চলের পিরামিডগুলো মূলত সিঁড়ির ন্যায় ধাপ তৈরি করে বানানো হয়েছে। এছাড়া পিরামিডের চূড়ার আকৃতি কিছুটা চতুর্ভূজের ন্যায়। মেসো-আমেরিকান কারিগরদের অনন্য কীর্তি এই পিরামিডগুলোর অধিকাংশই ১০০০ খ্রিস্টপূর্বের দিকে নির্মিত হয়েছে। মিশরের পিরামিডগুলো নিরেট পাথর দিয়ে তৈরি হয়েছিলো। কিন্তু মায়ানদের এই পিরামিডগুলো সাধারণত মাটি বা পাথর দ্বারা নির্মিত হতো। প্রথমে তৈরি করতো একটি উঁচু চৌরোনা ঢিবি। তারপর তাতে চারপাশ দিয়ে ধাপ কেটে কেটে তারা ঢিবিটাকে ক্রমশ উপরের দিকে ছোট করে আনতো। পিরামিডটা তৈরি বয়ে গেলে মনে হতো এতটা মাথা কাটা পিরামিডের উপর তারচেয়ে ছোট আকৃতির আরেকটা মাথা কাটা পিরামিড বসিয়ে দেয়া হয়েঁছে। পরে উপরে একটা মন্দির তৈরি করা হতো। পিরামিডের গায়ে একটা সিড়ি নির্মাণ করা হতো মন্দিরে উঠার জন্য। তবে পিরামিডের বাইরের আবরণ শক্ত পাথর দ্বারা জ্যামিতিকভাবে গড়ন দেয়া হতো।

প্রাচীন মিশরেও প্রথম দিকে এভাবে ধাপ পিরামিড নির্মাণ করা হতো। তবে শেষ পর্যায়ে নির্মাণ শৈলিতে কিছুটা পরিবর্তন করে মাথায় শীর্ষ বিন্দু বিশিষ্ট পিরামিড তৈরি শুরু হয়।

গাইডের তাড়ায় সামনে এগোলাম। সে আমাদের নিয়ে গেলো পিরামিডের সামনে খোলা মাঠে। বললো, মায়ানদের বড় কোন অনুষ্ঠানের সময় সাধারণ মানুষ জমা হতো পিরামিডের সামনের এই খোলা মাঠে। আর পিরামিডের উপর দাঁড়িয়ে রাজা ভাষণ দিতেন। সে সময় লাউড স্পিকার বা অন্য কোন ইলেক্ট্রনিক যন্ত্রের ব্যবস্থা ছিলোনা। কিন্তু রাজার ভাষণ পিরামিডের স্টেপের ঢালে প্রতিফলিত হয়ে পৌছে যেন সমবেত জনতার কানে। হাজার হাজার বছর আগেও মায়ানরা কারিগরি দিক দিয়ে কত অগ্রসর ছিলো অটা তার একটা বড় প্রমান।

আমাদের আরো অবাক করে দিতে গাইড আবার তাকে অনুসরণ করতে বল্লো। আমাদের পিরামিডের সামনে দাঁড় করিয়ে গাইড একটু দূরে গিয়ে হাত তালি দিলো।

তালির আওয়াজ পিরামিডের গায়ে ধাক্কা লেগে পাখীর ডাকে ডেকে উঠলো।

গাইড জানালো এই ডাকটা স্থানীয় পাখী কোয়েটজালের। হাততালির শব্দটা পাখির ডাকে পরিণত করা তাও স্থানীয় একটি পরিচিত পাখীর- ব্যাপারটা খুব সহজ নয়। এত বছর আগেও তারা জ্ঞানে বিমানে কত উন্নত ছিলো এটা এর একটা বড় প্রমান।

গাইড জানালো, মায়ানরা ভাবের আদান-প্রদান করার জন্যে একটি ভাষার ব্যবহার করত। অদ্ভুত এবং মজাদার ছিল মায়াদের সেই ভাষার লিখিত রূপটি। তাদের কোনো বর্ণমালা ছিল না, তারা লেখার জন্যে ছবি বা চিহ্ন ব্যবহার করত। খানিকটা হায়ারোগ্লিফিক লেখা। তাদের লেখায় প্রায় ৮০০টির বেশি ছবি তারা ব্যবহার করেছিল। মায়ানদের এইসব লেখা থেকে তাদের সভ্যতা আর সংস্কৃতি সম্পর্কে অনেক কিছু জানতে পারা যায়। এছাড়াও মায়ারা গাছের বাকল দিয়ে তৈরি করা কাগজ দিয়ে বই বানাতো, সেগুলোকে বলা হয়



কোডেক্স। মায়ান সভ্যতার মাত্র ৪টি কোডেক্স উদ্ধার করা হয়েছে অক্ষতভাবে।

গাউড আরো জানায়, মায়ানদের পিরামিড নির্মাণের উদ্দেশ্যও ছিল কিছুটা বৈচিত্র্যময়। বিভিন্ন দেবতার উপাসনার মাধ্যম ছাড়াও শহরের প্রাণকেন্দ্র চিহ্নিতকরণ, মানুষ বলির পবিত্র স্থানসহ বিভিন্ন কারণে পিরামিড নির্মিত হতো। নতুন রাজার দীর্ঘায়ু এবং সফলতা কামনা করে দেবতাদের উৎসর্গ করে পিরামিড নির্মিত হতো। বিভিন্ন বিপদ-আপদে দেবতার করুণা ভিক্ষা করতে মানুষ জড়ো হতো পিরামিড প্রাঙ্গণে। স্বেচ্ছাসেবীদের বলির মাধ্যমে দেবতাকে তুষ্ট করতো পুরোহিতগণ।

ইতিহাসবিদগণের মতে, মিশরের পিরামিডের ন্যায় প্রাক-কলম্বিয়ান পিরামিডগুলো সমাধিক্ষেত্র হিসেবে ব্যবহৃত হতো না। বরং পিরামিডের অভ্যন্তরে স্থান পেত হাজারো দেবতার মূর্তি।

এই পিরামিডটি মায়ানদের বাতাস এবং বৃস্টির দেবতা কুকুলকানকে উৎসর্গ করা হয়ছে। এই দেবতার চেহারা একটি মানুষের মাথাযুক্ত একটি পালকযুক্ত সর্পের আকারে। মায়ান এলাকা ভ্রমণের সময় তাদের বিভিন্ন স্থাপত্যে এই দেবতার অনেক মুর্তি চোখে পড়েছে।

গাইড এবার আমাদের নিয়ে গেলো পিরামিডের উত্তর পাশে। দেবতার মনস্তুস্টির জন্য নরবলি দিয়ে দেহগুলো ফেলে রাখা হতো এই এলাকায়। পরবর্তীতে প্রত্নতাত্বিক খননের সময় নাকি এই এলাকায় প্রচুর নরকঙ্কালের সন্ধান পাওয়া যায়।

মায়া সভ্যতার মত মিশরীয় সভ্যতার ইতিহাস ঘাটলেও নরবলির সন্ধান পাওয়া যায়। প্রাচীন কালেও তারা অনেক উন্নত ছিলো। তারপরেও নরবলির মত এমন জঘন্য কর্মকান্ডে কেন তারা নিয়োজিত থাকতো তা আমার বোধগম্য হয়নি কখনও। বিশ্বের ইতিহাসে বিভিন্ন সময় বিভিন্নভাবে নরবলি দেয়া হয়েছে। যা কলঙ্কিত করেছে মনুষ্যত্বকে। কিছুদিন আগেও পত্রিকায় পড়েছিলাম প্রাচীন ইতালীর বেশ সম্পদশালী ও ক্ষমতাবান এট্রুস্কান সভ্যতার কথা। টুস্কানি, পশ্চিম আম্ব্রিয়া ও উত্তর লাজিওতে ছিলো তাদের বসবাস। মূলত কৃষিকাজ ও ব্যবসা-বাণিজ্যের মাধ্যমেই জীবিকা উপার্জন করতো তারা। কার্থেজ ও গ্রীসের সঙ্গে তাদের বাণিজ্যিক সুসম্পর্ক বজায় ছিলো। পাশাপাশি বিভিন্ন খনিজ দ্রব্যও তাদের অর্থনীতির চাকাকে সচল রাখতে উল্লেখযোগ্য ভূমিকা পালন করতো।

এমন একটি সভ্যতার মাঝেও যে নরবলির মতো বিষয়টি প্রচলিত থাকবে, তা অনেক ইতিহাসবিদই মানতে চান নি। তবে ইউনিভার্সিটি অব মিলানের একদল প্রত্নতত্ত্ববদের গবেষণায় সেটারও প্রমাণ পাওয়া গিয়েছিলো। টার্কুইনিয়াতে তারা এমন কিছু বলি দেয়া মানুষের কবরের সন্ধান পেয়েছিলেন। এদের মাঝে ছিলো শিশু ও প্রাপ্তবয়স্করা যারা অসুস্থ, নিম্ন সামাজিক মর্যাদাসম্পন্ন কিংবা ভিনদেশি ছিলো।

গাইড মায়ানদের নরবলি নিয়ে বেশ বড়সড় একটা লেকচার দিচ্ছিল। আমার তা শুনতে মোটেও ভালো লাগছিলনা। তার লেকচার যেন কানে না আসে এজন্য সরে গিয়ে দূরে একটি গাছের ছায়ার নীচে গিয়ে দাঁড়ালাম।





জাতিসংঘে রাষ্ট্রদূত রাবাব ফাতিমা

"স্বল্পোন্নত দেশগুলোর জন্য আনক্লজ হতে পারে সমুদ্রের অপরিসীম সম্পদ ও সুযোগে প্রবেশের পথ"

নিউইয়র্ক: "সমুদ্রের বিস্তীর্ণ এলাকার অনাবিষ্কৃত সম্পদের মাধ্যমে স্বল্পোন্নত দেশসমূহের এক বিলিয়নেরও বেশি মানুষের জীবন ও জীবিকায় রূপান্তরধর্মী পরিবর্তন আনা সম্ভব। তাই সমুদ্র আইন সম্পর্কিত জাতিসংঘ কনভেনশন (আনক্লজ) সত্যিকার অর্থেই হতে পারে এসকল মানুষের জন্য সমুদ্র-সুযোগকে কাজে লাগানোর পথ"।

গত ১৬ নভেম্বর মঙ্গলবার স্বল্পোন্নত দেশ, ভূবেষ্টিত স্বল্পোন্নত দেশ ও ক্ষুদ্র উন্নয়নশীল দ্বীপ রাষ্ট্রসমূহের জন্য আনক্লজ প্রদত্ত সুযোগ-সুবিধার বিষয়ে আন্তর্জাতিক সমুদ্র-তলদেশ কর্তৃপক্ষ আয়োজিত উচ্চ পর্যায়ের এক সভায় প্রদত্ত বক্তৃতায় একথা বলেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত রাবাব ফাতিমা।

স্বল্পোন্নত দেশগুলো বিশ্বের সবচেয়ে সীমাবদ্ধ সম্পদের অর্থনীতিভুক্ত দেশ মর্মে উল্লেখ করে স্থায়ী প্রতিনিধি তাদের জন্য গভীর সমুদ্রের বিভিন্ন সুযোগ-সুবিধা বিশেষ করে মহা-সমুদ্রে বৈজ্ঞানিক গবেষণা, সক্ষমতা বৃদ্ধি ও সমুদ্র-সম্পদ অনুসন্ধানের জন্য সমুদ্র-প্রযুক্তিতে প্রবেশ ইত্যাদি ক্ষেত্রে ন্যায্য অংশীদারিত্ব নিশ্চিত করতে আন্তর্জাতিক সমুদ্র-তলদেশ কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, রাষ্ট্রদূত ফাতিমা ২০২২ সালের জানুয়ারী মাসে দোহা'তে অনুষ্ঠিতব্য এলডিসি-৫ কনফারেন্সের প্রস্তুতিমূলক কমিটির যৌথ সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন। দোহা সম্মেলনের 'প্রোগ্রাম অব অ্যাকশন-এ সন্নিবেশনের জন্য সমুদ্রের উপর জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব বিষয়ক যে খসড়া তৈরি করা হয়েছে তার উদাহরণ টেনে রাষ্ট্রদূত ফাতিমা বলেন, বিভিন্ন ধরণের দূষণ সামুদ্রিক খাদ্যজাল ও বাস্তুতন্ত্রের ভারসাম্যকে মারাত্মকভাবে ব্যাহত করছে। এ প্রেক্ষাপটে মহা-সমুদ্রে দূষণ ও অনিয়ন্ত্রিত কার্যকলাপ মোকাবিলায় বৈশ্বিক প্রচেষ্টা আরও বৃদ্ধি করার প্রয়োজনীয়তার উপর জোর দেন তিনি।

গমুদ্র জগতের নতুন ও উদীয়মান সম্ভাবনাসমূহে স্বল্পোন্নত দেশগুলোর নারী ও যুবদের আরও বেশি প্রবেশের সুযোগ প্রদানের জন্য ক্ষেত্র তৈরি করার আহ্বান জানান বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি।

উচ্চ পর্যায়ের এই ইভেন্টটির সঞ্চালক ছিলেন আন্তর্জাতিক সমুদ্র-তলদেশ কর্তৃপক্ষের মহা-সচিব মাইকেল ডব্লিউ লজ। এলডিসি'র সভাপতিসহ সদস্য দেশসমূহের উল্লেখযোগ্য সংখ্যক রাষ্ট্রদূত ইভেন্টটিতে অংশগ্রহণ করেন। -প্রেস বিজ্ঞপ্তি।

ইসলামাবাদে যেন ডাকাতি উৎসব

ঢাকা ডেস্ক, ২১ নভেম্বর : পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে একজন সিনেটরের বাড়িসহ ১১টি স্থানে চুরি ও ডাকাতি হয়েছে। এ সময় তারা ৩০ লাখ রুপি, স্বর্ণালঙ্কারসহ মূল্যবান জিনিসপত্র লুটে নেয়। এ খবর দিয়েছে অনলাইন ডন। পুলিশ বলেছে, ডাকাতের একটি দল পাকিস্তান মুসলিম লিগ-নওয়াজের (পিএমএলএন) সিনেটর নুজহাত সাদিকের এফ-১০/১ নম্বর বাসায় হামলা চালায়। সেখান থেকে নগদ অর্থ ও মূল্যবান সম্পদসহ কমপক্ষে ৩০ লাখ রুপির সম্পদ লুটে নেয়। এ সময় ওই সিনেটর শহরের বাইরে ছিলেন।

ডাকাতরা তার বাড়ি ঘিরে ফেলে এবং তার স্বামী, তিন কর্মচারীকে অস্ত্রের ভয় দেখিয়ে জিম্মি করে। এরপর ডাকাতদের তিনজন নগদ অর্থ ও মূল্যবান জিনিসপত্র খুঁজতে সবকিছু এলোমেলো করে। অন্যদিকে আরেকদল ডাকাত ন্যাশনাল পুলিশ ফাউন্ডেশনের একটি বাসা থেকে নগদ অর্থ ও মূল্যবান জিনিসপত্র লুট করে।

এর মূল্য কমপক্ষে দুই লাখ রুপি। পুলিশ বলেছে, দুই অস্ত্রধারী আসাদ আব্বাসের বাড়ি ঘেরাও দেয়। বাসার লোকজনকে অস্ত্রের ভয় দেখিয়ে জিম্মি করে একটি মোটরসাইকেলসহ সব লুটে নেয়। অন্যদিকে আই-৮/৪ নম্বরে এক নারীর বাসা থেকে দুই ডাকাত নগদ অর্থ ও স্বর্ণালঙ্কার লুটে নেয়। এর মূল্য প্রায় আড়াই লাখ রুপি।



মিথ্যা:

~~আমি ইতোমধ্যেই COVID-19 এ আক্রান্ত হয়েছি, আমি সম্পূর্ণ সুরক্ষিত।~~

সত্য:

টিকাকরণ মারাত্মক রোগ, হাসপাতালে ভর্তি, মৃত্যু এবং নতুন ভ্যারিয়েন্টের হাত থেকে শক্তিশালী এবং দীর্ঘ স্থায়ী সুরক্ষা প্রদান করে।

COVID-19 টিকা জীবন বাঁচায়।
টিকা নিন।

আরো তথ্যের জন্য, NYC.GOV/COVIDVACCINE ভিজিট করুন।

NYC VACCINE FOR ALL:
SAFE, FREE, EASY

NYC Health
Bill de Blasio
মেয়র
Dave A. Chokshi, MD, MSc
কমিশনার

সাহিত্যসাময়িকী

গাছ
নাসরীন নঈম

আমাকে আমার মতো বুঝতে এখন
আছে শুধু একটি গাছ
সবুজ হলুদ পাতা দিয়ে লেখা
ওর বুকে আমার নাম ।
তাইতো সেদিন পেলাম না হাতে
ডাকনামে লেখা চিঠির খাম ।

দুচোখের মনি আমার ঘষাকাঁচ
হৈ হুল্লোড়ের সময় নেই
আর কোনো কাগজ কলম নয়
সাথে থাকুক অদেখা পৃথিবীর
পিঙ্গল অগ্নি পাঠ
তুমি সেই খাক হয়ে যাওয়া গাছ ।

সময়, সীবন
শঙ্খশুভ্র পাত্র

ফেসবুকে বেশ সুখে থাকা দায় কেন না ইমেল
কবিতা আহ্বান করে । ছাপা হলে দিতে অপারগ
প্রিয় সৌজন্যসংখ্যাটি । এমন হিসেবী সম্পাদক
আমি ভূ-ভারতে দেখি নাই, প্রভু । ফলত হিমেল,

এই হেমন্ত-হাওয়ায় 'মা ফলেষু কদাচন' স্থির|
প্ররোচনা ভুলে আমি রচনাকে করজোড়ে ডাকি:
সে কি আসে? নিজের ভিতরে এক আচাভূয়া পাখি
সম্পাদনা-বেদনায় হয়ে ওঠে আলোকিত তীর|

তিরবিদ্ধ হলে মন- সৌজন্য-শ্রীসুজনেষু, খাঁটি ।
লেখাটি পাঠাই আর একা-একা হিমকুয়াশায়
শিশিরপাতের মতো- কোনও এক অচিন আশায়
বসে থাকি নিঝ্ ঝুম... যেমন আঁধার জুড়ে মাটি ।

ফেসবুকে বেশ সুখে থাকা দায়- কেন না জীবন
নকশি কাঁথার মতো- দাবি করে সময়, সীবন..



দ্বিপদী
চন্দনকৃষ্ণ পাল

১.
দিন ভালো হোক, হাসি ফিরুক চাইছি শুধু এই,
দিন শুরু হোক আবার তোমার দাঁতের ঝিলিকেই ।
২.
কুয়াশার আয়োজনে দেখি তার মুখ
হয়তো বা ঝাপসাই, তবু এটা সুখ ।
৩.
তার চোখে জলবিন্দু আমাকে উতলা করে খুব
ভাবি আর দুঃসহ স্মৃতির সাগরে দিই ডুব ।
৪.
মধুময় হাসি তার মুছে গেছে কি কারনে জানি
বিষণ্ন প্রতিমা এক, মেঘে মেঘে ঢাকা মুখখানি ।
৫.
সোনায় মোড়ানো বিকেলে তুমি তো নেই
স্মৃতির কুয়াশা রেখেছো যে আড়ালেই ।
৬.
গাছ কেটে সব করছো সাবাড় ভরাট করছো জলাভূমি
দেখতে তোমায় মানুষ লাগে আসলে কি মানুষ তুমি?
৭.
মরুকরণ হচ্ছে এদেশ ঝড় ঝঞ্ঝা বন্যা খরা
তোমার মতো অমানুষেই আজকে ভরা বসুন্ধরা ।
৮.
গলছে বরফ বাড়ছে সাগর উপকূলে বাড়ছে ভীতি
মানুষ হয়ে জন্ম নিয়েও কোথায় ভালোবাসা প্রীতি?
৯.
পরিবেশকে ধ্বংস করে আনছো মরণ কাছে ডেকে
খুব দেরি নেই প্রকৃতিটা দেবেই মৃত্যু তিলক এঁকে ।
১০.
মানুষ ভেবে তাকিয়ে দেখি তুমি একটা যন্ত্র
টাকা দিন আর টাকা রাত্রি এটাই তোমার মন্ত্র ।

অলখে অমল আলো
পারভীন শাহনাজ

কে যেন ঘুমের ভেতর ছড়িয়ে দেয়
মুঠিমুঠি স্বপ্নের নরম পালক
কে যেন নির্ঘুম রাতে মায়াভরা চোখে
চেয়ে থাকে নির্ভার অপলক
কে যেন লিখে রাখে নীলখামে অনাগত
সুদিনের গান
কে যেন ফিসফিস করে কানেকানে বলে
তোমার জন্য আনবোই আলোময়
সোনালি অঘ্রান
কে যেন হেঁটে যায় দৃঢ়পায়ে
পদচিহ্ন এঁকে সময়ের কঠিন শিলায়
কে যেন বলে চোখ মোছো
ভুল গুলো ছুড়ে ফেলো পথের ধুলায় ।

দুঃখ ফুলের মধুঘ্রাণ
মহিবুর রহিম

লাগিয়ে দিয়েছি অন্তহীন দুঃখের চারাগাছ
তাকে দোলা দিচ্ছে হৃদয়ের মুক্তমনা বাতাস

রক্ত সেঁচে জল সিঞ্চন করেছি বাগানে
সেখানে প্রতিদিন স্বপ্নের পাখিরা গান করে

আশীর্বাদের মতো রোদ ঝরে পড়ে গাছে গাছে
আর আমার আশা তাদের সযত্ন পাহারা দেয়

এই উন্মুক্ত হৃদয় হাওর মাঠ দুখের দিগন্ত
আমাকে দেয় অন্তহীন স্বপ্নের মায়াফল

বুক ভরে রাখি কতো কষ্ট নদীর কলতান
অরূপ তৃষ্ণা জুড়ায় আমার দুঃখফুলের মধুঘ্রাণ ।

বর্ণমালা
এইচ বি রিতা

কিছু বর্ণমালা চাই, একেবারে নতুন
আমি চাই ওরা আমার ধ্বনিকে প্রতিনিধিত্ব করুক
এমন কিছু সংযোজন
যা অতীত ইতিহাসে লিপিবদ্ধ হয়নি ।
যেমন ধরুন, একটি চিৎকার
সাধারণ কোন চিৎকার নয়,
অসাধারণ ধ্বনিতে উচ্চারিত হবে
সে চিৎকার
সে ধ্বনি প্রতিধ্বনিত হতে থাকবে লাগাতার এক যুগ
কিংবা তারও বেশী ।
এমন চিৎকারে বুকের হাড়ে চির ধরবে
শরীর হতে রোঁয়া ঝরে পড়বে
সবুজ মরে গিয়ে চারদিকে
নীলে নীলে কালো হয়ে যাবে
মাতৃস্তনে দুধ জমাট বেঁধে ব্যথায় টনটনিয়ে উঠবে
শিশ্নধারী শুয়োরগুলো প্রসব বেদনায়
পানি ভাঙ্গার আগেই নিস্তেজ হয়ে যাবে ।
তারপর,
পৃথিবী হতে সকল চিৎকারের অবসান হবে ।



ঢাকার সিনেমায় একঝাঁক নতুন মুখ

এমদাদুল হক মিলটন: সময়ের পালাবদলে রুপালি পর্দায় আসছে নতুন নতুন মুখ। কেউ কেউ সুঅভিনয় দিয়ে রাখছেন সফলতার স্বাক্ষর, পাচ্ছেন দর্শকের প্রশংসা। আবার অনেকেই রয়েছেন অভিষেকের অপেক্ষায়। চলচ্চিত্রে নতুন মুখের অভিনেত্রীদের নিয়ে এ আয়োজন।

নতুন মুখের জয়জয়কার সর্বত্র। প্রতিবছরই চলচ্চিত্রেও যুক্ত হচ্ছে নতুন নতুন মুখ। এ মাধ্যমে নতুন শিল্পীর জন্য বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন সংস্থার উদ্যোগে ১৯৮৪ ও ১৯৮৮ সালে আয়োজন করা হয়েছিল 'নতুন মুখের সন্ধানে' প্রতিযোগিতার। চলচ্চিত্রাঙ্গনের জনপ্রিয় শিল্পী মান্না, দিতি, মিশা সওদাগর, অমিত হাসান, আমিন খানসহ অনেকেই এ প্রতিযোগিতার মাধ্যমে উঠে এসেছেন। এরপর প্রতিযোগিতাটি বন্ধ থাকায় কয়েক বছর নতুন শিল্পীর সংকট দেখা দেয়। দর্শক যখন পুরোনো কিছু মুখ দেখতে দেখতে ক্লান্ত, তখন নব্বই দশকের শুরুতে একে একে আসতে থাকেন নতুন শিল্পীরা। পরে বিভিন্ন রিয়েলিটি শো থেকেও মিডিয়া উপহার পেয়েছে কিছু নতুন মুখ।

বর্তমানে নতুন ধারার ছবির নির্মাণ শুরু হয়েছে। গল্পের বাঁকবদলের পালায় তৈরি হচ্ছে নতুন ছবি। ক্রমেই বাড়ছে নতুন মুখের সংখ্যা। নতুনদের মধ্যে কারও কারও চলচ্চিত্রে অভিষেক হয়েছে। আবার অনেকের ছবি রয়েছে মুক্তির অপেক্ষায়। এর মধ্যে কেউ কেউ আলোচনায়ও এসেছেন। তাদের মধ্যে একজন ২০১৮ সালে 'মিস ওয়ার্ল্ড বাংলাদেশ'-এ চ্যাম্পিয়ন জান্নাতুল ফেরদৌস ঐশী। এরই মধ্যে 'মিশন এক্সট্রিম', 'মিশন এক্সট্রিম ট', 'আদম' ও 'রাতজাগা ফুল' নামে চারটি ছবির শুটিং শেষ করেছেন তিনি।

এ ছাড়া হাতে রয়েছে 'নূর' নামে একটি সিনেমা। অন্যদিকে ৩ ডিসেম্বর মুক্তি পাচ্ছে তার প্রথম ছবি 'মিশন এক্সট্রিম'। সানী সানোয়ার ও ফয়সাল আহমেদের পরিচালনায় ছবিতে তাকে দেখা যাবে তারকা অভিনেতা আরিফিন শুভর বিপরীতে। ঐশী বলেন, 'অপেক্ষার পালা শেষ। প্রথম ছবির মুক্তির বেশি দিন বাকি নেই। অবশেষে দর্শকের সামনে হাজির হতে যাচ্ছি ভেবে ভালোই লাগছে। আশা করছি, দর্শক নতুন এক ঐশীকে আবিষ্কার করবেন।' মঞ্চ ও টেলিভিশনের গুণী অভিনয়শিল্পী মোমেনা চৌধুরীর মেয়ে নভেরা রহমান। তার অভিনীত ছবি'ওরিকশা গার্ল্স মুক্তির অপেক্ষায় রয়েছে। অমিতাভ রেজা চৌধুরীর পরিচালনায় নির্মিত এ ছবিতে তাকে দেখা যাবে সমাজের একেবারে নিম্নবিত্ত পরিবারের এক মেয়ের ভূমিকায়, যার নাম নাঈমা। সে গ্রামের বিভিন্ন আয়োজনে আলপনা এবং রংতুলি দিয়ে নকশা তৈরি করে। কিন্তু একদিন বাবার অসুস্থতার কারণে নিজের স্বপ্নের জগৎ ছেড়ে তার আসতে হয় কঠিন বাস্তবতায়। এর আগে বেশ কিছু চলচ্চিত্র ও তথ্যচিত্রে ক্যামেরার পেছনে কাজ করেছেন নভেরা। অভিনয় করেছেন রুবাইয়াত হোসেনের 'মেড ইন বাংলাদেশ' ছবিতে।

সুনেরাহ বিনতে কামালের শুরু নাচ শেখার মধ্য দিয়ে। মাত্র আড়াই বছর বয়সে বুলবুল ললিতকলা একাডেমিতে নাচ শেখেন তিনি। এ ছাড়া থিয়েটারেও অভিনয় করেছেন। চলচ্চিত্রে আসেন স্টার সিনেপ্লেক্স প্রযোজিত ছবি 'ন ডরাই'-এর মাধ্যমে। তিনি তার অভিষেক চলচ্চিত্রে [২০১৯] অভিনয় করে শ্রেষ্ঠ অভিনেত্রী বিভাগে জাতীয় চলচ্চিত্র পুরস্কার অর্জন করেন। তামিম রহমান অংশু পরিচালিত এ ছবি দিয়ে নিজের জাত চিনিয়েছেন এই মডেল অভিনেত্রী।



মডেল ও অভিনেত্রী দিলরুবা দোয়েল। তবে শোবিজে অঙ্গনে দোয়েল ম্যাশ নামেই পরিচিত। দেশের একটি পত্রিকার কাভারের মাধ্যমে ২০১৪ সালে মিডিয়ায় তার পথচলা শুরু। এরপর বড় ধারাবাহিক, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র ও মিউজিক ভিডিওতে অভিনয় করেছেন এই অভিনেত্রী। নাসির উদ্দীন ইউসুফের 'আলফা' দিয়েই বড় পর্দায় অভিষেক হয় তার। সম্প্রতি মুক্তি পেয়েছে তার অভিনীত ছবি 'চন্দ্রাবতী কথা'। এতে তিনি অভিনয় করেছেন ষোড়শ শতকের কবি চন্দ্রাবতী চরিত্রে। এ ছাড়া 'আজব কারখানা' ও 'ক্যাসিনো' চলচ্চিত্রের কাজ শেষ করেছেন। অন্যদিকে আসছে ১০ ডিসেম্বর মুক্তি পাবে নূরুল আলম আতিকের 'লাল মোরগের ঝুঁটি'। স্বাধীনতার ৫০ বছর পূর্তির এই সিনেমায় দোয়েলের সহশিল্পী আশীষ খন্দকার, আহমেদ রুবেল, জয়রাজ, জ্যোতিকা জ্যোতি, আশনা হাবিব ভাবনা প্রমুখ। 'লাল মোরগের ঝুঁটি' সিনেমায় কাজ করে দারুণ উচ্ছ্বসিত দোয়েল। নিজের চলচ্চিত্র যাত্রা নিয়ে তিনি বলেন, 'বড় পর্দায় আমার প্রথম কাজ শুরু 'আলফা' চলচ্চিত্রে। প্রথম ছবি দিয়ে দর্শকের ভালোবাসা পেয়েছি। শুধু চলচ্চিত্রে নয়, কাজ করেছি নানা মাধ্যমে। কিছুদিন আগে 'চন্দ্রাবতী কথা' মুক্তি পেয়েছে। দর্শক এ ছবিও পছন্দ করেছেন, যা আমার এগিয়ে চলার পথ মসৃণ করেছে। আগামীতে ভালো ভালো কাজ নিয়ে দর্শকের সামনে হাজির হতে যাচ্ছি।'

'পদ্মাপুরাণ' দিয়ে আলোচনায় এসেছেন সাদিয়া আফরিন মাহি। যেখানে সাদিয়া মাহির অভিনয় মুগ্ধতা ছড়িয়েছে। সম্প্রতি রাশিদ পলাশ পরিচালিত এ ছবির মাধ্যমে বড় পর্দায় অভিষেক হয়েছে তার। চরিত্রের প্রয়োজনে ন্যাড়াও হয়েছিলেন তিনি। ২০১৪ সাল থেকে পেশাদার মডেল হিসেবে কাজ শুরু করেন সাদিয়া মাহি। 'কবর' নামে একটি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র ও কিছু বিজ্ঞাপনেও কাজ করেন তিনি। নিশাত নাওয়ার সালওয়া ২০১৮ সালে 'মিস ওয়ার্ল্ড বাংলাদেশ' প্রতিযোগিতায় অংশ নিয়ে সবার নজর কাড়েন। নিজের মেধা ও যোগ্যতার পরিচয় দিয়ে উঠে আসেন ফাইনালের মঞ্চে। কিন্তু একটুর জন্য ভাগ্যদেবী সহায় না হওয়ায় চ্যাম্পিয়ন হতে পারেননি। হন প্রথম রানারআপ। কিন্তু থেমে থাকেননি। মনোনিবেশ করেছেন চলচ্চিত্রে। তার অভিনীত প্রথম ছবি 'স্বপ্নে দেখা রাজকন্যা'। এতে তার নায়ক 'হ্যান্ডসাম দ্য আলটিমেট ম্যান' দ্বিতীয় আসরের চ্যাম্পিয়ন আদর আজাদ চৌধুরী। এটি পরিচালনা করেছেন মোস্তাফিজুর রহমান মানিক। কোনো আপত্তি ছাড়াই সেন্সর বোর্ড থেকে ছাড়পত্র পেয়েছে তার অভিনীত এ ছবি। এখন পর্যন্ত কোনো ছবি মুক্তি না পেলেও তিনি শুটিং করছেন চতুর্থ ছবির। 'এই তুমি সেই তুমি', 'বীরত্ব' ও 'বুরজান' ছবি রয়েছে তার হাতে। সালওয়া বলেন, 'এখন সেই মুহূর্তটার অপেক্ষা- সিনেমা হলের বিশাল পর্দায় নিজেকে দেখতে পাব। ভাবতেই নার্ভাস লাগছে। মুহূর্তটা কাছাকাছি আসছে। জানি না, করোনাকাল চলছে, কবে কোন ছবি মুক্তি পাবে। প্রতিটি ছবিতেই ভিন্নরূপে দর্শক আমাকে দেখতে পাবেন। বাবার উৎসাহে শিশুশিল্পী হিসেবে তিনি থিয়েটারে কাজ শুরু করেন। ২০১৭ সালে 'সুপার মডেল বাংলাদেশ' প্রতিযোগিতায় বিজয়ী হন তিনি। এরপর পাঁচটি সুন্দরী প্রতিযোগিতায় অংশ নিয়েছেন এই অভিনেত্রী।

উপস্থাপনা দিয়ে ক্যারিয়ার শুরু করেছেন মিতু। ২০১৯ সালে সুপারস্টার শাকিব খানের বিপরীতে 'আগুন' ছবিতে অভিনয়ের সুযোগ পান তিনি। ছবির কিছু অংশের কাজ এখনও বাকি। এরপর তিনি কলকাতার তারকা নায়ক দেবের বিপরীতে 'কমান্ডো' ছবিতেও চুক্তিবদ্ধ হয়েছেন। করোনার পর কাজ আটকে আছে। এ ছাড়া তার হাতে রয়েছে কাজী হায়াতের পরিচালনায় অনুদানের ছবি 'জয় বাংলা' ও অপূর্ব রানার পরিচালনায় 'যন্ত্রণা'। নতুন ছবির জন্যও প্রস্তুতি নিচ্ছেন তিনি।

রাশিদা জাহান মুক্তা। চলচ্চিত্রে শালুক নামেই তার পরিচিতি। ছোটবেলা থেকে নাচ ও আবৃত্তি করতেন তিনি। ২০১৮ সালে নায়লা আজাদ নূপুরের কাছে অভিনয় শিখেছেন। সেখান থেকেই ভিজ্যুয়ালে কাজ শুরু। প্রথম অভিনয় করেন রাজীল ইসলাম রাজীবের 'এখানে প্রেম আছে' নাটকে। বর্তমানে তিনি অভিনয় করছেন শাপলা মিডিয়ার 'দানব মানব' ছবিতে। এটি পরিচালনা করছেন বজলুর রাশেদ চৌধুরী। এতে তার বিপরীতে অভিনয় করছেন কলকাতার অভিনেতা বনি সেনগুপ্ত।

শালুক বলেন, 'ছোট পর্দা দিয়ে অভিনয় শুরু করলেও সব সময়ই সিনেমায় অভিনয়ের স্বপ্ন দেখেছি। ওভিসির কাজ করতে করতেই সিনেমার খোঁজ পাই। তারপর অডিশন দিলাম। অডিশন দিয়েই সিলেক্ট হয়ে গেলাম। এর পরের যাত্রা তো সবারই জানা। নতুন অনেক ছবির এখন প্রস্তাব পাচ্ছি। তবে এ মুহূর্তে সবাইকে 'না' বলতে হচ্ছে। প্রথম ছবির মুক্তির পরই নতুন ছবিতে অভিনয়ের ব্যাপারে সিদ্ধান্ত নেব।' সাইফ চন্দনের 'উস্তাদ' ছবি দিয়ে চলচ্চিত্রে আগমন ঘটে উষ্ণ হকের।

এ ছাড়া সাদিয়া নাবিলা, সূচনা আজাদ, প্রিয়মণি, জান্নাতুন নুর মুন, তাহমিনা অথৈ, তাহুয়া লাভিব তুরা, শার্লিন ফারজানা, তানিন তানহা, তাসনোভা তামান্না, আফিয়া তাবাসসুম, নাজিরা মৌ, রিকিতা নন্দিনী, নুসরাত জাহান জেরী, আরিয়ানা জামান নতুন মুখ হিসেবে আলোচনায় এসেছেন।

এক যুগের ক্যারিয়ারে প্রথমবার প্লে-ব্যাক করলাম-আর্নিক

বিনোদন ডেস্ক: সংগীতে এক যুগের ক্যারিয়ার পার করেছেন চলতি প্রজন্মের সুকণ্ঠি গায়িকা নাদিদজা সুলতানা আর্নিক। এই সময়ে অডিওতে তার বেশ কিছু গান প্রশংসিত হয়েছে। পাশাপাশি স্টেজ, টিভি অনুষ্ঠানসহ অন্য মাধ্যমগুলোতেও সরব ছিলেন তিনি। তবে ১২ বছরের ক্যারিয়ারে এই প্রথম চলচ্চিত্রে প্লে-ব্যাক করলেন এ গায়িকা। বজলুর রাশে চৌধুরী পরিচালিত 'মানব দানব' ছবিতে গান গেয়েছেন আর্নিক। গানটি লিখেছেন পরিচালক।



আর সুর ও সংগীতায়োজন করেছেন শামীম মাহমুদ। দ্বৈত এ গানটিতে আর্নিকের সঙ্গে কণ্ঠ দিয়েছেন চলতি প্রজন্মের জনপ্রিয় সংগীতশিল্পী ইমরান মাহমুদুল। প্রথমবার প্লে-ব্যাক করা হলো।

অভিজ্ঞতা ও অনুভূতি কেমন? আর্নিক বলেন, এক যুগের ক্যারিয়ারে প্রথমবার প্লে-ব্যাক করলাম। দেরিতে হলেও বেশ ভালো একটি গান দিয়ে সিনেমার গানে আমার যাত্রাটা শুরু হলো। ভালো লাগাটা এখানেই। গানটির কথা-সুর সব কিছুই আমার মনে ধরেছে।

সিনেমার জন্য একদম পারফেক্ট একটি গান। এ ছবিতে অভিনয় করছেন ওপার বাংলার বনি সেনগুপ্ত ও বাংলাদেশের শালুক। তাদের লিপেই থাকবে গানটি। আমার বিশ্বাস এটি ভালো লাগবে সবার। এর বাইরে কাজের কি অবস্থা? এ গায়িকা বেশ আত্মবিশ্বাসের সুরে বলেন, একেবারে ভিন্নধর্মী একটি গান করেছি সম্প্রতি। টিকটক নিয়ে গান করেছি। কাশতান হাবিবের কথায় এর সুর ও সংগীত করেছেন আদিব কবির। এ গানটির ভিডিও পরিচালনা করবেন সোহেল রাজ। এ মাসেই এর শুটিং হবে। এটি একটি টিকটক কাঁপানো গান হবে বলে আশা করছি। এর বাইরে নতুন গান করছি, কাভার করছি নিজের ইউটিউব চ্যানেলের জন্য। নতুন কর্মক্ষেত্রেও যুক্ত হয়েছেন।

সে সম্পর্কে জানতে চাই। এ গায়িকার উত্তর- একটি কোম্পানির ব্র্যান্ড ম্যানেজার হিসেবে যুক্ত হয়েছি। এই কোম্পানিটি চট্টগ্রামকেন্দ্রিক। খুব ভালো চলছে এখানে কাজ।

স্টেজ শো কি শুরু করেছেন? আর্নিক উত্তরে বলেন, কোভিডের কারণে স্টেজ বন্ধ ছিল মধ্যে। এখন আবার শুরু হয়েছে। আমিও করছি। সবশেষ ১৩ নভেম্বর ভারতীয় হাই কমিশনে দীপাবলির অনুষ্ঠানে গেয়েছি। খুব ভালো একটি অভিজ্ঞতা ছিল।

সামনের পরিকল্পনা কি? আর্নিক বলেন, মহামারির পর আবারো কাজ নিয়ে ব্যস্ত হতে পেরে আমি অনেক আনন্দিত। কাজের পাশাপাশি মেয়েকে সময় দিচ্ছি। আমার মেয়ে যেন মাকে সফল ব্যাক্তি হিসেবে দেখতে দেখতে বড় হয় এবং নিজের জীবনেও সফল হতে পারে সেটাই

ভাবিনি একদিন একা হয়ে যাব




বিনোদন ডেস্ক: কলকাতার জনপ্রিয় নায়িকা রচনা ব্যানার্জি কঠিন সময়ের মধ্য দিয়ে যাচ্ছেন। কয়েক দিন আগে বাবাকে হারিয়ে তার পারিবারিক জীবনে বিপর্যয় নেমে এসেছে। রচনা ব্যানার্জির বাবা রবীন্দ্রনাথ ব্যানার্জি দীর্ঘদিন বার্ধক্যজনিত সমস্যায় ভুগে গত ১৫ নভেম্বর সোমবার ৮৪ বছর বয়সে মারা যান। হঠাৎ বাবার প্রয়াণ মেনে নিতে পারছেন না এ অভিনেত্রী।

সামাজিক যোগাযোগ মাধ্যমে নিজের বাবার ছবি পোস্ট করে রচনা লেখেন, আমার বাপি...ভাবিনি একদিন একা হয়ে যাব। ভাবিনি তুমি চলে যাবে। এখনো অনেকগুলো বছর তোমাকে ছাড়া কাটাতে হবে। তোমার আশীর্বাদ আমাদের সঙ্গে আছে, আমি জানি। থাকবে.... থাকতে হবে। তুমি ভালো থেকো বাপি।

রচনার বাবা তার 'বন্ধু' ছিলেন। সারা জীবন পেছনে থেকে তিনি তার তারকা-কন্যার ভালো-মন্দ সামলেছেন। পরামর্শ দিয়েছেন তাকে। তাই বাবা ছাড়া রচনা দিশাহীন। বাবার দেখিয়ে দেওয়া পথেই আগামী দিনে হাঁটবেন- এমনটাই বার্তা অভিনেত্রীর। রচনাকে দীর্ঘদিন বড় পর্দায় দেখা না গেলেও 'দিদি নম্বর ওয়ান'র উপস্থাপনায় দেখা গেছে। সেখানে নারীদেরকে সাহস জোগালেও এখন তিনি নিজেকেই একা অনুভব

যমজ সন্তানের মা হলেন প্রীতি জিনতা

বিনোদন ডেস্ক: যমজ সন্তানের মা হলেন প্রীতি জিনতা। সারোগেসি (গর্ভভাড়া) পদ্ধতির মাধ্যমে মা হয়েছেন বলিউডের এই অভিনেত্রী। বৃহস্পতিবার (১৮ নভেম্বর ২০২১) স্বামী জেনে গুডেনাফের সঙ্গে তোলা একটি ছবি শেয়ার করে মা হওয়ার বিষয়টি নিজেই নিশ্চিত করেছেন প্রীতি জিনতা। মা হওয়ার সুসংবাদটি দিয়ে প্রীতি তার পোস্টে লিখেছেন, আজ আমি সকলের সঙ্গে একটি আনন্দের খবর শেয়ার করতে চাই। আমি এবং জেন আমাদের যমজ



সন্তানকে স্বাগত জানিয়েছি। যাদের একজনের নাম জয় জিনতা গুডেনাফ ও আরেকজনের নাম জিয়া জিনতা গুডেনাফ। আমাদের জীবনের নতুন এই অধ্যায়টি নিয়ে আমরা বেশ উচ্ছ্বসিত। এই অবিশ্বাস্য যাত্রার অংশ হওয়ার জন্য চিকিৎসক, নার্স এবং আমাদের সারোগেটকে আন্তরিক ধন্যবাদ।

২০১৬ সালের ২৯ ফেব্রুয়ারী জেনের সঙ্গে বিয়ের বন্ধনে জড়ান প্রীতি। তারপর থেকে বেশিরভাগ সময় তিনি থাকেন লস অ্যাঞ্জেলসেই।

জ্যাকসন হাইটস এলাকা থেকে নির্বাচিত কাউন্সিলম্যান পদে বিজয়ী শেখর কৃষ্ণকে এলাকাবাসীর উদ্যোগে মিষ্টিমুখ অনুষ্ঠান।



















৮৫ মিনিটের জন্য যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্টের ক্ষমতা পাওয়া প্রথম নারী কমালা হ্যারিস!

ঢাকা ডেস্ক, ২১ নভেম্বর : যুক্তরাষ্ট্রের ইতিহাসে নারী হিসেবে প্রথমবারের মতো প্রেসিডেন্টের ক্ষমতা পেয়েছিলেন ভাইস প্রেসিডেন্ট কমালা হ্যারিস। তবে এই সময়টা ছিল সংক্ষিপ্ত। মাত্র ৮৫ মিনিটের জন্য তিনি প্রেসিডেন্টের দায়িত্বে ছিলেন শুক্রবার। কারণ, এ সময়ে প্রেসিডেন্ট জো বাইডেন নিয়মিত কোলনস্কপি পরীক্ষা করাচ্ছিলেন। অচেতন করে তার এই পরীক্ষা করাতে হয়েছে। ফলে প্রেসিডেন্টের ক্ষমতায় ছিলেন কমালা হ্যারিস। কোলনস্কপি একটি জটিল প্রক্রিয়া। এ পরীক্ষার পর জো বাইডেনের চিকিৎসক বিবৃতি দিয়েছেন। তিনি বলেছেন, প্রেসিডেন্ট সুস্থ আছেন।

তিনি দায়িত্ব পালনে সক্ষম। জো বাইডেনের ৭৯তম জন্মদিনের প্রাক্কালে তার এই মেডিকেল পরীক্ষা করা হলো। এ সময়ে হোয়াইট হাউজের ওয়েস্ট উইংয়ে নিজের অফিস থেকে প্রেসিডেন্টের দায়িত্ব পালন করেন কমালা হ্যারিস। উল্লেখ্য, যুক্তরাষ্ট্রের ইতিহাসে তিনিই প্রথম নারী ভাইস প্রেসিডেন্ট। প্রথম কৃষ্ণাঙ্গ-দক্ষিণ এশিয়ান আমেরিকান ভাইস প্রেসিডেন্ট।

অনেকেই কমালা হ্যারিসকে আগামী দিনে যুক্তরাষ্ট্রের ভবিষ্যত প্রেসিডেন্ট হিসেবে দেখছেন। তবে তিনি নিজে এ নিয়ে কোনো কথা বলেননি এখনও। বিস্ময়করভাবে উত্থান হওয়া কমালা হ্যারিস এরই মধ্যে সেই সর্বোচ্চ ক্ষমতা স্পর্শ করেছেন- সেই ৮৫ মিনিটের জন্য। অস্থায়ী ভিত্তিতে এমন পরিস্থিতিতে ক্ষমতা হস্তান্তর অনাকাঙ্খিত নয় বলে মন্তব্য করেছেন হোয়াইট হাউজের প্রেস সেক্রেটারি জেন পসাকি। তিনি বলেছেন, যুক্তরাষ্ট্রের সংবিধানে রচিত প্রক্রিয়ার অধীনে কমালা হ্যারিসকে ওই ক্ষমতা দেয়া হয়েছিল। জেন পসাকি বিবৃতিতে বলেন, একই রকম প্রক্রিয়া ২০০২ এবং ২০০৭ সালে চর্চা করেছিলেন সাবেক প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বুশ।

মেডিকেল পরীক্ষার পরে হোয়াইট হাউজে ফিরেছেন প্রেসিডেন্ট বাইডেন। এ সময় তাকে হাস্যোজ্বল দেখায়। তিনি বলেন, বেশ সুস্থ বোধ করছি। এর পরই তার চিকিৎসক কেভিন ও'কনর বলেন, ৭৮ বছর বয়সী প্রেসিডেন্ট সুস্থ, সবল আছেন। তিনি প্রেসিডেন্টের দায়িত্ব পালনে যথেষ্ট সক্ষম। তিনি আরো বলেছেন, কোলনস্কপি করার সময় ছোট ছোট কিছু পলিপ দেখা গিয়েছিল। তা সহজেই অপসারণ করা হয়েছে। তিনি আরো বলেছেন, আগের তুলনায় প্রেসিডেন্টের শরীরে তরল কম দেখা গেছে। এ জন্য তার মেরুদণ্ডে ব্যথা অনুভূত হয়।



যুক্তরাষ্ট্রে সবচেয়ে বেশি বয়সে প্রেসিডেন্টের দায়িত্ব নিয়েছেন বাইডেন। ২০১৯ সালের ডিসেম্বরে তার পূর্ণাঙ্গ মেডিকেল চেকআপ করা হয়েছিল। ওই সময় তার চিকিৎসক তাকে সুস্থ বলে বর্ণনা করেন।

TODAY'S DENTAL
86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500
আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।
দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য
আপনাদের সেবায়
ডাঃ কাজী জাফরি সাত্তার
ডাঃ এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)
আমরা বাংলায় কথা বলি
HOW TO REACH US
REQUEST A FREE CONSULTATION
718-760-5500
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত
আইনী প্রতিষ্ঠান
LAW OFFICES OF
SURDEZ & PEREZ, P.C.
We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে
পরামর্শের জন্য ফি লাগে না
Free Consultation
কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি
আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:
• গাড়ী দুর্ঘটনা • বার্থ ইনজুরি
• বাস,ট্রেন অথবা মোটর সাইকেল • নির্মাণ কাজে দুর্ঘটনা
• ব্রেইন ইনজুরি • পিছলে পড়ে গেলে
• এলিভেটর এক্সিডেন্ট • লেড পয়জনিং
• স্কুল লায়াবিলিটি • কুকুর কামড়ালে
• খেলার মাঠে দুর্ঘটনা • ডাক্তারের ভুল চিকিৎসা
আমাদের বৈশিষ্ট্যসমূহ:
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্নী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা
যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন
Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com
32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103
www.surdezperezlaw.com

জ্যাকসন হাইট্স কাজী অফিস
সম্পূর্ণ নিরিবিলি পরিবেশে নিউইয়র্ক সিটি কর্তৃক রেজিস্টার্ড কাজীর মাধ্যমে শরিয়ত সম্মতভাবে বিবাহ সম্পন্ন সহ নিউইয়র্ক সিটির 'ল' মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়।
বিস্তারিত তথ্যের জন্য ঃ ৭১৮-৬১৮-৪০৯৩
৪১-২২ ৭৫ স্ট্রিট, ১ম তলা, এলমহার্স্ট, নিউইয়র্ক ১১৩৭৩

গান শিখুন
বাংলাদেশ কমিউনিটির সঙ্গীত অঙ্গনে অতি পরিচিত মুখ
সবিতা দাস
উচ্চাঙ্গ সঙ্গীতসহ সব ধরনের নৃত্য, গান ও তবলা শিক্ষা দেয়া হয়। বাংলা শিক্ষা ফ্রি
বহ্নিশিখা সঙ্গীত নিকেতন
৩৫-১৮, ৩৩ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
যোগাযোগঃ (৭১৮) ৭২১-৩৬৫১, ৭১৮-৮১০-৬৮৫৮

মুসলিম কাজী অফিস
ISLAMIC MARRIAGE SOLEMNIZER (NYC/S. REGISTERED)
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো ও নিউইয়র্ক সিটির 'ল' অনুযায়ী ম্যারেজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।
মাওলানা ক্বারী মোহাম্মদ রহমতউল্লাহ মজিদী
খতিব : ম্যানহাটন ডাউনটাউন ক্যানাল স্ট্রীট জুমা মসজিদ
ইমাম : বাইতুল ইসলাম মসজিদ এন্ড কমিউনিটি সেন্টার, ব্রুকলিন
ফোনঃ 347-612-7397, 718-565-8219

এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস

একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান

একাউন্টিং

ইনকাম ট্যাক্স-ব্যক্তিগত (Individual all State) কর্পোরেশন, পার্টনারশীপ, নটফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আই.আর.এস-এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন

সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি। ইলেকট্রনিক ফাইলিং করা হয় ২০১৩

* বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেট রেজিস্ট্রেশন
* নোটারী পাবলিক রেজুমী
* দক্ষতার সাথে রেজুমী ও কভারিং লেটার প্রস্তুত করা হয়
* ট্রান্সলেশন সার্ভিসেস

SNS Authorized *IRS e file* Provider

Electronic Filling & Direct Deposite for Accurate Faster & Secure Refund

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমারদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেয়া হয়।



অফিস সময়: সপ্তাহে সাত দিন সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৮ টা।
আমাদের রয়েছে ১৮ বছরের বেশী বিধিসম্মত নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতা ও অভিজ্ঞতা

EXPERIENCE COUNTS, TRUST, WE SERVE YOU BETTER

যোগাযোগ করুন: এম.এ. কাইয়ুম

৩৫-৪৬ ৩১ স্টিট, এস্টোরিয়া, নিউইয়র্ক-১১১০৬
ফোন: ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স: ৭১৮-৩৬১-৬০৭১
email: snsmaq@aol.com (N এবং W ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী



SHEIKH SALIM
Attorney at Law

Accident Cases, Medical Malpractice & Legal Malpractice

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্ট্রাকশন দুর্ঘটনা
- স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- লেড বিষ সম্ভাব্য
- বার্থ রিলেটেড ইনজুরি
- ভুল চিকিৎসা
- মটর গাড়ি দুর্ঘটনা
- কাজের সময় দুর্ঘটনা
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
- অ্যাসবেস্টস থেকে ক্ষতি
- মিনিমাম ওয়েজ বা ওভারটাইম না পাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC

Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

উইকেন্ড মাক্তাব ও আফটার স্কুল

আল্লাহর অশেষ মেহেরবানীতে নিউইয়র্কের সাউথ জ্যামাইকায় আপনার সন্তানের ধর্মীয় শিক্ষার জন্য আল-মানসুর কালচারাল সেন্টারে সুব্যবস্থা হয়েছে, তাই পাবলিক স্কুলগামী ৯৮ভাগ মুসলিম শিক্ষার্থীকে আফটার স্কুল ও উইকেন্ড মাক্তাবের মাধ্যমে প্রয়োজনীয় জাগতিক শিক্ষার পাশাপাশি অত্যাবশ্যকীয় ধর্মীয় শিক্ষালাভের সুযোগ করে দেয়াই আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য।

ফুলটাইম হিফ্জুল কোরআন ক্লাস

ইহা একটি পূর্ণাঙ্গ সিলেবাস সম্বলিত ৫ বছরের কোর্স যেখানে কায়দা-কোরআন শিক্ষার পাশাপাশি দোয়া, আক্বীদা, আখলাক, ফিক্হ ও হাদীস এবং ইসলামিক ইতিহাস শিক্ষা দেয়া হয়।

সামার ক্লাস
সামার ভ্যাকেশনের সাথে সামঞ্জস্য রেখে সম্পূর্ণ একটি সিলেবাস।
সপ্তাহে ৪ দিন, জুলাই ০২-আগস্ট ৩০।
সকাল ১০:৩০ - দুপুর ১:৩০

বৈশিষ্ট্য সমূহঃ
- বিজ্ঞ আলেমদের তত্ত্বাবধানে পরিচালিত
- অভিজ্ঞ শিক্ষক মন্ডলী
- সিলেবাস ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
- শিক্ষাদানের ভাষা ইংরেজী
- সেমিষ্টার ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
- ছেলে মেয়েদের আলাদা সুব্যবস্থা

ভর্তি চলছে!

সম্মানিত সচেতন অভিভাবক! আপনার সন্তানের ধর্মীয় অনুভূতি জাগরণে আপনাকেই নিতে হবে সঠিক সিদ্ধান্ত, আর তা বাস্তবায়ন ও সার্বিক সহযোগিতায় আমরা দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ।

পরিচালক ঃ *শায়েখ মুফ্তি মোহাম্মদ আব্দুল্লাহ্*
প্রাক্তন ইমাম, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট কারেকশনাল সার্ভিস।

Al-Mansoor Cultural Center
Learning · Reflecting · Celebrating

ভর্তি চলছে

Tel: 718-475-0904
646-545-1943
646-545-7924
107-57 154 Streeet, Jamaica, NY 11433

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels

কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates السعودية SAUDIA الإتحاد ETIHAD

KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

SE CI

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক

SONALI EXCHANGE CO. INC.

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE BANKING DEPARTMENT OF THE STATE OF NEW YORK, NEW JERSEY, GEORGIA, MARYLAND & MICHIGAN

সোনালী এক্সচেঞ্জ প্রবাসে আপনার সবচেয়ে পুরনো ও বিশ্বস্ত বন্ধু

ঘরে বসে এখন Apps এর মাধ্যমে দেশে টাকা পাঠানো যাবে। এই জন্য আই ফোন এবং এনড্রয়েড ফোনে প্লে ষ্টোরে গিয়ে ডাউনলোড করতে হবে এর Apps টি

- যুক্তরাষ্ট্রে বাংলাদেশ সরকারের আর্থিক প্রতিষ্ঠান
- সর্বোচ্চ বিনিময় হার ও সর্বনিম্ন ফি।
- সরকারী নিরাপত্তায় আপনার প্রেরিত অর্থ সম্পূর্ণ নিরাপদ ও আয়কর মুক্ত।
- বাংলাদেশের সর্বত্র ক্যাশ পিক-আপ।
- যে কোন ব্যাংক একাউন্টে টাকা পৌছে যায় অতি দ্রুত।
- ঘরে বা অফিসে বসেও অনলাইনের মাধ্যমে রেমিটেন্স করা যায়। লগ ইন করুন: www.sonaliexchange.com

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-505-8670	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

আত্মঘাতী হামলায় সোমালিয়ায় সুপরিচিত সাংবাদিকের মৃত্যু



াকা ডেস্ক, ২১ নভেম্বর : ইসলামপন্থি মিলিট্যান্ট গ্রুপ আল শাবাবের আত্মঘাতী হামলায় সোমালিয়ার রাজধানী মোগাদিসুতে নিহত হয়েছেন সুপরিচিত সাংবাদিক আব্দি আজিজ মোহামুদ গুলিড। তিনি আব্দি আজিজ আফ্রিকা নামেও পরিচিত। রেডিও মোগাদিসুতে কাজ করতেন তিনি। শনিবার দুপুরের পর পরই একটি রেস্তোরাঁ থেকে বের হওয়ার পর টার্গেট করা হয় তাকে। এ সময় আত্মঘাতী বিস্ফোরণ হয়। এতে পার্শ্ববর্তী আরো দু'ব্যক্তি আহত হয়েছেন। তাদেরকে হাসপাতালে নেয়া হয়েছে। হামলার দায় স্বীকার করেছে আল শাহাব।

এ খবর দিয়েছে অনলাইন বিবিসি।


আব্দি আজিজ রেস্তোরাঁ থেকে বের হওয়ার পর এর বাইরে একটি গাড়ির সামনে বোমা বিস্ফোরণ ঘটায় হামলাকারীরা। এ সময় আব্দি আজিজের সঙ্গে ছিলেন সোমালি ন্যাশনাল টেলিভিশনের পরিচালক ও একজন ড্রাইভার। এসব তথ্য দেয়া হয়েছে রেডিও মোগাদিসুর ওয়েবসাইটে।

ওদিকে সাংবাদিক আব্দি আজিজকে হত্যার পর তার পরিবারের প্রতি শোক প্রকাশ করে বিবৃতি দিয়েছেন দেশটির প্রধানমন্ত্রী মোহামেদ হোসেন রোবেল। এ ছাড়া শোক প্রকাশ করেছেন অন্যরাও। প্রধানমন্ত্রী তার বিবৃতিতে বলেছেন, আব্দি আজিজ একজন কঠোর পরিশ্রমী সাংবাদিক ও জাতীয় বীর ছিলেন। তিনি দেশের জন্য, দেশবাসীর জন্য এবং ধর্মের জন্য কাজ করেছেন। সাহস যুগিয়েছেন অবিশ্রান্তভাবে। আল শাবাবের সন্দেহজনকভাবে গ্রেপ্তার করা ব্যক্তিদের সাক্ষাতকার নিয়ে তা প্রচার করার জন্য সবার কাছে পরিচিত ছিলেন আব্দি আজিজ।

আল শাবাব অর্থ হলো আরবের যুবক। এটি ইসলামপন্থি একটি উগ্র গ্রুপ। এক দশকের বেশি সময় জাতিসংঘ সমর্থিত সরকারের সেনাদের বিরুদ্ধে লড়াই করে যাচ্ছে তারা। ২০১১ সাল পর্যন্ত রাজধানী মোগাদিসু দখল করে রেখেছিল তারা। পরে আফ্রিকান ইউনিয়নের সেনারা তাদেরকে পিছু হটিয়ে দেয়। তা সত্ত্বেও দেশের বিভিন্ন স্থানে তাদের ঘাঁটি আছে। সেখান থেকে মাঝে মাঝেই সরকারের বিরুদ্ধে, বেসামরিক লোকজনের বিরুদ্ধে হামলা চালিয়ে যাচ্ছে এই গ্রুপটি।

তারা সৌদি আরবের আদর্শে উদ্বুদ্ধ হয়ে ওহাবি ইসলামের পক্ষে অবস্থান নিয়েছে, যেখানে বেশিরভাগ সোমালি হলেন সুফিবাদের। গ্রুপটি তাদের নিয়ন্ত্রণে থাকা বেশির ভাগ এলাকায় ইসলামী শরিয়ার কঠোর বিধান চালু করেছে। এর মধ্যে ব্যাভিচারী নারীদের পাথর মেরে হত্যা, চোরদের হাত কেটে দেয়ার মতো শাস্তির বিধান চালু করেছে। সোমালিয়ায় ভয়াবহ সন্ত্রাসী হামলার জন্য আল শাবাবকে দায়ী করে থাকেন সরকারি কর্মকর্তারা।

বিয়ের প্রস্তাব প্রত্যাখ্যান, প্রেমিকের মুখে এসিড ছুড়লেন প্রেমিকা



ঢাকা ডেস্ক, ২১ নভেম্বর : বিয়ের প্রস্তাব দিয়েছিলেন দুই সন্তানের মা শিবা। কিন্তু প্রস্তাব ফিরিয়ে দিয়েছেন তার প্রেমিক অরুণ কুমার। এক পর্যায়ে অরুণ কুমারকে ব্লাকমেইল করার চেষ্টা করেন শিবা। তার কাছে অর্থ দাবি করেন। কিন্তু কোনো প্রস্তাবেই রাজি না হওয়ায় ১৬ই নভেম্বর তার মুখে এসিড নিক্ষেপ করেছেন শিবা। এ অভিযোগে ৩৫ বছর বয়সী ওই নারীকে শনিবার গ্রেপ্তার করেছে পুলিশ। এ খবর দিয়েছে ভারতের সরকারি বার্তা সংস্থা পিটিআই।

এতে বলা হয়, আহত অরুণ কুমারকে (২৮) হাসপাতালে ভর্তি করা হয়েছে।

বর্তমানে দৃষ্টিশক্তি হারানোর ঝুঁকিতে রয়েছেন তিনি। পুলিশ বলেছে, শিবার সঙ্গে অরুণের সাক্ষাত হয় ফেসবুকে। তাদের মধ্যে অন্তরঙ্গতা গড়ে ওঠে। এক পর্যায়ে অরুণ জানতে পারেন, শিবা বিবাহিতা। তার দুটি সন্তান আছে। এ কথা জানার পর অরুণ সম্পর্কের ইতি টানতে চান। কিন্তু এ সময় শিবা তাকে ব্লাকমেইল করার চেষ্টা করেন। তার কাছে অর্থ দাবি করেন। পুলিশ আরো বলেছে- দুলাভাই, এক বন্ধুকে সঙ্গে নিয়ে ১৬ই নভেম্বর আদিমালি'র কাছে একটি চার্চে যান অরুণ। সেখানে শিবার সঙ্গে তার সাক্ষাত হয়। অরুণ তাকে দাবি করা অর্থ পরিশোধ করেন।

ওই চার্চে স্থাপন করা সিসিটিভির ফুটেজে দেখা যায়, অরুণের পিছনে দাঁড়ানো ছিলেন শিবা। তিনি আকস্মিত তার সামনে চলে যান এবং অরুণের মুখের ওপর এসিড নিক্ষেপ করেন। এ সময় নিজেও কিছুটা আহত হন। পুলিশ বলেছে, আহত অরুণ নিজেই ওইদিন আদিমালিতে একটি বেসরকারি হাসপাতালে গিয়ে ভর্তি হন। পরে তাকে স্থানান্তর করা হয়েছে থিরুভানান্তপুরাম মেডিকেল কলেজে। এর প্রেক্ষিতে মামলা হয়েছে। পুলিশ শনিবার গ্রেপ্তার করেছে শিবা'কে।

রিটেনহাউজের মুক্তিতে যুক্তরাষ্ট্রে বিক্ষোভ

ঢাকা ডেস্ক, ২১ নভেম্বর : যুক্তরাষ্ট্রে ব্ল্যাক লাইভস ম্যাটার আন্দোলনের সাথে জড়িত দুই কর্মীকে গুলি করে হত্যা ও একজনকে আহত করার দায়ে অভিযুক্ত শেতাঙ্গ তরুণ কাইল রিটেনহাউজকে আদালতের খালাস দেয়ায় বিক্ষোভ ছড়িয়ে পড়েছে দেশটিতে।

শনিবার যুক্তরাষ্ট্রের বিভিন্ন শহরে এই বিক্ষোভ অনুষ্ঠিত হয়।

২০২০ সালের ২৫ আগস্ট উইসকনসিনের কিনোশা শহরে রিটেনহাউস ৩৬ বছর বয়সীদের জোসেফ রোজেনবম এবং ২৬ বছর বয়সে অ্যান্থনি হুবারকে গুলি করে হত্যা করেন। এছাড়া, সে সময় ২৬ বছর বয়সী গেইজ গ্রসক্রিটস নামের অপর এক বিক্ষোভকারীকে গুলিতে আহত করেন। এ ঘটনায় রিটেনহাউসের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করা হয় এবং গত শুক্রবার সেই মামলার রায় প্রকাশ করা হয়েছে। এতে তাকে নির্দোষ হিসেবে খালাস দেয়া হয়।

রায়ের প্রতিবাদে নিউ ইয়র্ক, শিকাগো, পোর্টল্যান্ড, কুইন্স, লস অ্যাঞ্জেলসসহ বিভিন্ন শগরে বিক্ষোভ অনুষ্ঠিত হয়েছে।

বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ত এজেন্টের সহায়তা নিন

WIN ZONE Really Inc.

আমাদের সেবা সমূহঃ
- বাড়ি ক্রয়-বিক্রয়
- লোন মোডিফিকেশনে (Loan Modification) ফ্রি সহায়তা
- ফরক্লোজারে (Foreclosure) ফ্রি সহায়তা
- আরইও (REO) বা ব্যাংকের বাড়ি ক্রয়-বিক্রয়
- ট্যাক্সলিনের-এর (Taxlien) বাড়ি ক্রয়-বিক্রয়
- সট সেলের (Short Sale) বাড়ি ক্রয়-বিক্রয়
- বাণিজ্যিক, আবাসিক বা মিক্স ইউজ (Mix Use) বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ততার সাথে ১৬ বৎসর ধরে কমিউনিটিকে সহায়তা করছি।

বাড়ি ক্রয়-বিক্রয়ে আপনার সহযোগিতায় আমরা আছি আপনার পাশে



MOHAMMED ISLAM (SHAMSU)

81-15 Queens Blvd, Elmhurst, NY 11373
Cell: 917-586-2172, Phone: 718-899-7000, Email: mishamsu@gmail.com

Jumbo Travel, Inc.



Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package



WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস

সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন

Ali A. Chowdhury
Managing Director

Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Faz: 718-267-1922

30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com

দুই জনের ঘাতক কিশোরকে দায়মুক্তি দেয়ায় বাইডেনের ক্ষোভ



ঢাকা ডেস্ক, ২১ নভেম্বর : দুই জনকে গুলি করে হত্যা করা এক কিশোরকে দায়মুক্তি দেয়ায় ক্ষোভ প্রকাশ করেছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। গত বছরের ২৫ আগস্ট উইসকনসিনে বর্ণবাদী দাঙ্গার সময় দুই জনকে গুলি করে হত্যা করেন ১৭ বছরের কাইল রিটেনহাউজ। তবে মার্কিন আদালত তার উপরে থাকা সকল অভিযোগ প্রত্যাহার করে নিয়েছে। এ নিয়ে হতাশা জানিয়ে একটি লিখিত বক্তব্য দিয়েছেন বাইডেন। যদিও এর আগে তিনি বলেছিলেন, রায় যা হবে তিনি বিচারকদের সঙ্গে আছেন।

কাইলের বিচারকার্য নিয়ে বিভক্তি ছিল মার্কিনিদের মধ্যেও। হত্যার দায় স্বীকার করেছেন কাইলও। তবে তিনি জানিয়েছেন, আত্মরক্ষার উদ্দেশ্যেই তিনি গুলি ছুঁড়তে বাধ্য হন।

তার বিরুদ্ধে দুই জনকে ইচ্ছাকৃতভাবে হত্যা এবং জনজীবন বিপন্ন করার দুটি মামলা দায়ের করা হয়েছিল। তবে উভয় মামলা থেকেই মুক্তি পেয়েছেন তিনি। কাইলের গুলিতে মৃত দুজনই ছিল শেতাঙ্গ। ঘটনার সময় তার বয়স ১৭ হলেও, বর্তমানে তিনি ১৮ বছর পার করেছেন।

বিবিসির খবরে জানানো হয়েছে, রায় শোনার পর খুশিতে প্রায় পরে যাচ্ছিলেন কাইল। সেখানে উপস্থিত ছিল তার পরিবারের সদস্যরাও। তারাও আনন্দে কেঁদে ফেলেন। বিচারকদের যে বোর্ড এ রায় দিয়েছেন তাতে ছিলেন ৭ জন নারী ও ৫ জন পুরুষ।

গত বছরের নির্বাচনী প্রচারণার সময় কাইলের এই হত্যাকা-ের নিন্দা জানিয়েছিলেন বাইডেন। শুক্রবার হোয়াইট হাউজের সামনে তাকে এক সাংবাদিক প্রশ্ন করেন যে, তিনি এখনো তার পূর্বের অবস্থানেই রয়েছেন কিনা! উত্তরে বাইডেন বলেন, তিনি আদালতের রায়ের সঙ্গে রয়েছেন। যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ যা সিদ্ধান্ত নেয় তিনি তাই মেনে নেবেন। যদিও আদালতের রায়ে কাইলকে দায়মুক্তি দেয়া হলে অসন্তোষ জানান বাইডেন। এক বিবৃতিতে তিনি বলেন, এই রায়ের ফলে অনেক মার্কিনি ক্ষুব্ধ ও উদ্বিগ্ন। আমি নিজেও এরমধ্যে রয়েছি।

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
বিসমিল্লাহ হালাল লাইভ পোল্ট্রি, মিট এন্ড ফিস মার্কেট
New Price
বিশাল মুল্যহ্রাস
রেড/ব্লাক চিকেন $3.25/lb
১০টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ৩টি ফ্রি
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি (৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৩টি হার্ড চিকেন $12.99 (১টি রেড হার্ড চিকেন ফ্রি)
প্রতিদিন জবেহ করা হালাল মাংসের মধ্যে রয়েছে-
রেডস্কার গোট $4.49/lb বেবি গোট $6.49/lb
বিমানে আসা তাজা মাছসহ আমাদের এখানে পাবেন লাইভ ফিস
এছাড়াও আমাদের এখানে সুলভ মূল্যে পাওয়া যাবে বাংলাদেশের যাবতীয় ব্লকের মাছ
বোয়াল, আইড়, কোরাল, পাবদা, স্টার বাইন, লং বাইন, চিতল, কাতলা, বাছা ও শোল
লাইভ তেলাপিয়া $3.49/lb
লাইভ বাকেলো $3.49/lb
আমেরিকান ইলিশ $1.99/lb
দেশী রুই $1.79/lb
Herring Fish (চাপিলা মাছ) $2.49/lb
Porgy $1.49/lb
স্পেশাল
রেগুলার বাসমতি রাইস $17.99
আমিল বাসমতি রাইস $17.99
আমিল পারবয়েলড রাইস $9.99
ছোলার বাসমতি রাইস $18.99
সাধারণ বাসমতি রাইস $13.99
সুপারকলা বাসমতি রাইস $12.99
ফ্রি ডেলিভারী মিনিমাম ৫০ ডলার
EBT & Foodstamp
Open 7 Days: 8:00am to 7:30pm
Direction: R, Q, V train to Northern Blvd
37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)
718.205.7200 917.295.4011

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব
কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!
আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:
● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।
ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।
All Service Provided by Attorneys Admitted in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.
72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

হিলসাইডে বাংলাদেশী ডাক্তার

ডাঃ মোঃ কাওসার রশীদ

Diplomate American Board of Internal Medicine

❋ ফিজিক্যাল এক্সাম ❋ স্কুল ও কলেজের জন্য টীকা ❋ টি.এস.সি এক্সাম ❋ হজ্ব ও ওমরাহ যাত্রীদের জন্য টীকা ❋ ডায়াবেটিস ❋ উচ্চ রক্তচাপ ❋ থাইরয়েড ❋ এজমা ❋ বাতের ব্যথা ❋ পেপটিক আলসার ❋ টেনশন এবং অন্যান্য সব ধরনের চিকিৎসা করা হয়।

আমাদের ক্লিনিকে সুলভ মূল্যে ব্লক পরীক্ষা, ইকোজি, স্পাইরোমেট্রি, মেগোগ্রাফি, টিবি টেস্ট, কান পরিষ্কার করা হয়।

We accept all major insuranPes including Medicare, Medicaid, Metro Plus, Health Plus, GHI, HIS, AETNA, OXFORD, HIP BC & BS, 1199, Union Plan এবং অন্যান্য যানের ইন্সুরেন্স বেই তাদের জন্য প্রফেশনাল মূল্যে চিকিৎসা করা হয়।

আমরা ১৮ বৎসর বয়স পর্যন্ত ছেলেমেয়েদের জন্য Child Health Plus ইন্সুরেন্স করতে সাহায্য করে থাকি।

সোম থেকে শুক্রবার : সকাল ১০টা থেকে বিকেল ৬টা পর্যন্ত, শনিবার : সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত।

168-32 Highland Ave. Jamaica, NY. F টেন 169th St. (South Side)
Tel: 718-657-8325, 718-657-7300
মেডিক্যাল অফিসে আসার পূর্বে এপয়েন্টমেন্ট করে নিন।

LAW OFFICES

OF
ANDREW MOULINOS
(Licensed Attorney)

মজিবুর রহমান

লাইসেন্সপ্রাপ্ত লিগ্যাল কনসালটেন্ট

718-545-2600, 917-834-9269

*Bankruptcy, Divorce
*Major Accident Cases
*Business, Incorporation
*Investment
*Estate, Litigation
*Landlord & Tenant Commercial
*Real Estate Closing
*Trade Disputes

Trade disputes and Investments involving Bangladeshi legal matters

যোগাযোগ : মুজিবুর রহমান ৯১৭-৮৩৪-৯২৬৯

23-52 31st. Street. Astoria. NY 11105

জ্যামাইকা ও গ্রীন পয়েন্টে বাংলাদেশী ডেন্টিস্ট



আমরা মেডিকেইড, মেট্রোপ্লাস, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট, সিগ্না, এ্যাটনা, মেটলাইফ, গার্ডিয়ান, সেলিডেন্ট ও অন্যান্য Insurance এবং Union Plan গ্রহণ করে থাকি।

ডাঃ মাহফুজুল হাসান ডি.ডি.এস

DR. MAFUJUL HASAN D.D.S.

জ্যামাইকা অফিস
170-09, Hillside Ave,
Jamaica, NY-11432
Ph: 718-291-2710

গ্রীনপয়েন্ট অফিস
40-41, Green Point Ave,
Sunnyside, NY- 11104
Ph: 718-392-2858

FAMILY DENTAL



We Do
Implant & Veneers

আপনার পরিবারের সবার যাবতীয় দাঁতের চিকিৎসার জন্য এস্টোরিয়ায় রয়েছে আমাদের ডেন্টাল অফিস। আমরা সর্বাধুনিক চিকিৎসা সরঞ্জাম ব্যবহার করি। মেডিকেইড গ্রহণ করা হয়।

ডাঃ মোহাম্মদ নাঈম
ডাঃ ফেরদৌস হুসনে

অংড়ভরধ খড়পধঃরড়হ
২৮-৫৭ ঝাবরহধু ঝাবরবহ,
অংড়ভরধ, ঘঢ
ঘ রংবরহ ঢড় ৩০ অব. ঝাবঢ়রড়হ
ঞরবষ: ৭১৮-২৬৭-০৫০০

Elmhurst Location
81-46 Baxter Ave.
Elmhurst, NY
#7 train to 82st. Station.
Tel: 718-478-1710

ARMAN CHOWDHURY, CPA

ARMAN CPA

- INDIVIDUAL INCOME TAX RETURN
- BUSINESS TAX RETURN
- NON-PROFIT TAX RETURN
- ACCOUNTING & BOOKKEEPING
- RETIREMENT AND INVESTMENT PLANNING
- TAX RESOLUTION SPECIALIST
- ISLAMIC HOME FINANCING

সঠিক ও নির্ভুলভাবে ইনকাম ট্যাক্স ফাইল করা হয়

AUTHORIZED e-file PROVIDER

7 DAYS OPEN

718-475-5686



87-54 168TH STREET, SUITE 201, JAMAICA, NY 11432
Email: armancpa@gmail.com | www.armancpa.com
TO 169 STREET

KARNAFULLY TAX SERVICES INC

কর্ণফুলী ইনকাম ট্যাক্স সার্ভিসেস

We are Licensed by the IRS

CPA & Enrolled Agent

এর মাধ্যমে ট্যাক্স ফাইল করুন

ইনকাম ট্যাক্স

- Individual Tax Return (All States)
- Self Employed (taxi driver and vendor), /and Sole Proprietorship.
- Small Business
- Corporate Tax Return
- Partnership Tax Return
- Current Year / Prior Years' & Amended Tax Returns
- Individual Tax ID Numbers (ITIN)

AUTHORIZED IRS e-file PROVIDER

Direct Deposit

Representation taxpayers IRS & State tax audit.

একাউন্টিং

- Payroll, W-2's, Pay Checks,
- Pay subs, Sales Tax, Quaterly & Year-end filings

NEW BUSINESS SETUP

- Corporation
- Small business (S-corp)
- Partnership
- LLC/SMLLC

ইমিগ্রেশন

- Petition for Alien relatives
- Apply for citizenship or Passport
- Affidavit of Support
- Condition Removal on Green Card
- Reentry Permit
- Adjustment of Status

আমাদের ফার্মে রয়েছে অভিজ্ঞ
CPA & Enrolled Agent

Special Price for W2 File



Member of AICPA

Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
Admitted to Practice before the IRS
IRS Certifying Acceptance Agent

NOTARY PUBLIC

IRS ENROLLED AGENT

Office Hours:
Monday - Saterday
10:00am - 8pm

Tax Preparation fee pay by Cradit card

Ph: 718-205-6040, 718-205-6010, Fax : 718-424-0313

karnafullytax@yahoo.com, www.karnafullytax.com

37-20 74th Street. 2nd Floor. Jackson Heights

প্রধানমন্ত্রীর অনুপ্রেরণায় আত্মবিশ্বাসী টাইগাররা



বিনোদন ডেস্ক: টি-টোয়েন্টি বিশ্বকাপে মাথা তুলে দাঁড়াতে পারেনি বাংলাদেশ ক্রিকেট দল। একের পর এক হার দলের পারফরম্যান্সে দৈনতাই প্রকাশ পেয়েছে। প্রশ্নবিদ্ধ হয়েছে ক্রিকেটারদের যোগ্যতা আর সামর্থ্যও। দলের এমন ভরাডুবিতে নড়েচড়ে বসেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। পাকিস্তানের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজে দলে আনা হয়েছে বড় পরিবর্তন। ধারণা করা হচ্ছিল এই সিরিজ থেকেই আসবে নেতৃত্বে পরিবর্তন। তবে দলের সিনিয়র ক্রিকেটার তামিম ইকবাল ও সাকিব আল হাসান ইনজুরিতে থাকায় এই যাত্রায় রক্ষা পেয়েছেন মাহমুদুল্লাহ রিয়াদ। বিশ্বকাপে দলের বাজে পারফরম্যান্সের পর তার নেতৃত্ব হারানোর বিষয়টি ছিল সময়ের ব্যাপার।

তবে শেষ পর্যন্ত পাকিস্তানের বিপক্ষে তিনিই দিচ্ছেন দলের নেতৃত্ব। আর এই সিরিজের আগে যখন সমালোচনার তীরে বিপর্যস্ত দল। তখন তাদের পাশে দাঁড়িয়েছেন স্বয়ং প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এক সংবাদ সম্মেলনে তিনি হতাশ না হয়ে বরং টাইগারদের পারফরম্যান্সে সন্তোষ প্রকাশ করেছেন। এমন ভরসা পেয়ে আপ্লুত বাংলাদেশ দল। এ বিষয়ে গতকাল ম্যাচপূর্ব সংবাদ সম্মেলনে মাহমদুল্লাহ রিয়াদ বলেন, 'এটা আমি শুনেছি ও দেখেছি। মাননীয় প্রধানমন্ত্রীকে অসংখ্য ধন্যবাদ। উনার কথা আমাদের আরও অনেক অনেক অনুপ্রাণিত করবে। সত্যি কথা বলতে, আমাদের দলের জন্য এটা অনেক ইতিবাচক একটা কথা।' ওমানে টি-টোয়েন্টি বিশ্বকাপের বাছাই পর্বে স্কটল্যান্ডের বিপক্ষে হেরে যায় মাহমুদুল্লাহ রিয়াদের দল। তবে ওমান ও পাপুয়া নিউ-গিনিকে হারিয়ে উঠে আসে সুপার টুয়েলভ পর্বে। কিন্তু সেখানেও একের পর এক পাঁচ ম্যাচে হার। এমন পারফরম্যান্সে হতাশ ভক্ত সমর্থকদের সমালোচনার তির ছুটতে শুরু করে মাহমুদুল্লাহদের দিকে। ঠিক এমন কঠিন সময়ে দেশের প্রধানমন্ত্রী আরো একবার পাশে দাঁড়িয়েছেন টাইগারদের।

প্রধানমন্ত্রীর সংবাদ সম্মেলনে এক সংবাদকর্মী প্রশ্ন করেন দলের হতাশাজনক পারফরম্যান্স নিয়ে। তবে জবাবে তিনি বলেন, 'কেন, আপনি এত হতাশ হন কেন? আমি এই হতাশা দেখতে চাই না। কয়েকটা খেলা তো তারা খুব চমৎকার খেলেছে। একেই তো প্যানডেমিকের সময়ে সে রকম ইয়ে হয়নি। মানে করোনার কারণে প্র্যাকটিস করতে পারেনি। তারপরও বাংলাদেশ আজকে বিশ্বকাপে খেলছে, বেশ কয়েকটি দেশকে হারাতে পেরেছে, এটাই তো বড় কথা। আমি বলবো, যেটুকু পেরেছে আমি সেটাই।' এমন কঠিন সময়ে আরো একবার প্রধানমন্ত্রীকে পাশে পেয়ে মাহমুদুল্লাহ রিয়াদ বলেন, 'উনি যেভাবে আমাদের সবসময় অনুপ্রাণিত করেন, যেভাবে আগলে রাখেন, যেভাবে সাপোর্ট করেন, এটা অবিশ্বাস্য। এজন্য তাকে অনেক ধন্যবাদ। আমরা এতটুকু নিশ্চিত করবো যেন নিজেদের শতভাগের বেশি দিয়ে খেলার চেষ্টা করতে পারি।' দেশের প্রধানমন্ত্রী হয়েও বাংলাদেশের ক্রিকেটে অকৃত্রিম বন্ধু তিনি। দলের জয়ে যেমন তিনি আপ্লুত হন। তেমনি হারে ভেঙে না পড়ে খেলোয়াড়দের পাশে দাঁড়ান, উৎসাহ দেন। এবারও তিনি দলের বিশ্বকাপ পারফরম্যান্সে ক্ষুব্ধ না হয়ে ক্রিকেটারদের আরও ভালো করে ট্রেনিং করানোর কথা বলেছেন। আর অল্পতেই অতি উৎফুল্ল কিংবা বেশি হতাশ না হওয়ার পরামর্শ দেন ক্রিকেট অনুসারীদের। তার এমন অবস্থানের পর পাকিস্তানের বিপক্ষে সিরিজের আগের দিন সংবাদ সম্মেলনে বাংলাদেশের টি-টোয়েন্টি অধিনায়ক বলেন, 'প্রধানমন্ত্রীকে সবসময় পাশে পাওয়া তাদের জন্য অভাবনীয়।' এছাড়াও অধিনায়ক হিসেবেও বিশ্বকাপ নিয়ে নিজের ব্যর্থতার কথা শিকার করে নেন মাহমুদুল্লাহ। তিনি বলেন, 'বিশ্বকাপের এক্সপেক্টেশন যে রকম ছিল এটা আমরাও জানি, আমরা আমাদের এক্সপেক্টেশন পূর্ণ করতে পারিনি। আমি বিশ্বাস করি যে, আমাদের বাংলাদেশ টিমের স্টার্টটা সব সময় খুবই ইম্পরট্যান্ট, তো আমাদের এই সিরিজে ইনশাল্লাহ আমরা ভালো শুরু

নারী কেলেঙ্কারি, অধিনায়কত্ব ছাড়লেন অজি কাপ্তান



বিনোদন ডেস্ক: সপ্তাহ তিনেক বাদে মহাড়ন। মাঠে গড়াবে অ্যাশেজ। ইংল্যান্ডের বিপক্ষে মর্যাদাপূর্ণ এই সিরিজের আগে বড় ধাক্কা খেলো অস্ট্রেলিয়া। আচমকা অধিনায়কত্ব ছাড়লেন টিম পেইন, নেপথ্যে 'সেক্সটিং'।

মাঠের বাইরের আপত্তিজনক এক ঘটনার কারণে নেতৃত্ব থেকে সরে দাঁড়িয়েছেন পেইন। ২০১৭ সালে তাসমানিয়া ক্রিকেটের এক সাবেক নারীকর্মীকে যৌন হয়রানির অভিযোগ উঠেছে তার বিরুদ্ধে।

অস্ট্রেলিয়ার দৈনিক দ্য হেরাল্ড সানের রিপোর্ট অনুযায়ী ২০১৭-১৮ সালের অ্যাসেজ সিরিজের আগে তাসমানিয়ার এক নারীকর্মীকে নিজের গোপনাঙ্গের ছবি এবং বেশ কিছু যৌন উস্কানিমূলক ম্যাসেজ পাঠিয়েছিলেন পেইন। সেই ভিত্তিতেই পেইনের বিরুদ্ধে তদন্তে নামে ক্রিকেট অস্ট্রেলিয়া। এই ঘটনার জেরেই সংবাদ সম্মেলন ডেকে ক্যাপটেন্সি ছাড়ার সিদ্ধান্তের কথা জানান ৩৬ বছর বয়সী উইকেটরক্ষক ব্যাটার।

সংবাদ সম্মেলনে পেইন জানান, আমি অস্ট্রেলিয়ার পুরুষ দলের টেস্ট অধিনায়কের পদ থেকে সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছি। এটা অত্যন্ত কঠিন একটি সিদ্ধান্ত। আমার মতে, ব্যক্তিগতভাবে আমার জন্য, আমার পরিবারের জন্য এবং ক্রিকেটের স্বার্থে এটাই সঠিক সিদ্ধান্ত।

সংবাদ সম্মেলন চলাকালীনই নিজের এই সিদ্ধান্তের কথা জানাতে গিয়ে কান্নায় ভেঙে পড়েন পেইন। পেইন বলেন, এই সিদ্ধান্তের পেছনে রয়েছে চার বছর আগের সেই ঘটনা। তখন আমি এক সহকর্মীর সঙ্গে কিছু ম্যাসেজ আদান-প্রদান করেছিলাম। তখন এ বিষয়ে ক্রিকেট অস্ট্রেলিয়ার ইন্টেগ্রিটি ইউনিটেও তদন্ত হয়। সেটিতে আমি পুরোপুরি সহযোগিতা করেছি। তদন্তে দেখা গিয়েছিল, সেই ঘটনায় বোর্ডের কোনো নিয়ম ভঙ্গ হয়নি।

অভিযোগ স্বীকার করে পেইন বলেন, তবু আমি সেই ঘটনাকে ঘিরে এখনও সত্যিই দুঃখিত। তখনই আমি আমার পরিবার ও স্ত্রীর সঙ্গে কথা বলেছি। ক্ষমা ও সমর্থনের জন্য আমি তাদের প্রতি অনেক কৃতজ্ঞ।

ক্রিকেট অস্ট্রেলিয়ার (সিএ) চেয়ারম্যান রিচার্ড গ্রেউডেন্সটেইন বলেছেন, পেইনের মনে হয়েছে তার পরিবার ও অস্ট্রেলিয়া ক্রিকেটের জন্য এটিই সেরা সিদ্ধান্ত। বোর্ড এরইমধ্যে তার পদত্যাগপত্র গ্রহণ করেছে। এখন জাতীয় নির্বাচকরা নতুন অধিনায়ক বাছাইয়ের প্রক্রিয়া শুরু করবেন।

দ্বারপ্রান্তে অ্যাশেজ, এমন সময় নতুন অধিনায়ক খোঁজারও সময় পাচ্ছে না অস্ট্রেলিয়া। তবে স্বাভাবিক প্রক্রিয়া মেনে আসন্ন অ্যাশেজে দলের দায়িত্ব পেতে পারেন সহ-অধিনায়ক প্যাট কামিন্স। তাই যদি হয়, তাহলে ৬৫ বছরের মধ্যে প্রথম পেসার হিসেবে অস্ট্রেলিয়ার অধিনায়ক হবেন তিনি। সিএ'র অনুমোদন পেলেন অস্ট্রেলিয়া টেস্ট দলের ৪৭তম অধিনায়ক

হাসপাতালে রুবেল



বিনোদন ডেস্ক: অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন বাংলাদেশি ক্রিকেটার রুবেল হোসেন। ইনফেকশনজনিত কারণে গত ১৭ নভেম্বর বুধবার রাতে রাজধানী ঢাকার এভারকেয়ার হাসপাতালে নিয়ে যাওয়া হয় তাকে। বিষয়টি নিশ্চিত করেছেন রুবেলের স্ত্রী দোলা হোসেন।

নিজের ফেসবুক অ্যাকাউন্টে দোলা লিখেছেন, 'আসসালামু আলাইকুম। তিনি (রুবেল) বুধবার রাতে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। এখন তিনি হাসপাতালে ভর্তি। সবাই তার জন্য দোআ করবেন, মহান আল্লাহ যেন তাকে দ্রুত সুস্থ করে দেন।' স্বস্তির খবর হলো, রুবেলের অসুস্থতা গুরুতর নয়। বর্তমানে তিনি অনেকটাই সুস্থ।

দলের সঙ্গে থাকলেও মাঠের লড়াইয়ে অনেকদিন ধরেই অনুপস্থিত রুবেল। ৩১ বছর বয়সী এই ডানহাতি পেসার গত মার্চে নিউজিল্যান্ড সফরে জাতীয় দলের হয়ে সর্বশেষ ম্যাচ খেলেছিলেন। ঘরের মাঠে অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ড সিরিজে সুযোগ হয়নি রুবেলের। এরপর বিশ্বকাপ দলে সুযোগ পেলেও কোনো ম্যাচ খেলানো হয়নি তাকে। এবার ঘরের মাঠে পাকিস্তান সিরিজেও নেই রুবেল।









খালেদা জিয়ার সুস্থতা কামনায় দোয়া

(শেষের পাতার পর

)প্লাজা মিলনায়তনে মিলাদ ও দোয়া মাহফিল আয়োজন করে। পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠানের শুরুতেই বিশেষ দোয়ায় বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি ও সুস্বাস্থ্য এবং কারামুক্তি কামনা, তারেক রহমানের সুস্বাস্থ ও দীর্ঘায়ু এবং স্বাধীনতার মহান ঘোষক শহীদ রাষ্ট্রপতি জিয়াউর ও আরাফাত রহমান কোকোর বিদেহী আত্মার মাগফিরাত কামনা করা হয়।

এছাড়াও মহামারী করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ কারী ও অসুস্থতা নিয়ে চিকিৎসাধীন সকলের জন্যও বিশেষভাবে যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সহ সাধারণ সম্পাদক মরহুম আজাদ বাকির সহ আলহাজ্ব আব্দুল খালেক খায়ের, মরহুম মিজানুর রহমান মিজানকে স্মরণ করা হয়। দোয়া পরিচালনা করেন নিউইয়র্ক স্টেট বিএনপির সভাপতি মাওলানা অলিউল্যাহ আতিকুর রহমান। অনুষ্ঠানটি পরিচালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক মোঃ সাইদুর রহমান সাইদ।

এতে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় বিএনপির সাবেক আন্তর্জাতিক সম্পাদক ও যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক সিনিয়র সহ-সভাপতি, মূলধারার রাজনীতিক গিয়াস আহমেদ, যুক্তরাষ্ট্র বিএনপির সহ-সভাপতি নিয়াজ আহমেদ জুয়েল, সহ-সভাপতি এমদাদুল হক কামাল, ঢাকা বিশ্ববিদ্যালয় জাতীয়তাবাদী ছাত্রদলের সাবেক ছাত্রনেতা মার্শাল মুরাদ, বীর মুক্তিযোদ্ধা মশিউর রহমান, বীর মুক্তিযোদ্ধা ওয়াহেদ মন্ডল, যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ আনোয়ারুল ইসলাম আনোয়ার, যুগ্ম সাধারণ সম্পাদক সৈয়দ এম রেজা, যুগ্ম সম্পাদক গোলাম ফারুক শাহিন, মহিলা সম্পাদিকা সৈয়দা মাহামুদা শিরীন, যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সদস্য মো: সিরাজুল ইসলাম খান, নিউইয়র্ক স্টেট বিএনপি'র যুগ্ম সম্পাদক দেওয়ান কাউসার, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্রনেতা জীবন শফি, যুগ্ম সম্পাদক সাইফুল ইসলাম মিলন, যুবদল নেতা মুহিতুল ইসলাম মুহিত, মো: মনির হোসেন, যুক্তরাষ্ট্র জাতীয়তাবাদী শ্রমিকদলের ভারপ্রাপ্ত সভাপতি মোস্তাক আহমেদ ও সাধারণ সম্পাদক আনোয়ারুল ইসলাম শাহীন, সিটি বিএনপির সাধারণ সম্পাদক আশরাফ হোসেন, আরাফঅত রহমান কোকো পরিষদ যুক্তরাষ্ট্র শাখার সভাপতি শাহাদত হোসেন রাজু, লং আইল্যান্ড বিএনপির উপদেষ্টা রিয়াজ মাহমুদ, সন্দীপ জাতীয়তাবাদী ফোরামের সভাপতি গোলাম মাহমুদ, শ্রমিক দলের যুগ্ম সম্পাদক রুহুল আমিন, বিএনপি নেতা মনজুরুল হক লিটন, যুবদল নেতা ও দাউদকান্দি সোসাইটির সাধারণ সম্পাদক নাজমুল হাসান বাবু, ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশন এর সাধারণ সম্পাদক মাইনুদ্দিন মিয়াজী, হাবিবুল্লাহ হাবীব প্রমুখ। -প্রেস বিজ্ঞপ্তি।

এদিকে বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী বিএনপি চেয়ারম্যান বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি ও বিএন-পির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের জন্মদিন উপলক্ষ্যে নিউইয়র্কে দোয়া ও তবারক বিতরণ করেছে তারেক রহমান স্বদেশ প্রত্যাবর্তন সংগ্রাম পরিষদ যুক্তরাষ্ট্র শাখা। সংগঠনের সভাপতি পারভেজ সাজ্জাদের উদ্যোগে সিটির পাঁচ বরো'র বাংলাদেশী অধ্যুষিত কয়েকটি মসজিদে গত ১৯ নভেম্বর শুক্রবার এ কর্মসূচী পালিত হয়। জ্যাকসন হাইটসের ইসলামিক সেন্টার মসজিদে দোয়া ও তবারক বিতরণে পারভেজ সাজ্জাদ ছাড়াও সাধারণ সম্পাদক আবু তাহের, সাবেক সাধারণ সম্পাদক জাকির হাওলাদার, বদিউল আলম, প্রথম যুগ্ম সম্পাদক খলকুর রহমান ও সাংগঠনিক মনির হোসেনসহ অন্যান্য নেতারা উপস্থিত ছিলেন।

এই কর্মসূচী পালনকালে পারভেজ সাজ্জাদ বলেন, বাংলাদেশের স্বাধীনতা অর্জনে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের অবদান অস্বীকার করে ভারতীয় আধিপত্য কায়েম করেছে 'অবৈধ আওয়ামী লীগ' সরকার। তিনি বলেন, খালেদা জিয়া সুস্থ হয়ে আবারও যেন রাজনীতিতে ফেরেন সেজন্য দেশ-বিদেশের জনগণ মন থেকে দোয়া করছে। খালেদা জিয়ার মাধ্যমে বাংলাদেশে আবারও গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা হবে বলেও তিনি মন্তব্য করেন।

নিউইয়র্কের পথে প্রান্তরে-৯

(শেষের পাতার পর)

আকশের চাঁদটা আমার, কেবল আমার একলার। বড় হবার যখন বুঝতে পারলাম আসলে পৃথিবীতে চাঁদ একটাই, আমার নিজস্ব চাঁদ বলে আলাদা কিছু নেই তখন ভীষণ ভীষণ কষ্ট পেয়েছিলাম। ছোট বেলায় খুব শান্ত লক্ষী লাজুক চাপা স্বভাবের ছিলাম। সেদিনের কষ্টটা কাউকেই বলতে পারিনি, বুঝাতে পারিনি। বড়বেলায়ও পারি না।

নিউইয়র্ক নিয়ে অনেক অনেক অভিযোগ অভিমান আছে আমার কিন্তু যখন এই শান্ত নীল আকাশের দিকে তাকাই মন ভালো হয়ে যায়, এত তীব্র গরম ছিল সেদিন, ফেরার পথে উবারের এসি ছিল না। মন মেজাজ খারাপ করে খোলা জানালা দিয়ে হঠাৎ আকাশের দিকে তাকাতেই এক লহমায় সেই ছোট বেলায় ফিরে গেলাম। সাদা ফুলের মতো নরম স্নিগ্ধ মেঘগুলো যেন আমার সঙ্গী হয়ে পথ চলছে। যেন বা হাত বাড়ালেই ছোঁয়া যায়।

এই শহরে আমি এক আগন্তুক মাত্র, কোন কিছুর মায়ার বন্ধনে বাধা পড়তে চাইনি, চাইনি কোন পিছুটান কিন্তু দিনে দিনে এই নীল আকাশ আমার বুকের বা পাশটা দখল করে নিচ্ছে, এ এক অদ্ভুত বন্ধন, যতই ছাড়াতে চাই ততই মায়ায় জড়াই!

মাস্টার্স করার সময় হোষ্টেলে থাকতাম। তখন আমার একটা ছোট আয়না ছিল যাতে সবাইকে খুব সুন্দর দেখাত, রুমমেট আর ফ্লোরের অন্য রুমের মেয়েরাও বাইরে বিশেষ কোথাও যেতে হলে সাজগোছ করার পর আমার রুমে এসে সেই আয়নায় নিজেকে দেখে যেত। কারণ সবাই চাইত আয়নাটা তাদের সুন্দর বলুক। হঠাৎ করেই গত পরশু সেই আয়নার কথা মনে হল।

সেদিন জরুরী কিছু জিনিস কিনতে মলে গিয়েছিলাম। হঠাৎ করেই অনেক অনেক দিনের শখের একটা জিনিস চোখে পড়ল। আমার জন্য অনেক দামী, কিছুদিন আগে হলে জিনিসটা আমি কিনতাম না, নিজের জন্য এত টাকা দিয়ে। কিন্তু সেদিন কিনে ফেলেছি।

আমরা নিজেকে সুখী করার দায়িত্ব অন্যকে দিয়ে দেই, যা একদম ঠিক না। আমরা চাই আমাদের জীবনে এমন কেউ আসুক যে আমাদেরকে ভালোবাসবে, সুখে রাখবে, হাসি আনন্দে রাখবে, আমাদের ছোট ছোট ইচ্ছে বা স্বপ্ন পূরণ করবে।

আমরা চাই, আমাদের স্বামী বা স্ত্রী, ছেলে মেয়ে, বন্ধু আমাদের জীবনে আলো ছড়িয়ে দিক। কিন্তু বেশিরভাগ ক্ষেত্রেই হতাশ হতে হয়। আমাদের সুখের দায়িত্ব, নিজেকে ভালো রাখার দায়িত্ব আমাদেরই নেয়া উচিত। তাই বলে আপনাকে স্বার্থপর হতে বা কারো উপকার না করতে বলছি না। কারণ আপনি ভালো থাকলে অন্যদেরকেও ভালো রাখতে পারবেন।

আপনি যখন বল অন্যের হাতে দিবেন সে তার মতো করে খেলবে কিন্তু বল যখন আপনার কোর্টে থাকবে তখন আপনি খেলবেন। আর নিজের ছোট ছোট ইচ্ছেগুলো নিজেই পূরণ করার চেষ্টা করা উচিত, নিজেকে ঠকানো উচিত না মোটেই।

'কারণ দিন শেষে কেউ কারো না, সবাই একা।'

নিজেকে ক্ষমা উচিত, অন্যদেরকেও। জীবন চলার পথে ভুল ত্রুটি হয়ে যায় কারণ আমরা মানুষ, সেটা নিয়ে সারাজীবন পরে থাকা উচিত না, এতে করে আসলে কোন লাভ হয় না। অন্যদেরকেও ক্ষমা করা উচিত কারণ কাউকে ঘৃণা করতে হলেও তাকে মনে রাখতে হয়, হৃদয়ের অলিতেগলিতে, স্মৃতির মনিকোঠায়। তাকে কেন রাখব যে তার যোগ্য নয়? তাই আমি খুব কম মানুষকে ঘৃণা করি। যে আমার ক্ষতি করল, নিয়তি তারটুকু তাকে ঠিকই ফিরিয়ে দেবে। এর জন্য আমার কিছুই করতে হবে না। যে যা করে সবাইকে তার কর্মফল ভোগ করতে হয়, সেটা ইহকাল পরকাল হোক।

তাই তো মীর্জা গালিব বলেছেন-

'হাম ইস তারা জিন্দেগী গোজারলি, কিসিকো মাফ করদিয়া, কিসিকো মাফি মাগলি'

নিজেকে ভালোবাসুন। অন্যরাও আপনাকে ভালোবাসবে। নিজেকে শ্রদ্ধা করুন, অন্যরাও করবে।

আর জীবনে যত কষ্টই আসুক, মনে রাখা উচিত,

Every cloud has a silver lining

-John Milton

লাইনটা ভীষণ ভীষণ প্রিয়। বিশ্বাস করতে চাই। চাই এটা সবার জীবনে সত্যি হোক।

লেখাটা লেখার সময়, দিনটা ছিল বেশ মেঘলা, আকাশ ছিল বিষন্ন তারপরও নীল আকাশ উঁকি দিয়ে জানিয়ে দিয়েছিল যে, অন্ধকারের আড়ালে লুকিয়ে আছে শুভ্রতা, আছে আশা, আছে আলো, আছে দিগন্তের কাছে প্রিয় গোধূলি বেলা।

বিয়ে করলে সবাইকে জানিয়ে

(শেষের পাতার পর)

মুখ খুললেন এই অভিনেত্রী। বাগদানের খবরটি মিথ্যে বলে দাবি করেছেন তিনি।

'রেহানা মরিয়ম নূর' সিনেমার সমালোচনায় তসলিমা নাসরিন'রেহানা মরিয়ম নূর' সিনেমার সমালোচনায় তসলিমা নাসরিন

গণমাধ্যমকে প্রভা বলেন, 'জীবন এমন কাউকে এখনো খুঁজে পাইনি। যাকে নিয়ে নতুন করে জীবন শুরু করতে পারি। যেসকল সংবাদমাধ্যম আমরা বাগদানের সংবাদ প্রকাশ করেছে তা সত্য নয়। আমি বিয়ে করলে সবাইকে জানিয়ে করবো। প্রতিদিনই কোনো না কোনো অনলাইন আমাকে নিয়ে এমন খবর প্রকাশ করে। এখন আর ওসব নিয়ে মাথা ঘামাই না।'

২০১০ সালের ১৯ আগস্ট ভালোবেসে অভিনেতা জিয়াউল ফারুক অপূর্বকে বিয়ে করেন প্রভা। যদিও এর পরের বছরের ফেব্রুয়ারীতেই ডিভোর্স হয়ে যায় তাদের। ২০১২ সালে মাহমুদ শান্ত নামে এক যুবকের সঙ্গে ঘর বাঁধেন প্রভা। ২০১৪ সালে এ সংসারও ভেঙে যায়।







‘পরিবেশ রক্ষায় সচেতনতার সাথে দায়িত্ব পালন করতে হবে

(শেষের পাতার পর)

যুদ্ধের চেয়ে ভয়বহ সমস্যা হচ্ছে পরিবেশ সমস্যা। যেভাবে দেশে দেশে পরিবেশ খারাপ হচ্ছে তাতে আগামী দিনে পৃথিবী বসবাসের অযোগ্য হয়ে পড়বে। এজন্য আরো আগেই সজেতন হওয়া দরকার ছিলো। তারপরও পরিবেশ নিয়ে আমরা ভাবছি, লেখালেখি হচ্ছে, বই প্রকাশিত হচ্ছে, বিশ্ব সম্মেলন হচ্ছে- এসবই আশার কথা। তবে পরিবেশ সমস্যার সমাধানে ব্যক্তি জীবন থেকে শুরু করে রাষ্ট্রীয় পর্যায়েও যার যার অবস্থান থেকে সচেতনতার সাথে যথায়থভাবে দায়িত্ব পালন করেই ভয়াবহ পরিবেশের বিপর্যয় থেকে রক্ষা পাওয়া সম্ভব বলে বক্তারা মন্তব্য করেন। খবর ইউএনএ’র।

সোমবার (১৫ নভেম্বর) সন্ধ্যায় নিউইর্কের জ্যামাইকাস্থ সাপ্তাহিক বাংলাদেশ কাযালয়ে পত্রিকাটি’র উদ্যোগে উল্লেখিত বইয়ের উপর আলোচনা সভার আয়োজন করা হয়। বাংলাদেশ সম্পাদক ও নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সাবেক সভাপতি ডা. ওয়াজেদ এ খানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন সাংবাদিক-শিক্ষক ইমরান আনসারী। এরপর স্বাগত বক্তব্য রাখেন ডা. ওয়াজেদ এ খান এবং লেখক ড. আশরাফ সিদ্দিকীর সংক্ষিপ্ত জীবনী তুলে ধরেন সভার উপস্থাপক ও সাপ্তাহিক বাংলাদেশ-এর উপদেষ্টা সম্পাদক আনোয়ার হোসাইন মঞ্জু। অনুষ্ঠানে সাপ্তাহিক বাংলাদেশ ছাড়াও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ ড. আশরাফউদ্দিন আহমেদকে ফুলেল শুভেচ্ছা জানান।

সভার আলোচনায় অংশ নেন সাপ্তাহিক ঠিকানা’র প্রধান সম্পাদক মুহাম্মদ ফজলুর রহমান, সাপ্তাহিক বাংলা পত্রিকা সম্পাদক ও টাইম টেলিভিশন-এর সিইও আবু তাহের, সাপ্তাহিক জন্মভূমি সম্পাদক রতন তালুকদার, জাতিসংঘের উর্ধ্বতন কর্মকর্তা ও লেখক কাজী জহিরুল ইসলাম, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মনোয়ারুল ইসলাম, পরিবেশ অ্যাক্টিভিষ্ট সৈয়দ ফজলুর রহমান, সৈয়দ কামরুজ্জামান, অধ্যাপিকা হুসনে আরা বেগম, সাংবাদিক-শিক্ষক ইমরান আনসারী, সাংবাদিক ফরিদ আলম, সাংবাদিক আব্দুস শহীদ, সাংবাদিক/লেখক রশন হক, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রধান উপদেষ্টা এবিএম ওসমান গণি ও সাধারণ সম্পাদক সৈয়দ আল আমীন রাসেল, এডভোকেট মজিবুর রহমান, ইঞ্জিনিয়ার ইমদাদুল ইসলাম, হবিগঞ্জ জেলা সোসাইটি ইউএসএ’র সভাপতি সৈয়দ নাজমুল হাসান কোবাদ, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট রাজিয়া নাজমী, কাজী ফৌজিয়া, মুক্তি জহির, সাপ্তাহিক বাংলাদেশ-এর সাংবাদিক মোহাম্মদ আজাদ প্রমুখ।

সভায় স্বাগত ও সভাপতির বক্তব্যে ডা. ওয়াজেদ এ খান লেখক ড. আশরাফ উদ্দিন আহমেদের সাথে দীর্ঘ দিনের সম্পর্ক এবং একসাথে বাংলাদেশ প্রকাশের স্মৃতি চারণ এবং গভীর শ্রদ্ধার সাথে বাংলাদেশ-এর প্রতিষ্ঠাতা সম্পাদক মরহুম আফতাব সৈয়দ-এর কথা স্মরণ করেন। তিনি বলেন, পরিবেশ আর জলবায়ু সমস্যা এক নয়। পরিবেশ ও জলবায়ুর ক্রিয়া, প্রতিক্রিয়া আর সমস্যা বুঝতে হবে। পৃথিবীকে বাসযোগ্য রাখতে সচেতনতা ছাড়া পরিবেশ ও জলবায়ু সমস্যার সমাধান সম্ভব হবে না। এজন্য সাবইকে ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসতে হবে।

ড. আশরাফ উদ্দিন আহমেদ তার ‘পরিবেশ ও জলবায়ু পরিবর্তন : বাংলাদেশ ও সমসায়িক বিশ্ব’ গ্রন্থ প্রকাশের লক্ষ্য ও উদ্দেশ্য তুলে ধরে বলেন, চাকুরী জীবনের বিভিন্ন অভিজ্ঞতার আলোকে দেখা পরিবেশগত নানা সমস্যাই আমাকে পরিবেশ নিয়ে লেখালেখিতে উৎসাহ যুগিয়েছে। বিভিন্ন সময়ে লেখা নিয়েই গ্রন্থটি প্রকাশিত হলো। এজন্য তিনি সাপ্তাহিক বাংলাদেশ সহ সংশ্লিস্ট সকলের প্রতি কৃতজ্ঞতা জানান। আগামী দিনে বইটির দ্বিতীয় সংস্করণে ভুলত্রুটি শুধরানোর কথা উল্লেখ করে তিনি বলেন ইতিমধ্যেই গ্রন্থটি পাঠক প্রিয় হয়ে উঠেছে, বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে গ্রন্থটি চাওয়া হয়েছে। আমার বিশ্বাস পরিবেশন নিয়ে যারা ভাবেন, চিন্তা করেন, লেখালেখি করেন, গবেষনা করেন তাদের গ্রন্থটি উপকারে আসবে।

মুহাম্মদ ফজলুর রহমান বলেন, পরিবেশন আর জলবায়ুর সমস্যার সমাধান করতে হলে সবার আগে আমাদেরকে আওয়ামী লীগ-বিএনপির রাজনীতির কথা ভুলে গিয়ে আগে দেশের কথা ভাবতে হবে। দেশ বাঁচলে আমরা বাঁচবো, পৃথিবী থাকলে আমরা থাকবো।

আবু তাহের বলেন, একসময় পরিবেশ আর জলবায়ুর সমস্যার বিষয়ে আমাদের কোন চিন্তা-ভাবনাই ছিলো না। আর এখন এই বিষয়টি এক নম্বর বিষয়ে পরিণত হয়েছে। এই বিষয় নিয়ে লেখালেখি, গবেষনা, আলোচনা হচ্ছে। এমনকি বিশ্ব নেতৃবৃন্দ বিষয়টি নিয়ে ভাবছেন, কথা বলছেন। তিনি বলেন, পরিবেশ রক্ষা করতে হলে সবার আগে সবাইকে সচেতন হতে হবে। রতন তালুকদার লেখক ড. আশরাফ উদ্দিন আহমেদ-এর বইয়ের পাঠকপ্রিয়তা কামনা করে বলেন, আশার কথা হচ্ছে দেরীতে হলেও আমরা পরিবেশ আর জলবায়ুর সমস্যা নিয়ে কথা বলছি, বিশ্ববাপী আলোচনা হচ্ছে। সুন্দরভাবে পৃথিবীতে বসবাস করতে হলে আমাদেরকেই পৃথিবী সুন্দর রাখতে হবে।

ওয়াশিংটনে সংখ্যালঘুদের বিক্ষোভ

(শেষের পাতার পর)

সামনে পেনসেলভেনিয়া এভিনিউতে বিক্ষোভ-সমাবেশ করেছে প্রবাসী বাংলাদেশী হিন্দু-বৌদ্ধ-খ্রীষ্টান কমিউনিটি তথা সর্বস্তরের সংখ্যালঘু সম্প্রদায়। ‘ইউনাটেড হিন্দুস অব ইউএসএ’র ব্যানারে শুক্রবার (১৯ নভেম্বর) আয়োজিত এই সমাবেশে নিউইয়র্ক সহ বিভিন্ন অঙ্গরাজ্যের সর্বস্তরের হিন্দু-বৌদ্ধ-খ্রিষ্টানসহ আদিবাসী সম্প্রদায়ের সহস্রাধিক নারী-পুরুষ অংশ নেন। তাদের সাথে শিশু-কিশোর-কিশোরীও ছিলেন। এসময় তারা বাংলাদেশ ও আমেরিকার জাতীয় পতাকা সহ বিভিন্ন দাবী-দাওয়া সম্বলিত ব্যানার, পোষ্টার, প্লেকার্ড বহন করে। সমাবেশ থেকে হিন্দুসহ সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর নির্যাতন ও পুলিশী হয়রানি বন্ধের দাবি জানানো হয়। সমাবেশ চলাকালীন সময়ে সংগঠনের নেতৃবৃন্দরা হোয়াইট হাউস, ষ্টেট ডিপার্টমেন্ট, বাংলাদেশ ও ভারতীয় দূতাবাসে পৃথক পৃথক স্বারকলিপি প্রদান করেন বলে জানানো হয়েছে। খব ইউএনএ’র।

‘ইউনাটেড হিন্দুস অব ইউএসএ’-এর প্রতিনিধি দলের অন্যতম নেতা শিতাংশু গুহ ইউএনএ প্রতিনিধি-কে জানান, প্রথমে ওয়াশিংটন ডিসিস্থ বাংলাদেশ দূতাবাসের ডেপুটি চীফ অব মিশন মিজ ফেরদৌসী শাহরিয়ার ও ব্রিগেডিয়ার জেনারেল হাবিবুর রহমানের সাথে সাক্ষাৎ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বরাবরে লিখিত স্মারকলিপি প্রদান করেন। এরপর যুক্তরাষ্ট্রের ষ্টেট ডিপার্টমেন্টের (পররাষ্ট্র মন্ত্রনালয়) দুই বিভাগের দু’জন পরিচালক যথাক্রমে মি. স্কট আরবাম ও মিস মরীণ হ্যাগার্ডের সাথে সাক্ষাৎ করে আমেরিকার পররাষ্ট্রমন্ত্রী মি. ব্লিঙ্কেন বরাবরে অপর একটি স্মারকলিপি হস্তান্তর করেন। এছাড়াও ভারতীয় দূতাবাসে গিয়ে তারা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বরাবরে আরো একটি স্মারকলিপি প্রদান করেন। প্রতিনিধি দলের সদস্যদেও মধ্যে ছিলেন সমাবেশের মূল উদ্যোক্তা এবং ‘ইউনাটেড হিন্দুস অব ইউএসএ’-এর সমন্বয়কারী শ্রীমান নিত্যানন্দ কিশোর দাস ব্রক্ষাচারী, অধ্যাপক নবেন্দু দত্ত, শিতাংশু গুহ, রূপকুমার ভৌমিক, প্রিয়লাল কর্মকার, ভজন সরকার, রামদাস ঘরামী, এহুনী পিয়াস গোমেজ, প্রদীপ মালাকার ও জীবক বড়ুয়া।

সম্প্রতি কুমিল্লায় একটি পূজাম-পে পবিত্র কোরআন পাওয়ার পর ওই ঘটনার জের ধরে ঢাকা, কুমিল্লা, ফেনি, কিশোরগঞ্জ, রংপুর, চাঁদপুরসহ দেশের বিভিন্ন স্থানে মন্দির ও পূজাম-পে হামলার প্রতিবাদে আয়োজিত এই সমাবেশে নিউইয়র্ক ছাড়াও যুক্তরাষ্ট্রের নিউজার্সী, পেনসিলভানিয়া, কানেকটিকাট, ম্যাসাচুসেটস, ম্যারিল্যান্ড, ভার্জিনিয়া এবং ওয়াশিংটন ডিসির প্রবাসী হিন্দু-বৌদ্ধ-খ্রিষ্টানসহ আদিবাসী সম্প্রদায়ের সহস্রাধিক নারী-পুরুষ অংশ নেন। নিউইয়র্ক সিটির বিভিন্ন স্থান থেকে ১৩টি বাস এবং ৩০টির মতো প্রাইভেট গাড়ীতে প্রায় ৮০০ প্রবাসী



অংশ নেন এই সমাবেশে-এমন দাবী সংশ্লিস্টদের। বেলা ১২টা থেকে বিকেল ৪টা পর্যন্ত এই সমাবেশ চলে।

সমাবেশে তারা আওয়ামী লীগ সরকারের সমালোচনা ছাড়াও বিভিন্ন শ্লোগান সহ তাদের দাবী-দাওয়া সম্বলিত নানা শ্লোগানে হোয়াইট হাউস এলাকা মুখরিত করে তোলেন। তারা ঢাক-ঢোল আর শাখা বাজিয়ে খন্ড খন্ড মিছিলও করেন। সমাবেশকারীরা ‘ইউনাটেড হিন্দুস অব ইউএসএ’ এর ব্যানার ছাড়াও বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ, সর্বজনীন পূজা উদযাপন পরিষদ ইউএসএ, আমেরিকান বাংলাদেশী হিন্দু ফাউন্ডেশন ইউএসএ, ব্রক্ষস পূজা কমিটি ইনক, বাংলাদেশ পূজা সমিতি অব নিউইয়র্ক, শ্রীদ্ভগবত গীতা সংঘ ইন্ক ইউএসএ, বাংলাদেশ বুদ্ধিষ্ট কমিউনিটি ইনক, রামকৃষ্ণ সেবা সংঘ ইউএসএ, বেদান্তা এসোসিয়েশন নিউইয়র্ক ইনক, হরিচাঁদ গুরু চাঁদ ইন্টারন্যাশনাল মিশন ইনক, শ্রীকৃষ্ণ ভক্ত সংঘ ইউএসএ, গুরু চক্র পরিবার ইউএসএ ইনক প্রভৃতি ব্যানারে অংশ নেন। ‘উই ওয়ান্ট জাস্টিস’ ছাড়াও ব্যানার-ফেস্টুনে তাদের শ্লোগান ও দাবী-দাওয়ার মধ্যে ছিলো- ‘হিন্দু লাইভস মেটার ইন বাংলাদেশ’, ‘বাংলাদেশে হিন্দু সহ সকল সংখ্যালঘু ও আদিবাসীদের উপর ধর্মীয় নির্যাতন আইন করে বন্ধ করো’, ‘সেভ হিন্দুস, সেভ টেম্পল ইন বাংলাদেশ’, ‘স্টপ কিলিং’, ‘এনাফ ইজ এনাফ ডোন্ট কিল হিন্দুস ইন বাংলাদেশ’, ‘লায়ার ড. মোমেন’ প্রভৃতি।

সমাবেশে হিন্দু-বৌদ্ধ-খ্রীষ্টান ঐক্য পরিষদ ইউএসএ’র সভাপতি নবেন্দু বিকাশ দত্ত ও সুবীর বড়ুয়া, মানবাধিকার নেতা শিতাংশু গুহ সহ নিত্যানন্দ কিশোর দাস, ডা. প্রভাষ দাস, বিদ্যুৎ সরকার, শ্যামল ধর, ভজন সরকার, দীনেশ মজুমদার, শুভ রায়, গোপাল সাহা, রনজিৎ রায়, রুপকুমার ভৌমিক, ভবতোষ মিত্র, গোবিন্দ জি বানিয়া, প্রিয়লাল কর্মকার, রামদা ঘরানি, প্রদীপ মালাকার, আশিষ ভৌমিক, প্রবীর রায়, বিষ্ণু গোপ প্রমুখ বক্তব্য রাখেন।

সমাবেশে অংশগ্রহণকারী উল্লেখযোগ্য অন্যান্য নেতৃবৃন্দের মধ্যে ইসককন জিবিসি ইউএসএ’র অনুত্তম দাস, ডা. সমীর সরকার, স্বামী দেবপ্রিয় নন্দগিরী, গোবিন্দজী বানিয়া, ডা. নিহার সরকার, সুশীল সিনহা, প্রাণেশ হালদার, রঞ্জিত সাহা, সুভাষ সাহা, পিয়াস সেন মুন, অজিত চন্দ, কুমার বণিক, উমেশ পাল, প্রিয়তোষ দে, উত্তম সাহা, প্রদীপ ভট্টাচার্য, বিপ্লব শীল, প্রদীপ ঘোষ, শম্পা বণিক, দেবাশিষ সাহা, ঝলক রায়, চম্পা সরকার, হিমান রায়, সবিতা দাস, রবীন্দ্র পাল, প্রদীপ সূত্রধর, নারায়ণ রায়, নিতাই দেবনাথ, অরুণ বিকাশ পাল, গোপাল সাহা, রতন কুমার দাস, রাম দেবনাথ, নতুন প্রজন্মেও রি রায়, অন্তরা দাস, নিকিতা, প্রিন্সেস প্রমুখ উপস্থিত ছিলেন।

সমাবেশে বক্তারা বলেন, জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে মহান মুক্তিযুদ্ধের চেতনা ধারণ করে দুষ্কৃতিকারীদের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। বিশ্বে বাংলাদেশের মর্যাদা ক্ষুণ্ন হয়েছে, সংখ্যালঘুদের রক্ষায় জাতিসংঘ বিবৃতি দিয়েছে। এমন বাংলাদেশ আমরা কখনই চাইনি। এই বাংলাদেশ বঙ্গবন্ধু শেখ মুজিবের বাংলাদেশ নয়।

বক্তারা বলেন, ‘জাতির জনক’ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীন বাংলাদেশে ধর্মনিরপেক্ষতার বীজ বপন করেছিলেন। হিন্দু, মুসলিম, বৌদ্ধ ও খ্রিষ্টান-এসব পরিচয়ের থেকেও আমাদের বড় পরিচয় হচ্ছে আমরা বাংলাদেশের মানুষ। আমরা ১৯৪৭-এর দেশভাগের সময় দেশ ত্যাগ করিনি, একাত্তরেও দেশ ছেড়ে যাইনি। বাংলাদেশ আমাদের দেশ, কেনই বা আমাদের ঘরবাড়ি জ্বালিয়ে দেওয়া হচ্ছে।

বক্তারা বাংলাদেশ সরকারের পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেনের অতি সাম্প্রতিক একটি বক্তব্যের নিন্দা জানিয়ে তারা ড. মোমেনের পদত্যাগ দাবি করেন এবং তাদের দাবী-দাওয়া পূরণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দৃষ্টি আকর্ষণ করেন।

এছাড়াও সমাবেশে বক্তারা বাংলাদেশে সংখ্যালঘু নির্যাতন আজ অবধি, অব্যাহত থাকার পেছনে তিনটি কারণ সনাক্ত করেন। এক, ক্ষমতায় যাওয়া ও থাকার স্বার্থে প্রতিটি রাজনৈতিক দলের স্বাধীনতাবিরোধী ধর্মীয় মৌলবাদী ও উগ্রপন্থী চক্রের সঙ্গে বিভিন্ন রকমের অশুভ, অনৈতিক ছাড়দিয়ে আঁতাত করা, দ্বিতীয়ত, কোন দিনই কোন সংখ্যালঘু নির্যাতকের বিচার না করে সহিংসতার মাধ্যমে অমুসলমানদের দেব-দেবী, উপাসনালয়, বাড়িঘর, দোকানপাট ধ্বংস করে, সহায় সম্পত্তি দখল করে, তাদের নারী ধর্ষণ করে, তাদেও বলপূর্বক ধর্মান্তরিত করে, দেশত্যাগে বাধ্য করে, প্রয়োজনে হত্যা কওে দেশটিকে সংখ্যালঘু শূণ্য করতে প্রশ্রয় দেয়া এবং, তৃতীয়ত, সালাফী-মওদুদী ইসলাম, অর্থাৎ আই.এস. ব্র্যান্ডের ইসলামের বিস্তাওে সহায়তা করা। সমাবেশে বক্তারা প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উল্লেখিত সমস্যার চিরস্থায়ী সমাধানকল্পে ১৯৭২ সালের সংবিধানপুন: প্রতিষ্ঠা কওে দেশে সেকুলার ডেমোক্র্যাসির ভিত মজবুত এবং অবিলম্বে একটি বিশেষ ট্রাইব্যুনাল গঠন করে জজ সাহাবুদ্দীন কমিশন রিপোর্ট গেজেট আকারে প্রকাশ করে, সেই তালিকা ধরে সংখ্যালঘু নির্যাতকদের বিচার প্রক্রিয়া তড়ান্বিত করার উপর গুরুত্বারোপ করেন।

সমাবেশ থেকে ঘোষণা দেয়া হয় যে, যতদিন পর্যন্ত বাংলাদেশে সংখ্যালঘু নির্যাতন বন্ধ না হবে এবং প্রতিটি সংখ্যালঘু নির্যাতককে বিচারের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি না দেয়া হবে ততদিন পর্যন্ত এই আন্দোলন অব্যহত থাকবে।

পুজিবাজারে ঝুঁকছেন যুক্তরাষ্ট্র

(শেষের পাতার পর)

হয়ে এই খাতে বিনিয়োগ করা প্রয়োজন। নিউইয়কে বাংলাদেশী ব্যবসায়ী নেতা কমিউনিটির পরিচিত মুখ ময়নুজজামান চৌধুরী মনে করেন পুজিবাজারে বর্তমানে যে উর্ধমুখী অবস্থায় রয়েছে সেটি অব্যাহত নাও থাকতে পারে। নানা কারনে আগামী ফেব্রুয়ারী অথবা মার্চে পুজি বাজারে ধস নামার আশংকা ব্যক্ত করেছেন তিনি। নতুন বিনিয়োগকারীদের অধিকহারে পুজি-বিনিয়োগ না করে দফায় দফায় বিনিয়োগ এর মাধ্যমে অভিজ্ঞতা অর্জনের পরামর্শ দিয়েছেন। অনেকে মনে করেন পুজিবাজারে বিনিয়োগ নিরাপদ এবং লাভজনক আবার কারো মতে এই পুজিবাজার অনেককে নিজস্ব করেছ, পথে বসিয়েছে। নিউইয়রকের গ্রোসারী কিংবা রেস্টুরেন্ট সবখানে এখন শুনা যায় পুজিবাজারে বিনিয়োগ এর নানা আলোচনা। রবিনহুড. কয়েনবেইজ এপস খোলেছেন অনেকে। আলোচনা চলছে বিটকয়েন, শিবাসহ থেসলা, আমাজন, আপল, ফেইসবুক, টুইটার, গোগল সহ বড় বড় কোম্পানির শেয়ার কেনা নিয়ে। নতুন বিনিয়োগকারীদের করনীয় এবং লক্ষ্যনীয় বিষয় কী? জানতে চাইলে জ্যাকসন হাইটস আই ট্রেড-এর কর্ণধার নাজিম চৌধুরী বলেন নতুনদের সবচেয়ে গুরুত্বপুর্ন বিষয় হলো তাদেরকে জানতে হবে। যথেস্ট ধৈর্য নিয়ে লেগে থাকতে হবে। কয়েক বছর ধরে অনেকগুলো কোমপানির শেয়ার কেনার অভিজ্ঞতার বিবরণ দিয়ে বলেন, পুজিবাজার বিষয়ে সচেতনতা অনেক জরুরী। সব ব্যবসার মত এই ব্যবসায় লাভ লোকসান ঝুঁকি আছে উল্লেখ করে তিনি বলেন, স্বল্প পুজি নিয়ে কেউ যদি ২/৩ টি কোম্পানির শেয়ার কিনে খুব দ্রুত লাভ নিয়ে বের হয়ে যাবার আশা করেন সেটি হবে ভুল পথে হাঁটা। পুজিবিনিয়োগ এবং সেটি ঝুঁকিতে পড়লে আবারো বিনিয়োগ করে রক্ষা করার সক্ষমতার যোগ্যতা নিয়ে এই সেক্টরে আসতে। শীর্ষ কোম্পানির শেয়ার কিনে অপেক্ষা করার মানসিকতা থাকতে হবে।

জোয়ার ভাটার এই ব্যবসায় লাভ-লোকসান এবং ঝুঁকিকে সাথী করেই ঠিকে আছেন নাজিম চৌধুরী এমন তথ্যদিয়ে বলেন যাদের কাছে ডলার আছে এবং বিনিয়োগ করতে আগ্রহী তারা সময় নিয়ে ধাপে ধাপে বিনিয়োগ করলে কম লাভ হলেও নিসব হওয়ার ভয় থাকবেনা।

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

IRS e file

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

মেঘনা ট্রাভেলস

ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের
একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES

International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয়
ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com

ইনকাম ট্যাক্স
ইমিগ্রেশন
ট্রাভেলস্

25th Anniversary

KAKATUA AGENCY

Authorized e-file Provider

কাকাতুয়া এজেন্সী

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)

ENROLLED AGENT

OUR SERVICES ARE:

Income Tax
Accounting Service
Immigration Form Fill Out
Travel
Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভাদাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

Afzal Hossain MD
Ashwad Afzal MD, FACP
Sanjeev Palta MD, FACC

Board certified in Internal Medicine
87-81 169th street, Jamaica NY 11432
Tel: 718-297-4300, Fax: 718-297-4302
Board certified in Cardiology

We perform tests in the office:

ECG

We treat all heart patients and have tests performed in our office by our experienced Internist and Cardiologist.

- EKG/Electrocardiogram
- Echocardiogram
- Cardiac stress test
- Vascular studies
- Allergy Test
- Nerve Test/Sudoscan
- TB/PPD testing
- Spirometry/Lung Test
- Peak flow
- Test for Heartburn







Blood test done in the office

We provide Vaccines for:

- Hepatitis A
- Hepatitis B
- Influenza
- Meningitis
- Measles
- Mumps
- Pneumococcal
- Rubella
- Tetanus/Tdap
- Varicella

- Physical Exam
- Pre-employment Exam
- Physical for school
- CDL certification
- TLC Certification
- Home Health Aid/HHA Certification

We accept most insurance and have arrangement for treating uninsured patients at low costs.

Office Hours
Mon-Thurs 10am-6pm
Friday 11:30am-6pm
Saturday 10am-3pm

Call us today at 718-297-4300

Law Office of Md Golam Mostofa, Esq.

OUR SERVICES:

- Personal Injury all kinds
- Medical Mal Practice
- Accident in Construction Work and Car Accidents
- Lead Poisoning
- Slip and Fall
- All Civil Matters
- Immigration all kinds & investments
- Real Estate, Business
- Bankruptcy
- Criminal Case
- Landlord-Tenant
- Family Matter-Divorce
- Employment Matter, Etc.





Attorny M. Mostofa, Esq.

LL.B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh, Advocate, Bangladesh Supreme Court.
LL.B Honors, UK. Barrister-At-Law, London.,
LL.M, USA. Attorney-At-Law, NY

7226 Broadway, 3rd Floor, Jackson Heights, NY 11372, Phone: 718-565-2661

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:	JAMAICA OFFICE:
30-04, 36th Avenue LIC, NY 11106 Tel: 718-383-4500	170-12 Highland Avenue Jamaica Estates, NY- 11432 www.drmrahman.com

নন ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য বিনামূল্যে প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ প্রদান

B1 / B2 ভিসায় আমেরিকায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য ফ্রি পরামর্শ এবং সোসাল সিকিউরিটি কার্ড, ওয়ার্ক পারমিট, ব্যাংক একাউন্ট, সিটি আইডি, চিকিৎসা বেনিফিট ও হেলথ ইন্সুরেন্স পেতে সার্বিক সহযোগিতা করা হয়।

- L1A / E2
- ASYLUM
- RE-ENTRY PERMIT
- AFFIDAVIT OF SUPPORT
- REMOVE CONCILIATION TO GREEN CARD

"আমেরিকায় অবস্থানরত বৈধ কাগজ-পত্রহীনদের যে কোন আইনী প্রক্রিয়ার মাধ্যমে নিজেকে আপডেট রাখা জরুরী"

যোগাযোগ ঃ
917-982-5682
Email: radninmahamood@yahoo.com

DEBT SOLUTIONS BANKRUPTCY

- আমরা গ্যারান্টি সহকারে আপনার কার্ড বিল কমিয়ে দিতে পারি।
- মাত্র ১২ থেকে ৩৬ মাসে আপনি সম্পূর্ণভাবে দেনামুক্ত হতে পারবেন।



BHUIYAN
917-832-7619

BT & T GROUP LLC

37-12, 75th Street, Suite #203, Jackson Heights, NY 11372
Phone: 917-832-7619 | Fax: 718-425-9293

Hillside Accounting Services Inc.

Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP

Board Certified in Internal Medicine

Address

87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

BRONX OFFICE
1268 Whiteplains Road.
Bronx,
NY 10472
718-792-6991

JACKSON HEIGHTS OFFICE
37-33 77th St. # 1,
Jackson Heights
NY 11372
718-478-6100

- স্বল্পমূল্যে চিকিৎসার ব্যবস্থা
- জীবানুমুক্ত যন্ত্রপাতি
- সর্বাধুনিক প্রযুক্তি। অভিজ্ঞ ডাক্তার
- মেডিকেইড। ইন্সুরেন্স। ইউনিয়ন - কার্ড গ্রহণ
- Visa / Master Card / American Express / Discover সহ অন্যান্য ক্রেডিট কার্ড গ্রহণ
- সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহারে Implant / Braces চিকিৎসা

আপনাদের সেবায়



DR. WALI KHAN
D.D.S.



DR. M. M. ABDUR ROB D.D.S.

কম্বাইন্ড রিজিওনাল বোর্ড কর্তৃক স্বীকৃত বাঙ্গালি ডেন্টিস্ট বাংলাদেশ আর্মির প্রাক্তন **ডেন্টাল সার্জন**

আমরা সর্বনিম্ন মূল্যে সর্বাধুনিক প্রযুক্তিতে দাঁত ও মাড়ির সব ধরনের চিকিৎসা করে থাকি।

আমরা মেডিকেইড, ইন্সুরেন্স ও ইউনিয়ন প্লান গ্রহন করি



আপনাদের সেবায় আমাদের দুটি শাখা

QUEENS DENTAL CARE
28-55, 34St, 2Floor, Astoira
(at the corner of 30 AVE. & 34St)
718-204-0672
বিকেল ৫টা থেকে রাত ৯টা, রোববার এপয়েন্টমেন্ট নিতে হবে

BRONX OFFICE
780E. Tremont Ave. Bronx
718-731-6176
সকাল ৯:৩০ থেকে বিকেল ৪:৩০, রোববার বন্ধ।



WELCOME TO
Your Medical Home

SABOOR WAIZUN MEDICAL PC
Caring For Your Health

INAMULHAQUE M SABOOR,MD
Board Certified Internal Medicine
USCIS Designated Civil Surgeon

BROOKLYN
486 MCDONALD AVE
BROOKLYN, NY 11218
PH: (718) 247-7226
FAX: (914) 500-6570
Sat, Tues and Thursday:
1:00PM- 8:00PM

JAMAICA
167-10 HIGHLAND AVE
JAMAICA, NY 11432
PH: (718) 558-0280
FAX: (718) 558-0290
Mon, Wed & Friday:
11:00AM to 5:00PM

Office Hours
Sat, Tues and Thursday: 1:00PM- 8:00PM
Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

Available on call 24 hours a day, 7 days a week 365 days a year

---

ড্রাইভিং লাইসেন্সের ১০০% গ্যারান্টি

ড্রাইভিং শিখতে ভয় পাচ্ছেন? বারবার ফেল করছেন? তাদেরকে চুক্তিতে থিয়োরি দিয়ে ও প্র্যাকটিক্যালি সরলভাবে শতভাগ নিশ্চয়তা সহকারে শেখানো হয়।



যোগাযোগ:
রাজীব খান
347-279-8327
nukdu345@gmail.com

Vital Accounting Inc.

File your Tax with experienced professional.

* Income tax:
* Individual/ Personal Tax (All states)
* Business Tax (Corporation, Partnership)
* Sales tax (Food Vendor, Corporation)
* Payroll Tax
* Business Incorporation
* Immigration Services



Atikur Rahman
Masters in Economics
MBA (Accounting), MAFM
Tel: 718-820-2212

37-22 73rd Street, 2nd Fl (Suite # 2D), Jackson Heights, NY 11372

স্মরণশক্তির শত্রু কোমল পানীয়

(শেষের পাতার পর)

রক্ষা পেতে ডায়েট সোডা পান করলেও নিস্তার পাওয়ার সম্ভাবনা কম। কারণ সাম্প্রতিক গবেষণায় দেখা গেছে এই ধরনের মিষ্টি পানীয় বেশি পান করলে স্মরণশক্তি কমে যেতে পারে। আর প্রতিদিন ডায়েট সোডা গ্রহণ করলে মতিভ্রংশ হওয়ার পাশাপাশি স্ট্রোকের ঝুঁকি বাড়তে পারে।

প্রকাশিত দুটি ভিন্ন গবেষণায় দেখা গেছে, চিনিযুক্ত এবং কৃত্রিম মিষ্টির পানীয় দুটাই মস্তিষ্কের বয়স বাড়িয়ে দিতে পারে। আলৎঝাইমারস অ্যান্ড ডেমেনশা বিষয়ে গবেষণায় জানানো হয়, যারা ঘন ঘন মিষ্টি কোমল পানীয় পান করে তাদের স্মরণশক্তি কম হওয়ার পাশাপাশি মস্তিষ্কের ঘনত্বও কমতে পারে। আর উল্লেখযোগ্যভাবে ছোট হয়ে যেতে পারে হিপোক্যাম্পাস মস্তিষ্কের এই অংশ স্মৃতি ও জ্ঞান আহরণের জন্য গুরুত্বপূর্ণ।

এই গবেষণার সূত্র ধরে পরবর্তী গবেষণায় দেখা গেছে, যারা প্রতিদিন ডায়েট সোডা পান করে অন্যদের তুলনায় তাদের অন্তত তিনগুণ বেশি স্ট্রোক ও স্মৃতিলোপ পাওয়ার সম্ভাবনা রয়েছে।

গবেষণা দুটির ভিত্তিতে গবেষকরা অনুমানে জানান, কৃত্রিম শর্করা মস্তিষ্কে মিষ্টির অনুভূতি তৈরি করলেও সেটা নকল মিষ্টি হওয়ার কারণে পেটের ভেতরের ব্যাক্টেরিয়ার যে রূপান্তর হয় তা হয়তো ক্ষতি করে।

এই দুই গবেষণার প্রধান গবেষক বস্টন ইউনিভার্সিটির ম্যাথিউ পাস বলেন, এটা কিভাবে কাজ করে তা জানার জন্য আমাদের আরো বিস্তারিত গবেষণা করতে হবে।

গবেষকরা পর্যালোচনার জন্য ফ্রামিংহাম হার্ট স্টাডি (এফএইএস) এর তথ্য ব্যবহার করেন। কার্ডিওভাস্কুলার ডিজিজ (সিভিডি) বা হৃদসম্পর্কিত রোগের সাধারণ উপাদানগুলো নির্ণয় করাই ছিল এই জরিপের প্রধান লক্ষ্য।

যুক্তরাষ্ট্রের বস্টন ইউনিভার্সিটি স্কুল অব মেডিসিনের অধ্যাপক সুধা সেশাদ্রি বলেন, এই গবেষণাগুলোর ফলাফলই শেষ কথা নয়, তবে গুরুত্বপূর্ণ তথ্য মানে গুরুত্বপূর্ণ প্রস্তাবনা। দুটি গবেষণারই জ্যেষ্ঠ গবেষক হিসেবে তিনি আরো বলেন, চিনিযুক্ত কোমল পানীয়র তেমন কোনো উপকার নেই এবং বিকল্প চিনি গ্রহণেও তেমন কোনো লাভ নেই।

অনেক দিন ধরে অতিরিক্ত শর্করা গ্রহণ করার ফলে হৃদসম্পর্কিত রোগ, স্থূলতা, টাইপ টু ডায়াবেটিস হওয়ার আশঙ্কার কথা জানা থাকলেও মস্তিষ্কে কি বিক্রিয়া হয় সে সম্পর্কে খুব কমই তথ্য রয়েছে। আর খাদ্যাভ্যাস থেকে কি পরিমাণ শর্করা শরীরে যাচ্ছে সেটা মাপা অতটা সহজ নয় বলে গবেষণার জন্য শর্করাযুক্ত পানীয় বেছে নেয়া হয়েছে বলে জানান সেশাদ্রি।

প্রথম গবেষণার জন্য, প্রায় চার হাজার তৃতীয় প্রজন্মের জনগোষ্ঠী ও বংশধরের ম্যাগনেটিক রিজোন্যান্স ইমাজিং (এমআরআই) স্ক্যান ও কগনেটিভ বা জ্ঞান আহরণের ফলাফল পর্যালোচনা করা হয়।

যারা দিনে দুইয়ের বেশি যেকোনো ধরনের চিনিযুক্ত পানীয় গ্রহণ করেছেন বা সপ্তাহে তিনটার বেশি সোডা পানীয় পান করছেন গবেষকরা তাদের উপর গুরুত্ব দেন। এর মধ্যে যারা উচ্চ মাত্রায় গ্রহণ করছেন পানীয় এ রকম মানুষদের মস্তিষ্ক বয়স্ক হয়ে যাওয়ার পাশাপাশি সার্বিকভাবে মস্তিষ্কের পরিমাণ কমে যাওয়া, স্মরণশক্তি দুর্বল হওয়া এবং হিপোক্যাম্পাস ছোট হয়ে যাওয়ার সমস্যা পাওয়া গেছে, যা আলৎঝাইমাস রোগের প্রাথমিক লক্ষণ।

আর যারা ডায়েট পানীয় বেশি পান করেছেন, মানে দিনে অন্তত একটা, তাদেরও মস্তিষ্কের পরিমাণ কমতে দেখা গেছে। দ্বিতীয় গবেষণায়, প্রাপ্তবয়স্ক বংশধরদের একাংশের বিশেষ করে স্ট্রোকে আক্রান্ত হওয়া বা আলৎঝাইমারস রোগের কারণে স্মৃতিলোপ পাওয়া পরীক্ষার তথ্য পর্যালোচনা করা হয়। ফলাফলে দেখা যায়, অন্যাদের চাইতে যারা দিনে অন্তত একটা ডায়েট সোডা পান করেছেন তাদের প্রায় তিনগুণ হারে স্ট্রোক এবং স্মৃতিভ্রংশ রোগ হতে দেখা গেছে। -ইন্টারনেট।

হাউজ কিপিং জব করতে চাই

হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, **বাংলাদেশ সুপ্রীমকোর্ট**)।

ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
৩৪৭-৮৪৯-৭৫২৩

Income Taxes & Immigration

আমরা অত্যন্ত সততা ও দক্ষতার সহিত নির্ভুল তথ্যের ভিত্তিতে ইনকাম ট্যাক্স রিটার্ণ করে থাকি। অধিক রিফান্ডের লোভে ভুল তথ্য দিয়ে ফেডারেল ও স্টেটের অডিটের ঝামেলায় না গিয়ে সঠিক তথ্যের ভিত্তিতে ট্যাক্স রিটার্ণ করে ঝামেলা মুক্ত থাকুন।



নিউইয়র্কে বাড়ি ক্রয় বিক্রয় আবাসিক ও কমার্শিয়াল, রিয়েল এস্টেট এজেন্ট, নোটারী পাবলিক।

Md. Harunur Rashid (Milon)
MSS.Pol.Science
ITP.CUNY, H&R Block
Cell: 718-341-3927
Email: harunur69@aol.com

RASHID ENTERPRISE
Bangladesh Plaza, 2nd Fl., #206, 37-15,73rd Street, Jacksone Heights, NY 11372
Tel: 718-458-0575, Fax: 347-642-3276

আমাদের নিকট নিম্নলিখিত সেবা পাবেনঃ

ইমিগ্রেশনঃ
ফ্যামিলি পিটিশন ও কে-ভিসা
ডিভোর্স কন্সিলশন
এভিডেন্সিটি অব সাপোর্ট
বিনা শর্তসাপেক্ষে সিটিজেনশীপ
এমপ্লয়মেন্ট অথরাইজেশন
সিএসএস লুপাস
ডিপোর্টেশন, এসাইলম, গ্রীনকার্ড রিমিট

AUTHORIZED e-file PROVIDER
IRS authorised e-file provider

ইনকাম ট্যাক্সঃ
ব্যক্তিগত ও ব্যবসা
ট্যাক্স ক্যাব ও ফুড কেয়ার
পার্টনারশীপ, কর্পোরেশন
স্পেয়ারস এন্ড সেলস ট্যাক্স
ব্যবসা সেটআপ
কর্পোরেশন ও এলএলসি গঠন

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?
বাফেলোতে বাড়ি কেনা-বেচায়



নতু ন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন
রাফি সাফওয়ান
ঝামেলামু ক্ত সহযোগিতা দিচ্ছে
সিদ্ধান্ত নেয়ার পূ র্বে যোগাযোগ করুন :
267-992-3201
Park Realty
of Western New York
155 Summer St
Buffalo, NY 14222

FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS



ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS To Represent Before the Internal Revenue Service
MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY

TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স–একাউন্টিং–নোটারী

Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.



Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com



ভ্রমণ

নায়াগ্রা ফলস, অরল্যান্ডো ডিজনি, মায়ামি, কী ওয়েস্ট, গ্রান্ড ক্যানিয়ন, লাস ভেগাস সহ আমেরিকার যে কোন স্টেটে ভ্রমণের জন্য যোগাযোগ করুন:

বাংলা ট্যুর
৩৪৭ ২৮০ ৭২৬৯

* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার



Joy

পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা

জয় ক্যাটারিং মেন্যু

প্যাকেজ -১
ব্রেইন পোলাও
চিকেন রোস্ট
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 7.00

প্যাকেজ-২
ব্রেইন পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 8.00

প্যাকেজ-৩
ব্রেইন পোলাও
চিকেন রোস্ট
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$10.00

প্যাকেজ-৪
মটর পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$11.00

148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977

32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527

যে প্রক্রিয়ায় বাড়ি বিক্রেতা প্রতারিত করতে পারেন

(শেষের পাতার পর)

আপনার জন্য কিভাবে কাজ করলে সহজেই আপনার বাড়িটে বিক্রি হয়ে যাবে। এ দলনের বিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেওয়া সত্যিই স্মার্ট কাজ।

কিন্তু সত্যিকার বাজে এজেন্ট তরাই যারা বাড়ি বিক্রেতাকে অনেক বড় বড় কথা বলবেন, কিন্তু কাজের সময় তারা তাদের কথাকে কাজে পরিণত করতে পারেন না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত যেসব কথা বলে থাকেন তা নিম্নরূপ:

যোগাযোগ কম: আপনি আশা করেন যে আপনার এজেন্ট আপনার বাড়ি বিক্রির কাজে ব্যস্ত থাকবেন। তার অর্থ হচ্ছে, সে অনেক সময় তার এই ব্যস্ততার জন্য হয়ত আপনার ফোন ধরতে পারবেন না। কিন্তু একজন বাজে রিয়েল এস্টেট এজেন্ট ভদ্রতার খাতিওে হয়ত আপনাকে কল ব্যক করবেন কিন্তু আপনার জন্য যে সসব বিষয় গুরুত্বপূর্ণ তা হয়ত আপনাকে বলতে ভুলে যাবেন, এবং সত্যিকার অর্থেই তারা গুরুত্বপূর্ণ যোগাযোগে ব্যর্থ।

আপনাকে বারবার আশ্বাস দেবে কিন্তু সে আশ্বাস কাজে পরিণত করতে পারবে না: এটা ঘটতে পারে আপনার বাড়ির লিস্টিং অথবা বিক্রির চুক্তি সাক্ষরের ক্ষেত্রে। একজন রিয়েল এস্টেট এজেন্ট আপনাকে সহজেই আপনার বাড়িটি বিক্রে করে দেওয়ার আশ্বাস দেবে। এজন্য তিনি ওয়েবসাইট, স্যোসাল মিডিয়া, ভিডিও ট্যুরস, প্রফেশনাল ফটোগ্রাফি- ইত্যাদিও মাধ্যমে বাড়িটি বাজারজাত করার উদ্যোগের কথা বলবেন। কিন্তু দেখা যাবে তিনি যেসব উদ্যোগ নেওয়ার কথা বলেছিলেন তার খুব কমই করতে পেরেছেন।

উদ্ভট ফটোগ্রাফি ও ভিডিও: ইদানিং ক্রেতারা বাড়ি ক্রয় করার কাজটি শুরু করেন, বাড়ির ছবি বা ভিডিও দেখে। ফলে বিক্রিত বাড়ির ছবি বা ভিডিও-এর ক্ষেত্রে প্রফেশনাল ছোঁয়া না থাকলে ক্রেতা আকর্ষন করা কঠিন। কিন্ত্র বাড়ি বিক্রেতার এজেন্ট হয়ত বলবেন যে তিনি এক্ষেত্রে সেরা কাজটি করবেন কিন্তু দেখা গেল তিনি যে ছবি ও ভিডিও দিয়েছেন তা কোন মতে করা হয়েছে এবং দায় সারা গোছের।

আপনার বাড়িটি যে বাজাওে বিক্রি হবে সে বাজার সম্পর্কে অজ্ঞ: আপনি অবশ্যয় চাইবেন আপনার বাড়িটি যে এলাকার আপনার এজেন্ট সে এলাকায় বাড়ি বিক্রি সম্পর্কে অভিজ্ঞ হবেন।

উপরোক্ত বিষয়সমূহে একজন ভাল রিয়েল এস্টেট এজেন্ট ভাল হলে সে হবে আপনার বাড়ির জন্য প্রকৃত এজেন্ট। আপনি যখন আপনার বিক্রি করার সিদ্ধান্ত নেবেন, আাপনি ভাল কওে জেনে নিন আপনি যে এজেন্ট নিয়োগ দিচ্ছেন ওপওে উল্লেখিত বিষয়গুলোতে আপনার এজেন্টের যোগ্যতা কেমন। এ বিষয়ে আপনি একটি চেক লিস্ট করতে পারেন এবং তার ভিত্তিতে আপনার জন্য যোগ্য এজেন্ট নিয়োগ দিন। এ বিষয়গুলোতে চিন্তা কওে আপনি নিশ্চিত হন যে আপনি এমন কোন রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দিচ্ছেন না যিনি আপনার স্বার্থ দেখার চেয়ে তার ওয়ালেট ভারী করার কাজে বেশী মনোযোগী।

কি করবেন? যখন আপনি বাড়ি বিক্রি করবেন তখন একজন ভাল রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেওয়া আপনার সফলতার জন্য খুবই গুরুত্বপূর্ণ। আপনার উচিত হবে এমন একজনের প্রতি নজর দেওয়া যে আপনার বাড়ি বিক্রির সকল পর্যায়ে আপনার সাথেই থাকবেন এবং আপনার স্বার্থ দেখবেন। রিয়েল এস্টেট বাজারে ভাল যোগাযোগ আছে একই সাথে আপনার সাথে ভালভাবে যোগাযোগ রক্ষা করতে পারে তেমন রিয়েল এস্টেট এজেন্ট বাড়ি বিক্রির জন্য মুল্যবান। সত্যিকার ভাল রিয়েল এস্টেট এজেন্ট এই বিষয়গুলো জানেন এবং তারা আপনার জন্য যথাসাধ্য করতে পিছুপা হন না। নিম্নে উল্লেখিত কাজগুলো খেয়াল করুন এবং যে আপনাকে প্রতারিত করতে পারে এমন যে কোন রিয়েল এস্টেট এজেন্টকে বর্জন করুন:

কখনো ডুয়েল এজেন্সী গ্রহণ করবেন না।

এমন রিয়েল এস্টেট এজেন্টকে মনোনীত করবেন না যে শুধু ওপেন হাউজকে প্রাধান্য দেয়।

এমন কোন রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেবেন না, যে শুধু বাড়ি বিক্রয় করাকে শুধু তার মূল্যের ওপর গুরুত্ব দেয়।


গব সময় আপনার রিয়েল এস্টেট এজেন্টকে বাড়ির ইন্সপেকশনের সময় উপস্থিত থাকতে তাগাদা দিন।

আপনার আশেপাশের এমন একজন রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দিন যার বিশেষ সুনাম রয়েছে এবং ভাল ট্রাক রেকর্ড আছে।

উপরে উল্লেখিত টিপসগুলো ব্যবহার করে আপনি আপনার বাড়ি বিক্রয়ে সেরা সফলতা লাভ করতে পারেন।

বাড়ী ক্রয়-বিক্রয় বা মর্টগেজ সংক্রান্ত যে কোনো সমস্যায় আমরাও আপনাকে পরামর্শ দিতে পারি। লোন অপশন আপনার জন্য প্রযোজ্য হবে- এ ব্যাপারে আমাদের পর্যবেক্ষণ ও পরামর্শ আপনার জন্য উপকারী হতে পারে।

আপনি, আপনার পরিবার অথবা বন্ধু-বান্ধব যদি বাড়ি ক্রয় করার সিদ্ধান্ত গ্রহণ করে থাকেন, আপনার যোগ্য মর্টগেজ খুঁজে নিতে চান তাহলে ফ্রি কনসালটেন্টের জন্য এম কামাল সিপিএর সাথে যোগাযোগ করতে পারেন।







ঢাকায় ফ্ল্যাট বিক্রি

ঢাকার শাজাহানপুর, আল- বারাকা হসপিটালের গলিতে শহীদবাগ মসজিদের পাশে নির্মাণাধীন ফ্ল্যাট ১৫৫০ (৪ বেড), ১০৫০, ১১৫০, ১২৬০ বর্গফুট বিক্রয় হবে। যোগাযোগ: ০১৭১০৪৭৫০০৪ (মারুফ), ০১৭২২৫৬৮৪৬০ (রায়হান) এবং ০১৬৭৮৭০২১১৩ (জাহিন) অথবা ৮০৪-৩৯৭-৭৮৯৯ (খান), যুক্তরাষ্ট্র।
ন-২২/২৯

রুমমেট আবশ্যক

এস্টোরিয়ার স্টাইনওয়ে স্ট্রীট সাবওয়ের পাশে এপার্টমেন্ট বিল্ডিং-এ পহেলা ডিসেম্বর থেকে তিনজন রুমমেট আবশ্যক। যোগাযোগ: ৯৩৪-২১৬-৫২০৬
ন-২২/২৯

আবশ্যক

হালাল ফুড/জাইরো কারের জন্য মোবাইল ফুড ভেনডিং লাইসেন্সধারী লোক আবশ্যক। যোগাযোগ: ৩৪৭-২৬১-৫৪৮২ অথবা ৩৪৭-৭৮৪-৮৭৭৩
ন-২২/২৯

সেমি বেসমেন্ট ভাড়া

জ্যামাইকা কুইন্স ভিলেজে ২০৮ স্ট্রীট এবং ১১২ এভিনিউতে দুই বেড, লিভিং, কিচেন , বাথরুম সহ ১ ডিসেম্বর থেকে ভাড়া হবে। যোগাযোগ: ৯১৭ ৫৮২ ৫২৭১

আবশ্যক

টেক্সাসের সান এন্টনিও শহরে বাংলাদেশী মালিকানাধীন আবাসিক হোটেলে ফ্রন্ট ডেস্ক ও হাউস কিপিংয়ে লোক প্রয়োজন। আগ্রহী প্রার্থীরা দ্রুত যোগাযোগ করুন। মনির: ৬৬১-৩৭৩-১৫২৮
ন-০৮/১৫

সেমি বেসমেন্ট ভাড়া

জ্যামাইকার ২০০ স্ট্রীট ও হলিস এভিনিউর কর্ণারে বাংলাদেশীদের মসজিদের কাছে এক বেডরুম, এক লিভিং রুম, একটি কিচেন এবং ফুল বাথরুমের সেমি বেসমেন্ট-এর বাসা ভাড়া হবে। এক মাস সিকিউরিটি ডিপোজিট দিতে হবে। যোগাযোগ: ৬৪৬-২৮০-৫০০১ (শিমুল) অথবা ৯১৭-৫২৫-৮৮৪৪ (কামরান)
ন-০৮/১৫

রুম ভাড়া

করোনা এলাকায় সেভেন ট্রেনের কাছে একটি এপার্টমেন্টে একটি আলাদা রুম ভাড়া দেয়া হবে। কিচেন, বাথরুম শেয়ার করতে হবে। কেবলমাত্র পুরুষরা যোগাযোগ করুন। মাসিক ভাড়া ৩৫০ ডলার। কোন অতিথি আনা যাবে না। ফোন: ৭১৮-৫০৭-৪১৬৯
অ-২৫/ন-০১

সাহায্যকারী আবশ্যক

নিউজার্সীর নিউ ব্রুন্সউইক-এ বসবাসরত একজন বয়স্কা প্যারালাইজড মহিলা রোগিনীকে সবসময় দেখাশুনা করার জন্য রোগিনীর বাসায় থাকতে আগ্রহী মহিলা সাহায্যকারী দরকার। আগ্রহীরা যোগাযোগ করুন। ফোন: ৯৭৩-৯৩১-৬০৫৯ (কলি)
অ-২৫/ন-০১/০৮/১৫

সেমি বেইসমেন্ট ভাড়া

জ্যাকসন হাইটসের নিকটে ৭০ স্ট্রিটে নর্দান বুলেবার্ড, মসজিদ সংলগ্ন সুন্দর পরিবেশে সম্পূর্ন নতুন ২ বেডরুম, ১ লিভিং, ১ কিচেন ও ১ বাথরুমের একটি সেমি বেইসমেন্ট বাসা পহেলা ডিসেম্বর থেকে ভাড়া হবে। যোগাযোগ: পাভেল (৯২৯) ৪২৪-৭৮৮১ অথবা (৬৪৬) ৯৫৭-৫১৫৪
ন-১৫/২২

বাসা ভাড়া

কুইন্স ভিলেজে-এর ৯৩ এভিনিউ এবং ২১০ প্লেস-এ এক বেডরুমের বেসমেন্ট বাসা ভাড়া দেওয়া হবে। বাসার কাছেই কিউ১১০, কিউ৭৭, কিউ৩৬ আর কিউ১ এর বাস স্টপেজ। যোগাযোগ: ৯১৭-২২৬-৪৪২৩ (বাবলু)
অ-২৫/ন-০১

বাসা ভাড়া

ব্রুকলীনের এফ ট্রেনের বেলপার্কওয়ে সাবওয়ে ষ্টেশন ও বিও বাস স্টপ একই ব্লকের মধ্যে ১ রুমের বাসা ভাড়া হবে। আলাদা লিভিং ও কিচেন। যোগাযোগ: ৭১৮-৮৫৯-৫১৪৯ অথবা ৭১৮৫৫২৬৯৩১
অ-২৫/ন-০১/০৮

কন্ডো বিক্রয়

ব্রঙ্কস, পার্কচেস্টার, নিউইয়র্ক, ১ বেডরুমের কন্ডো বিক্রয় হবে। ৬ ট্রেন সাবওয়ে এবং মেসির নিকটে। Asking price $210000. Please contact #
934-234-7361

সেমিবেসমেন্টভাড়া

ব্রঙ্কস পার্কচেস্টার কাছে ৬ ট্রেনে ২২৫৭ নিউ বল্ড এভিনিউ সেমিবেসমেন্ট ২ বেড রুমের বাসা ভাড়া হবে। **যোগাযোগঃ ৭১৮-৮৬৪-৭৩৬৭**

রুম ভাড়া

কুইন্সের পার্সন্স বলেভার্ড ও হি-লসাইড এভিনিউ এলাকায় কর্মজীবি সিঙ্গেল অথবা স্বামী স্ত্রী'র কাছে একটি প্রাইভেট হাউজের রেনোভেটেড রুম ভাড়া হবে (দুটি ফুল বাথরুম আছে)। নিরাপদ ও শান্তিপূর্ণ পরিবেশ। যোগাযোগ: ৯১৭-৮০৬-৪৩৮৮
আ-০২

বাসা ভাড়া

জ্যামাইকার হলিসে ডিসেম্বর মাস থেকে দ্বিতীয় তলায় তিন রুম, ১ বাথরুম, লিভিং রুম, এবং ডাইনিং ও কিচেনসহ বাসা ভাড়া হবে। যোগাযাগে: ৭১৮-৬০০-৬০৫৮
ন-৮/১৫

বাসা ভাড়া

কুইন্স ভিলেজের ৮৮ এভিনিউ এবং ২১২ প্লেসে ডুপ্লেক্স বাড়ী ভাড়া হবে, ১লা নভেম্বর থেকে। ৩ বেডরুম, ১ বাথরুম (সেকেন্ড ফ্লোর), ১/২ বাথরুম, লিভিং, ডাইনিং, কিচেন (ফানস্ট ফ্লোর)। এফ ট্রেন এর লাস্ট স্টপেজ (১৭৯ স্ট্রীট)। বাস কিউ১, কিউ৩৬ ও কিউ৪৩। যোগাযোগ: ড্যানী (৬৪৬) ৫২৯-৫২৪০।
অ-০৪/১১

রুমমেট আবশ্যক

জ্যাকসন হাইটসের প্রাইভেট হাইজে ৭১ স্ট্রীট ও ৩৫ এভিনিউ, মাছ বাজার সংলগ্ন ২ জন রুমমেট আবশ্যক। যোগাযোগ: ৬৪৬-৭৩৩-৭২৯৬ অথবা ৬৪৬-৭৩৩-৭২৭৯
অ-০৪/১১

অ্যাটিক ভাড়া

ব্রঙ্কসের পার্কচেষ্টার এলাকায়, জেরেগা সাবওয়ে থেকে মাত্র দুই ব্লকের মধ্যে এক বেডরুম, এক বাথরুম, লিভিং রুম, ডাইনিং স্পেস ও কিচেন সহ অ্যাটিক ভাড়া দেয়া হবে। বাংলাদেশী গ্রোসারী, মসজিদ ও স্কুল এক ব্লকের মধ্যে।
জু-২৮/জু-০৫

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকা স্টেটের ৮৭ এভিনিউ এবং ১৮৮ স্ট্রীটের মাঝে দুই বেডরুমের বেসমেন্ট আগষ্ট মাস থেকে ভাড়া হবে। যোগাযোগ: ৩৪৭-৬০৭-৩১৯৮ অথবা ৩৪৭-৫৫৮-৭৭৪
জু-২৮/জু-০৫

আবশ্যক

একটি গ্যাস ষ্টেশনে কাজ করবার জন্য ফুল টাইম কেশিয়ার আবশ্যক। বিনিয়োগ করতে ইচ্ছুক হলে আলোচনা সাপেক্ষে তাকে পার্টনারশীপ দেয়া যেতে পারে। যোগাযোগ: **৯১৭-৭৪৪-৭৩০৮**

বাড়ী ভাড়া

ব্রঙ্কসের পার্কচেষ্টারে (১৪৬৮ হোয়াইট প্লেইন্স রোড, ফাস্ট ফ্লোর) তিন বেডরুম ও ২ বাথরুমের বাড়া নভেম্বর মাস থেকে ভাড়া দেওয়া হবে। ভাড়া ২৫০০ ডলার। যোগাযোগ: ৬৪৬-৬৬৭-৮১২৯ অথবা ৭১৮-৫৬১-০৬৯৯
ন-০১/০৮

বাসা ভাড়া

সাউথ ওজনপার্কে ১২৮ স্ট্রীট ও ১১১ এভিনিউতে সম্পূর্ন রেনুভেটেড দুই বেডরুমের বাসা নভেম্বর থেকে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৬৩১-৩৫৯-৪০৪৪ অথবা ৩৪৭-৫৯২-৬৮৫২
ন-০১/০৮

রুম ভাড়া

ব্রঙ্কস কেসেলহিল সাবওয়ের কাছে ৬ ট্রেনে ২২৫৭ নিউ বল্ড এভিনিউ বেড রুমের সেমিবেসমেন্ট রুম ভাড়া ও রুমমেট আবশ্যক।
যোগাযোগঃ ৭১৮-৮৬৪-৭৩৬৭

আবশ্যক

ব্রঙ্কসে বাংলাদেশী পরিবারের একটি দশ বছরের বাচ্চাকে সোমবার থেকে শুক্রবার বেলা ৩টা থেকে সন্ধ্যা ৮:৩০ ঘটিকা পর্যন্ত দেখাশুনা করার জন্য একজন বাংলাদেশী মহিলা প্রয়োজন। ইংলিশ জানা ৩৫ থেকে ৪৭ বছরের মধ্যে। প্রতি ঘন্টা ১৭ ডলার। যোগাযোগ: ৯১৭-২৮৫-৩৭৯৪ আবশ্যক ৩৪৭-৫৭৯-৯৮৭৮
অক্টো-১১/১৮

সেমিবেমেন্ট ভাড়া

জ্যামাইকার ১৭৯ স্ট্রীট এফ ট্রেন সাবওয়ের সন্নিকটে সেমিবেসমেন্ট নামাজি কর্মজীবি ২ জন মহিলা অথবা স্বামী/স্ত্রীর নিকট ১ নভেম্বর থেকে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৬৪৬-২৫৫-৮৯২৩
অক্টো-১১/১৮

পারমিট ভাড়া

দুই বৎসরের সিটিওয়াইড ফুলটাইম জায়রোর পারমিট ভাড়া দেয়া হবে।
যোগাযোগঃ টিপু আহমেদ
৩৪৭-৪৫৯-৪৮৯১
অ-০৪/১১

বাড়ি ভাড়া

জ্যামাইকার ১৭৭ স্ট্রীট এবং ১০৫ এভিনিউর কর্নারে বাজার, মসজিদ ও সাবওয়ের সন্নিকটে পৃথক লিভিং, ডাইনিং, কিচেন ও বাথসহ ২ বেডরুমের বাসা এবং বেসমেন্ট টিপটপ কন্ডিশনের ১ বেডরুমের বাসা ভাড়া হবে। যোগাযোগঃ
৬৪৬-৪২৭-৩১২২

আবশ্যক

হালাল ফুড/জাইরো কারের জন্য মোবাইল ফুড ভেনডিং লাইসেন্সধারী লোক আবশ্যক। যোগাযোগ: ৩৪৭-২৬১-৫৪৮২ অথবা ৩৪৭-৭৮৪-৮৭৭৩
ন-২২/২৯

টাঙ্গাইল শহরের প্রান কেন্দ্রে বাড়ি বিক্রয়

টাঙ্গাইল শহরের বিশ্বাস বেতকা এলাকায় সৃষ্টি কোচিং সংলগ্ন ১০ শতাংশ জমির উপর ৫তলা ফাউন্ডেশনের (৩৩টা পিলারের) বাড়ি, নীচতলায় ৩ বেড, ৩ বাথ, ২টা ইউনিট এবং দোতলায় দুই বেড এবং একটি বাথরুমের ৪টা ইউনিট। প্রতিমাসে আয় সর্বমোট ৪৫ হাজার টাকা। জমির মালিক নিউইয়র্ক প্রবাসী বিধায় দলিল হস্তান্তর এবং বাড়ির মূল্য নির্ধারন/পরিশোধ ডলারে করতে হবে। কেবল মাত্র কিনতে আগ্রহীরা যোগাযোগ করুন। **ফোনঃ ৯১৭-৩০০-৫০০৪**

ফ্লোরিডায় গ্রোসারীতে লোক আবশ্যক

ফ্লোরিডায় একটি গ্রোসারী স্টোরে জরুরী ভিত্তিতে আকর্ষনীয় বেতনে ক্যাশিয়ার বা সেলস ক্লার্ক আবশ্যক।
ফোন অথবা টেক্সট করুন: ৭৮৬-৮৩৮-৭৬৫৭
ন-০৮/১৫/২২/৩৯

One Bedroom CONDOMINIUM FOR SALE

1510 Union Port Road,Bronx ,NY-10462.Asking Price $199,000.00
Common Charge $ 804.69 . Living area Sqft 613.more Info please contact



আবশ্যক

ফ্লোরিডার কিওয়েষ্ট-এ গ্রোসারী স্টোরে কাজের জন্য জরুরী ভিত্তিতে লোক আবশ্যক। ভালো সুযোগ-সুবিধা সহ থাকার ব্যবস্থা রয়েছে। শান্তিপ্রিয় এলাকা, জিরো ক্রাইম, যাতায়াতের জন্য গাড়ীর প্রয়োজন নেই। বাসা থেকে স্টোর হাঁটা পথ। প্রার্থীর কমপিউটার ব্যবহার জানা থাকলে ভালো।
যোগাযোগ: ৩০৫-৮৯৬-৯৫৪৭
জুন-২১/২৮

বিনামূল্যে হেলথ ইন্স্যুরেন্স চান

আপনি কি বিনামূল্যে নিউইয়র্ক ষ্টেট অনুমোদিত হেলথ ইন্স্যুরেন্স পেতে চান? তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে হেলথফাস্ট, ফিডালিস কেয়ার, মেট্রোপ্লাস, ইউনাইটেড হেলথ কেয়ার সহ অন্যান্য ইন্স্যুরেন্স প্লান পেতে সহায়তা করব!
শেখ সিরাজ, বাংলাদেশ সেন্টার
Bangladesh Center Inc
ফোন: ৯১৭-৫৪৭-৬৮৩২

মুসলিম কাজী অফিস

Imam & Khatib
Bangla Bazar Jame Masjid
1351 Odell St, Bronx, NY 10462
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।



Quazi Moulana Abul Kashem Eahea
Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh
Marriage Registrar New York State
(Muslim Nikah & Marriage Solemnization NYC)
Tel: 347-208-9055
Email:abuleahea@gmail.com

MATRIMONIAL SERVICE

কাজী অফিস (NYC Registered)

GET MARRIED ISLAMIC WAY BY
KAZI MOWLANA MD. ABUL KHAIR
IMAM & KHATUB
MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.
70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.
Phone: 646-732-7125, 929-277-7444

প্রকাশিত সংবাদ প্রসঙ্গে মুক্তধারা ফাউন্ডেশন

(শেষের পাতার পর)

বিবৃতিতে বলা হয়: ১। সম্প্রতি নিউইয়র্ক থেকে প্রকাশিত সাপ্তাহিক 'পরিচয়' পত্রিকায় নিউ ইয়র্কের সুপ্রিম কোর্টে দায়ের করা একটি মামলার বরাত দিয়ে অভিযোগ করা হয়েছে, মুক্তধারা ফাউন্ডেশনের প্রধান নির্বাহী ও মুক্তধারা প্রকাশনা সংস্থার স্বত্বাধিকারী বিশ্বজিত সাহা জনৈকা ফারহানা আখতারকে মার্কিন ভিসা পাইয়ে দেওয়ার প্রতিশ্রুতিতে মোট ৬০,০০০ ডলার আগাম নিয়েছেন। উল্লেখযোগ্য, ইসমত জাহান নামে একজন অজ্ঞাত পরিচয় ব্যক্তির বিরুদ্ধেও মামলাটি দায়ের করা হয়। সাপ্তাহিক 'পরিচয়' পত্রিকায় প্রকাশের পর সাপ্তাহিক বাংলা পত্রিকা'য়, হক কথা'য় ও নবযুগ পত্রিকায় 'পরিচয়ে'র বরাত দিয়ে খবরটি প্রকাশিত হয়। পরে 'উই দি পিপল' নামের একটি ওয়েব সাইটেও একই সূত্রের বরাত দিয়েও প্রকাশিত হয় খবরটি।

২। আমরা দ্বর্থহীন ভাষায় বলতে চাই, এই অভিযোগ সর্বৈব মিথ্যা। মুক্তধারা ফাউন্ডেশন ও বিশ্বজিত সাহাকে জনসমক্ষে হেনস্থা করার উদ্দেশ্যে সম্পূর্ণ কাল্পনিক ও বানোয়াট অভিযোগ এনে নিউ ইয়র্কের সুপ্রিম কোর্টে এই মামলা দায়ের করা হয়েছে। অভিযোগপত্রে মামলার বাদী ফারহানা আখতারের নাম থাকলেও তার কোন ঠিকানা বা স্বাক্ষর নেই। এই নামের কোন ব্যক্তিকে খোঁজ করেও আমরা সন্ধান পাইনি। আমাদের বিশ্বাস, মুক্তধারা ফাউন্ডেশন ও বিশ্বজিত সাহার বিরুদ্ধে দুর্নাম ছড়ানো ও হেনস্থার জন্যই এই মামলা দায়ের করা হয়েছে।

৩। অভিযোগে বলা হয়েছে, বাদী ফারহানা আখতার মার্কিন ভিসা পাওয়ার বিনিময়ে মোট ৬০,০০০ মার্কিন ডলার নগদ বিশ্বজিত সাহার কাছে হস্তান্তর করেন। বিশ্বজিত সাহা অথবা মুক্তধারা ফাউন্ডেশনের কোন নির্বাহী এই ফারহানা আখতারকে চেনেন না। এই বানোয়াট নাম ব্যবহার করে কোন ব্যক্তি বা সংঘবদ্ধ গোষ্ঠী এক ভয়ানক খেলায় লিপ্ত হয়েছে। আমরা এই তৎপরতার তীব্র নিন্দা জ্ঞাপন করছি।

৪। আরো লক্ষ্যণীয়, মামলার অভিযোগনামায় জনৈকা ইসমত আরা জাহানের নাম সহ-ষড়যন্ত্রকারী হিসাবে চিহ্নিত করা হয়েছে। কে এই ইসমত আরা তা বিশ্বজিত সাহা অথবা মুক্তধারা ফাউন্ডেশনের কোন নির্বাহী জানেন না। প্রকাশনা সংস্থা ও পুস্তক বিক্রয় কেন্দ্র মুক্তধারার একমাত্র স্বত্বাধিকারী বিশ্বজিত সাহা। মুক্তধারা ফাউন্ডেশন নিউইয়র্ক স্টেটে তালিকাভুক্ত একটি অলাভজনক সংস্থা। ইসমত আরা নামে কোন ব্যক্তি কখনোই এই সংস্থার সঙ্গে জড়িত ছিলেন না বা এই নামের কোন ব্যক্তির কথা আমরা জানি না।

৫। মুক্তধারা ফাউন্ডেশন দীর্ঘদিন থেকে যুক্তরাষ্ট্রে বাংলা ভাষা ও সংস্কৃতির প্রসারে নিরলস চেষ্টায় নিয়োজিত। এই চেষ্টার অংশ হিসাবে এই সংগঠন প্রতি বছর নিউইয়র্কে একটি বাংলা বইমেলার আয়োজন করে থাকে। অতি সম্প্রতি এই বইমেলার ৩০তম অনুষ্ঠান সুচারুভাবে সম্পন্ন হয়েছে। বাংলাদেশ ও পশ্চিম বাংলার বাইরে বাংলা বইয়ের এত বৃহৎ ও দীর্ঘস্থায়ী মেলা আর নেই। অভিবাসী বাঙালীদের মধ্যে এই মেলার গুরুত্ব বিবেচনায় এনে বাংলাদেশ সরকারের সংস্কৃতি মন্ত্রণালয় মুক্তধারা ফাউন্ডেশনের সঙ্গে সকল রকম সহযোগিতার অঙ্গীকার করেছে। এ বছরেও মন্ত্রণালয়ের একটি প্রতিনিধিদল বইমেলায় অংশগ্রহণ করে। আমাদের অনুমান, বইমেলার সাফল্যে ঈর্ষান্বিত একটি চক্র পরিকল্পিতভাবে এই অভিযোগ উত্থাপন করেছে।

৬। লক্ষ্যণীয়, 'উই দি পিপল' ওয়েব পত্রিকা মামলায় দায়েরকৃত তথ্যের বাইরে বাংলাদেশ সরকারের বিরুদ্ধে কুৎসা রটনায় লিপ্ত হয়। এই পত্রিকা অনুসারে, 'ফারহানা আখতার ও তার স্বজনেরা (প্রতারণার) অসহায় শিকার বা ভিকটিম, যাদের বাংলাদেশে সুবিচার পাওয়ার কোন সুযোগ নেই, কারণ বাংলাদেশে কোন বিচার ব্যবস্থা বা প্রক্রিয়া নেই। বাংলাদেশ এমন একটা দেশ যেখানে আইনহীনতাই আইনে পরিণত হয়েছে, যেখানে সত্যের ওপর মিথ্যার স্থান এবং একনায়ক সরকার প্রধানের কথাই আদালতের রায় হিসাবে বিবেচিত হয়।' উল্লেখযোগ্য, সাপ্তাহিক 'পরিচয়' তার প্রতিবেদনের কোথাও বাংলাদেশ সরকার বা বর্তমান প্রধানমন্ত্রীর বিরুদ্ধে এই জাতীয় কোন অভিযোগ উল্লেখ করেনি।

৭। আমরা তথ্যমাধ্যমের প্রতিনিধিদের মাধ্যমে জানাতে চাই, মুক্তধারার বিরুদ্ধে এই জাতীয় জঘন্য মিথ্যাচার ও ষড়যন্ত্র বিনা চ্যালেঞ্জে প্রতিষ্ঠা পেতে আমরা দেব না। আমরা ইতিমধ্যে পাল্টা আইনি ব্যবস্থা গ্রহণে পর্যাপ্ত প্রস্তুতি গ্রহণ করেছি। এই অভিযোগ শুধু আমাদের বিরুদ্ধে নয়, বাংলাদেশ রাষ্ট্র ও সরকারের বিরুদ্ধেও। এই চক্রান্ত উন্মোচনে আপনাদের সহযোগিতা আমাদের একান্ত কাম্য।

মুক্তধারা ফাউন্ডেশনের পক্ষে বিবৃতিতে স্বাক্ষরকারীগণ হলেন: জামাল উদ্দীন হোসেন, ড. নূরন নবী, রোকেয়া হায়দার, ডা. জিয়াউদ্দীন আহমেদ, গোলাম ফারুক ভুঁইয়া, ফেরদৌস সাজেদীন, নাসিমুন ওয়াহেদ (নিনি), হাসান ফেরদৌস, ড. নজরুল ইসলাম, বিশ্বজিত সাহা, ফাহীম রেজা নূর, তানভীর রাব্বানী, আদনান সৈয়দ, রানু ফেরদৌস, সউদ চৌধুরী, ড. জীনাত নবী, ড. ফাতেমা আহমেদ, আহমাদ মাযহার, নসরত শাহ, জাকিয়া ফাহীম, সাবিনা হাই উর্বি, ওবায়দুল্লাহ মামুন, ইউসুফ রেজা, হারুন আলী, শুভ রায়, মুরাদ আকাশ ও সেমন্তী ওয়াহেদ।

আমাদের বক্তব্য

নিউইয়র্কের সুপ্রীম কোর্টে দায়েরকৃত একটি মামলার প্রেক্ষিতেই সেই মামলার ডকেট নম্বর উল্লেখ করা বাংলা পত্রিকা'য় উল্লেখিত বিষয়ে সংবাদ প্রকাশ করা হয়। এবং সংবাদের সাথে অভিযুক্ত বিশ্বজিৎ সাহার বক্তব্যও প্রকাশিত হয়।

নির্বাচকদের ভুলেই বলির পাঁঠা হচ্ছেন

(শেষের পাতার পর)

বিশ্বকাপে, যা বজায় আছে পাকিস্তানের বিপক্ষে চলমান টি-টোয়েন্টি সিরিজেও। এই পর্যন্ত টানা ৭ ম্যাচ হেরেছে মাহমুদউল্লাহ রিয়াদ বাহিনী। কিন্তু পরাজয়ের কারণ খুঁজে পাচ্ছেন না খোদ অধিনায়কও।

তবে দেশের ক্রিকেট বিশ্লেষকদের মতে, টাইগারদের এমন অবস্থার পেছনে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)-এর পাশাপাশি জাতীয় দলের নির্বাচক ও টিম ম্যানেজমেন্টেরও সমান দায় রয়েছে। কারণ ক্রিকেটার গড়ে তোলার মূল দায়িত্ব কিন্তু তাদেরই। পাইপলাইনে বর্তমানে পর্যাপ্ত পরিমাণে মোধাবী খেলোয়াড় নেই। যার প্রভাব পড়ছে দল নির্বাচনের ক্ষেত্রেও। ফলে ঘুরেফিরে সেই ফর্মে না থাকা ক্রিকেটারদেরই খেলাতে হচ্ছে।

উদাহরণ হিসেবে বলতে গেলে, সবার আগে চলে আসে লিটন দাস ও সৌম্য সরকারের নাম। প্রতিভাবান এই দুই তরুণ ক্রিকেটার এরই মধ্যে আন্তর্জাতিক পর্যায়ে ৫-৬ বছর খেলে ফেলেছেন। কিন্তু কখনোই নামের প্রতি সুবিচার করতে পারেননি। এক ম্যাচ ভালো খেলে ফর্মহীন থাকেন পরের টানা বেশ কয়েকটি ম্যাচ। যার প্রভাবে দলকেও বিপদে পরতে হয়। কারণ, তারা দুজনই ওপেনার ও টপ অর্ডার ব্যাটার। ফলে শুরুতেই উইকেট পড়লে এর প্রভাব স্বাভাবিকভাবেই দলের ওপর পরবে। চলতি বছর টি-টোয়েন্টি ফরম্যাটে লিটন দাসের ব্যাটিং গড় মাত্র ১০। সৌম্য সরকারেরও কাছাকাছি। তবুও, তাদের দুই জনকে দেশসেরা ওপেনার তামিম ইকবালের বিকল্প হিসেবে বিশ্বকাপে নিয়ে যায় নির্বাচকরা। কারণটা অবশ্যই তাদের থেকেও ভালো খেলোয়াড় বিসিবির পাইপলাইনে নেই! নয়তো দীর্ঘদিন ফর্মে না থাকা সত্ত্বেও কেনই বা স্কোয়াডে অটো চয়েজ হবেন তারা? এমনকি সারা বছর দুর্দান্ত খেলতে থাকা নাঈম শেখকে বিশ্রাম দিয়ে বিশ্বকাপের প্রথম ম্যাচে স্কটল্যান্ডের বিপক্ষে সৌম্য-লিটনকে ওপেনিংয়ে নামিয়ে দেওয়া হয়। ফল, শুরুতেই দুজনের উইকেট বিলিয়ে দিয়ে আসা, দল চাপে পড়া এবং শেষ পর্যন্ত পরাজয়ের লজ্জাবরণ। এমতাবস্থায় পরের ম্যাচেই সৌম্যকে বাদ দিয়ে নাঈম শেখকে একাদশে ফেরানো হয়।

লিটন দাস বিশ্বকাপের প্রতিটি ম্যাচ খেললেও নামের প্রতি সুবিচার করতে পারেননি। উল্টো সুপার টুয়েলভে শ্রীলঙ্কার বিপক্ষে প্রায় জেতা ম্যাচ হারার পেছনেও তার দায় দেখছেন অনেকে। ওই ম্যাচ বাংলাদেশ যখন জয়ের দ্বারপ্রান্তে ঠিক তখনই দুটি গুরুত্বপূর্ণ ক্যাচ ছেড়ে দেন লিটন। বাংলাদেশের পরাজয়ের পেছনে ওই দুটি ক্যাচ মিস টার্নিং পয়েন্ট ছিল। তখনই দাবি ওঠে, এই ওপেনারকে বিশ্রাম দেওয়া হোক। কিন্তু সমালোচনা সত্ত্বেও টিম ম্যানেজম্যান্ট তাকে প্রতিটি ম্যাচ খেলায়।

ক্রিকেট যতটা না শারীরিক খেলা, তার চেয়েও বেশি মনস্তাত্ত্বিক। একজন খেলোয়াড় যখন টানা অনেক ম্যাচ ফর্মহীন থাকে তখন এমনিতেই তার ওপর চাপ বাড়ে। আর সেটা যদি বিশ্বকাপের মতো মঞ্চ হয়, তখন স্বাভাবিকভাবেই চাপ আরও বেশি থাকবে। ফলে মানসিকভাবে অনেক শক্তিশালী না হলে এই অবস্থায় ধারাবাহিকভাবে পারফর্ম করা অসম্ভব। লিটন যে আত্মবিশ্বাসহীনতায় ভুগছিলেন তা বিশ্বকাপ চলাকালীন তার চেহারায় স্পষ্টভাবে ফুটে উঠেছিল। তবুও তাকে প্রতিটি ম্যাচ খেলিয়ে যাওয়া টিম ম্যানেজম্যান্টের কতটুকু যৌক্তিক সিদ্ধান্ত ছিল সেটাই বড় প্রশ্ন! ফলস্বরূপ টি-টোয়েন্টি স্কোয়াড থেকে সৌম্য-লিটনকে অনির্দিষ্টকালের জন্য বাদ দেওয়া হয়েছে।

এবার আসি পাকিস্তান সিরিজে। বিশ্বকাপের ব্যর্থ মিশন শেষেই দেশের ক্রিকেট পাড়ায় রব উঠে পরিবর্তনের। বেশ কয়েকজন ক্রিকেটার যে বাদ পড়তে যাচ্ছেন সেটা বিসিবির কর্তারা শুরু থেকেই বলে আসছিলেন। এবং শেষ পর্যন্ত হয়েছেও তাই। বিশ্বকাপ স্কোয়াড থেকে ছয়জন ক্রিকেটারকে বাদ দেওয়া হয়েছে এবং তাদের বদলি আরও ছয় জন সুযোগ পেয়েছেন। এর মধ্যে বাদ পড়েছেন অভিজ্ঞ মুশফিকুর রহিম, সৌম্য সরকার, লিটন দাস ও পেসার রুবেল হোসেন। আর চোটের কারণে ছিলেন না সাকিব আল হাসান ও সাইফউদ্দিন। তাদের বদলি হিসেবে দলে নেওয়া হয়েছে নাজমুল হোসেন শান্ত, সাইফ হাসান, ইয়াসির আলি রাব্বি, শহীদুল ইসলাম, আমিনুল ইসলাম বিপ্লব ও আকবর আলিকে। কিন্তু এই দল নির্বাচন নিয়েও অনেক প্রশ্ন উঠেছে।

কারণ, সাইফ হাসান মূলত টেস্ট খেলোয়াড়। ঘরোয়া কিংবা বয়সভিত্তিক ক্রিকেট বলুন, সব জায়গায় তার ব্যাটিং স্টাইল একজন পরিপূর্ণ টেস্ট খেলোয়াড় সুলভ। ফলে কখনোই টি-টোয়েন্টি খেলোয়াড় হিসেবে নিজেকে পরিচয় করাতে পারেননি। আর নাজমুল শান্তকে অফফর্মের কারণেই পূর্বে টি-টোয়েন্টি থেকে বাদ দেওয়া হয়েছিল। অবশ্য এই ফরম্যাটেও তিনি কার্যকরী ব্যাটার এবং সেটা ঘরোয়া টুর্নামেন্টগুলোতে প্রমাণও করেছেন। কিন্তু প্রশ্ন হলো- মাঝখানে এমন কী পারফরম্যান্স করেছেন যে তাকে দলে নেওয়া হলো? এরপর আসি রুবেল হোসেন প্রসঙ্গে। তার বাদ পড়ার কারণ হিসেবে খোদ নির্বাচকরাই কোনো সদুত্তর দিতে পারেনি। পাকিস্তান সিরিজের দলের সবচেয়ে বড় চমক অনুর্ধ্ব-১৯ বিশ্বকাপজয়ী অধিনায়ক আকবর আলি। যারা দেশের ক্রিকেটের মোটামুটি খোঁজখবর রাখেন, তারা সবাই একবাক্যে স্বীকার করবেন যে, আকবর কোনোভাবেই টি-টোয়েন্টি ফরম্যাটের ক্রিকেটার নন। আর তাকে এত দ্রুত জাতীয় দলে ডাকারও কোনো কারণ (ঘরোয়া লিগে নজরকাড়া কোনো পারফরম্যান্স) নেই। যদিও প্রধান নির্বাচক মিনহাজুল আবেদিন নান্নু ব্যাখ্যা দিয়েছিলেন, মূলত বিকল্প উইকেটকিপারের ভাবনায় তাকে দলে নেওয়া।

অথচ ক্রিকেট পাড়ায় ডাকঢোল পেটানো হয়েছিল যে, পাকিস্তানের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজে প্রথমবারের মতো ডাক পেতে যাচ্ছেন অনুর্ধ্ব-১৯ বিশ্বকাপজয়ী দলের দুই সদস্য ওপেনার পারভেজ হোসেন ইমন ও টপ অর্ডার ব্যাটার তৌহিদ হৃদয়। তারা দুজনই টি-টোয়েন্টি ফরম্যাটের জন্য নিজেদের যৌগ্যতার প্রমাণ দিয়েছেন। কিন্তু দল ঘোষণায় তাদের নাম নেই। পরে জানা গেলো, মূলত ডানহাতি-বাঁহাতি কম্বিনেশনের জন্যই তাদের নেওয়া হয়নি! আর সাইফকে দলে নেওয়ার কারণ এটাই। সাইফ ডানহাতি, অপর ওপেনার নাঈম শেখ বাঁহাতি। অন্যদিকে, পারভেজ হোসেন ইমন বাঁহাতি ব্যাটার। অথচ শেষ টি-টোয়েন্টি ম্যাচের জন্য ঠিকই সাইফকে বাদ দিয়ে ইমনকে ডাকা হয়েছে।

এখন প্রশ্ন হলো, ডানহাতি-বাঁহাতি কম্বিনেশনের এই খোঁড়া যুক্তি আর কতদিন? যদি এই যুক্তিতে ক্রিকেট চলতো তাহলে অস্ট্রেলিয়ার সাবেক তারকা ওপেনিং জুটি ম্যাথু হেইডেন-অ্যাডাম গিলক্রিষ্ট, কিংবা আমাদের দেশের টেস্ট ক্রিকেটে তামিম ইকবাল-ইমরুল কায়েস এত রেকর্ড করতে পারতেন না। বিশ্ব ক্রিকেটে এমন আরও অসংখ্য বাঁহাতি ওপেনার জুটি রয়েছে, যারা প্রতিপক্ষের বোলারদের ওপর ত্রাস ছড়িয়েছেন।

টিম ম্যানেজম্যান্টের এমন ভুল সিদ্ধান্তের কারণে এখন যদি সাইফ হাসান তার আত্মবিশ্বাস হারিয়ে ফেলেন, এই দায় কার? আকবর আলি যে ম্যাচ খেলার সুযোগ পাবেন না তা নিশ্চিতভাবেই বলাই যায়। আর যদি সুযোগও পান, সেক্ষেত্রে দলের প্রত্যাশা অনুযায়ী খেলতে না পারলে? আবার ইমনকে এক ম্যাচের জন্য হঠাৎ করেই ডাকা হয়েছে। সে যে ভালো খেলতে পারবে তারও কোনো নিশ্চয়তা নেই। কারণ, এক-দুই ম্যাচ দিয়ে কাউকে বিবেচনা করা যায় না। দেখা গেলো তামিম ফিরলে পরবর্তী সিরিজেই আবার তাকে বাদ দেওয়া হলো, তখন?

আরেকটা ইস্যু নিয়ে প্রশ্ন জমাট বাঁধছে। প্রথম ম্যাচে লেগ স্পিনার আমিনুল ইসলাম বিপবকে দলে নিয়েও তাকে দিয়ে কোনো বল করাননি অধিনায়ক মাহমুদউল্লাহ রিয়াদ। কারণ হিসেবে জানিয়েছেন, ব্যাটিংয়ে বাঁহাতি ব্যাটার থাকাতেই তাকে আক্রমণে আনা হয়নি। এর আগে টি-টোয়েন্টি বিশ্বকাপে শ্রীলঙ্কার বিপক্ষে ম্যাচে প্রথম দুই ওভার দুর্দান্ত বোলিং করা সাকিব আল হাসানকেও পরে আর বল দেওয়া হয়নি। যার কারণ হিসেবে তখন একই যুক্তি দেখিয়েছিলেন অধিনায়ক। তারও আগে বিপ্লবকে সংযুক্ত আরব আমিরাতে নিয়ে গিয়েও বিশ্বকাপ শুরুর আগেই দেশে ফেরত পাঠিয়ে দেয় টিম ম্যানেজমেন্ট।

দ্বিমুখীনীতি ব্যক্তির কদর্যই বৃদ্ধি করে

(শেষের পাতার পর)

উৎপত্তি। নাফকুন অর্থ ইঁদুরের গর্ত। ভাবার্থের দিক থেকে মুনাফিকের সাথে ইঁদুরের গর্তের মিল হলো, ইঁদুরের গর্তের অনেকগুলো মুখ বা এক্সিট পথ থাকে, এক দিক থেকে হামলা এলে অন্য পথ দিয়ে সে বেরিয়ে যেতে পারে সেজন্যই সে এই পথগুলো তৈরী করে রাখে। অর্থাৎ তাকে পাকড়াও করা সহজসাধ্য নয়। মুনাফিক-দ্বিমুখী-কপট বা ধোঁকাবাজদের অবস্থাও হুবহু সেই রকমই। সে বিবদমান দু'টোপক্ষের চরম হিতাকাংখী সেজে একে অন্যের মধ্যে বিবাদ ও বিষবাস্প ছড়ায়। সামাজিক বিশৃংখলা সৃষ্টির মাধ্যমে পরিবেশকে বিষিয়ে তুলে।

রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওযা সাল্লাম মক্কা থেকে মদীনায় হিজরত করার পর মু'মিন নামের এ ধরণের মুনাফিকদের প্রথম সম্মুখীন হন। যারা বেশ-ভূষনে ও ঈমান-আমলে পাক্কা মুসলমান। কিন্তু আল্লাহ তা'আলা ওহীর মাধ্যমে তাঁর প্রিয় রাসুলকে এদের দ্বিমুখী নীতির পরিচয় জানিয়ে দেন। সুরা বাকারাসহ সারা কুরআনে এদের কার্যক্রমের বিশদ বর্ণনা রয়েছে। আল্লাহ তা'আলা বলেন," কিছু লোক এমনও রয়েছে যারা বলে, আমরা আল্লাহর ওপর ও আখিরাতের দিনের ওপর ঈমান এনেছি অথচ আসলে তারা মু'মিন নয়। তারা আল্লাহর সাথে ও যারা ঈমান এনেছে তাদের সাথে ধোঁকাবাজি করেছে। কিন্তু আসলে তারা নিজেদেরকেই প্রতারণা করছে, তবে তারা এ ব্যাপারে সচেতন নয়। তাদের হৃদয়ে আছে একটি রোগ আল্লাহ সে রোগ আরো বাড়িয়ে দিয়েছেন আর যে মিথ্যা তারা বলে তার বিনিময়ে তাদের রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি। যখনই তাদের বলা হয়েছে, যমীনে ফাসাদ সৃষ্টি করো না, তারা একথাই বলেছে , আমরা তো সংশোধনকারী। সাবধান! এরাই ফাসাদ সৃষ্টিকারী, তবে তারা এ ব্যাপারে সচেতন নয়।" (সুরা বাকারা : ৮-১২)

আমরা সকলেই জানি, এরা আল্লাহ ও তাঁর রাসুলের ওপর ঈমান এনে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ইমামতিতে নিয়মিত জামায়াতে সালাত আদায় করতো। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এদেরকে চিনতেন। এমনকি অনেক সাহাবাগণও এদেরকে জানতেন। মুনাফিকী আচরণের জন্য অনেক সময় সাহাবায়ে কেরাম এদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অনুমতি চাইতেন। কিন্তু তিনি তাঁদের ধৈর্য ধারণ করতে বলতেন। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এদেরকে কাফেরদের চেয়েও অতিশয় ভয়ঙ্কর গণ্য করতেন। কারণ ঘরের শুক্র বিভীষণ। এদের নেতা আব্দুল্লাহ ইবনে উবাই রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আগমনের পূর্ব পর্যন্ত মদীনাবাসীদের কাছে অত্যন্ত শ্রদ্ধাভাজন ব্যক্তিত্ব হিসাবে গণ্য হতো। সে ছিল চেহেরায় অত্যন্ত সুদর্শন, বাগ্মীতায় চটকদার ও ক্ষুরধার। এই তো ক'টাদিন পরেই সে মদীনার প্রধানমন্ত্রী হতো, সিলেকসন, মুকুট ও গদী সবই প্রস্তুত ছিল। কিন্তু রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আগমনে তার বাড়াভাতে ছাই পড়লো।

প্রকৃতপক্ষে যারা মুনাফিক তাদের মুনাফেকী বা দ্বি-মুখীনীতির মাধ্যমে কোন ফায়েদা উঠাতে সক্ষম হয় না। আল কুরআনের পরিভাষায় এটি তাদের লোকসানের মাত্রাকেই বৃদ্ধি করে। দুনিয়ায় ও আখিরাত উভয়স্থানে তারা ক্ষতির সম্মুখীন হয়। একজন মোনাফিক দুনিয়ার মানুষকে কয়েকদিনের জন্য ধোঁকা দিতে পারে কিন্তু সবসময়ের জন্য তার এই ধোঁকাভবাজি চলতে পারে না। অবশেষে একদিন তার মুনাফিকীর গুমোর উন্মোচন হয়ে যায়। তখন সমাজ সভ্যতায় তার চারিত্রিক কদর্যই বৃদ্ধি পায়। মানুষ তাকে একজন পাক্কা কপট, ধোঁকাবাজ, মোনাফিক ও দ্বিমুখী বিষধর সাপ বলে আখ্যায়িত করে। সামাজিক বিশ্বাসযোগ্যতা সম্পুর্নভাবে হারিয়ে ফেলে। আর আখিরাতে তো কঠিণ শাস্তি আছেই। আল কুরআনে বলা হয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি এবং হাদীসে দোযখের সর্বনিম্নে অবস্থানের কথা বলা হয়েছে।

যারা দ্বিমুখী নীতি বা কপটতার আশ্রয় গ্রহণ করে তাদের মধ্যে আরো কিছু মৌলিক বদগুণের সমাহার ঘটে। এই মৌলিক বদগুণের মধ্যে একটি হলো, মিথ্যা। মিথ্যাই হলো মুনাফিকের প্রধান পূঁজি। মিথ্যা ছাড়া সে মুনাফিকী করতে পারে না। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মিথ্যাকে মুনাফিকের অন্যতম একটি আলামত হিসাবে ঘোষনা করেছেন। মুনাফিকী আর মিথ্যা যখন সংমিশ্রণ ঘটে তখন শক্তিশালী একটি আনবিক বা জীবাণু বোমার চেয়েও মারাত্বক আকার ধারণ করে। কারণ একটি আনবিক বোমা একটা নির্দিষ্ট সময় এবং একটা নির্দিষ্ট আওতাধীন সকল কিছুকে সমুলে ধ্বংস করে দেয়। কিন্তু মিথ্যা আরো অধিক কার্যকর ও আরো অধিক বিধ্বংসী বিধায় এটি এক নীরব ঘাতকে পরিণত হয় এবং দীর্ঘ সময় ধরে অধিকতর ব্যাপক স্থান জুড়ে সার্বিক ধ্বংস-লীলা চালিয়ে যায়। শুধু তাই নয়, এটি আরো অসংখ্য নিত্য নতুন উপসর্গের জন্ম দেয়। যার দরুন মিথ্যার একান্তই কোন ক্ষতি বা অপকারের কথা কেউ সুনির্দিষ্টভাবে বলতে পারে না। এমনকি মিথ্যুক মোনাফিক নিজেও জানে না এর পরিধি কতটুকু। মিথ্যুক একটি নির্দিষ্ট লক্ষ্যকে সামনে রেখে মিথ্যার বেসাতি ছড়িয়ে ছিল। কিন্তু মিথ্যাটি মিথ্যুক মোনাফিকের নির্দিষ্ট কার্য বাস্তবায়ন ছাড়াও অসংখ্য নতুন নতুন অঘটন ঘটিয়ে যায়, যেগুলোর আশা মোনফিক নিজেও কখনো কল্পনা করেনি। স্রেফ একটি মিথ্যাকে কেন্দ্র করেই কত সুখের ঘর ভেঙ্গে গেছে, কত মানুষ জুলুমের শিকার হয়েছে, কত স্বাধীন সার্বভৌম দেশ মিথ্যার আগুনে ধ্বংস হয়েছে, কত অধিকার বিনষ্ট হয়েছে তার কি কোন ইয়ত্তা আছে? কতশত লোক নিহত হয়েছে। কত মা-বোন ইজ্জত হারিয়েছে, কত শিশু এয়াতিম হয়েছে, তার হিসাব কে দেবে ? এখানেও মিথ্যা সঠিক পরিসংখ্যাণকে আড়াল করে রেখেছে।

উপরের আয়াত মুনাফিকীকে একটি রোগ হিসেবে চিহ্নিত করেছে। আর আল্লাহ এ রোগ আরো বাড়িয়ে দেন। ফলে মুসাফিক নিজেদের কলা-কৌশলগুলোকে আপাত দৃষ্টিতে সফল হতে দেখে আরো বেশী ও পূর্ণ দ্বিমুখী কার্যকলাপে লিপ্ত হতে থাকে। সে এতটাই বেপরোয়া হয় যে সে চোখলখুরি করা, অপবাদ রটনা, অহংকার করা, হিংসা করা, মিথ্যা বলা, মিথ্যা সাক্ষ্য দান, গোপনীয় দোষ খুঁজে বের করা, অনুগ্রহের খোটা দেয়া, ওয়াদা খেলাপ, অভিশাপ, গালি ও প্রতিবেশীকে কষ্ট দেয়া, অযথা ঝগড়া-বিবাদ ও দ্বন্ধে লিপ্ত হওয়া, ধোকাবাজি, ছলছাতুরী ও ষড়যন্ত্র করা ইত্যাদিতে লিপ্ত হয়। মানুষের ভ্রাতৃত্বের বন্ধন ও সামাজিক সম্পর্কে বিঘ্নতা সৃষ্টি করে এবং সমাজকে বিশৃংখলার অতল গহব্বরে নিক্ষেপ করে। সামাজিক সম্পর্ক ও ভ্রাতৃত্ববোধ ধ্বংসের যতগুলো আচরণ উল্লেখ করা হলো, তম্মধ্যে দ্বিমুখী নীতি বা মুনাফিকী এক মারাত্বক ও কার্যকরী বিধ্বংসী অস্ত্র। এটি সামাজিকভাবে একটি ঘৃণ্য কাজ। মোনাফিক একজন ঘৃণ্য ব্যক্তি হিসাবে পরিচিতি লাভ করে। কেউ তার কাছে কোন কাজের জন্য যেতে চায় না। সকলেই তাকে ঘৃণাভরে প্রত্যাখ্যান করে।

লেখক: 'সুন্দর পৃথিবীর জন্য' গ্রন্থের লেখক। ম্যানেজার, আইবিবিএল, জিন্দাবাজার শাখা, সিলেট।









ব্রঙ্কসে দেশী ডিজাইন ইনক'র উদ্বোধন

(শেষের পাতার পর)

দেশীয় কাপড়ের স্টোর "দেশী ওয়ার" প্রতিষ্ঠার সফলতার পর ১৫০৬ ব্রঙ্কস এর ক্যাসেল হিল এভিনিতে Dressy Design Inc. নামে আরো একটি কাপড়ের ষ্টোর উদ্বোধন করেন। প্রতিষ্ঠানের স্বত্তাধিকারী রোকসানা ফারুক বলেন, ব্রঙ্কসবাসীর সুবিধার কথা বিবেচনা করে ব্রঙ্কস এ এই নতুন ষ্টোরটি নেওয়া হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে সবাই প্রতিষ্ঠানের জন্য শুভ ও দোয়া কামনা করেন। নতুন ষ্টোর পরিচালনা করার জন্য ব্যবসায়ীকভাবে আরো জড়িত রয়েছেন প্রবাসী কর্নধার মোঃ জাহাঙ্গীর এবং আফরোজা বেগম এবং ব্যবসায়িক অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিত্ব মোঃ ফারুক আহম্মদ। -প্রেস বিজ্ঞপ্তি।



বাংলা পত্রিকা
প্রান্তিক পৃষ্ঠা
The Weekly Bangla Patrika
বাংলা পত্রিকা The Weekly Bangla Patrika // Monday // November 22 // 2021

সৌদি আরবে হুতিদের ১৪ ড্রোন হামলার দাবি

ঢাকা ডেস্ক, ২১ নভেম্বর : জেদ্দায় সৌদি আরামকো তেল শোধনাগারসহ বেশ কিছু স্থাপনায় ১৪টি ড্রোন হামলা চালানোর দাবি করেছে ইয়েমেনের হুতি বিদ্রোহীরা। পরে ইয়েমেনে এই গ্রুপের বিরুদ্ধে ১৩টি স্থাপনায় হামলার দাবি করেছে সৌদি আরব নেতৃত্বাধীন জোটবাহিনী। এ খবর দিয়েছে অনলাইন আল জাজিরা। হুতির সামরিক মুখপাত্র ইয়াহিয়া সারি শনিবার টেলিভিশনে সম্প্রচার হওয়া সংবাদ সম্মেলনে বলেছেন, তারা জেদ্দায় আরামকো'র তেল পরিশোধনাগার সহ রিয়াদ, জেদ্দা, আভা, জিজান এবং নাজরানে ড্রোন হামলা চালিয়েছেন। তিনি বলেছেন, সৌদি আরব নেতৃত্বাধীন জোটের তীব্র আগ্রাসনের জবাব দিতে এই হামলা চালানো হয়েছে। তারা ইয়েমেনে অব্যাহতভাবে যে অপরাধ ও দখলদারিত্ব বজায় রাখছে তার জবাবে এসব হামলা। তবে ইয়াহিয়া সারি তার সংবাদ সম্মেলনে যেসব তথ্য দিয়েছেন তার কিছু অসামঞ্জস্যতা পাওয়া গেছে। কারণ, তিনি জেদ্দায় আন্তর্জাতিক বিমানবন্দরের নাম ভুল উল্লেখ করেছেন।



বাংলাদেশ সোসাইটির উদ্ভূত পরিস্থিতি নিয়ে সংবাদ সম্মেলন শনিবার

মামলাবাজদের দৃষ্টান্তমূলক জবাব দেওয়ার সিদ্ধান্ত

নিউইয়র্ক: বাংলাদেশ সোসাইটি ইনক'র কার্যকরী কমিটি ও ট্রাস্টি বোর্ডের যৌথ সভা গত ১৮ নভেম্বর বৃহস্পতিবার সন্ধ্যায় সংগঠনের নিজস্ব কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান এম. আজিজ। সভা পরিচালনা করেন বাংলাদেশ সোসাইটির ভারপ্রাপ্ত সভাপতি আব্দুর রহিম হাওলাদার এবং সাধারণ সম্পাদক মো. রুহুল আমিন সিদ্দিকী।

যৌথ সভায় প্রবাসী বাংলাদেশীদের প্রাণের সংগঠন বাংলাদেশ সোসাইটি ১৪ নভেম্বরের নির্বাচন আদালতের নির্দেশে স্থগিত ও বিভিন্ন বিষয় নিয়ে সোসাইটির বিরুদ্ধে মামলার উদ্ভূত পরিস্থিতি, পরবর্তী করণীয় এবং সার্বিক পরিস্থিতি নিয়ে ব্যাপক আলোচনা হয় । সভায় গৃহীত উল্লেখযোগ্য সিদ্ধান্তগুলোর মধ্যে রয়েছে- মামলাবাজদের বিরুদ্ধে কঠোর আইনী পদক্ষেপ গ্রহণ, বাংলাদেশ সোসাইটির কার্যকরী কমিটি ও ট্রাস্টি বোর্ড-এর উদ্যোগে আগামী ২০ নভেম্বর ২০২১, শনিবার বেলা ১টায় উডসাইডের কুইন্স প্যালেসে যৌথ সংবাদ সম্মেলনের আয়োজন।

সভায় গত ১৫ নভেম্বর সোমবার মামলার বাদীর আয়োজনে এক সংবাদ সম্মেলনে বাদীসহ তার সাথে উপস্থিত কতিপয় ব্যক্তিরা সোসাইটির সাবেক ও বর্তমান কর্মকর্তাদের নিয়ে যে অশ্রাব্য ও অশালীন ভাষা ব্যবহার করেছে সভায় তার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানানো হয়। বিশেষ করে সোসাইটির প্রয়াত তিন সাবেক কর্মকর্তা যথাক্রমে সভাপতি কামাল আহমেদ, সহ-সভাপতি আব্দুল খালিক খায়ের ও কার্যকরী সদস্য আজাদ বাকের-কে নিয়ে উদ্ধত্যপূর্ণ বক্তব্য দেয়ায় যৌথ সভায় সর্বসম্মতিক্রমে নিন্দা প্রস্তাব গৃহীত হয়।

সভায় উপস্থিত ছিলেন ট্রাস্টি বোর্ডের সদস্য এবং প্রধান নির্বাচন কমিশনার জামাল উদ্দিন আহমেদ জনি, আজিমুর রহমান বোরহান, প্রফেসর দেলোয়ার হোসেন, মফিজুর রহমান, এমদাদুল হক কামাল ও মোস্তফা কামাল পাশা বাবুল।

ভারপ্রাপ্ত সভাপতি ও সাধারণ সম্পাদক ছাড়াও কার্যকরী কমিটির কর্মকর্তা ও সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন সহ-সাধারণ সম্পাদক এম কে জামান, কোষাধ্যক্ষ মোহাম্মদ আলী, সাংগঠনিক সম্পাদক আবুল কালাম ভূঁইয়া, প্রচার সম্পাদক রিজু মোহাম্মদ, সমাজকল্যাণ সম্পাদক নাদির এ আইয়ুব, সাহিত্য সম্পাদক নাসির উদ্দিন, ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক নওশেদ হোসেন, স্কুল ও শিক্ষা সম্পাদক আহসান হাবিব, কার্যকরী সদস্য ফারহানা চৌধুরী, মঈনুল উদ্দিন মাহবুব, সাদী মিন্টু, আবুল কাশেম চৌধুরী ও সরোয়ার খান বাবু। -প্রেস বিজ্ঞপ্তি।

আহবায়ক কমিটির সংবাদ সম্মেলন

নারায়ণগঞ্জ জেলা সমিতির ৩২ হাজার ডলার ফেরত দাবি

বাংলা পত্রিকা ডেস্কঃ সংগঠনের ব্যাংক একাউন্ট থেকে ৩২ হাজার ডলার উত্তোলন করে নিয়ে যাবার পর আকস্মিকভাবে অসাংগঠনিক প্রক্রিয়ায় ইসি কমিটি গঠনের প্রতিবাদে নারায়ণগঞ্জ ডিষ্ট্রিক্ট এসোসিয়েশন অফ নর্থ আমেরিকা'র ব্যানারে সংগঠনের প্রবীণ-নবীন কর্মকর্তারা এক সংবাদ সম্মেলন করেছেন। গত ১৪ নভেম্বর দুপুরে নিউইয়র্কের জ্যাকসন হাইটসের নবান্ন রেষ্টুরেন্টে এই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে লিখিত অভিযোগপত্রে সংগঠনের বিদায়ী কমিটির সভাপতি মোহাম্মদ মির্জা ফরিদ উদ্দিন এবং সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী হোসেনের বিরুদ্ধে সংগঠনের ৩২ হাজার ডলার হাতিয়ে নেয়ার অভিযোগ করা হয়।

অভিযোগে বলা হয়, তারা কমিটি গঠনের পরপরই ব্যাংক একাউন্ট থেকে অর্থ উত্তোলন করে নিয়ে যান এবং কোন সভা না করে নির্বাহী কমিটির মেয়াদ পার করে দেন। এরপর আকস্মিকভাবে তারা অগঠনতান্ত্রিক ও বে-আইনীভাবে একটি নতুন কমিটি বানিয়ে পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে প্রবাসী নারায়ণগঞ্জবাসীদের প্রতি অবজ্ঞা ও অশ্রদ্ধা প্রদর্শন করেছেন বলে সংবাদ সম্মেলনে বলা হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনের সাবেক সভাপতি ও উপদেষ্টা এবং আহবায়ক কমিটির আহবায়ক নির্মল পাল। এছাড়াও



বক্তব্য রাখেন যুগ্ম-আহবায়ক ও সংগঠনের সাবেক সভাপতি আরশাদুল বারী আসাদ ও মোহাম্মদ মহসিন এবং মোহাম্মদ মজিবর। আরো বক্তব্য রাখেন সংগঠনের সাবেক সভাপতি ও উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা মতিউর রহমান, বিদায়ী কমিটির সহ-সভাপতি মোস্তফা জামাল টিটো এবং লেখক ও সাংবাদিক দর্পণ কবীর। সংবাদ সম্মেলনে মঞ্চে এ সময় উপবিষ্ট সংগঠনের প্রতিষ্ঠাতা কোষাধ্যক্ষ নুরুজ্জামান মন্টু, সাবেক সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সেলিম, নূর বাবুল ও এ.কে.এম. নূরুল হক।

লিখিত বক্তব্যে নির্মল পাল বলেন, ১৯৮৯ সালে গঠিত এই সংগঠনের প্রথম নির্বাচন অনুষ্ঠান হয় ২০১৯ সালের ২৫ আগষ্ট। এই নির্বাচন প্রক্রিয়ার কারণে সংগঠনের তহবিলে ৩৭ হাজার ডলার জমা পড়ে, যা অতীতে কোনদিন দেখা যায়নি। নির্বাচন প্রক্রিয়ায় ইসি কমিটি গঠন যেমন গণতান্ত্রিক ও জবাবদিহিতামূলক নেতৃত্ব তৈরি করে, তেমনি সংগঠনের তহবিলে অর্থ আয়ের সুযোগও সৃষ্টি করে। এই সত্যকে ধারণ করি বলে, আমরা সংগঠনের কার্যক্রম এবং কমিটি গঠনে নির্বাচন অথবা সাধারণ সভায় সদস্যদের মতামতকে গুরুত্ব দেয়ার কথা বলে আসছিলাম বিগত ফরিদ-আলী কমিটির কর্মকর্তাদের। এ ছাড়া ফরিদ-আলী কমিটির নেতৃত্বাধীন সংগঠনের ব্যাংক একাউন্টে গচ্ছিত ৩২ হাজার ডলার সংগঠনের ভবন ক্রয়ের জন্য রেখে দেয়ার কথাও বলে আসছিলাম। ফরিদ-আলী কমিটি কার্যক্রমের শুরুতে বিদায়ী কমিটির সভাপতি মির্জা ফরিদ উদ্দিন ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী হোসেন রহস্যজনক কারণে কোষাধ্যক্ষ মোহাম্মদ আব্দুল কাদেরকে ব্যাংক একাউন্টে সম্পৃক্ত করতে নানা টালবাহানা করতে থাকেন। এক পর্যায়ে জানা যায়, তারা ইসি কমিটির অনুমোদন না নিয়ে ব্যাংক একাউন্ট থেকে অর্থ তুলে নিয়ে গেছেন। এ ঘটনায় আমরা দুশ্চিন্তাগ্রস্থ হয়ে মির্জা ফরিদ উদ্দিন ও মোহাম্মদ আলী হোসেনের সঙ্গে কয়েক দফা কথা বললেও তারা 'অর্থ তাদের কাছে আছে' জানিয়ে সভা করতে রাজী হননি। তাদের নির্বাহী কমিটির দু' বছরের মেয়াদকালে তারা আর ইসির সভাও করেননি।

নির্মল পাল আরো বলেন, গত মাসে একটি পত্রিকায় প্রাকাশিত বিজ্ঞাপন ও স্যোসাল মিডিয়ায় প্রকাশিত লিফলেটর মাধ্যমে জানতে পারি, নারায়ণগঞ্জ ডিষ্ট্রিক্ট এসোসিয়েশন অফ নর্থ আমেরিকা ইনক-এর নতুন কমিটি গঠিত হয়েছে। অতি গোপনে এবং নিয়মবহির্ভূতভাবে এবং স্বেচ্ছাচারিতায় গঠিত ঐ কমিটির কর্মকর্তার মধ্যে সভাপতি পদে মির্জা ফরিদ উদ্দিন, সাধারণ সম্পাদক পদে মোহাম্মদ শামীম আহমেদ ও সিনিয়র সহ-সভাপতি পদে মোহাম্মদ আলী হোসেনের নাম দেখতে পাই। এই কমিটির মধ্যে এমন কিছু নাম দেখেছি, যারা কোনদিন এই সংগঠনের সদস্য ছিল না। সদস্য না হয়েই কী প্রক্রিয়ায় সমিতির কর্মকর্তা হয়ে গেছেন, তা বোধগম্য নয়। আরো বলতে হয়, এই সংগঠনে ৪ বছর ধরে জড়িত হয়েছেন ওপরে উল্লেখিত তিন কথিত কর্মকর্তা। তারা নিজ ঘরে বসে অবৈধ কমিটি বানিয়ে পত্রিকায় আমাদের নামে অশোভন কথাও বিজ্ঞাপন দিয়ে বলেছেন। আমরা কেউ ৩২ বছর, কেউ ২০ বছর, কেউ একযুগ ধরে সংগঠনের পেছনে সময়, অর্থ ও মেধা ব্যয় করেছি এবং অপরকে সম্মান করে এসেছি সবসময়। আর তারা নতুন এসেই প্রবীণদের বিরুদ্ধে মানহানীকর কথা বলছেন। এটা তাদের পরিবারের শিক্ষা, যথাযথ লেখাপড়ার অভাব এবং হীন দৃষ্টিভঙ্গি সম্পন্ন মানুষ বলে আমরা ধরে নিচ্ছি। তাদের এই 'নিুতা' দেখে নিজের এলাকার সন্তান বলে আমরাও লজ্জিত!

সংবাদ সম্মেলনে আরো জানানো হয়, নারায়ণগঞ্জ জেলা সমিতির আহবায়ক কমিটি সংগঠনের জন্য একটি ভবন ক্রয় করার উদ্যোগ নিয়েছে। সংগঠনের উপদেষ্টা নির্মল পালের কাছে গচ্ছিত ৮ হাজার ডলার ভবন ক্রয়ের ফান্ডে প্রদান করা হবে। এছাড়া বনভোজন করে 'বনভোজন কমিটি'র কাছে প্রায় ২ হাজার ডলারও ভবন ক্রয়ে ব্যবহার করা হবে। সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে জানানো হয়, সমিতির অর্থ আত্মসাত করার চেষ্টা করলে প্রয়োজনে আইনের আশ্রয়ও নেয়া হবে।



টাইমস স্কয়ার সহ আমেরিকার ১৪টি মাল্টিপ্লেক্সে মুক্তি পেল 'ঊনপঞ্চাশ বাতাস'

নিউইয়র্ক: আমেরিকার মোট ১৪টি মূলধারার মাল্টিপ্লেক্সে ১৯ নভেম্বর থেকে একযোগে বাণিজ্যিকভাবে মুক্তি পেয়েছে মাসুদ হাসান উজ্জ্বলের আলোচিত প্রেম ও মনস্তত্ত্বের সিনেমা 'ঊনপঞ্চাশ বাতাস'। এর মধ্যে টাইমস স্কয়ার এর ফ্ল্যাগশিপ থিয়েটার Regal E-Walk 4DX & RPX ও আছে। বিষয়টি নিশ্চিত করেছেন বাংলাদেশী সিনেমার বিশ্ব পরিবেশক প্রতিষ্ঠান স্বপ্ন স্কেয়ারক্রো-এর প্রধান মোহাম্মদ অলিউল্লাহ সজীব। তিনি বলেন, "আমেরিকায় একযোগে ১৪টি মাল্টিপ্লেক্সে বাণিজ্যিকভাবে মুক্তি পাওয়া বাংলাদেশী সিনেমার জন্য একটি বড় রেকর্ড। এর আগের রেকর্ডটি ছিল একসাথে ৭টি মাল্টিপ্লেক্সে মুক্তি পাওয়ার।"



টাইমস স্কয়ার ছাড়াও নিউইয়র্ক-এর আরো ৩টি থিয়েটাতেও মুক্তি পেয়েছে 'ঊনপঞ্চাশ বাতাস'। এটিও একটি রেকর্ড। থিয়েটারগুলো হল অ্যাস্টোরিয়ার Regal UA Kaufman Astoria & RPX, জ্যামাইকার Jamaica Multiplex Cinemas এবং বেলমোর এর Bellmore Playhouse। এছাড়া লস এঞ্জেলেস, ইউনিয়ন সিটি (বে এরিয়া), ডালাস, প্ল্যানো, অস্টিন, হিউস্টন, ওয়েস্ট পাম বিচ, নর্থ মিয়ামি, ফেয়ারফেক্স, হ্যানোভার এর ১টি করে 'সিনেমার্ক' থিয়েটার এবং কানাডার টরন্টো ও উইনিপেগ শহরের ১টি করে 'সিনেপ্লেক্স' থিয়েটারে মুক্তি পেয়েছে 'ঊনপঞ্চাশ বাতাস'।

আমেরিকায় এমন রেকর্ড মুক্তি নিয়ে দারুণ উচ্ছ্বসিত নির্মাতা মাসুদ হাসান উজ্জ্বল। তিনি বলেন, "আমরা একটি ভালো চলচ্চিত্র বানানোর চেষ্টা করেছি। স্বপ্ন স্কেয়ারক্রো সেটিকে আমেরিকা তথা পৃথিবীর সেরা সব থিয়েটারে অনেক বড় পরিসওে মুক্তি দিয়েছে। এবার দর্শকদের পালা। তারা যদি দলে দলে থিয়েটারে যান তাহলে বিশ্ববাজারে বাংলাদেশী সিনেমার অগ্রযাত্রা সময়ের ব্যাপার মাত্র।"

ছবিতে রোমান্টিক জুটি হিসেবে অভিনয় করা ইমতিয়াজ বর্ষণ এবং শার্লিন ফারজানাও বিশ্ববাজারে এমন বিশাল মুক্তি নিয়ে উচ্ছাস প্রকাশ করেছেন। ইমতিয়াজ বর্ষণ বলেন, "বাংলাদেশের দর্শকের ভালোবাসা পেয়েছি। এবার আপনাদের ভালোবাসা চাই। আপনারা যারা 'ঊনপঞ্চাশ বাতাস' দেখবেন তাদের জানাই অফুরান ভালোবাসা।" শার্লিন বলেন,"আমি নিশ্চিত আমেরিকার দর্শকেরা কাঁদবেন, ভাববেন নীরা আর অয়নের জন্য। তাদের প্রেম ও পাগলামির জন্য।"

বিশ্ব পরিবেশক মোহাম্মদ অলিউল্লাহ সজীব বলেন, "আমাদের উদ্দেশ্য আমেরিকায় মুক্তি পেতে যাওয়া বাংলাদেশের প্রতিটি চলচ্চিত্র নিয়মিত অন্তত ১ লাখ দর্শককে দেখানো। এজন্য এখানকার কমপক্ষে ১০০টি মাল্টিপ্লেক্সে আমাদের প্রতিটি সিনেমা মুক্তি দিতে হবে যাতে সবাই তাদের পাশের থিয়েটারে গিয়ে সিনেমাটি দেখতে পারে। 'ঊনপঞ্চাশ বাতাস' দিয়ে কোভিড পরবর্তী সময়ে শুরুটা করছি আমেরিকা-কানাডার ১৬টি থিয়েটার দিয়ে। এই সংখ্যা ক্রমশ বাড়তে বাড়তে ২০২২-এর কোনও সিনেমা দিয়ে শতকের মাইল ফলক ছুঁতে পারবো বলে আমরা বিশ্বাস করি। হলিউড ও ইন্ডিয়ান সিনেমার পর আপাতত তৃতীয় বৃহত্তম ইন্ডাস্ট্রি হয়ে গড়ে উঠতে এভাবেই এগিয়ে যাবো আমরা।" -প্রেস বিজ্ঞপ্তি।

'ঊনপঞ্চাশ বাতাস' স্বপ্ন স্কেয়ারক্রো এর পরিবেশনায় ১৫ নম্বর সিনেমা। স্বপ্ন স্কেয়ারক্রো বাংলাদেশ এর প্রধান নির্বাহী সৈকত সালাহউদ্দিন জানালেন,"ঊনপঞ্চাশ বাতাস এর পর, ২০২২ সালে বাংলাদেশের সাথে একইদিনে আমেরিকায় মুক্তির জন্য প্রস্তুত হচ্ছে দেশের বড় বড় সব সিনেমা।"

সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
Safwan Travel & Multi Services Corp.
IATA Accredited Approved Travel Agent
AUTHORIZED e-file PROVIDER
Mohammed Abdul Khaleque
MET A.B.(CUNY Bronx Community College)
২০ বছরের বেশি ইনকাম ট্যাক্স ফাইলের অভিজ্ঞতা সম্পন্ন
Design, Printing, Flyer, Business Card, Banner, Poster & more!
We Provide
• Individual Tax
• Corporation Tax
• Partnership Tax
• Non-profit Tax
• Gift Tax
• Sale & Payroll Tax
• IRS & State Tax audit Representation
• Immigration
• Accounting
• Bookkeeping
• Business License
• Business Incorporation
শিক্ষাল মাধ্যমে সর্বোচ্চ ট্যাক্স রিটার্নের নিশ্চয়তা এবং বিনামূল্যে পরামর্শ দেওয়া হয়
দেশে যাওয়ার পথে ওমরাহ্ পালনের সুযোগ
এয়ার লাইন্স টিকেট সেল সর্বনিম্ন মূল্যে! ৬৪৯+
নাক্টোর শাড়ী ঘর
Special Eid-Sale
ঈদ উপলক্ষে ৫০% পর্যন্ত ছাড়
শাড়ী, সালোয়ার,কামিজ, বোরকা, পানজাবী, বেড সিট, হেজাব, লুঙ্গী এবং অন্যান্য কাপড়ের বিশাল সমাহার
এয়ার লাইন্স টিকেট ও নির্ভুল ট্যাক্স ফাইলিং এর জন্য একটি নির্ভরযোগ্য বিশ্বস্ত প্রতিষ্ঠান।
Phone: 347- 621- 4940,718-300-7429
1217 White Plains Road , Bronx , NY 10472

BOMBAY
TRAVELS & GRAPHICS INC.
Grand Opening Special Grand Opening Special Grand Opening Special
সব থেকে সস্তায় টিকেট গ্যারান্টি
টার্কিস এয়ারলাইন্সে সেল সাথে ৩টি লাগেজ ফ্রি
Domestic & International
Bahalul Syed (uzzal)
President
স্পেশাল সেল: সাউদিয়া এয়ারলাইন্স
Emirates ETIHAD SAUDIA QATAR KUWAIT AIRWAYS TURKISH AIRLINES SINGAPORE AIRLINES AmericanAirlines
DESIGN & PRINTING
• BANNER • FLYER • MAGAZINE
• POSTER • CALENDAR • BUSINESS CARD
PASSPORT PHOTO
168-25A Hillside Avenue, Jamaica NY 11432
Phone: 718-725-1332, Cell: 347-586-7124, Email: bombaytg@gmail.com

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
Low Closing Cost Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York
M. Kamal, MLO
CPA



জ্যাকসন হাইটস এলাকা থেকে নির্বাচিত কাউন্সিলম্যান পদে বিজয়ী শেখর কৃষ্ণকে এলাকাবাসীর উদ্যোগে মিষ্টিমুখ অনুষ্ঠান। ছবিতে অন্যতম অনুষ্ঠানের অন্যতম উদ্যোক্তা বাংলা সিডিপ্যাপ এর প্রধান আবু জাফর মাহমুদকে মিষ্টিমুখ করাচ্ছেন নির্বাচিত কাউন্সিলম্যান শেখর কৃষ্ণ।

বাকি ছবি ২৮ পাতায়

পুজিবাজারে ঝুঁকছেন যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশীরা

এমদাদ চৌধুরী দীপু: যুক্তরাষ্ট্রের স্টক মার্কেট নিয়ে আগ্রহ বাড়ছে প্রবাসী বাংলাদেশীদের মাঝে। বাড়ছে বিভিন্ন শ্রেনী পেশার মানুষের বিনিয়োগ। খোঁজ নিয়ে জানা গেছে, পুজিবাজারে বিনিয়োগকারীদের একটি বড় অংশ নতুন। পুরনো এবং অভিজ্ঞ বিনিয়োগ কারীরা মনে করেন যথেস্ট সচেতন **(বাকি অংশ ৩৭ পাতায়)**

সংবাদ সম্মেলনে এম আজীজ
সোসাইটির বিরুদ্ধে আনিত অভিযোগ মিথ্যা

বাংলা পত্রিকা রিপোর্ট: বাংলাদেশ সোসাইটি ইনক'র নির্বাচন ঘিরে সৃষ্ট পরিস্থিতি এবং মামলার কারণে নির্বাচন স্থগিত হওয়ার প্রেক্ষিতে সোসাইটির ট্রাষ্টিবোর্ড ও কার্যকরী পরিষদ-এর পক্ষ (বাকি অংশ ২০ পাতায়)



সংবাদ সম্মেলনে বক্তব্য রাখছেন এম এ আজীজ



দ্বিমুখীনীতি ব্যক্তির কদর্যই বৃদ্ধি করে

জাফর আহমাদ

আরবী মুনাফেকী মানে দ্বিমুখী নীতি, কপটতা, ধোঁকাবাজি ও প্রতারণা ইত্যাদি। আরবী নুন, ফা, কাফ অক্ষরত্রয়ের শব্দমূল থেকে মুনাফিকের **(বাকি অংশ ৪৪ পাতায়)**

সোসাইটিকে ক্লিন করতেই মামলা ঃ জ্যাকব মিল্টন

বাংলা পত্রিকা ডেস্ক: বাংলাদেশ সোসাইটি ইনক'র নির্বাচন স্থগিতসহ সার্বিক বিষয়ে নিয়ে সম্প্রতি আদালতে দায়েরকৃত মামলা প্রসঙ্গে বাদী নীরা এস নীরু এবং মামলার আইনি দিক তত্ত্বাবধানকারী জ্যাকব মিল্টন বলেছেন, সোসাইটিকে ক্লিন করতেই আদালতে এ মামলা দায়ের করা হয়েছে। তারা অভিযোগ করে বলেন, বাংলাদেশ সোসাইটি **(বাকি অংশ ২০ পাতায়)**

খালেদা জিয়ার সুস্থতা কামনায় দোয়া

বাংলা পত্রিকা রিপোর্ট: সাবেক প্রধানমন্ত্রী, বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি ও দ্রুত সুস্থতা কামনায় এবং বিএন-পির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ৫৭তম জন্মদিন উপলক্ষ্যে নিউইয়র্ক স্টেট বিএনপি ও তারেক রহমান স্বদেশ প্রত্যাবর্তন সংগ্রাম পরিষদের উদ্যোগে নিউইয়র্কে পৃথক পৃথকভাবে দোয়া মাহফিল অনু-ষ্ঠিত হয়েছে। নিউইয়র্ক স্টেট বিএনপি গত ২০ নভেম্বর শনিবার সন্ধ্যায় জ্যাকসন হাইটসের বাংলাদেশ (বাকি অংশ ৩৬ পাতায়)

প্রকাশিত সংবাদ প্রসঙ্গে মুক্তধারা ফাউন্ডেশন

বাংলা পত্রিকা ডেস্ক: সাপ্তাহিক বাংলা পত্রিকায় 'মুক্তধারা ফাউন্ডেশন ও বিশ্বজিত সাহার বিরুদ্ধে প্রতারণার অভিযোগ ও মামলা' সম্পর্কিতস খবরকে 'সর্বৈব মিথ্যা ও একটি গভীর ষড়যন্ত্র' উল্লেখ করে ফাউন্ডেশনের পক্ষ থেকে বিবৃতি প্রদান করেছেন কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ। সংবাদপত্রে প্রেরীত **(বাকি অংশ ৪৪ পাতায়)**

খেলার খবর

নির্বাচকদের ভুলেই বলির পাঁঠা হচ্ছেন তরুণ ক্রিকেটাররা?

তাহসিন আহমেদ: একের পর এক পরাজয়ে চরম বিপর্যয়ের মধ্য দিয়ে যাচ্ছে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল। শুরুটা টি-টোয়েন্টি **(বাকি অংশ ৪৪ পাতায়)**

যে প্রক্রিয়ায় বাড়ি বিক্রেতা প্রতারিত করতে পারেন



এম কামাল: এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসাবে সবচেয়ে দক্ষ হতে পারেন-তারা জানেন, (বাকি অংশ ৪২ পাতায়)

ওয়াশিংটনে সংখ্যালঘুদের বিক্ষোভ



হোয়াইট হাউসের সামনে সংখ্যালঘু সম্প্রদায়ের বিক্ষোভের একাংশ।

ওয়াশিংটন ডিসি থেকে ইউএনএ: বাংলাদেশে হিন্দুদের বাড়ি, মন্দির ও ম-পে হামলা, অগ্নিসংযোগ ও প্রতিমা ভাঙচুরের ঘটনায় জড়িতদের বিচারের দাবিতে যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডিসিতে হোয়াইট হাউসের **(বাকি অংশ ৩৭ পাতায়)**

পার্কচেস্টার ব্রঙ্কস রিয়েলিটির হলিডে ডিনার অনুষ্ঠিত

বাংলা পত্রিকা রিপোর্টঃ বিশিস্ট রিয়েল এস্টেট ব্যবসা প্রতিষ্ঠান পার্কচেস্টার ব্রঙ্কস রিয়েলিটির বাৎসরিক হলিডে ডিনার গত ১৯ নভেম্বর বিকাল ৫টায় ব্রঙ্কসের ময়েস্ট্রো পার্টি হলে অনুষ্ঠিত **(বাকি অংশ ২০ পাতায়)**

হেলথ টিপস

স্মরণশক্তির শত্রু কোমল পানীয়

বাংলা পত্রিকা ডেস্ক: দুই ধরনের পানীয় বেশি পান করলে মস্তিষ্কের ক্ষতি হতে পারে। চিনিযুক্ত কোমল পানীয়র খারাপ প্রভাব থেকে **(বাকি অংশ ৪১ পাতায়)**

ড. আশরাফ উদ্দিন আহমেদ-এর বইয়ের আলাচনায় বক্তারা
'পরিবেশ রক্ষায় সচেতনতার সাথে দায়িত্ব পালন করতে হবে'

নিউইয়র্ক (ইউএনএ): বিশিষ্ট শিক্ষাবীদ ড. আশরাফ উদ্দিন আহমেদ-এর নতুন বই 'পরিবেশ ও জলবায়ু পরিবর্তন : বাংলাদেশ ও সমসায়িক বিশ্ব'-এর আলাচনায় বক্তারা বলেছেন, পৃথিবীতে**(বাকি অংশ ৩৭ পাতায়)**

ব্রঙ্কসে দেশী ডিজাইন ইনক'র উদ্বোধন

নিউইয়র্ক: গত ৭ নভেম্বর জ্যাকসন হাইটস ৩৭-১৩ ৭৪ স্টীটে রোকছানা ফারুক এবং মোঃ আসাদ তাদের যৌথ উদ্যোগে **(বাকি অংশ ৪৫ পাতায়)**

বিশ্বে করোনা আক্রান্তের সংখ্যা ২৫ কোটি ৭৪ লাখ ছাড়াল

বাংলা পত্রিকা ডেস্ক : বিশ্বজুড়ে প্রাণঘাতী করোন-াভাইরাসে আক্রান্তের সঙ্গে পাল্লা দিয়ে বাড়ছে মৃতের সংখ্যাও। এখন পর্যন্ত সারা বিশ্বে করোনায় আক্রান্তের সংখ্যা ২৫ কোটি ৭৪ লাখ ছাড়িয়েছে। আন্তর্জাতিক পরিসংখ্যানভিত্তিক ওয়েবসাইট ওয়ার্ল্ডোমিটারের তথ্য অনুযায়ী, রবিবার সকাল ৭টা পর্যন্ত সারা বিশ্বে করোনায় আক্রান্ত হয়েছেন ২৫ **(বাকি অংশ ২০ পাতায়)**

ইতিহাসে প্রথম মাদক গ্রহণে মৃত্যু এক লাখ ছাড়িয়েছে যুক্তরাষ্ট্রে

বাংলা পত্রিকা ডেস্ক : এক বছরে প্রায় এক লাখ মার্কিনির মৃত্যু হয়েছে অতিরিক্ত মাদক গ্রহণের ফলে। এটিই দেশটির ইতিহাসে মাদকে এক বছরে সর্বোচ্চ **(বাকি অংশ ২০ পাতায়)**

বিনোদন

বিয়ে করলে সবাইকে জানিয়ে করবো : প্রভা

বিনোদন ডেস্ক: কয়েকদিন ধরে গুঞ্জন উড়ছে বাগদান সেরেছেন ছোট পর্দার অভিনেত্রী সাদিয়া জাহন প্রভা। অবশেষে বিষয়টি নিয়ে **(বাকি অংশ ৩৬ পাতায়)**

নিউইয়র্কের পথে প্রান্তরে-৯

মুক্তারা বেগম নদী: খুব ছোট বেলায় যখন অবুঝ ছিলাম, ভাবতাম আমি যেখানেই যাই চাঁদ আমার সঙ্গে যায়, দূর **(বাকি অংশ ৩৬ পাতায়)**

বাংলা পত্রিকায় বিজ্ঞাপন দিন

সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
IATA Approved Travel Agent
সেল সর্বনিম্ন মূল্যে! ৬৪৯
Tel: 347 - 621- 4940, Cell: 718-300 -7429
1217 White Plains Road,Bronx,NY 10472. E-Mail: Safeantravel@gmail.com

এস্টোরিয়ায় ডিজিটাল ট্রাভেলস
ফোন: 718-721-2012
বিস্তারিত ৭ প ষ্ঠায় দেখ ন

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494

Largest & Most Reliable Travel Agent
CONCORDE
Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374

গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
Your Trusted Travel Guide...
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
গ্লোবাল এয়ার
WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE PARK, NY 11416

বিস্তারিত ৩৮ পাতায়
বিস্তারিত দেখুন ৩৭ পাতায়

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com